"গরিফায়" স্থিত রামগোপালের পুত্র কন্দর্পনাথ। কন্দর্পের পুত্র গোকুলচন্দ্র। তাঁহার পুত্র সুপ্রসিদ্ধ রামকমল সেন। ইনি মিণ্টের দেওয়ান ছিলেন এবং বাঙ্গালাভাষার একখানা অভিধান লেখেন।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
৪। গরিফা (ক্রমশঃ)	রামকমল সেন কলিকাতার তদানিন্তন হিন্দু সমাজের অন্যতম নেতা ছিলেন। এক সময়ে ইনি সংস্কৃত কলেজের সেক্রেটারীও ছিলেন। সেক্রেটারীর কাজই এখন প্রিন্সিপ্যাল করেন। রামকমল সেন মহাশয়ের চারি পুত্র হরিমোহন, প্যারীমোহন, বংশীধর ও মুরলীধর। হরিমোহন সেনের একমাত্র পুত্র Indian mirror পত্রিকার সম্পাদক সুপ্রসিদ্ধ নরেন্দ্রনাথ সেন। নরেন্দ্রনাথ সেন মহাশয়ের রাজেশ্বরী নামে এক বড় ভগিনী ছিলেন। ইহাকে "নাওবা" নিবাসী মৌদ্‌গল্য গোত্রজ চণ্ডীবর দাশ বংশীয় চন্দ্রশেখর দাশ মহাশয় বিবাহ করেন। এই সূত্রে চন্দ্রশেখর দাশ মহাশয় "গরিফাতে" স্থায়ী হন। চন্দ্রশেখর দাশ মহাশয় চন্দ্রশেখর গুপ্ত বলিয়া আত্মপরিচয় দিতেন। চন্দ্রশেখর গুপ্ত মহাশয়ের অন্যতম পুত্র সুপ্রসিদ্ধ সিভিনিয়ান বিহারীলাল গুপ্ত।
	গরিফার ধলহণ্ড বংশে সুপ্রসিদ্ধ অধ্যাপক মোহিতচন্দ্র সেন মহাশয়ের জন্ম
	সিটিকলেজের শ্রীযুক্ত জিতেন্দ্রমোহন সেন মহাশয় এই বংশীয়।
	নববিধান সমাজের সুপ্রসিদ্ধ প্রতাপচন্দ্র মজুমদার মহাশয়ের বাড়ী এই গ্রামের মৌদ্‌গল্য গোত্রীয় বাণ দাশ বংশে। গরিফায় বহু কৃতী বৈদ্য জন্মগ্রহণ করিয়াছেন।
	চন্দ্রপ্রভায় অনেক স্থানে গরিফার উল্লেখ আছে:—৭২, ১১১, ১৮৯, ২২১ ও ৩৪৪ দ্রষ্টব্য।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
৫। হুসেনপুর, পোঃ বেরাকপুর। এইগ্রামটী গরিফার উত্তরে অবস্থিত।	এখানে সেন ও দাশ বংশের বাস ছিল। চন্দ্রপ্রভায় ৩৯, ৫১, ৯৬, ৯৭, ১১১, ১৫৯, ২৭২, ৩৩৩ প্রভৃতি পৃষ্ঠাতে এই গ্রামের উল্লেখ পাওয়া যায়। এখন এখানে বৈদ্য নাই।
৬। মণিরামপুর, পোঃ বেরাকপুর	৪।৫ ঘর বৈদ্যের বাস।
৭। বেরাকপুর, পোঃ বেরাকপুর।	নিজ বেরাকপুরে বৈদ্য নাই। তবে মণিরামপুর ও বেরাকপুরের মধ্যে সীমানা ঠিক করা কঠিন।
৮। চাণক, পোঃ বেরাকপুর। ইহা একটী প্রাচীন গ্রাম।	(১) মৌদগল্য—দাশ উপাধি রায়। (২) ধন্বন্তরি—সেন। পূর্ব্বনিবাস সুখচর। (৩) কাশ্যপ—গুপ্ত। চন্দ্রপ্রভার ৩৯, ৪০৮ ও ৪২৮ পৃষ্ঠায় এই গ্রামের উল্লেখ পাওয়া যায়।
৯। খড়দহ, পোঃ খড়দহ।	এখন এখানে ২।৩ ঘর বৈদ্যের বাস। চন্দ্রপ্রভার ৫৩, ৬৭, ১২৮, ১৫৪, ১৬২, ১৬৬, ১৭৯, ১৮৭, ২৩১ প্রভৃতি পৃষ্ঠায় এই গ্রামের উল্লেখ পাওয়া যায়। তখন এখানে দেব ও গুপ্ত উপাধিধারী বৈদ্যের বাস ছিল।
১০। সুখচর, পোঃ সুখচর। সব পোঃ সোদপুর।	এখানে ৩ ঘর ধন্বন্তরি গোত্র সেনের বাস। এখানে প্রসিদ্ধ সঙ্গীতজ্ঞ নিধুবাবুর বাড়ী ছিল। গোপালকৃষ্ণ কবিন্দ্রবল্লভ মহাশয়ের মতে ইনি কাশ্যপ গোত্রের গুপ্ত ছিলেন। তদীয় পুস্তকের ৭৪ পৃষ্ঠায় তিনি লিখিয়াছেন :— "নিধুসঙ্গীত কর্ত্তারামনিধিগুপ্ত,সমাহ্বয়ঃ। অসৌতু কলিকাতাস্থ ... ...॥" "নিধুবাবুর গান রামনিধি গুপ্তের রচিত। তিনি কলিকাতা সহরের পল্লীস্থিত॥"

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১১। বরাহনগর, পোঃ বরাহনগর।	২।৩ ঘর বৈদ্যের বাস। ধন্বন্তরি সেন আদি নিবাস সেনহাটী ও কালিয়া। এক সময়ে ইহা কায় গুপ্তদিগের সমাজ স্থান ছিল। "কাশ্যপান্বয় সম্ভূতাঃ স্বতন্ত্রাঃ সর্ব্ব এব হি। একঃ পুনঃ কায় গুপ্তঃ ভেদেনাষ্টবিধোঽভবৎ। বরাহনগরীয়শ্চ শ্রেষ্ঠোঽভূৎ কুলকর্ম্মণি॥ চন্দ্রপ্রভা পৃষ্ঠা ১১।
১২। দক্ষিণেশ্বর, পোঃ আলমবাজার।	কাশ্যপ গুপ্তের স্থান।
১৩। নাটাগর, পোঃ সোদপুর। হুগলী জেলার সোমড়ার নিকটে আর একটী নাটাগর আছে।	(১) ধন্বন্তরি বেতড় বিনায়ক। বেতড় বিনায়ক বংশে জয়পুরের ভূতপূর্ব্ব প্রধান মন্ত্রী ৺সংসার সেনের জন্ম। (২) মৌদ্গল্য চণ্ডীবর দাশ।
১৪। আগড়পাড়া, পোঃ কামারহাটি	২।৩ ঘর বৈদ্যের বাস। (১) শক্তি গোত্র ধোয়ী সেনের কনিষ্ঠ পুত্র উগ্রকণ্ঠ সেনের বংশে পুশা এগ্রিকাল্চার কলেজের অধ্যাপক শ্রীযুক্ত যতীন্দ্রনাথ সেন এম্, এ; পি, আর, এস্ এবং তাঁহার ভ্রাতা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব্ব Controller of examination রায় বাহাদুর নরেন্দ্রনাথ সেন এম্, এ, মহাশয়-দিগের এই গ্রামে বাস। (২) ধন্বন্তরি গোত্র সেন।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১। রাজপুর, পোঃ সোনারপুর।	এখানে ধন্বন্তরি গোত্রীয় কয়েক ঘর বেতড় বিনায়কের বাস ছিল। সকলেই অন্যত্র চলিয়া গিয়াছেন। এখানকার বেতড় বিনায়ক বংশে বৈদ্যবর্ণবিনির্ণয়ের লেখক ৺প্যারীমোহন সেন মহাশয়ের জন্ম। অধ্যাপক শ্রীযুক্ত হরিপদ শাস্ত্রী মহাশয় ইঁহার অন্যতম পুত্র।
২। জগদ্দল, পোঃ সোনারপুর।	এখানে রাঢ়ীয় বৈদ্যের বাস ছিল।
৩। কলাতলা, পোঃ সহরার হাট সব পোঃ ডায়মণ্ডহারবার।	

চব্বিশ পরগণা—মহকুমা বারাশত

১। বামুনমুড়া, পোঃ বারাশত।	ধন্বন্তরি গোত্রীয় সেন ও অন্যান্য বৈদ্যের বাস।
২। আনরপুর, পোঃ বাহুরিয়া।	বেনারস প্রবাসী শ্রীযুক্ত ধীরেন্দ্রনাথ সেন শর্ম্মার বাড়ী এই গ্রামে। এক সময়ে এখানে কাশ্যপ গোত্রের গুপ্তের বাস ছিল। চন্দ্রপ্রভার ১২, ১১৩, ১৩৫, ১৬১, ২৬৯, ২৮৭, ৩২১, ৩৪৪, ৩৭৬ প্রভৃতি পৃষ্ঠায় এই গ্রামের উল্লেখ পাওয়া যায়।
৩। কদমগাছী, সব পোঃ বারাশত।	
৪। বারাশত	কায় গুপ্তের সমাজ স্থান ছিল।

চব্বিশ পরগণা—মহকুমা বশিরহাট।

২।১টী গ্রামে বৈদ্যের বাস আছে।

বৈদ্য গ্রামগুলির নাম সংগ্রহের সুবিধা হয় নাই।

এই জেলায় সদর ও উলুবেরিয়া নামে দুইটী মহকুমা আছে।

এই জেলার সকল বৈদ্যই রাঢ়ীয় সমাজের সপ্তগ্রাম শাখার অন্তর্গত।

সদর মহকুমা।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১। হাওড়া	এই সহরে প্রবাসাভাবে নানা সমাজের বৈদ্য বাস করিতেছেন।
২। শিবপুর, পোঃ শিবপুর, কলিকাতার সুপ্রসিদ্ধ ডাক্তার ৺হেমচন্দ্র সেন ও তৎপুত্র ডাক্তার মৃত্যুঞ্জয় সেন মহাশয়ের বাড়ী এই গ্রামের ধন্বন্তরি গোত্রের সেন বংশে।	(১) ধন্বন্তরি—সেন। (২) শাণ্ডিল্য—দত্ত। আরও বৈদ্য থাকা সম্ভব।
৩। শালিখা, পোঃ শালিখা। হাওড়া মিউনিসিপ্যালিটির হেল্থ অফিসার শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ মল্লিক মহাশয়ের বাড়ী এই গ্রামের ধন্বন্তরি গোত্রের সেন বংশে।	(১) শক্তি—সেন (২) ধন্বন্তরি—বেতড় বিনায়ক (পূর্ব্ব নিবাস রাজপুর, ২৪ পরগণা) (৩) ধন্বন্তরি সেন—উপাধি মল্লিক। (৪) কাশ্যপ—গুপ্ত
৪। বেতড় (বাঁ্যাটরা) পোঃ বেতড়।	এই স্থানটী ধন্বন্তরি গোত্রীয় বিনায়ক বংশীয়দিগের অন্যতম প্রাচীন সমাজ স্থান। চন্দ্রপ্রভাতে বহুস্থানে ইহার উল্লেখ আছে। চন্দ্রপ্রভা মতে বীজী বিনায়ক সেনের তিন পুত্র বোয় সেন, ধন্বন্তরি সেন ও কাপড়ি সেন। কাপড়ি সেন শক্তি গোত্রের অন্যতম বীজী মুণ্ডীর সেনের কন্যাকে বিবাহ করেন। জনশ্রুতি এই যে মুণ্ডীর সেন রাজা বল্লাল সেনের অন্ন গ্রহণ করাতে একখানা সোনার পিড়ী উপহার পান। এই জন্য তিনি স্বর্ণপীঠ বা স্বর্ণপীঠী খ্যাতি লাভ করেন। কাপড়ি সেন গৌড়াধিপতির সেবা করিয়া অনেক সম্পত্তি লাভ করেন। কাপড়ি সেনের পুত্র বাদলি সেন গঙ্গাতীরে বাস করিতে ইচ্ছুক হইয়া দলবল লইয়া গঙ্গাতীরবর্ত্তী বেতড়ে গিয়া বাস করেন।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
৪। বেতড় (ব্যাঁটড়া)	বেতড় বিনায়কগণ এখন রাঢ়ীয় সমাজের নানাস্থানে গিয়া বাস করিতেছেন। অধিকাংশই গঙ্গার পূর্ব্বতীর বাসী। এই বংশে সুপ্রসিদ্ধ ইতিহাসের অধ্যাপক ৺বিপিনবিহারী সেন মহাশয় জন্মিয়াছিলেন।
৫। বাঁকুল পোঃ জগদ্বল্লভপুর।	(১) ধন্বন্তরি—সেন। (২) মৌদ্গল্য—বাণ দাশ (উপাধি রায়) কবিরাজ চন্দ্রশেখর রায় স্মৃতিকণ্ঠ মহাশয়ের জন্ম এই গ্রামের বাণ দাশ বংশে।
৬। চান্দুল পোঃ জগদ্বল্লভপুর	(১) আত্ত্ব গোত্র—সেন।
৭ রামেশ্বরপুর, পোঃ নরেন্দ্রপুর	(১) মৌদ্গল্য—চণ্ডীবর দাশ।
৮। সাঁতরাগাছি	(১) মৌদ্গল্য—দাশ।
৯। রামপুর, পোঃ নরেন্দ্রপুর	(১) কাশ্যপ—গুপ্ত।
১০। জগাচা, পোঃ জগাচা সব পোঃ বেতড়	(১) আত্ত্ব—সেন (পূর্ব্বনিবাস গোপালনগর) (২) শাণ্ডিল্য—দত্ত (পূর্ব্বনিবাস শিবপুর)
১১। সাঁকরাল, পোঃ সাঁকরাল।	
১২। ঝাপড়দহ পোঃ ডমজোর	(১) ধন্বন্তরি—গয়ি সেন। আরো বৈদ্য আছে।
১৩। বালি, পোঃ বালি	(১) শক্তি—সেন। (২) ধন্বন্তরি—ধলহণ্ডীয় বিনায়ক

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১। মাতো, পোঃ মাতো সব পোঃ জগদ্বল্লভপুর	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ। (২) মৌদ্‌গল্য—বাণ দাশ।
২। তাজপুর, পোঃ আমতা বাঁকুড়া জেলার সদর মহকুমার মধ্যে বৈদ্য-অধ্যুষিত এক তাজপুর আছে। পোঃ তাজপুর, সব পোঃ ইছাপুর।	(১) ধন্বন্তরি—ধলহণ্ড বিনায়ক। (২) শাণ্ডিল্য—দত্ত। চন্দ্রপ্রভার স্থানে স্থানে তাজপুরের উল্লেখ আছে। ৪৫, ১৫৪, ৪৩৩ পৃষ্ঠা।
৩। গাজিপুর, পোঃ নারিত সব পোঃ আমতা	(১) শক্তি—হুহি সেন। (২) ধন্বন্তরি—বিনায়ক সেন। (৩) মৌদ্‌গল্য—দত্ত।
৪। উদং, পোঃ আমতা	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ। আরও বৈদ্য আছে।
৫। উদয় নারায়ণপুর, পোঃ সিংটী শিবপুর সব পোঃ আমতা	(১) মৌদ্‌গল্য—দাশ।
৬। জঙ্গলপাড়, পোঃ সিংটী শিবপুর সব পোঃ আমতা	(১) মৌদ্‌গল্য—দাশ।
৭। মুটো খাঁটুল, পোঃ বাগনান	(১) ধন্বন্তরি—সেন। (২) কাশ্যপ—গুপ্ত।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য গোত্র, বংশ ও উপাধি।
৮। বাঁশবেড়ে, পোঃ বাগনান	
৯। দেউলগ্রাম, পোঃ দেউলগ্রাম সব পোঃ বাগনান	(১) কাশ্যপ—গুপ্ত (আদি নিবাস রামপুর)। আরও বৈদ্য আছে।
১০। কৈজুরি, পোঃ উলুবেড়িয়া	(১) শক্তি—সেন। (২) মৌদ্গল্য—দাশ।
১১। খালনা, পোঃ খালনা সব পোঃ আমতা, থানা বাগনান	

হুগলী জেলাতে হুগলী সদর, আরমবাগ এবং শ্রীরামপুর এই তিনটী মহকুমা। দামোদর নদ আরমবাগ মহকুমাকে শ্রীরামপুর মহকুমা হইতে পৃথক করিয়াছে। এই জেলার প্রায় সকল বৈদ্যই রাঢ়ীয় সমাজের সপ্তগ্রাম শাখার অন্তর্গত। চুঁচড়া, হুগলী, শ্রীরামপুর প্রভৃতি স্থানে বঙ্গীয় সমাজের বৈদ্যও আছে।

সদর মহকুমা

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য গোত্র, বংশ ও উপাধি।
১। চুঁচড়া	(১) ধন্বন্তরি—সেন [উপাধি বরাট। ইঁহারা মঙ্গল কোঠীয় বিনায়ক। (২) ধন্বন্তরি—ধলহণ্ডীয় বিনায়ক। (৩) মৌদ্‌গল্য—চণ্ডীবর দাশ। (৪) কাশ্যপ—গুপ্ত। (৫) ভরদ্বাজ—দাশ। বঙ্গীয় সমাজে— (১) শক্তি—গণ সেন। (২) মৌদ্‌গল্য—দাশ।
২। গুপ্তিপাড়া, পোঃ গুপ্তিপাড়া কৃষ্ণ খাঁ বংশে ডাঃ ৺ইন্দুমাধব মল্লিক মহাশয় একজন স্বনামপ্রসিদ্ধ ব্যক্তি ছিলেন। হরিহর খাঁর বংশীয়গণ মহামহোপাধ্যায় ভরত মল্লিকের বংশধর। গয়ি সেন বংশে সুপ্রসিদ্ধ ৺কৃষ্ণানন্দ স্বামী এবং তাঁহার ভ্রাতা ৺পূর্ণানন্দ স্বামী জন্মগ্রহণ করিয়াছিলেন। চন্দ্রপ্রভা দেখিয়া মনে হয় গুপ্তিপাড়াতে বহুদিন যাবত গয়ি সেন ও ভরদ্বাজ দাশের বাস।	(১) শক্তি—তুহি সেন। (২) শক্তি—হিঙ্গু সেন [পূর্ব্ব নিবাস পয়োগ্রাম)। (৩) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ [উপাধি মল্লিক]। (৪) ধন্বন্তরি—হরিহর খাঁ [উপাধি মল্লিক]। (৫) ধন্বন্তরি—গয়ি সেন। (৬) মৌদ্‌গল্য—চণ্ডীবর দাশ [উপাধি মজুমদার] (৭) মৌদ্‌গল্য—বালিনাছী পন্থ দাশ [উপাধি রায়]। (৮) কাশ্যপ—বরাহনগরীয় গুপ্ত। (৯) ভরদ্বাজ—দাশ।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
৩। আরদা, পোঃ গুপ্তিপাড়া	(১) কাশ্যপ—গুপ্ত
৪। বলাগড়, পোঃ বলাগড় এলাহাবাদ হাইকোর্টের জজ শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সেন এই গ্রামের ধন্বন্তরি সেন বংশে জন্মগ্রহণ করেন। ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের বাঙ্গলার লেকচারার মৌদ্‌গল্য গোত্রীয় শ্রীযুত মোহিতলাল মজুমদার এই গ্রামের অধিবাসী	(১) ধন্বন্তরি—সেন। (২) মৌদ্‌গল্য—দুর্জ্জয় দাশ, (উপাধি মজুমদার)
৫। হাসিমপুর, পোঃ বলাগড় পাঁচপাড়ার নিকটে বাণ্ডেল কাটোয়া রেলওয়ে লাইনে জিরেটে নামিয়া যাইতে হয়।	(১) গার্গ—দাশ (উপাধি রায়)। সতীশচন্দ্র রায় মহাশয়ের এই বংশে জন্ম
৬। পাঁচপাড়া, পোঃ পাঁচপাড়া সব পোঃ বাণ্ডেল জংসন। ডাঃ বিলাসচন্দ্র রায় মহাশয় এই গ্রামে গণপতি দাশ বংশে জন্মগ্রহণ করেন। পূর্ব্বনিবাস কাঁচড়াপাড়া, রাঢ়ীয় সাতশৈকা সমাজ।	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ (উপাধি রায়)। (২) মৌদ্‌গল্য—দুর্জ্জয় দাশ (উপাধি রায়)। (৩) মৌদ্‌গল্য—গণপতি দাশ (উপাধি রায়)।
৭। মুখারে, পোঃ সোমড়া	এখানে এখন বৈদ্য নাই
৮। বাঁকিপুর, পোঃ সোমড়া	(১) মৌদ্‌গল্য—গণপতি দাশ (উপাধি রায়)।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
৯। সোমড়া, পোঃ সোমড়া।	(১) ধন্বন্তরি রায়িগ্রামি বিনায়ক সেন। (২) ধন্বন্তরি রোষ সেন বংশে। (ক) হরিহর খাঁ (উপাধি মল্লিক) (খ) ত্রিলোচন ওরফে তেয়ু সেন। (৩) মৌদ্গল্য—চণ্ডীবর দাশ। (৪) মৌদ্গল্য—গণপতি দাশ (উপাধি রায়) (৫) পূর্ব্বে এখানে বৈশ্বানর গোত্র সেনের বাস ছিল। (চন্দ্রপ্রভা পৃঃ ৬৭, ৩৪০)
১০। নাটাগড়, পোঃ সোমড়া	এখন এখানে বৈদ্য নাই। ২৪ পরগণা ব্যারাকপুর মহকুমার মধ্যে আর একটী নাটাগড় আছে সেখানে ধন্বন্তরি বেতড় বিনায়ক এবং মৌদ্গল্য চণ্ডীবর দাশের বাস।
১১। আবদুলপুর, পোঃ সোমড়া।	(১) ধন্বন্তরি রায় গ্রামে বিনায়ক সেন। (২) মৌদ্গল্য—গণপতি দাশ।
১২। চাপতা, পোঃ গাজিনা দানপুর। সব পোঃ ইলছোবা মণ্ডলাই। (চন্দ্রপ্রভা পাঠে জানা যায় যে চাপতা এক সময়ে বড় বৈদ্য সমাজ ছিল)।	(১) মৌদ্গল্য—মৌড়েশ্বরী পদ্ম দাশ (উপাধি রায় ও দাশ) (২) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ (উপাধি মল্লিক) (৩) ধন্বন্তরি—জড়। (৪) কাশ্যপ—গুপ্ত। (৫) ভরদ্বাজ—কর। (প্রবর, ভরদ্বাজ, আঙ্গিরস, বার্হস্পত্য।) (দুঃখের বিষয় করগণ ভুলক্রমে সেন বলিয়া পরিচয় দেন।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১৩। পিণ্ডিয়া বা পিঁড়রে। পোঃ ইলছোবা মণ্ডলাই। (গ্রামটীর অর্দ্ধাংশ হুগলী জেলার সদর মহকুমার মধ্যে এবং অর্দ্ধাংশ বর্দ্ধমান জেলার কালনা মহকুমার মধ্যে। এই গ্রামের বৈদ্যগণ সাতসৈকা সমাজভুক্ত।	(১) মৌদ্গল্য—গণপতি দাশ। (২) পূর্ব্বে এখানে ধন্বন্তুরি হরিহর খাঁর এক শাখার বাস ছিল।
১৪। বৈঁচি, পোঃ বৈঁচি।	এক ঘর বৈদ্যের বাস।
১৫। খানপুর, পোঃ খানপুর। সব পোঃ ভাণ্ডারা।	(১) শাণ্ডিল্য—দত্ত বটগ্রামী দত্ত) দুঃখের বিষয় ইঁহারা গুপ্ত বলিয়া পরিচয় দেন।
১৬ সোমনপুর, পোঃ ধনেখালি। (শাণ্ডিল্য দত্ত বংশীয় কবিরাজ শ্রীযুক্ত আশুতোষ গুপ্ত মহাশয়ের বাড়ী।	(১) শাণ্ডিল্য—দত্ত।
১৭। দশঘরা, পোঃ দশঘরা। থানা ধনেখালি।	(১) শাণ্ডিল্য—দত্ত (চক্রপাণি দত্ত বংশ) পূর্ব্বনিবাস ভাঙ্গামড়া। (২) পূর্ব্বে এখানে কাশ্যপ গোত্রের গুপ্তের সমাজ ছিল। (চন্দ্রপ্রভা)
১৮। জামনা বা রায় জামনা বা পিলে গাঁ জামনা। পোঃ রায় জামনা। সব পোঃ বৈঁচি। (আর একটী জামনা আছে বর্দ্ধমান জেলায় কালনা মহকুমায়। সব পোঃ সাতগাছিয়া। এই জামনার বৈদ্যগণ সাতসৈকা সমাজভুক্ত।	(১) ধন্বন্তুরি—খানা বিনায়ক। (২) মৌদ্গল্য—পদ্ম দাশ।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১৯। সরাই বা সরায়ি পোঃ পাণ্ডুয়া, থানা পাণ্ডুয়া।	(১) শক্তি—সেন। (২) পূর্ব্বে এই গ্রাম কাশ্যপ গুপ্তের সমাজ বলিয়া প্রসিদ্ধি লাভ করিয়াছিল। চন্দ্রপ্রভা পাঠে জানা যায় পূর্ব্বে এখানে শক্তি সেন ও কৃষ্ণাত্রেয় দেবের বাস ছিল।
২০। নাড়ীচা, পোঃ নসরাই।	(১) শক্তি—সেন (উপাধি চৌধুরী) (২) মৌদ্‌গল্য—পন্থ দাশ।
২১। বাসুদেবপুর, পোঃ ত্রিবেণী।	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ (হাওড়া জেলার উলুবেরিয়া মহকুমার মাতো গ্রাম হইতে আগত)। (২) মৌদ্‌গল্য—দুর্জ্জয় দাশ (উপাধি মজুমদার) (৩) মৌদ্‌গল্য—মৌড়েশ্বরীর পন্থ দাশ।
২২। ত্রিবেণী, পোঃ ত্রিবেণী। (গুপ্তপ্রেশ পঞ্জিকার স্বত্বাধিকারিগণের বাড়ী এই গ্রাম। তাঁহারা মৌদ্‌গল্য গোত্রের চণ্ডীবর দাশের সন্তান। প্রেসিডেন্সী কলেজের সুপ্রসিদ্ধ অধ্যাপক ধন্বন্তরি গোত্রীয় ৺বিনয়েন্দ্রনাথ সেন মহাশয়ের বাড়ী এই গ্রামে ছিল।)	(১) ধন্বন্তরি—মঙ্গল কোটীয় বিনায়ক। (উপাধি বরাট ও সেন) (২) মৌদ্‌গল্য—দুর্জ্জয় দাশ। (৩) মৌদ্‌গল্য—চণ্ডীবর দাশ। (৪) মৌদ্‌গল্য—গণপতি দাশ। এক সময়ে এখানে বহু বৈদ্যের বাস ছিল। চন্দ্রপ্রভায় ২৬৯ ও ২৯০ পৃষ্ঠায় ও আরও বহুস্থানে এই গ্রামের উল্লেখ আছে।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১। খানাকুল—কৃষ্ণনগর। পোঃ খানাকুল। "চন্দ্রপ্রভার" কৃষ্ণনগর বলিতে খানাকুল কৃষ্ণনগর বুঝিতে হইবে।	(১) আত্ম গোত্র—সেন। 'চন্দ্রপ্রভা'য় দেখা যায় যে এখানে পন্থ দাশ ও দত্তের বাস ছিল। 'চন্দ্রপ্রভা' ৪৫, ১০১, ১১১ পৃষ্ঠা।
২। ভাঙ্গামড়া, পোঃ ভাঙ্গামড়া। সব পোঃ তারকেশ্বর।	(১) মৌদ্‌গল্য—পন্থ দাশ। বালিনাছী, মণ্ডলজ্ঞানী, পালিগ্রাম ও মৌড়েশ্বর এই চারিটী গ্রাম রাঢ়ীয় পন্থদের আদি সমাজ। এই কারণে রাঢ়ীয় পন্থগণ সমাজ হিসাবে বালিনাছা—পন্থ, মণ্ডলজ্ঞানীয় —পন্থ, পালিগ্রামি—পন্থ, এবং মৌড়েশ্বরী—পন্থ এই চারি শ্রেণীতে বিভক্ত। বাড়ী যেখানেই হউক কুল পরিচয়ে আদি সমাজ স্থানের নাম বলিতে হয়। চন্দ্রপ্রভা'য় দেখা যায় এই গ্রামে আত্ম গোত্র সেনের এবং দেবের বাস ছিল। 'চন্দ্রপ্রভা' ৩৭, ৬০, ১১২, ১৪৭, ২৬৯, ৩৭৩, ৭১৬ পৃষ্ঠা।
৩। সেনপুর বা সাহানপুর। পোঃ নাঙ্গুলপাড়া। সব পোঃ খানাকুল। ভরদ্বাজ গোত্রীয় কবিরাজ কিশোরী-মোহন গুপ্ত এম, এ, মহাশয়ের বাড়ী এই গ্রামে। ভরদ্বাজ গোত্রের দাশ হইলেও তিনি গুপ্ত বলিয়া পরিচয় দেন	(১) ভরদ্বাজ—দাশ।
৪। বড় সেনপুর, পোঃ নাঙ্গুলপাড়া। সব পোঃ খানাকুল।	(১) মৌদ্‌গল্য—দাশ

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
৫। সোনাটিকরি, পোঃ খানাকুল। কলিকাতার ৩৪।১ গুলুওস্তাগর লেন স্থায়ী কবিরাজ শ্রীযুত হরিপদ দাশ শর্ম্মা কবিচন্দ্র মহাশয় এই গ্রামবাসী	(১) মৌদ্গল্য—মণ্ডলজানীয় পন্থ দাশ। (হালিসহর হইতে আগত) (২) আত্ম গোত্র—সেন। (৩) ধন্বন্তরি—বিনায়ক সেন ছিল। এখন নাই। 'চন্দ্রপ্রভা'য় দেখা যায় যে এই গ্রামে এক সময় ধর ও করের বসতি ছিল। চন্দ্রপ্রভা পৃষ্ঠা ৬১, ১৯৬ ও ৪০৬।
৬। রাধানগর পোঃ নাঙ্গুলপাড়া। সব পোঃ খানাকুল।	(১) শাণ্ডিল্য - দত্ত।
৭। সারটি, পোঃ মায়াপুর। সব পোঃ আরমবাগ।	
৮। মায়াপুর, পোঃ মায়াপুর। সব পোঃ আরমবাগ।	
৯। নপাড়া, পোঃ নতিবপুর। সব পোঃ খানাকুল। (ক) বর্দ্ধমান কালনা মহকুমায় একটী নপাড়া আছে ইহা রাঢ়ীয় বৈদ্যদের সাতসৈকী সমাজের অধীন। (খ) বিক্রমপুরে বৈদ্য অধ্যুষিত একটী নপাড়া ছিল, ইহা এখন পাখার কুক্ষিগত এই নপাড়ার ভরদ্বাজ দাশগণ এক সময়ে বিক্রমপুরের বৈদ্যদের সমাজ-পতি ছিলেন। (গ) চট্টগ্রামে নয়াপাড়া নামে বৈদ্য অধ্যুষিত একটী গ্রাম আছে।	(১) শাণ্ডিল্য—দত্ত। এখানে অনেক বৈদ্যের বাস। 'চন্দ্রপ্রভা'য় দেখা যায় যে এই গ্রাম এক সময়ে আত্ম গোত্র সেনের ও বালিনাছী পন্থ দাশের সমাজ ছিল।
১০। রাজহাটী, পোঃ আরমবাগ।	'চন্দ্রপ্রভা'য় দেখা যায় এক সময়ে সেন ও গুপ্তের বাস ছিল, এখন বৈদ্য নাই।
১১। কোটরা, পোঃ নাঙ্গুলপাড়া। সব পোঃ খানাকুল।	(১) কাশ্যপ—গুপ্ত।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১২। কামারপুকুর, পোঃ কামারপুকুর। সব পোঃ আরমবাগ।	
১৩। হাট-বসন্তপুর, পোঃ মায়াপুর। সব পোঃ আরমবাগ।	
১৪। তেঘরী-বসন্তপুর। পোঃ আরমবাগ।	(১) একঘর লক্ষ্মণী থাকের বৈদ্যের বাস। লক্ষ্মণসেনী বৈদ্যগণের প্রধান স্থান বাঁকুড়া জেলার তিলুড়ি গ্রাম। রাঢ়ীয় বৈদ্যগণ বল্লালসেনী বা বল্লালী থাকভুক্ত। সেনহাটী, বিক্রমপুর প্রভৃতি বঙ্গীয় সমাজে লক্ষ্মণী বা বল্লালী বলিয়া কোনও কথা প্রচলিত নাই। চন্দ্রপ্রভার ১৫৮ পৃষ্ঠায় বসন্তপুর আছে। সেখানে বৈশ্বানর গোত্রের সেনের বাস ছিল।
১৫। দিগ্‌রে, পোঃ বালি দেওয়ানগঞ্জ সব পোঃ আরমবাগ।	ভাঙ্গামড়া হইতে একঘর বৈদ্য উঠিয়া আসিয়া এখানে বাস করিতেছেন।
১৬ ইদিরা, পোঃ আনুড়। সব পোঃ আরমবাগ।	কালা কবিরাজ নামে একজন বড় কবিরাজের বাস ছিল।
১৭। আলাটী রসুলপুর, পোঃ আলাটী সব পোঃ তারকেশ্বর। বর্দ্ধমান জেলার সদর মহকুমার মধ্যে একটী রসুলপুর আছে। পোঃ রসুলপুর।	

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১৮। জানাবাজ	চন্দ্রপ্রভার কোনও কোনও স্থানে এই গ্রামের উল্লেখ আছে। চন্দ্রপ্রভা পৃঃ ৪০, ৬৩, ২৬৭, ৩৪৩, ৪৩৫।
১৯। ভুরসেট বা ভুরস্থট, পোঃ পারশ্যামপুর, সব পোঃ তারকেশ্বর।	'চন্দ্রপ্রভাতে' ইহাকে ভূরিশূটি, ভূরিশুঠী ও ভূরিশ্রেষ্ঠ বলা হইয়াছে। ভূরিশ্রেষ্ঠ একটি পরগণা। এই পরগণার কতকাংশ হুগলী জেলার শ্রীরামপুর ও আরমবাগ মহকুমার মধ্যে এবং বাকী অংশ বৰ্দ্ধমান জেলার সদর মহকুমার মধ্যে। এখানে এক জমিদার রাজ বংশ বিদ্যমান ছিল। সেই বংশে প্রতাপ-নারায়ণ নামে একজন রাজা ছিলেন। মহামহোপাধ্যায় ভরত মল্লিক মহাশয় ঐ রাজার সভাপণ্ডিত ছিলেন।
২০। ঘাটকেশ্বর, ঘণ্টেশ্বর বা ঘাটিসারী।	'চন্দ্রপ্রভা'র ১২, ৮২, ১১৪, ১৫২, ১৯১, ২০৯, ৪২০ প্রভৃতি পৃষ্ঠায় এই গ্রামের উল্লেখ আছে। ইহা দাশের সমাজ ছিল।

হুগলী—শ্রীরামপুর মহকুমা

১। বেগমপুর, পোঃ বেগমপুর, সব পোঃ শ্রীরামপুর	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ। (২) মৌদ্গল্য—মৌড়েশ্বরীয় পন্থ দাশ। (৩) কাশ্যপ—গুপ্ত।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য গোত্র, বংশ ও উপাধি
শ্রীরামপুর, পোঃ শ্রীরামপুর। (মুর্শিদাবাদ জেলায় আর একটী শ্রীরামপুর আছে, পোঃ ভগীরথপুর সব পোঃ ইস্‌লামপুর।	(১) ধন্বন্তরি—সেন। হুগলী জেলার শ্রীরামপুরের বৈদ্যগণ রাঢ়ীয় সমাজের সপ্তগ্রাম শাখার অন্তর্গত। মুর্শিদাবাদ জেলার শ্রীরামপুরের বৈদ্যগণ রাঢ়ীয় সমাজের গোযাশ শাখার অন্তর্গত। রাঢ়ীয় বৈদ্যগণ প্রধানতঃ পাঁচ শাখায় বিভক্ত (১) শ্রীখণ্ড সমাজ (২) সাতসৈকা সমাজ (৩) সপ্তগ্রাম সমাজ (৪) গোয়াস সমাজ এবং (৫) মল্লভূম সমাজ। রাঢ়ে এখন বহু বৈদ্য গ্রাম আছে যাহাদিগকে কোনও নির্দিষ্ট সমাজের অন্তর্গত করা যায় না।
৩। চাতরা, পোঃ শ্রীরামপুর	এখানে এখন কোনও বৈদ্যের বাস নাই। চন্দ্রপ্রভা পাঠে দেখা যায় যে এখানে এক সময়ে দেব-উপাধিক বৈদ্যের বাস ছিল। চন্দ্রপ্রভা ৩২২ পৃষ্ঠা।
৪। গোপীনাথপুর, পোঃ নলিকুল। সব পোঃ শ্রীরামপুর।	(১) মৌদ্‌গল্য—মৌড়েশ্বরী পঙ্ক দাশ। (২) দত্ত
৫। বল্লভপুর, পোঃ শ্রীরামপুর।	(১) মৌদ্‌গল্য—দাশ।
৬। গরলগাছা, পোঃ চণ্ডীতলা। সব পোঃ জনাই।	(১) মৌদ্‌গল্য—বাণ দাশ। (২) কাশ্যপ—কায় গুপ্ত। চন্দ্রপ্রভার ১৬২ পৃষ্ঠায় গরলগাছার উল্লেখ আছে।
৭। কাপাসএরে, পোঃ চণ্ডীতলা। সব পোঃ জনাই।	(১) ধন্বন্তরি—সেন।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
৮। ভদ্রখালী, পোঃ কোতরং।	'চন্দ্রপ্রভা' মতে ভদ্রখালী কাশ্যপ গোত্রের গুপ্ত এবং দত্ত ও দেবের স্থান।
সব পোঃ উত্তরপাড়া।	এখন এখানে কোন বৈদ্য নাই।
৯। কোতরং, পোঃ কোতরং। সব পোঃ উত্তরপাড়া।	এক ঘর বৈদ্যের বাস।
১০। ইলাহিপুর, পোঃ ইলাহিপুর। এই গ্রামের প্রচলিত নাম ইলিপুর।	(১) ধন্বন্তরি—সেন। (২) কাশ্যপ—গুপ্ত। 'চন্দ্রপ্রভা' পাঠে দেখা যায় এখানে দত্তের বাস ছিল।
১১। ভদ্রেশ্বর, পোঃ ভদ্রেশ্বর।	
১২। কোন্নগর, পোঃ কান্নগর।	(১) কাশ্যপ—কায় গুপ্ত।
১৩। ঋষিরা, পোঃ ঋষিরা।	(১) কাশ্যপ—কায় গুপ্ত। পূর্ব্ব নিবাস বৈদ্যবাটী।
১৪। মাহেশ, পোঃ মাহেশ।	(১) মৌদগল্য—বাণ দাশ আরও বৈদ্য আছে।
১৫। বৈদ্যবাটী, পোঃ বৈদ্যবাটী। বৈদ্যবাটী গুপ্তদের সমাজ বলিয়া পরিচিত। এই গ্রামের মধুসূদন গুপ্ত মহাশয় কলিকাতা মেডিকেল কলেজের একজন কৃতী ছাত্র ছিলেন। হিন্দুদের মধ্যে ইঁনি প্রথম শব ব্যবচ্ছেদ করেন। ইঁহার নামানুসারে কলিকাতায় মধুসূদন গুপ্তের লেন নামে একটী গলি আছে। ইঁহাদের পদবি বক্সী।	এই গ্রামে বহু বৈদ্যের বাস। (১) ধন্বন্তরি—সেন। (২) মৌদ্গল্য—দাশ (উপাধি রায় ও মজুমদার) (৩) কাশ্যপ—কায় গুপ্ত (উপাধি গুপ্ত ও বক্সী) (৪) শাণ্ডিল্য—দত্ত।
১৬। আটিসাটা। বৈদ্যবাটীর নিকটে অবস্থিত।	

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১৭। আনরবাটী, পোঃ আটপুর। সব পোঃ হরিপাল। (আনরবাটী কায়ু গুপ্ত বংশীয় দ্বাদশ গোপালের অন্যতম পরমেশ্বর দাসের পাট বা সিদ্ধির স্থান)	(১) ধন্বন্তরি—সেন। (২) কাশ্যপ—বরাহনগরীয় কায়ু গুপ্ত। (উপাধি অধিকারী)
১৮। রাণীবাজার, পোঃ আটপুর। সব পোঃ হরিপাল।	(১) কাশ্যপ—গুপ্ত।
১৯। জগজ্জীবনপুর, পোঃ হরিপাল।	(১) ধন্বন্তরি—কর্ণ খাঁ।
২০। দ্বারহাটা পোঃ, সব পোঃ হরিপাল।	"চন্দ্রপ্রভায়" বহু স্থানে এই গ্রামের উল্লেখ আছে। পৃঃ ১৫৪, ৫৫, ১৭২, ১৮৫, ৩০৯ এই গ্রাম এক সময়ে গুপ্তের সমাজ মধ্যে পরিগণিত ছিল। এখন বোধ হয় এই গ্রামে কোনও বৈদ্যের বাস নাই।
২১। মনোহরপুর, পোঃ চণ্ডীতলা। সব পোঃ জনাই।	(১) কাশ্যপ—গুপ্ত।

হুগলী জেলার ধন্বন্তরি গোত্রীয় বৈদ্যদের প্রসঙ্গে মধ্যে মধ্যে মঙ্গলকোটীয় বিনায়ক, রায়িগ্রামী বিনায়ক ও বেতড় বিনায়কের কথা উল্লিখিত হইয়াছে। বিনায়কের সহিত ইঁহাদের সম্পর্ক লিখিত হইতেছে। 'চন্দ্রপ্রভা'মতে ধন্বন্তরি গোত্রের বীজি পুরুষ বিনায়ক সেন। তাঁহার তিন পুত্র—রোষ সেন, ধন্বন্তরি সেন ও **কাপড়ি সেন**। ধন্বন্তরির পুত্র—গাঙ্গেয়ী ও শুকসেন। শুকসেনের পুত্র গোবিন্দ সেন। গোবিন্দ সেনের পুত্র পুর সেন ও **কুবের সেন**। পুর সেনের পুত্র **চোল্ল সেন** অত্যন্ত কৃপণ ছিলেন। তিনি কাহাকেও কিছু দান করিতে হইলে বরাটিকা বা কড়ি দান করিতেন। এজন্য তিনি বরাট খ্যাতি লাভ করেন। পরে ইঁহার স্বভাবের পরিবর্ত্তন হয় এবং ইনি বদান্য বলিয়া প্রসিদ্ধি লাভ করেন। **চোল্ল সেনের** বংশধরগণের আদি সমাজ বর্দ্ধমান জেলার মঙ্গলকোট নামক গ্রামে। এই জন্য ইঁহারা মঙ্গলকোটীয় বিনায়ক বলিয়া পরিচিত। **কুবের সেনের** বংশধরগণের আদি সমাজ রায়িগ্রাম। এজন্য ইঁহারা রায়িগ্রামী বিনায়ক বলিয়া পরিচিত। **কাপড়ি সেনের** বংশধরগণের আদি সমাজ হাওড়া জেলার বেতড় বা ব্যাটরা গ্রামে। এই জন্য ইঁহারা বেতড় বিনায়ক বলিয়া পরিচিত।

এই জেলায় সদর, কাটোয়া কালনা ও আসানসোল এই চারিটী মহকুমা আছে। এই জেলার অধিকাংশ বৈদ্যই রাঢ়ীয় সমাজের অন্তর্গত। দুই একখানা গ্রামে সেনভূম সমাজের বৈদ্যও আছে। রাঢ়ীয় সমাজের বৈদ্যগণ আবার **শ্রীখণ্ড, সাতসৈকা, সপ্তগ্রাম, মল্লভূম** ও **গোয়াস** এই পাঁচটি শাখায় বিভক্ত।

শ্রীখণ্ড সমাজের বৈদ্যগণ প্রধানতঃ কাটোয়া মহকুমায়, **সাতসৈকা** সমাজের বৈদ্যগণ প্রধানতঃ কালনা মহকুমায়, **সপ্তগ্রাম** সমাজের বৈদ্যগণ প্রধানতঃ হুগলী, হাওড়া ও চব্বিশ পরগণায় **মল্লভূম** সমাজের বৈদ্যগণ প্রধানতঃ বাঁকুড়া জেলায়, এবং **গোয়াস** সমাজের বৈদ্যগণ প্রধানতঃ মুর্শিদাবাদ জেলায় বাস করেন।

শ্রীখণ্ড সমাজ সকল শাখার শ্রেষ্ঠ। তৎপরে **সাতসৈকা** ও **সপ্তগ্রাম**

রাঢ়ীয় সমাজে ধন্বন্তরি গোত্রের অধিকাংশ বৈদ্যই বংশ দ্বারা পরিচয় না দিয়া স্বকীয় আদি সমাজস্থান দ্বারা পরিচয় দিয়া থাকেন যথা :—ধলহণ্ড, নরহট্ট, খানা, মঙ্গলকোট, বেতড়, রাযিগ্রাম। **ধলহণ্ড** বলিতে ধলহণ্ড সমাজস্থ ধন্বন্তরি গোত্রীয় বিনায়ক সেনের সন্তান বুঝিতে হইবে। এখন ধলহণ্ডীয়গণ নানাস্থানে বাস করিতেছেন। অনেক ধলহণ্ডীয় চব্বিশ পরগণার গরিফা ও হালিসহরে বাস করিতেছেন। ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন, সাধক রামপ্রসাদ সেন ধলহণ্ড বংশীয়। কেশব বাবু গরিফা বাসী এবং রামপ্রসাদ সেন হালিসহরের কুমারহট্ট নামক পল্লীতে বাস করিতেন। এইরূপ **নরহট্ট** প্রভৃতি দ্বারা তৎ তৎ সমাজস্থ বিনায়ক সেনের সন্তান বুঝিতে হইবে। রাঢ়ীয় সমাজে ধন্বন্তরি গোত্রীয় বৈদ্যদিগের মধ্যে অনেক সময়ে নিম্নলিখিত নামগুলি দিয়া পরিচয় দিতে শুনিতে পাওয়া যায় যথা :—কৃষ্ণ খাঁ, হরিহর খাঁ, সনাতন, তেয়ু সেন, জড় (ইহার প্রকৃত নাম শিব সেন) ধলহণ্ড। ইহারা রোষ সেনের সন্তান।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১। আমাদপুর, পোঃ আমাদপুর। সব পোঃ মেমারি।	(১) শক্তি—ছুহি কাশী সেন (উপাধি চৌধুরী ও মজুমদার)
২। কাশিয়ারা, ব্রাঞ্চ পোঃ কাশিয়ারা। হেড্ পোঃ বর্দ্ধমান।	(১) মৌদ্গল্য—মৌড়েশ্বরীয় পন্থ দাশ।
৩। মানকর, পোঃ মানকর।	(১) মৌদ্গল্য—পালিগ্রামী পন্থ দাশ (২) আত্ম গোত্র—সেন।
৪। রসুলপুর, পোঃ রসুলপুর। সব পোঃ মেমারি। (সপ্তগ্রাম সমাজ)	(১) ধন্বন্তরি—মঙ্গলকোটীয় বিনায়ক। (১) মৌদ্গল্য— দাশ।
৫। খণ্ডঘোষ। পোঃ খণ্ডঘোষ। (দামোদর নদের উত্তরে অবস্থিত)	
৬। উঁড়ো (মল্লভূম সমাজ। দামোদরের উত্তরে অবস্থিত)	
৭। সাকল্ল, পোঃ গলসি। (মল্লভূম সমাজ। দামোদরের উত্তরে অবস্থিত)	
৮। চৌপোড়, পোঃ দেবীপুর। (সপ্তগ্রাম সমাজ)	(১) ধন্বন্তরি—সনাতন ও খানা বিনায়ক। (২) মৌদ্গল্য—গণপতি দাশ, বাণ দাশ ও মৌড়েশ্বরীয় পন্থ দাশ। (৩) ঘৃতকৌশিক—দত্ত।
৯। বুদ্বুদ্, পোঃ বুদ্বুদ্। (মল্লভূম সমাজ দামোদরের উত্তর তীরে)	

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১০। বারশালী, পোঃ খণ্ডঘোষ। (মল্লভূম সমাজ। দামোদরের দক্ষিণ তীরে।	
১১। মন্দার বাটী, পোঃ বনপাশ।	
১২। মান্দরা, পোঃ আকুয়ি। সব পোঃ কয়ার। (মল্লভূম সমাজ)	
১৩। তকিপুর, পোঃ বড়-বেলগোনা। সব পোঃ খানা জংশন। (মল্লভূম সমাজ)	
১৪। কেন্দুয়াটীকুরি, পোঃ বুদবুদ। সব পোঃ মানকর। (মল্লভূম সমাজ)	
১৫। ইটুলি, পোঃ পরাতল। সব পোঃ জামালপুর। (মল্লভূম সমাজ)	
১৬। হালাড়া, পোঃ জামালপুর। (সপ্তগ্রাম সমাজ)	
১৭। ভূঞারা, পোঃ বন-নবগ্রাম। সব পোঃ ঘুসখোরা। (সেনভূম সমাজ)	

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১। শ্রীখণ্ড, পোঃ শ্রীখণ্ড। সব পোঃ কাটোয়া।	এই গ্রামে পন্থ দাশ বংশের নারায়ণ দাশের মুকুন্দ, মাধব ও নরহরি নামে তিন পুত্র ছিল। তৃতীয় নরহরি দাশ চৈতন্যদেবের পার্শ্বচর ছিলেন। তিনি নরহরি সরকার ঠাকুর নামে বিখ্যাত হন। ইঁহার সম্বন্ধে মহামহোপাধ্যায় ভরত মল্লিক তাঁহার "চন্দ্রপ্রভা" গ্রন্থে লিখিয়াছেন :— অনয়োবন্মুজো নরহরি দাশঃ কৃষ্ণপদার্চ্চন-বিহিত-বিলাসঃ। মুনিরিব ভিষজাং মধ্যে জাতঃ সংসারে সরকার খ্যাতঃ॥ নরহরির চারি কন্যা, পুত্র ছিল না। তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা মুকুন্দের পুত্র রঘুনন্দন দাশই শ্রীখণ্ডের গোস্বামিগণের আদিপুরুষ। রঘুনন্দন সম্বন্ধে "চন্দ্রপ্রভাতে" লিখিত আছে :— "রঘুনন্দন দাশো যঃ কৃষ্ণ-সেবন-তৎপরঃ। বৈষ্ণবো জগতি খ্যাতঃ কৃষ্ণপরিষদোপমঃ॥" এই শ্রীখণ্ড গ্রাম রাঢ়ের সর্ব্বশ্রেষ্ঠ বৈদ্যগ্রাম। (১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ, হারহর খাঁ, তেয় সেন, খানা বিনায়ক, রাঘব সেন। (২) মৌদ্গল্য—দুর্জ্জয় দাশ, চণ্ডীবর দাশ, পন্থ দাশ। (৩) কাশ্যপ—বরাহ নগরীয় কায় গুপ্ত।
২। আলমপুর, পোঃ আলমপুর। সব পোঃ কাটোয়া। (শ্রীখণ্ড সমাজ) এই গ্রামে বহরমপুরের বিখ্যাত উকিল ৺বৈকুণ্ঠনাথ সেন বরাট মহাশয়দিগের বাড়ী।	(১) ধন্বন্তরি—মঙ্গলকোঠীয় বিনায়ক উপাধি বরাট। (২) মৌদ্গল্য—পন্থ দাশ।
৩। বেণেপাড়া, পোঃ সীতাহাটি। সব পোঃ কাটোয়া।	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ। (২) মৌদ্গল্য—চণ্ডীবর দাশ। (শ্রীখণ্ড সমাজ)

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
৪। উদ্ধারনপুর, পোঃ সীতাহাটি। সব পোঃ কাটোয়া। (শ্রীখণ্ড সমাজ)	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ। (২) মৌদ্‌গল্য—চণ্ডীবর দাশ।
৫। পানুহাট, পোঃ কাটোয়া। (শ্রীখণ্ড সমাজ)	
৬। নিরোল, পোঃ নিরোল। সব পোঃ বানওয়ারিবাদ। (শ্রীখণ্ড সমাজ)	(১) শক্তি—রামানন্দ ছুহি। (২) মৌদ্‌গল্য—চণ্ডীবর দাশ। এই গ্রামে হরিসেন মিশ্র ও শ্যামসেন মিশ্র নামক দুই জন বৈদ্য ছিলেন। এখানে দুই এক ঘর সামবেদীয় বৈদ্য আছেন।
৭। কেতুগ্রাম, পোঃ কেতুগ্রাম। সব পোঃ বানওয়ারিবাদ। (শ্রীখণ্ড সমাজ)	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ। (২) মৌদ্‌গল্য—দুর্জ্জয় দাশ, চণ্ডীবর দাশ। (৩) আত্রেয়—দেব। বঙ্গীয় সমাজের বিক্রমপুর হইতে আগত)
৮। তালাড়ি সেনপাড়া, পোঃ কেতুগ্রাম। সব পোঃ বানওয়ারিবাদ। (শ্রীখণ্ড সমাজ)	(১) ধনন্তরি—সেন
৯। তৈপুর, পোঃ কেতুগ্রাম। (শ্রীখণ্ড সমাজ)	(১) মৌদ্‌গল্য—দুর্জ্জয় দাশ।
১০। ঝামটপুর, পোঃ বহরণ। সব পোঃ বানওয়ারিবাদ। (শ্রীখণ্ড সমাজ)	এই গ্রামে চৈতন্যচরিতামৃত লেখক কৃষ্ণদাস কবিরাজ মহাশয়ের বাড়ী।
১১। বিল্বেশ্বর, পোঃ শ্রীখণ্ড। সব পোঃ কাটোয়া। (শ্রীখণ্ড সমাজ)	(১) ধন্বন্তরি—খানাকীয় বিনায়ক। (২) কাশ্যপ—বরাহনগরীর কায়ু গুপ্ত।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১২। পাণ্ডুগ্রাম, পোঃ কুলাই। সব পোঃ কৈচর। (শ্রীখণ্ড সমাজ)	(১) মৌদ্গল্য—পদ্ম দাশ।
১৩। যাজ্ঞেশ্বর ডিহি, পোঃ কৈচর। (শ্রীখণ্ড সমাজ)	(১) ধন্বন্তরি—সেন।
১৪। কড়য়ী, পোঃ কড়য়ী। সব পোঃ কৈচর। (শ্রীখণ্ড সমাজ)	(১) শক্তি—ছুহি সেন। (২) ধন্বন্তরি—মঙ্গল কোঠীয় বিনায়ক। রায়ি গ্রামীয় বিনায়ক। গয়ি সেন।
১৫। পাঁজোয়া, পোঃ কড়য়ী। সব পোঃ কৈচর। (শ্রীখণ্ড সমাজ)	(১) মৌদ্গল্য—চণ্ডীবর দাশ। (২) কাশ্যপ—পানিনালা সমাজস্থ কায়ু গুপ্ত।
১৬। কোগ্রাম, পোঃ মাথরুণ। সব পোঃ কৈচর।	(১) ধন্বন্তরি—বিনায়ক। (২) মৌদ্গল্য—কোগ্রামী দাশ (বঙ্গীয় সমাজ হইতে আগত)
১৭। মঙ্গলকোট, পোঃ মঙ্গলকোট সব পোঃ কৈচর।	এক সময়ে এই গ্রাম ধন্বন্তরি বিনায়ক বংশের সমাজ ছিল। এখন এখানে কোন বৈদ্য নাই।
১৮। বাজার, পোঃ আলমপুর। সব পোঃ কাটোয়া। (শ্রীখণ্ড সমাজ)	(১) ধন্বন্তরি—খানা বিনায়ক।
১৯। গোরনা } এই দুইটীকে এক ২০। সেরান্দি } গ্রাম বলিলে হয়। পোঃ সাকুলিপুর। (শ্রীখণ্ড সমাজ)	(১) ধন্বন্তরি—রায়ি গ্রামি বিনায়ক। (২) মৌদ্গল্য—দাশ।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
২১। দৈদা, পোঃ কান্দরা। (শ্রীখণ্ড সমাজ)	
২২। অগ্রদ্বীপ, পোঃ পাটুলী। শ্রীখণ্ড সমাজ)	(১) ধন্বন্তরি—খানকীয় বিনায়ক, উপাধি মল্লিক।
১৩। নারায়ণপুর, পোঃ পাটুলী (শ্রীখণ্ড সমাজ)	
২৪। পাটুলী, পোঃ পাটুলী।	চন্দ্রপ্রভাতে দেখা যায় এখানে বৈদ্যের বাস ছিল। এখন বৈদ্য নাই।
২৫। বেড়া, পোঃ ডাইনহাট। (শ্রীখণ্ড সমাজ)	
২৬। মামুদপুর।	(১) কাশ্যপ—বরাহনগরীয় কায় গুপ্ত।

বৰ্দ্ধমান—কালনা

১। জামনা, সব পোঃ সাতগাছিয়া। (সাতশৈকা সমাজ) (এই গ্রামে প্রসিদ্ধ সিভিলিয়ান কৃষ্ণ খাঁ বংশ সম্ভূত শ্রীযুক্ত সত্যেন্দ্রচন্দ্র মল্লিক মহাশয়ের বাড়ী।) (হুগলী জেলার সদর মহকুমার মধ্যে আর একটী জামনা আছে। উহা সপ্তগ্রাম সমাজের অন্তর্গত।)	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ (উপাধি মল্লিক) (২) মৌদ্‌গল্য—দুর্জ্জয়, চণ্ডীবর দাশ। (৩) কাশ্যপ—বরাহনগরীব কায় গুপ্ত।
২। রায়দগাম, পোঃ মামুদপুর। সব পোঃ সাতগাছিয়া।	
৩। সাতগড়িয়া, পোঃ নাদনঘাট। সব পোঃ সমুদ্রগড়। (সাতশৈকা সমাজ)	(১) শক্তি—রামানন্দ দুহি। (১) ধন্বন্তরি—মঙ্গলকোটীয় বিনায়ক, (উপাধি বরাট) কৃষ্ণ খাঁ (উপাধি মল্লিক) (৩) মৌদ্‌গল্য—দুর্জ্জয় দাশ।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য গোত্র, বংশ ও উপাধি
৪। নপাড়া, পোঃ নাদন ঘাট।	(১) ধন্বন্তরি—খানাকীয় বিনায়ক, বেতড় বিনায়ক
সব পোঃ সমুদ্রগড়।	(২) মৌদ্‌গল্য—দুর্জ্জয় দাশ।
(সাতশৈকা সমাজ)	(৩) কাশ্যপ—পানিনালা গুপ্ত।
৫। কানপুর, পোঃ জামনা। সব পোঃ হাতগাছিয়া। (সাতশৈকা সমাজ)	(১) মৌদ্‌গল্য—দুর্জ্জয় দাশ।
৬। দীর্ঘপাড়া বা দিক্‌পাড়া	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ।
পোঃ নাদনঘাট। সব পোঃ সমুদ্রগড়। (সাতশৈকা সমাজ)	(২) মৌদ্‌গল্য—দুর্জ্জয় দাশ।
৭। বাগিডা, পোঃ নাদনঘাট। (সাতশৈকা সমাজ)	(১) শক্তি—রামানন্দ ছুহি।
৮। শাখড়া, পোঃ নাদনঘাট। (সাতশৈকা সমাজ)	(১) শক্তি— রামানন্দ ছুহি
৯। সমুদ্রগড়, পোঃ সমুদ্রগড়। (সপ্তগ্রাম সমাজ)	(১) আত্রেয়—দেব।
১০। অম্বিকা, পোঃ কালনা।	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ, রায়িগ্রামী বিনায়ক
১১। ধাত্রীগ্রাম, পোঃ ধাত্রীগ্রাম।	(১) ধন্বন্তরি—হরিহর খাঁ উপাধি মল্লিক।
সব পোঃ কালনা। এইগ্রামে বিখ্যাত পণ্ডিত ও কুলাচার্য্য ধন্বন্তরি গোত্রীয় ঘোষ হরিহর খাঁ বংশ সম্ভূত মহামহোপাধ্যায় ভরত মল্লিক মহাশয়ের চতুষ্পাঠী ও বাড়ী ছিল। (সাতশৈকা সমাজ)	(২) মৌদ্‌গল্য—পন্থ দাশ।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১২। ভবানীপুর, পোঃ ধাত্রীগ্রাম। সব পোঃ কালনা। (সাতসৈকা সমাজ)	(১) শক্তি—ছুহি সেন। (২) ধন্বন্তরি—গযি সেন। (৩) মৌদ্গল্য—মৌড়েশ্বরীয় পন্থ দাশ।
১৩। পাতিলপাড়া, পোঃ বৈদ্যপুর, (সপ্তগ্রাম সমাজ) ভরত মল্লিকের বংশ এখন এই গ্রামে অবস্থিত।	(১) ধন্বন্তরি ঘোষ—হরিহর খাঁ (উপাধি মল্লিক) ও জড় বংশ (২) মৌদ্গল্য—দুর্জ্জয় দাশ, গণপতি দাশ।
১৪। কুমারপাড়া, পোঃ বৈদ্যপুর। (সপ্তগ্রাম সমাজ)	(১) ধন্বন্তরি—মঙ্গলকোঠীয় বিনায়ক। (২) মৌদ্গল্য—দাশ (উপাধি মজুমদার)
১৫। বাগনাপাড়া, পোঃ বাগনাপাড়া। (সাতসৈকা সমাজ)	(১) মৌদ্গল্য—মৌড়েশ্বরীয় পন্থ দাশ।
১৬। কাদপুর, পোঃ নাদনঘাট। সব পোঃ সমুদ্রগড়।	(১) ধন্বন্তরি—কৃষ্ণ খাঁ।
১৭। কাঁদপাড়া, পোঃ আম্বুথল, সব পোঃ বৈদ্যপুর।	
১৮। চুপীগ্রাম। গঙ্গার পশ্চিমপারে অবস্থিত।	(১) আত্ৰ—সেন (পূৰ্ব্বনিবাস দাদুপুর, নদীয়া) (২) ধন্বন্তরি—তেয়ু সেন (উপাধি রায়) (৩) ধন্বন্তরি—ঘোষ সেন বংশীয়। (৪) মৌদ্গল্য—পন্থ দাশ (উপাধি বিশ্বাস) ঠাকুর উপাধিধারী বৈষ্ণব গোস্বামী কান্দু ঠাকুরের বাস ছিল।

কালনা মহকুমার বৈদ্য গ্রামগুলির প্রসঙ্গে ইহা উল্লেখ করা কর্ত্তব্য যে সাতসৈকা সমাজের স্থাপয়িতা শক্তি গোত্রীয় রামানন্দ সেন বঙ্গীয় সমাজ হইতে আগত। রামানন্দ সেনের সন্তানগণ রামানন্দ ছুহি বলিয়া পরিচয় দেন।

বৈদ্য-গ্রামের নাম

১। দক্ষিণখণ্ড,
পোঃ উখরা,
(শ্রীখণ্ড সমাজ)

২। গোপালপুর,
পোঃ গোপালপুর,
সব পোঃ পানাগর।
(মল্লভূম সমাজ)

৩। পুবরা মদনপুর,
পোঃ অণ্ডাল,
(দামোদরের উত্তর তীরে
মল্লভূম সমাজ)

৪। বিদ্যানন্দপুর,
পোঃ সুন্দরচক,
(দামোদরের উত্তর তীরে
মানভূম সমাজ)

৫। পান্দুরিয়া, পোঃ পান্দুরিয়া।
(সেনভূম সমাজ)

৬। সোদপুর, পোঃ সুন্দরচক।
(সেনভূম সমাজ)

৭। অলিপুর,
পোঃ পান্দুরিয়া।
(সেনভূম সমাজ)

৮। মহুতা, পোঃ মহুটা।
সব পোঃ ঘুষখোরা।
(সেনভূম সমাজ)

৯। হাতিনল,
পোঃ ডিসেরগড়।
(সেনভূম সমাজ)

বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি

(১) মৌদ্‌গল্য—পন্থ দাশ (উপাধি গোস্বামী)

নদীয়া জেলায় পাঁচটি মহকুমা আছে যথা :—সদর, মেহেরপুর, চুয়াডাঙ্গা, রাণাঘাট এবং কুষ্টিয়া।

নদীয়া—সদর মহকুমা।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১। লাখড়িয়া, পোঃ কালীগঞ্জ, সব পোঃ দেবগ্রাম। পরগণা পলাশী (বঙ্গীয় সমাজ)	(১) শক্তি—হিঙ্গু ভব সেন। (২) মৌদ্‌গল্য—রাম দাশ। (৩) কাশ্যপ—ত্রিপুর গুপ্ত। পূর্ব্বে এখানে বহু বৈদ্যের বাস ছিল, অধিকাংশ পরিবারই নির্ব্বংশ অথবা স্থানান্তর গত।
২। কুঠরিয়া, পোঃ কালীগঞ্জ, সব পোঃ দেবগ্রাম। (বঙ্গীয় সমাজ)	(১) শক্তি—শিয়াল সেন। পূর্ব্বে এখানে অনেক বৈদ্যের বাস ছিল।
৩। পলাশী, পোঃ পলাশী	(১) শক্তি—হিঙ্গু ভব সেন। (২) কাশ্যপ—ত্রিপুর গুপ্ত।
৪। দাতপুর, পোঃ দাতপুর নদীয়া, সব পোঃ বেথুয়া-দহরি। পরগণা পাঠমহল। (বঙ্গীয় সমাজ)	(১) শক্তি—গণ সেন, (উপাধি রায় ও সরকার) (২) ধন্বন্তরি—আদিত্য সেন। (৩) মৌদ্‌গল্য—বিষ্ণু দাশ, অরবিন্দ দাশ, রাম দাশ, (৪) কাশ্যপ—ত্রিপুর গুপ্ত। পূর্ব্বে এখানে আত্রেয় দেব বংশের নিবাস ছিল। (চন্দ্রপ্রভা ৪২৩)
৫। কড়কড়িয়া, পরগণা পাঠমহল।	পূর্ব্বে এখানে অনেক বঙ্গীয় বৈদ্য ও একঘর রাঢ়ীয় বৈদ্যের বাস ছিল অধিকাংশ বংশ লোপ পাইয়াছে। কেহ কেহ দাতপুর গিয়া বাস করিতেছেন।
৬। জপুর-যাত্রাপুর, পোঃ হাঁসখালি, সব পোঃ বগুলা।	'চন্দ্রপ্রভার' ২৭৫ ও ৩৬৫ পৃষ্ঠায় জপুরের উল্লেখ আছে (১) ধন্বন্তরি—রায়ীগ্রামীয় বিনায়ক। (২) মৌদ্‌গল্য—মৌড়েশ্বরীয় দাশ। (৩) আত্রেয়—দেব।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
৭। ভাজনঘাট, পোঃ ভাজনঘাট, সব পোঃ মাজদিয়া।	(১) শক্তি—তুহি সেন। (২) ধন্বন্তরি—রোষ সেন (উপাধি গোস্বামী) (৩) মৌদ্গল্য—পন্থ দাশ। (৪) আত্রেয়—দেব। চন্দ্রপ্রভার ২৩৫ পৃষ্ঠায় দেখা যায় যে এখানে ধন্বন্তরি গোত্রের গয়ি সেনও ছিল। চন্দ্রপ্রভায় গোস্বামীদের উল্লেখ ২৩৫, ২৭৫, ৩৪০ পৃষ্ঠায় দেখা যায়।

ভাজনঘাটের কথা বলিতে হইলে এখানকার গোস্বামীদের কথা কিছু বলিতে হয়। 'চন্দ্রপ্রভা' মতে বীজি বিনায়ক সেনের তিন পুত্র—রোষ সেন, ধন্বন্তরি সেন ও কাপড়ি সেন। রোষ সেনের ছয় পুত্র—নারায়ণ, পশুপতি, দাণ্ডু, তপস্বি, অভি ও গোপাল সেন। দাণ্ডু সেনের দুই পুত্র দনু ও রঘুপতি সেন। রঘুপতির পুত্র শম্ববারি। শাম্বরারি সেনের নামান্তর কংশারি সেন। কংশারি সেনের পুত্র সদাশিব কবিরাজ। ইনি মহাপ্রভু চৈতন্য দেবের পার্শ্বচর ছিলেন। সদাশিবের দুই পুত্র পুরুষোত্তম ও যদুনাথ। পুরুষোত্তম ঠাকুর নিত্যানন্দ প্রভুর জামাতার গুরু ছিলেন। পুরুষোত্তম ঠাকুরের পুত্র কান্দু ঠাকুর বা কানাই ঠাকুর। কানাই ঠাকুরের পাঁচ পুত্র—রামভদ্র, শচীনন্দন, যাদবেন্দ্র বংশীবদন ও মদনমোহন। যাদবেন্দ্র অপুত্রক। রামভদ্র, শচীনন্দন ও মদনমোহনের বংশধরগণ যশোহর জেলার বোধখানায় ছিলেন। রামভদ্রের বংশ এখনও বোধখানায় আছেন। বংশীবদনের বংশধরগণ বোধখানা ছাড়িয়া ভাজনঘাটের নিকটবর্ত্তী বোরোল নামক গ্রামে কিছুদিন বাস করিয়া ভাজনঘাটে স্থায়ী হন। ভাজনঘাটের গোস্বামী বংশে বহু কৃতী ব্যক্তি জন্মগ্রহণ করিয়াছেন। তাঁহার মধ্যে কৃষ্ণকমল গোস্বামীর নাম বিশেষভাবে উল্লেখ যোগ্য। বংশীবদন—জনার্দ্দন—রামকৃষ্ণ—রাধারমণ—রামচন্দ্র মুরলীধর—কৃষ্ণকমল গোস্বামী। কৃষ্ণকমলের রচিত স্বপ্নবিলাস, রাইউন্মাদিনী, বিচিত্র বিলাস, ভরত-মিলন, ও সুবল সংবাদ সুধী সমাজে পরিচিত।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
৮। নবদ্বীপ, পোঃ নবদ্বীপ।	(১) ধন্বন্তরি—রায়ীগ্রামীয় বিনায়ক। (২) মৌদ্গল্য—মৌড়েশ্বরীয় পন্থ দাশ। "চন্দ্রপ্রভা" পাঠে দেখা যায় যে এখানে শালঙ্কায়ণ দাশ আত্রেয় দেব, শাণ্ডিল্য দত্ত, আত্ম সেন, শক্তি তুহি সেন ও শিয়াল সেন, ধন্বন্তরি আদিত্য সেন প্রভৃতি বিভিন্ন বৈদ্য বংশের বাস ছিল। চন্দ্রপ্রভা পৃঃ ৪৩, ৯৪, ১০৪, ১১১, ১৩১, ১৬৩, ৩৩৩, ৩৬৫। 'চন্দ্রপ্রভা'পাঠে আরও দেখা যায় যে সেনহাটী বা চন্দনীমহলের সুবিখ্যাত রবি সেন মহামণ্ডলের পুত্র ভরতের এক শাখা নবদ্বীপে আসিয়া সমাজ-ভুক্ত হন। চন্দ্রপ্রভা পৃঃ ১৪, ১০৭।

নবদ্বীপ চৈতন্য দেবের জন্ম স্থান। নানা স্থান হইতে বহু বৈষ্ণব ধর্ম্মাবলম্বী বৈদ্য তাঁহার সহিত মিলিত হন। তাঁহাদের মধ্যে সদাশিব কবিরাজ, মুরারি গুপ্ত, নরহরি ঠাকুর, শিবানন্দ সেনের নাম উল্লেখ যোগ্য। সদাশিবের বংশধরগণ এখন যশোহর জেলার বোধখানায় এবং নদীয়া জেলার ভাজনঘাটে বাস করিতেছেন। তাঁহারা ধন্বন্তরি গোত্রের রোষ বংশীয় উপাধি গোস্বামী। মুরারি গুপ্ত শ্রীহট্ট দেশীয় বৈদ্য, একথা বৃন্দাবন দাসের চৈতন্য ভাগবতে লিখিত আছে। নরহরি ঠাকুরের বাড়ী ছিল বর্দ্ধমান জেলাব শ্রীখণ্ড গ্রামে। মৌদ্গল্য গোত্রের পন্থ দাশ বংশে ইঁহার জন্ম। ইঁহার বংশ নাই। ইঁহার ভ্রাতুষ্পুত্র রঘুনন্দনের বংশধরগণ শ্রীখণ্ডের গোস্বামী বলিয়া পরিচিত। শিবানন্দ সেনের জন্ম কাঁচরাপাড়ার নরহট্টীয় বিনায়ক সেন বংশে।

বর্ত্তমান সময়েও নবদ্বীপে অনেক বৈদ্যের বাস। দুঃখের বিষয় অনেক চেষ্টা করিয়াও তাঁহাদের বিবরণ সংগৃহীত হয় নাই। তুহি কাশী সেন বংশীয় কবিরাজ ৺রাজেন্দ্র নারায়ণ সেন মহাশয় নবদ্বীপে রায়ীগ্রামীয় বিনায়ক সেন বংশীয় ব্রজগোপাল রায় মহাশয়ের কন্যার পাণিগ্রহণ করিয়াছিলেন।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
৯। বেজপাড়া, পোঃ কৃষ্ণনগর।	
১০। গোয়াড়ি বা কৃষ্ণনগর, পোঃ কৃষ্ণনগর। এইখানে কাশ্যপ গোত্রের দত্ত বংশে কৃষ্ণনগর কলেজের প্রধান অধ্যক্ষ সুপ্রসিদ্ধ ৺উমেশচন্দ্র দত্ত মহাশয়ের বাড়ী। মহারাজ কৃষ্ণচন্দ্রের নামানুসারে গোয়াড়ির নাম কৃষ্ণনগর হইয়াছিল। কৃষ্ণচন্দ্র ভরত মল্লিকের পরবর্ত্তী। সুতরাং ভরত মল্লিকের সময়ে কৃষ্ণনগর নাম হয় নাই। চন্দ্রপ্রভায় যে যে স্থানে কৃষ্ণনগর আছে সেই সেই স্থান হুগলীর আরামবাগ মহকুমার খানাকুল কৃষ্ণনগর বুঝিতে হইবে।	(১) কাশ্যপ—দত্ত (মাঝের পাড়া) (২) মৌদ্গল্য মৌড়েশ্বরীয়—পদ্ম দাশ (নেদীয়ারপাড়া) (৩) শক্তি—পুর সেন বংশে কমল সেনের শাখা (নেদীয়ারপাড়া)

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১। মেহেরপুর, পোঃ মেহেরপুর।	(১) ভুহি কাশী সেন বংশ, উপাধি মজুমদার ও সেন।
	(২) ধন্বন্তরি—খানা বিনায়ক, উপাধি মল্লিক।
	(৩) ধন্বন্তরি—রায়িগ্রামি বিনায়ক।
	(৪) মৌদ্গল্য—দুর্জ্জয় দাশ।
	(৫) মৌদ্গল্য—চণ্ডীবর দাশ।
	(৬) মৌদ্গল্য—গণপতি দাশ।
	(৭) মৌদ্গল্য—বাণ দাশ।
	(৮) কাশ্যপ—গুপ্ত।

শক্তি গোত্রের মজুমদার উপাধিক ভুহি কাশী সেন বংশীয়দের মেহেরপুরে বাস বহুদিনের। ভরত মল্লিক 'চন্দ্রপ্রভায়' মেহেরপুরকে মেরুপুর বলিয়াছেন। ভুহি কাশী সেন বংশে শ্রীকণ্ঠ সেনের শাখায় ৮গর্ভ সেনের পুত্র কাশীনাথ সেন। ইঁহার সম্বন্ধে 'চন্দ্রপ্রভা'য় লেখা আছে :— "পুত্রঃ শ্রীগর্ভ সেনেস্য কাশীনাথ শ্চিকিৎসকঃ।

অসাবাঢ্য সদানন্দ সেন কন্যা সমুদ্ভবঃ।

অয়ং মেরুপুরে গ্রামে বসতিং স্বেচ্ছয়াকরোৎ॥"

চন্দ্রপ্রভা পৃঃ ২১৬।

"কাশীনাথস্য তনয়াস্ত্রয়োঽগ্রো হরিনাথকঃ।

মধ্যমো মথুরানাথো মজুন্দারঃ প্রতিষ্ঠিতঃ॥

গোবিন্দোঽন্যো জড়সোতে যদু সেনেস্য স্নুজাঃ।"

মেহেরপুরে শক্তি গোত্রের শিয়াল সেনের বাস ছিল।

যথা :—"রামেশ্বর শিয়ালায় পরা মেরুপুরোদ্ভবে।"

চন্দ্রপ্রভা পৃঃ ৮১।

হরিনাথের চারি পুত্র গঙ্গারাম, শ্রীকৃষ্ণ, শ্রীবল্লভ, রতিনাথ। দ্বিতীয় পুত্র শ্রীকৃষ্ণের শাখায় ১৩ পর্য্যায়ে মহামহোপাধ্যায় কবিরাজ গণনাথ সরস্বতী বিদ্যাসাগর অবস্থিত। তৃতীয় পুত্র শ্রীবল্লভের বৃদ্ধ প্রপৌত্র রাজারাম সেন নবাব সরকারের কার্য্য গ্রহণ করিয়া মেরুপুর হইতে পাবনা জেলার নিশ্চিন্তপুর (বর্ত্তমান নাম ভাঙ্গাবাড়ী) গমন করেন এবং সেইখানেই বসবাস করেন। রাজারাম সেনের শাখায় ২৩ পর্য্যায় এই কুলদর্পণের গ্রন্থকার **ডাক্তার ত্রিভঙ্গমোহন সেনশর্ম্মা** অবস্থিত।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১। মেহেরপুর (ক্রমশঃ)	ধন্বন্তরি খানা বিনায়ক বংশে মেহেরপুরের মল্লিকেরা অবস্থিত। নিম্নে সংক্ষেপে তাঁহাদের কুলপরিচয় লিখিত হইল। চন্দ্রপ্রভা মতে ধন্বন্তরি গোত্রের বীজী বিনায়ক সেনের তিন পুত্র রোষ সেন, ধন্বন্তরি সেন এবং কাপড়ি সেন। ধন্বন্তরির গাণ্ডেয়ী, শুক সেন প্রভৃতি পাঁচ পুত্র। গাণ্ডেয়ির সোম সেন, হিঙ্গু সেন প্রভৃতি ছয় পুত্র। সোম সেনের অন্যতম পুত্র তোখলি সেন। তোখলির অন্যতম পুত্র অশ্বপতি সেন। অশ্বপতি সেনের চারি পুত্র গজপতি, বিজয়, ত্রিলোচন ও দ্বয়ী। ইঁহারা বর্দ্ধমান জেলার সদর মহকুমার খানা নামক গ্রামে স্থায়ী হন। এ জন্য ইঁহারা খানাকীয় বিনায়ক, খানা বিনায়ক বা খানেয়া বিনায়ক নামে পরিচিত। গজপতি সেনের অন্যতমপুত্র শম্ভু সেন। শম্ভু সেনের তিন পুত্র বামন সেন ওরফে যশশ্চন্দ্র খান গোবিন্দ সেন ওরফে শ্রীরাম খান এবং লক্ষ্মীপতি সেন ওরফে অল্পঠকুর। শ্রীরাম খাঁর পাঁচ পুত্র সনাতন, ভবানন্দ হরি সেন, নারায়ণ ও লোকনাথ। সনাতন গন্ধর্ব্ব মল্লিক নামে পরিচিত হন। ভবানন্দ উচিত কথা বলিতেন ও উচিত কার্য্য করিতেন বলিয়া উচিত মল্লিক নামে পরিচিত হন। উচিত মল্লিকের দুই পুত্র কাশীনাথ ও গৌরীনাথ। গৌরীনাথের তিন পুত্র চন্দ্রশেখর, মহেশ ও গঙ্গাধর মহেশ মল্লিকের পুত্র প্রসাদ মল্লিক প্রসাদ মল্লিকের ছয় পুত্র রঘুনাথ, রামচন্দ্র, পার্ব্বতী দাস, হরিনারায়ণ, অনন্ত ও হরানন্দ। এই ছয় ভাই বীরভূম জেলার সাঁইথিয়ার নিকটবর্ত্তী পাথরিয়া (বৈদ্য পাকুরিয়া) নিবাসী শক্তি গোত্রীয় চুহি রামানন্দ বংশীয় গোকুল সেনের দৌহিত্র। এই সূত্রে ইঁহারা বৈদ্য পাকুরিয়ায় স্থায়ী হন। ইঁহাদের দ্বিতীয় ভগিনীকে নদীয়া জেলার মেরুপুর (মেহেরপুর) নিবাসী শক্তি গোত্রীয় চুহি কাশী সেন বংশীয় রামনারায়ণ সেন বিবাহ করেন। রামচন্দ্র মল্লিক মহাশয় মেহেরপুরের মল্লিকদিগের এবং পার্ব্বতী দাস মল্লিক মহাশয় বর্দ্ধমান জেলার কাটোয়া মহকুমার অগ্রদ্বীপের মল্লিক উপাধিধারী জমিদারদিগের পূর্ব্বপুরুষ।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
২। কেচুয়াডাঙ্গা, পোঃ শিকারপুর।	(১) ধন্বন্তরি—রায়িগ্রামী বিনায়ক সেন। (২) শক্তি—ছুহি সেন।
৩। চন্দ্রবিল বা চাঁদবিল পোঃ বিলকোলা, সব পোঃ মেহেরপুর। অবসরপ্রাপ্ত ডেপুটী ম্যাজিষ্ট্রেট রায়িগ্রামী বিনায়ক বংশীয় শ্রীযুত মনোমোহন রায় বাহাদুর মহাশয়ের বাড়ী এই গ্রামে।	(১) ধন্বন্তরি—রায়িগ্রামী বিনায়ক সেন (উপাধি রায়)
৪। হিজুলী, পোঃ আমকুপি, সব পোঃ মেহেরপুর।	

নদীয়া—চুয়াডাঙ্গা মহকুমা।

১। কাষ্ঠদহ, পোঃ গাঙ্গনি, সব পোঃ মেহেরপুর।	
২। এলাচ-লক্ষ্মীপুর, পোঃ এলাচ-লক্ষ্মীপুর, সব পোঃ সাধুহাটী (যশোহর) হেড পোঃ কৃষ্ণনগর।	
৩। করচাডাঙ্গা, পোঃ আন্দুলবেড়িয়া।	(১) ধন্বন্তরি—নরহট্টীয় বিনায়ক সেন, (আদি নিবাস কাঁচড়াপাড়া)
৪। মাটিয়ারি, পোঃ বানপুর, সব পোঃ মাজদিয়া। (নদীয়া জেলার সদর মহকুমায় আর একটী মাটিয়ারি আছে, সেখানে বৈদ্য নাই)	(১) শাণ্ডিল্য—দত্ত। (২) এক সময়ে মাটিয়ারি কাশ্যপ গোত্র গুপ্তের সমাজ ছিল। তাঁহারা এখন ২৪ পরগণার অধীন হালিসহরে বাস করিতেছেন। (৩) পদ্ম দাশ ছিল। চন্দ্রপ্রভা পৃঃ ১০৮ (৪) আদ্য সেন ছিল। চন্দ্রপ্রভা পৃঃ ১০৮ (৫) আত্রেয় দেব ছিল। চন্দ্রপ্রভা পৃঃ ৩৩৩

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১। রঘুনাথপুর, পোঃ আরংঘাটা।	(১) শক্তি—ছুহি সেন। (২) ধন্বন্তরি—বিনায়ক সেন (অকুলীন) (৩) মৌদ্‌গল্য – চণ্ডীবর দাশ।
২। শান্তিপুর, পোঃ শান্তিপুর।	এখানে অনেক বৈদ্যের বাস, কিন্তু চেষ্টা করিয়াও কাহারও বিবরণ সংগ্রহ হয় নাই। শান্তিপুর শক্তি গোত্র ছুহি কাশী সেনের একটী বড় কেন্দ্র ছিল। এখানে শক্তি গোত্রের শিয়াল সেন ও কৃষ্ণাত্রেয় গোত্র দত্তেরও বাস ছিল। চন্দ্রপ্রভা পৃঃ ২৯৯ ও ১৯৭
৩। বাইগাছি, পোঃ শান্তিপুর।	
৪। হরিপুর, পোঃ হরিপুর নদীয়া। সব পোঃ শান্তিপুর।	(১) মৌদ্‌গল্য—কচু দাশ (২) কাশ্যপ—কায়ু গুপ্ত। (৩) ধন্বন্তরি—বিনায়ক।
৫। মালিপোতা, পোঃ ফুলিয়া বয়রা, সব পোঃ রাণাঘাট।	
৬। কাঁচড়াপাড়া, পোঃ কাঁচড়াপাড়া। (এই গ্রামের এক অংশ ২৪ পরগণার বেরাকপুর মহকুমার অন্তর্গত) এই গ্রামে মৌদ্‌গল্য দুর্জ্জয় দাশ বংশে কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত মহাশয়ের বাড়ী। দুঃখের বিষয় তিনি উপাধি "দাশ" না লিখিয়া "গুপ্ত" লিখিতেন।	(১) ধন্বন্তরি—মঙ্গলকোটীয় বিনায়ক, উপাধি বরাট (২) ধন্বন্তরি—নরহট্টীয় বিনায়ক, উপাধি সেন। (৩) মৌদ্‌গল্য—দুর্জ্জয় দাশ, বাণ দাশ, মৌড়েশ্বরী পন্থ দাশ। (৪) কাশ্যপ—গুপ্ত। আরো অনেক বৈদ্য থাকা সম্ভব। (৫) চন্দ্রপ্রভা মতে কাঁচড়াপাড়া সেন ও দত্ত দেবাদির স্থান।

নরহট্টীয় বিনায়ক বংশে বিখ্যাত বৈষ্ণব শিবানন্দ সেন জন্মগ্রহণ করেন। তাঁহার তিন পুত্র, চৈতন্য দাস, রাম দাস ও পরমানন্দ সেন কবি কর্ণপুর বা পুরীদাস।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
৭। সিমহাটি, পোঃ সুবর্ণপুর, সব পোঃ কাঁচড়াপাড়া। এই গ্রামে পাটনার সুবিখ্যাত উকিল মৌদ্‌গল্য বাণ দাশ বংশীয় শ্রীযুক্ত বিনোদবিহারী মজুমদার মহাশয়ের বাড়ী।	(১) মৌদ্‌গল্য—বাণ দাশ (উপাধি মজুমদার)
৮। আন্দুল, পোঃ রাণাঘাট।	"চন্দ্রপ্রভা"র ৬১ ও ৩৪৭ পৃষ্ঠায় আন্দুর গ্রামের উল্লেখ আছে।
৯। উলা, পোঃ বীরনগর, সব পোঃ রাণাঘাট।	"চন্দ্রপ্রভা"র ১৩০, ১ ৫, ২২১ ও ৩৩৩ পৃষ্ঠায় উলা গ্রামের উল্লেখ আছে।
১০ মালঞ্চ। মালঞ্চ রাঢ়ীয় ব্রাহ্মণদের সুবিখ্যাত ফুলে গ্রামের সন্নিকটে অবস্থিত।	রাঢ়ীয় ও বঙ্গীয় উভয় সমাজের ধন্বন্তরি গোত্রের সেনদিগেব প্রধান বীজী পুরুষ বিনায়ক সেনের বাড়ী এই গ্রামে ছিল। এখন এখানে কোনও বৈদ্যের বসতি নাই।
১১। তেহট্ট। মালঞ্চের নিকট গঙ্গাতীবে অবস্থিত। বর্ত্তমানে নদীয়া জেলার মেহেরপুর মহকুমায় তেহাট্টা নামে একটী থানা আছে।	এই গ্রামে শক্তি গোত্র দুহি সেনগণেরও মৌদ্‌গল্য চায় দাশ বংশীয়গণের আদি বাসস্থান। "শ্রীবৎস সেন প্রমুখাঃ ষড়মী শক্তি গোত্রজাঃ। একঃ শ্রীবৎস সেনোঽভূত্তেহট্ট গ্রাম বিশ্রুতঃ। তেহট্টজ ইতি খ্যাতো নাপরং তস্য চ স্থলম্॥" চন্দ্রপ্রভা পৃঃ ১০ "একঃ পুনশ্চায়দাশো ভেদেন দ্বিবিধোঽভবৎ। একো তেহট্ট সম্ভূতো মালিকাহারজঃ পরঃ॥" চন্দ্রপ্রভা পৃঃ ১০

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১। ওসমানপুর, পোঃ ওসমানপুর, সব পোঃ কুমারখালী। (বঙ্গীয় সমাজ)	(১) শাক্ত্র—মাধব সেন। (২) মৌদ্গল্য—রামদাশ।
২। বটতৈল, পোঃ ভাদালিয়া, সব পোঃ কুষ্টিয়া। (বঙ্গীয় সমাজ)	পূর্ব্বে এখানে ধন্বন্তরি গোত্রের উচলি সেনের বাস ছিল। বোধ হয় এখন এখানে বৈদ্য নাই।
৩। হরিনারায়ণপুর—বারাদি, পোঃ হরিনারায়ণপুর, সব পোঃ কুষ্টিয়া। (বঙ্গীয় সমাজ)	

এই জেলাটী বর্দ্ধমান বিভাগের অন্তর্গত। পূর্ব্বে এখানে অনেক বৈদ্যের বাস ছিল। এখন বৈদ্য সংখ্যা খুবই কম। অধিকাংশ বৈদ্যই বীরভূম সমাজ ভুক্ত। কোনও কোনও গ্রামের বৈদ্যগণ সেনভূম সমাজ ভুক্ত বলিয়া পরিচয় দেন কিন্তু তাঁহাদের অনেকেরই রাঢ়ীয় সমাজের সহিত বৈবাহিক সম্বন্ধ রহিয়াছে। বীরভূম ও সেনভূম সমাজ পঞ্চকুট সমাজের অন্তর্গত। এই জেলায় "সেনভূমি" বা "সেনভূম" নামে একটী পরগণা আছে। এই পরগণাতে বহু বৈদ্যের বাস ছিল। সেনভূম সমাজের গ্রামসমূহ বর্ত্তমানে বাঁকুড়া, মানভূম ও বর্দ্ধমান জেলার অন্তর্গত। পঞ্চকুট সমাজের বৈদ্যগণ সকলেই পূর্ব্বাপর ব্রাহ্মণাচার সম্পন্ন এবং আবহমানকাল ব্রাহ্মণের সম্মান পাইয়া থাকেন এবং শ্রাদ্ধাদি ব্যাপারে ভোজন দক্ষিণা পান। এই জেলায় তিনটী মহকুমা—রামপুরহাট, সদর ও সেনভূম।

বীরভূম—রামপুরহাট মহকুমা।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১। পাইকর, পোঃ পাইকর। সব পোঃ মুরারই।	চন্দ্রপ্রভায় এই গ্রামের উল্লেখ আছে। এখানে বৈদ্য আছে।
২। হাতকাঁদা, পোঃ মালুটী।	
৩। পালিতপুর, পোঃ রামপুরহাট।	এখানে বৈদ্য আছে।
৪। যাজিগ্রাম, পোঃ যাজিগ্রাম। সব পোঃ মুরারই। আর একটী যাজিগ্রাম বর্দ্ধমান জেলার কাটোয়া মহকুমার শ্রীখণ্ডের নিকটে অবস্থিত। সেখানে কোনও বৈদ্যের বসতি নাই। বৈষ্ণব সাহিত্যের স্থানে স্থানে ইহার উল্লেখ দেখা যায়।	ইহাকে সাধারণতঃ হিলোড়া-যাজিগ্রাম বলে। হিলোড়া নিকটবর্ত্তী মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার মধ্যে। এই হিলোড়াও বীরভূম জেলার যাজিগ্রাম পোষ্টাফিসের অধীন। চন্দ্রপ্রভার বহুস্থানে এই গ্রামের উল্লেখ আছে। মহারাজ জুমুর নন্দীর বাড়ী এই গ্রামে ছিল। এখানে বৈদ্য আছে।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
৫। কাষ্ঠগড়া, পোঃ মালুটী।	
৬। রদীপুর।	চন্দ্রপ্রভায় এই গ্রামের উল্লেখ আছে।
৭। বেড়া-সিমুল, পোঃ চাঁদপাড়া। সব পোঃ নলহাটী।	(১) আত্ৰ—সেন।
৮। কল্যাণপুর, পোঃ নলহাটী।	
৯। ঝিল্লী, পোঃ চাঁদপাড়া।	চন্দ্রপ্রভার ১২৭ পৃষ্ঠায় এই গ্রামের উল্লেখ আছে
১০। শিশুগ্রাম, পোঃ চাঁদপাড়া	
১১। রামরামপুর, পোঃ রামপুরহাট।	
১২। আখিড়া, পোঃ রামপুরহাট।	
১৩। রামপুরহাট, পোঃ রামপুরহাট।	(১) ধন্বন্তরি—সেন

রামপুরহাট মহকুমার সংলগ্ন

মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর, লালবাগ ও কান্দি মহকুমা।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১। বৈদ্যপাকুরিয়া, পোঃ সাঁইথিয়া।	চন্দ্রপ্রভার ২৪১ পৃষ্ঠায় পাখড়িয়া নামে একটী গ্রামের উল্লেখ আছে।
২। খড়ে, সাঁইথিয়ার সন্নিকটে।	
৩। সাহোড়া, পোঃ সাহোড়া, সাঁইথিয়ার নিকটে।	
৪। হেতিয়া বা হেতে, পোঃ হাতিয়া, সব পোঃ আমাদপুর। লুপ লাইনের আমাদপুর রেল ষ্টেশনের ছয় মাইল দূরে।	
৫। শিউড়ি, পোঃ শিউড়ি। (Suri)	
৬। লম্বোদরপুর, পোঃ শিউড়ি।	
৭। ভবানীপুর, পোঃ ভবানীপুর।	(১) ধন্বন্তরি—সেন, রায়। (১) মৌদ্গল্য—দাশ।
৮। কড়িধা বা কড়ে, পোঃ শিউড়ি। মহারাজ রাজবল্লভের ব্যবস্থা পত্রে এই গ্রামের নাম আছে।	(১) ধন্বন্তরি—সেন। (২) কাশ্যপ—গুপ্ত।
৯। বাতিকের, পোঃ বাতিকের।	
১০। সুপুর, পোঃ সুপুর, সব পোঃ বোলপুর।	(বাকুড়া জেলার খাতরা মুন্সেফির অধীনে আর একটী বৈদ্যগ্রাম সুপুর আছে।)

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১১। দ্বারন্দা, পোঃ রায়পুর, সব পোঃ বোলপুর।	
১২। ভূঁইয়ারা, পোঃ বোলপুর।	
১৩। মাহাতা, পোঃ বোলপুর।	
১৪। রজতপুর, পোঃ বোলপুর।	
১৫। সুরুল, পোঃ বোলপুর।	
১৬। চন্দনপুর, পোঃ বোলপুর।	
১৭। দধিয়া, পোঃ বোলপুর।	
১৮। সিমুলিয়া, সিউরির নিকটে তিন মাইল দূরে।	
১৯। গোপালপুর, পোঃ গোপালপুর, সব পোঃ দুব্রাজপুর। দুব্রাজপুরে একটা মুন্সেফী আছে।	(১) শক্তি—সেন। (২) ধন্বন্তরি—সেন, চৌধুরী, রায়। (৩) মৌদ্গল্য—দাশ। (৪) কাশ্যপ—গুপ্ত, ত্রিপুর গুপ্ত উপাধি চৌধুরী।
২০। পেরুয়া, পোঃ গোপলপুর। সব পোঃ দুব্রাজপুর।	(১) ধন্বন্তরি—মল্লিক, চৌধুরী, বক্সী। (২) মৌদ্গল্য—দাশ। (৩) কাশ্যপ—চৌধুরী।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
২১। পঞ্চপুষ্করিণী বা পাঁচপুকুর,	(১) ধন্বন্তরি—সেন।
পোঃ গোপালপুর,	(২) মৌদ্গল্য—দাশ।
সব পোঃ দুব্রাজপুর।	
২২। খয়ড়াকোল,	(১) মৌদ্গল্য—দাশ।
পোঃ গোপালপুর,	
২৩। ভাদুলিয়া,	(১) ধন্বন্তরি—বক্সী।
পোঃ বড়্হা (Barhar)	(২) কাশ্যপ—গুপ্ত।
সব পোঃ দুব্রাজপুর।	
২৪। শির্ষা,	
পোঃ হেতমপুর রাজবাড়ী।	
মেদিনীপুর জেলার গড়পেতা মুন্সেফির অধীনে ব্রাহ্মণভূমি পরগণায় আর একটী শির্ষা নামক বৈদ্য গ্রাম আছে।	
২৫। পারুলে,	(১) ধন্বন্তরি—সেন, চৌধুরী।
পোঃ দেবীপারুলিয়া।	
২৬। বক্রেশ্বর,	(১) ধন্বন্তরি—সেন।
পোঃ গোয়ালপাড়া।	

এতদ্ব্যতীত নিম্নলিখিত গ্রামগুলিতে বৈদ্যের বাস ছিল চন্দ্রপ্রভায় বহু স্থানে ইহাদের উল্লেখ আছে।

(১) ঘুড়িশা, পোঃ ঘুড়িশা,
সব পোঃ বোলপুর।

(২) আন্দোর।

(৩) রায়পুর। — এই গ্রামে কায়স্থকুলোদ্ভূত লর্ডসিংহের বাড়ী।

(৪) কাজুটিয়া।

(৫) ময়ূরেশ্বর; সাঁইথিয়ার নিকটে ময়ূরাক্ষী নদীর উপরে অবস্থিত। — এই গ্রামে রাঢ়ীয় সমাজের পন্থ দাশদিগের একটী সমাজ ছিল। এখন এখানে বৈদ্য নাই।

(৬) হাতকান্দা (রামপুরহাট মহকুমা)

মুর্শিদাবাদ জেলায় চারিটী মহকুমা—সদর, লালবাগ, কান্দী ও জঙ্গীপুর। সদর মহকুমার প্রধাণ সহর বহরমপুর। লালবাগ মহকুমার প্রধান সহর মুর্শিদাবাদ। এই জেলার বৈদ্যগণ রাঢ়ীয় সমাজভুক্ত। তবে প্রবাসীভাবে বহরমপুরে অনেক বঙ্গীয় বৈদ্য আসিয়া অনেকদিন হইতেই বসবাস করিতেছেন এবং এই স্থানেই স্থায়ী হইয়া গিয়াছেন। সেজন্য রাঢ়ীয় ও বঙ্গীয় বৈদ্যের মধ্যে বৈবাহিক আদান প্রদানও চলিতেছে।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
	(ক) সদর মহকুমা।
বহরমপুর, পোঃ বহরমপুর। ২। খাগড়া, পোঃ খাগড়া। ৩। সৈদাবাদ, পোঃ সৈদাবাদ। সব পোঃ খাগড়া। ৪। গোরাবাজার, পোঃ বহরমপুর। ৫। কাশিমবাজার, পোঃ কাসিমবাজার। এই স্থানগুলি বহরমপুর সহরের সংলগ্ন।	(১) শক্তি গোত্র— (ক) কাশী সেন (এই জেলার ইসলামপুর হইতে আগত) কাশী সেন (বর্দ্ধমান জেলার আমাদপুর হইতে আগত) কাশী সেন (ময়মনসিংহ জেলার সহদেবপুর হইতে আগত) কাশী সেন (পাবনা জেলার ভাঙ্গাবাড়ী হইতে আগত) (খ) দণ্ডপাণি সেন (এই জেলার খাগজানা হইতে আগত) (গ) গণ সেন (বিক্রমপুর হইতে আগত) গণ সেন (নদীয়া জেলার লাখুরিয়া হইতে আগত) বুঢ়ণ সেন (ময়মনসিংহ জেলার বাঁশী হইতে আগত) (ঘ) মাধব (নদীয়া জেলার লাখুরিয়া হইতে আগত)

বহরমপুরে শক্তি কাশী সেন বংশে "কুলদর্পণের" গ্রন্থকার **ডাঃ ত্রিভঙ্গমোহন সেন** জন্মগ্রহণ করেন। ইঁহাদের পূর্ব্বপুরুষগণ নদীয়া জেলার তেহট্ট মেহেরপুর হইতে পাবনা জেলার নিশ্চিন্তপুর ভাঙ্গাবাড়ী গিয়া বাস করেন।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য গোত্র, বংশ ও উপাধি
১—৫। বহরমপুর	(২) ধন্বন্তরি গোত্র—
	(ক) ডমন—লক্ষণ হাড়পাকা মদন (ময়মনসিংহ বাঁশী হইতে আগত)
	শত্রুঘ্ন (যশোহর জেলার ছোট কালিয়া হইতে আগত)
বহরমপুরের সন্নিকটে সৈদাবাদে স্বনামধন্য উকিল, রায় বাহাদুর বৈকুণ্ঠনাথ সেন মহাশয়ের বাড়ী। ইঁহাদের আদি নিবাস বৰ্দ্ধমান জেলার আলমপুর গ্রামে ইঁহারা মঙ্গলকোটীয় বিনায়ক বংশ। উপাধি বরাট।	(খ) বিকর্ত্তন (ঢাকা মত্ত হইতে আগত) ঐ বৈদ্যবল্লভ (বিক্রমপুর হইতে আগত) (গ) বেতড় বিনায়ক টেঁয়া হইতে আগত) (ঘ) মঙ্গলকোটীয় বিনায়ক, উপাধি বরাট (বৰ্দ্ধমান জেলার আলমপুর হইতে আগত)
	(৩) মৌদ্‌গল্য গোত্র—(রাঢ়ীয় সমাজ)
	(ক) দেবলী দাশ—
	(খ) দুর্জ্জয় দাশ (নদীয়া জেলার মেহেরপুর হইতে আগত)
	(গ) চণ্ডীবর দাশ।
	(ঘ) দাশ (বীরভূম সমাজ বীরভূম হইতে আগত)

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি

১—৫। বহরমপুর,

(৩) মৌদ্‌গল্য গোত্র—(বঙ্গীয় সমাজ)
(ক) অরবিন্দ দাশ (পাবনা জেলার বাগবাটী হইতে আগত)
(খ) কার্ণ দাশ (বিক্রমপুর বালিগাঁ হইতে আগত)
কার্ণদাশ ঘটক (যশোহর বেন্দা হইতে আগত)
(গ) পদ্ম—দেবলী দাশ (রাঢ়ীয় সমাজ) (শ্রীরামপুর হইতে আগত)

(৪) কাশ্যপ গোত্র—
(ক) ত্রিপুর গুপ্ত (ভাতগ্রাম হইতে আগত)
(খ) ঐ (মুর্শিদাবাদ বেনেখালি হইতে আগত)
(গ) কায় গুপ্ত (বিক্রমপুর হইতে আগত)
(ঘ) দত্ত (বালিগাঁ হইতে আগত)

(৫) বৈশ্বানব গোত্র—সেন (ঢাকা হইতে আগত)

(৬) আত্র গোত্র—সেন (এই জেলার বেড়া-শিমুলিয়া হইতে আগত)

(৭) ভরদ্বাজ গোত্র—কুণ্ড (যশোহর মাগুড়া হইতে আগত)

যশোহর জেলার মাগুড়া মহকুমার বঙ্গীয় বৈদ্য সমাজের ভরদ্বাজ গোত্র কুণ্ড বংশের বানী-চরণ রায়ের পুত্র প্রাতঃস্মরণীয় গঙ্গাধর কবিরাজ মহাশয় ১২০৫ সালে জন্মগ্রহণ করেন।*

* রাজসাহী জেলার নাটোর মহকুমার বৈদ্য-বেলঘরিয়া গ্রামে পাঠ সমাপ্ত করিয়া ইনি বহরমপুর সৈদাবাদে কবিরাজী আরম্ভ করেন এবং অল্প দিনের মধ্যেই প্রতিভার সর্ব্বোচ্চ শিখরে উপনীত হন। ইনি চরক সংহিতায় সুবিস্তৃত টীকা রচনা করেন এবং উপনিষদের টীকা, পানিনির টীকা, ষড়দর্শনের টীকা, মনুসংহিতার টীকা, প্রয়োগ চন্দ্রোদয়, ভাস্করোদয় প্রভৃতি ৬০।৬২খানা গ্রন্থ রচনা করেন। ১২৯২ সালে সৈদাবাদে গঙ্গাতীরে ইনি দেহত্যাগ করেন।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
৬। নেয়াল্লিশপাড়া, পোঃ খাগড়া।	(১) আত্রেয়—দেব।
৭। টিকুলি বিষ্ণুপুর, পোঃ খাগড়া।	(১) আত্রেয়—দেব।
৮। ইস্‌লামপুর, পোঃ ইস্‌লামপুর।	(১) শক্তি—কাশী সেন (উপাধি মজুমদার) (২) শক্তি—দণ্ডপানি সেন। (৩) মৌদ্‌গল্য—দাশ (উপাধি রায়)
৯। শ্রীরামপুর, পোঃ ভগীরথপুর। সব পোঃ ইস্‌লামপুর।	(১) শক্তি—ঢুহি সেন। (২) ধন্বন্তরি—সেন। (৩) মৌদ্‌গল্য—বালিনাছী পন্থ দাশ। (৪) মৌদ্‌গল্য—দাশ (উপাধি মজুমদার) (৫) পরাশর—কর।
১০। ভগীরথপুর, পোঃ ভগীরথপুর। সব পোঃ ইস্‌লামপুর।	কোন বৈদ্য নাই।
১১। গোয়াস, পোঃ গোয়াস। সব পোঃ ইস্‌লামপুর।	(১) পরাশর—কর (শ্রীরামপুর গত) (২) বশিষ্ঠ—চন্দ্র (জিয়াগঞ্জ গত) (৩) কাশ্যপ—চন্দ্র (পূর্ব্বে ছিল এখন নাই।) চন্দ্রপ্রভা দৃষ্টে দেখা যায় এখানে শক্তি গোত্রের ঢুহি সেন ও শিয়াল সেন, ধন্বন্তরি গোত্রের বিনায়ক সেন, মৌদ্‌গল্য গোত্রের পন্থ দাশ, গুপ্ত, দত্ত, কর ও চন্দ্রের বাস ছিল। বশিষ্ঠ গোত্রের বশিষ্ঠ প্রবরের চন্দ্রগণ রাঢ়ীয় সমাজের গোয়াস শাখার সমাজপতি ছিলেন। চন্দ্রপ্রভায় "পুখরিয়া" বা "পোখরিয়া" নামে একটী গ্রামের নাম পাওয়া যায়। এই গ্রামটী গোয়াসের নিকটে অবস্থিত। ইহা শক্তি গোত্রের শিয়াল সেনদিগের অন্যতম সমাজ।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১২। অম্বরপুর, পোঃ মথুরকুল। সব পোঃ ইস্‌লামপুর।	(১) ধন্বন্তরি—সেন। (২) মৌদ্‌গল্য—দাশ (উপাধি সরকার)
১৩। বিলচাতরা, পোঃ দোমকল।	কোন বৈদ্য নাই।
১৪। ঝাঁঝা, পোঃ ভগীরথপুর। সব পোঃ ইস্‌লামপুর।	কোন বৈদ্য নাই।
১৫। পঞ্চাননপুর পোঃ ইস্‌লামপুর।	নদীগর্ভ হওয়ায় বৈদ্যগণ বেনেখালীতে গিয়া বাস করেন।
১৬। কামালপুর।	কোন বৈদ্য নাই
১৭। বেনেখালী, পোঃ ইস্‌লামপুর। (বহরমপুরের সুপ্রসিদ্ধ উকিল স্বর্গীয় ব্রজভূষণ গুপ্ত মহাশয়ের বাড়ী।)	(১) ধন্বন্তরি—বিনায়ক। (২) মৌদ্‌গল্য—দেবলী দাশ। (৩) মৌদ্‌গল্য—দাশ (উপাধি সরকার) (৪) পরাশর—কর (উপাধি ঠাকুর) (৫) কাশ্যপ—গুপ্ত। (৬) ভৃগু—কাশী সেন।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
(খ) মহকুমা লালবাগ।	
১। লালবাগ, পোঃ মুর্শিদাবাদ।	(১) ধন্বন্তরি—রাইগ্রামী বিনায়ক। (২) শক্তি—রামানন্দ দুহি। (৩) শক্তি—দণ্ডপাণি (উপাধি রায়)
২। মুর্শিদাবাদ, পোঃ মুর্শিদাবাদ।	
৩। শানগর, পোঃ মুর্শিদাবাদ।	(১) ধন্বন্তরি—সেন (উপাধি রায়) (২) মৌদ্‌গল্য—দাশ।
৪। নশীপুর, পোঃ নশীপুর।	(১) ধন্বন্তরি—উচলি। (২) শক্তি। (৩) কাশ্যপ।
৫। জিয়াগঞ্জ, বালুচর, বনমালিপুর পোঃ জিয়াগঞ্জ।	(১) শক্তি—ধোয়ী সেন (জঙ্গিপুর মহকুমার কলাবাগ গত) (২) ধন্বন্তরি—রাইগ্রামীয় বিনায়ক। (৩) ধন্বন্তরি—রাঘব সেন। (৪) বশিষ্ঠ—চন্দ্র (উপাধি রায়) "চন্দ্রপ্রভা"র ২১৮, ৩৭৭ ও ৩৮২ পৃষ্ঠায় "বালীচরের" উল্লেখ আছে।
৬। আজিমগঞ্জ, পোঃ আজিমগঞ্জ।	(১) শক্তি—দুহি কাশী সেন (উপাধি চৌধুরী) (২) মৌদ্‌গল্য—চণ্ডীবর দাশ (উপাধি রায়)
৭। মালীবাড়ী, পোঃ মরিচা, সব পোঃ ভগবানগোলা।	চন্দ্রপ্রভার ৬০ ও ৪৩৭ পৃষ্ঠায় "মরিচার" উল্লেখ আছে।
৮। পাইকপাড়া, পোঃ মুর্শিদাবাদ।	(১) ধন্বন্তরি—সেন (উপাধি মজুমদার) "চন্দ্রপ্রভা"র ৬৩ ও ১৪১ পৃষ্ঠায় "পাকিপাড়া"র উল্লেখ আছে।
৯। বেড়াশিমুল, পোঃ সাগরদিঘি। সব পোঃ আজিমগঞ্জ। (বীরভূম জেলার রামপুরহাট মহকুমায় আর একটী বেড়াশিমুল আছে।)	(১) আত্ত—সেন।

বৈদ্য-গ্রামের নাম। | **বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি**

১০। পাশলা,
পোঃ নবগ্রাম।
সব পোঃ মুর্শিদাবাদ।
এই গ্রামে আত্রেয় দেব বংশীয় ডাক্তার অশ্বিনীকুমার রায় চৌধুরীর বাড়ী। ইঁহাদের পূর্ব্ব নিবাস বৰ্দ্ধমান জেলার কাটোয়া মহকুমার কেতুগ্রাম। ইঁহাদের পূর্ব্বপুরুষ নিকারুণ দেব পূর্ব্ববঙ্গের বিক্রমপুর হইতে আসিয়া কেতুগ্রামে বাড়ী করেন। নিকারুণ দেব বিক্রমপুর সমাজ হইতে শ্রীখণ্ড সমাজে আসেন।

(১) আত্রেয়—দেব।

১১। তেলিয়া বুধুরি,
পোঃ ভগবানগোলা।
এই গ্রাম ও ভগবানগোলা এক গ্রাম বলিলেও চলে।

(১) কাশ্যপ—গুপ্ত।
পদাবলী লেখক কবিরাজ গোবিন্দদাস শেষ বয়সে এই গ্রামে বাস করিতেন। গোবিন্দদাস কবিরাজ আত্ম গোত্রের সেন ছিলেন। চন্দ্রপ্রভার ২৯৮ পৃষ্ঠায় দেখা যায় বাণ দাশ বংশীয় বিশ্বনাথ দাশের দ্বিতীয় পক্ষের দ্বিতীয় কন্যাকে গোবিন্দ কবিরাজের পুত্র "তিলাবোদড়ি" বাসী "দিব্যসিংহ" বিবাহ করেন।

১২। লালগোলা,
পোঃ লালগোলা

(১) শক্তি,—সেন।

বৈদ্য-গ্রামের নাম। (গ) কান্দি মহকুমা	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১। আন্দুলিয়া, পোঃ কান্দী।	
২। জেমুয়া বা জেমো, পোঃ কান্দী।	
৩। পারুলিয়া বা দেবীপারুলিয়া, পোঃ দেবীপারুলিয়া। সব পোঃ রামপুরহাট।	(১) আত্রেয়—দেব। (২) আত্ম—সেন। চন্দ্রপ্রভার ১৯৬, ৩৭১ পৃষ্ঠায় "পারুলিয়ার" উল্লেখ আছে।
৪। টেঙ্গা বৈদ্যপুর, পোঃ টেঙ্গা। সব পোঃ শক্তিপুর। এই গ্রামটী মুর্শিদাবাদ জেলায় অবস্থিত হইলেও ইহা বর্দ্ধমান জেলার কাটোয়া মহকুমার সংলগ্ন এবং শ্রীখণ্ড সমাজভুক্ত। বর্দ্ধমান জেলায় কালনা মহকুমায় একটী বৈদ্যপুর আছে।	(১) ধন্বন্তরি—খানা বিনায়ক। (২) ধন্বন্তরি—বেতড় বিনায়ক। চন্দ্রপ্রভায় বৈদ্যপুরের উল্লেখ আছে।
৫। মালিহাটী, পোঃ মালিহাটী। সব পোঃ শক্তিপুর।	(১) খানা—বিনায়ক। চন্দ্রপ্রভার ৩৭২, ৩৮০, ৪১৭ পৃষ্ঠায় এই গ্রামের উল্লেখ আছে।
৬। কাগ্রাম, পোঃ কাগ্রাম। সব পোঃ তালিবপুর।	(১) মৌদ্গল্য—মৌড়েশ্বরী পন্থ দাশ।
৭। আশোয়া, পোঃ গোকর্ণ।	
৮। হেন্তেচৈতপুর বা হস্তিনাপুর, পোঃ পাঁচথুপী।	

বৈদ্য-গ্রামের নাম। (ঘ) জঙ্গিপুর মহকুমা	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১। জঙ্গিপুর, পোঃ জঙ্গিপুর।	
২। রঘুনাথগঞ্জ, পোঃ রঘুনাথগঞ্জ।	
৩। জরুর, পোঃ জরুর, সব পোঃ রঘুনাথগঞ্জ।	(১) শক্তি—রামানন্দ চুহি।
৪। কলাবাগ, পোঃ কলাবাগ, সব পোঃ জঙ্গিপুর।	(১) শক্তি— কাশী সেন, উপাধি রায় চৌধুরী। (২) মৌদ্গল্য—কার্ণ দাশ, উপাধি রায়। (৩) জামদগ্নাধর—উপাধি বিশ্বাস। (৪) ভরদ্বাজ কর—উপাধি রায় চৌধুরী। চন্দ্রপ্রভার ২০৬ পৃষ্ঠায় দেখা যায় যে এখানে কল্যান দত্ত নামে একজন বৈদ্য বাস করিতেন।
৫। বাগপাড়া নূতনগঞ্জ, পোঃ মির্জ্জাপুর। সব পোঃ রঘুনাথগঞ্জ।	
৬। চরকা, পোঃ রঘুনাথগঞ্জ।	
৭। বাঘারা, পোঃ মির্জ্জাপুর। সব পোঃ রঘুনাথগঞ্জ।	
৮। অরঙ্গাবাদ, পোঃ নিমতিতা।	(১) শক্তি—রামানন্দ চুহি, উপাধি ভায়া।
৯। দহরপাহাড়, পোঃ নিমতিতা।	
১০। মাসুল বা মহেশালয়, পোঃ নিমতিতা।	
১১। বাঘপাড়া, পোঃ জরুর। সব পোঃ রঘুনাথগঞ্জ।	(১) শক্তি—রামানন্দ চুহি

মালদহ জেলা

মালদহ জেলার বৈদ্যগণ রাঢ়ীয়। তাঁহারা শ্রীখণ্ড এবং সাতসৈকা সমাজের অন্তর্ভুক্ত। মুর্শিদাবাদ, বাঁকুড়া, বর্দ্ধমান, বীরভূম, নদীয়া, ২৪ পরগণা, হুগলী, কলিকাতা প্রভৃতি স্থানের বৈদ্যগণের সহিত ইহাদের আদান প্রদান প্রচলিত আছে। পূর্ব্ববঙ্গের বৈদ্যদের সহিত ইহাদের আদান প্রদান নাই। মালদহ জেলার বৈদ্যগণ প্রধানতঃ বৈষ্ণব। শাক্তদের সংখ্যা অল্প।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য গোত্র, বংশ ও উপাধি
১। বাচামারি, ব্রাঞ্চ পোঃ বাচামারি, হেড পোঃ মালদহ।	১০ ঘর বৈদ্যের বাস। (১) ধন্বন্তরি গোত্র। (২) মৌদ্‌গল্য গোত্র। (৩) কাশ্যপ গোত্র।
২। মথুরাপুর, সব পোঃ মথুরাপুর।	১০ ঘর বৈদ্যের বাস। (১) মৌদ্‌গল্য গোত্র। (২) কাশ্যপ গোত্র।
৩। কোতুয়ালী, ব্রাঞ্চ পোঃ কোতুয়ালী, হেড পোঃ মালদহ।	৩ ঘর বৈদ্যের বাস। (১) ধন্বন্তরি গোত্র। (২) কাশ্যপ গোত্র।
৪। শিহিপুর, পোঃ চাঁচলা।	৩ ঘর বৈদ্যের বাস। (১) মৌদ্‌গল্য দাশ (২) কাশ্যপ—বরাহনগরীয় কায়ু গুপ্ত।
৫। সামুন্তই, পোঃ বাচামারী।	গ্রামটী এখন ধ্বংস প্রায়। এখন এখানে কোন বৈদ্য বাস করে না।
৬। মাধাইপুর, পোঃ নাচামারী।	গ্রামটী এখন ধ্বংস প্রায়। এখন এখানে কোন বৈদ্য বাস করে না।
৭। রায়পুর, পোঃ মালদহ।	এই গ্রামে এক সময়ে বহু সমৃদ্ধিশালী বৈদ্যের বাস ছিল। এখন বৈদ্য শূন্য। দুই ঘর ধন্বন্তরি গোত্রে সেন দিনাজপুর ও রাজমহল চলিয়া গিয়াছিল।
৮। ইংলিশবাজার, পোঃ মালদহ।	৫।৬ ঘর রাঢ়ীয় ও ২ঘর বঙ্গীয় বৈদ্যের বাস আছে। রাঢ়ীয় বৈদ্যেরা শ্রীখণ্ডের ও বঙ্গীয় বৈদ্যেরা পাবনা ও বিক্রমপুরের অধিবাসী।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য গোত্র, বংশ ও উপাধি
এখানকার সকল বৈদ্যই বঙ্গীয় সমাজভুক্ত।	
১। বৈদ্য বেলঘরিয়া,	(১) শক্তি—গণ ও হিঙ্গু।
পোঃ বৈদ্য বেলঘরিয়া,	(২) ধন্বন্তরি—উচলি।
সব পোঃ নাটোর।	(৩) মৌদ্গল্য—কার্ণ দাশ।
মহকুমা নাটোর।	(৪) কাশ্যপ—অশ্ব গুপ্ত।
২। হলিদাকলসী,	(১) শক্তি—হিঙ্গু।
পোঃ বৈদ্য বেলঘরিয়া,	(২) ধন্বন্তরি—রোষ।
সব পোঃ নাটোর।	(৩) আত্রেয়—দেব।
মহকুমা নাটোর।	(৪) মৌদ্গল্য—অরবিন্দ দাশ।
	(৫) পরাশর—কর।
৩। মাধবপুর,	(১) শক্তি—তেনায়ি গণ।
পোঃ লালপুর,	(২) মৌদ্গল্য—পদ্ম দাশ, উপাধি মজুমদার।
সব পোঃ গোপালপুর।	(৩) শাণ্ডিল্য—দত্ত।
মহকুমা নাটোর,	(৪) কাশ্যপ—ত্রিপুর গুপ্ত, অশ্ব গুপ্ত।
	(৫) ধন্বন্তরি—লক্ষণ ও অন্যপ্রকার বৈদ্য পূর্ব্বে ছিল
৪। মরকুটি, পোঃ বাঘা,	(১) শক্তি—গণ, মাধব।
সব পোঃ গোপালপুর।	(২) ধন্বন্তরি—রোষ, বিনায়ক।
মহকুমা নাটোর।	(৩) মৌদ্গল্য—নর দাশ।
৫। পুঠিয়া.	(১) ধন্বন্তরি—রোষ, উপাধি নিয়োগী ও সেন।
পোঃ পুঠিয়া,	(২) ধন্বন্তরি—কবি সেন।
মহকুমা সদর।	(৩) ধন্বন্তরি—রবি সেন।
	(৪) ধন্বন্তরি—উচলি সেন, পূর্ব্ব নিবাস বৈদ্য বেলঘরিয়া।
	(৫) শক্তি—হিঙ্গু সেন।
	(৬) শক্তি—ভব সেন, পূর্ব্ব নিবাস লাখড়িয়া।
	(৭) কাশ্যপ—ত্রিপুর গুপ্ত। মাধবপুর গত।।
	(৮) শাণ্ডিল্য দত্ত। (৯) ধর, (১০) চন্দ্র।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
৬। থাঐপাড়া, পোঃ আত্রাই। মহকুমা নওগাঁ। পরগণা আমরুল।	এখন বৈদ্য নাই। পূর্ব্বে হিঙ্গু ধর্ম্মাঙ্গদ ও ঘোষের বাস ছিল।
৭। দিঘা, পোঃ বৈদ্য বেলঘরিয়া, মহকুমা নাটোর।	পূর্ব্বে বৈদ্যের বাস ছিল।
৮। বাঙ্গাল কলসী বা বাঙ্গাল খলসী, পোঃ তাহেরপুর।	পূর্ব্বে পরাশর করের বাস ছিল।
৯। পুইয়া, পোঃ বাগমারা, সব পোঃ তাহেরপুর।	এখন বৈদ্য নাই।
১০। ছুটিপুর, থানা দোনতিনা।	পূর্ব্বে বৈদ্য ছিল।
১১। পাইকপাড়া, পোঃ পুঠিয়া।	পূর্ব্বে বৈদ্য ছিল। একঘর পরাশর কর এখান হইতে উঠিয়া গিয়া পুঠিয়াতে বাস করিতেছে।
১২। বোদলা, কাশিমপুরের নিকটে। মহকুমা নওগাঁ।	(১) ধন্বন্তরি—ঘোষ, উপাধি নিয়োগী। (২) মৌদ্‌গল্য—পন্থ দাশ, উপাধি চৌধুরী। এখন ইঁহারা পুঠিয়ায় গিয়া বাস করিতেছেন।
১৩। সিবেইন।	এখন বৈদ্য নাই। পূর্ব্বে ধন্বন্তরি লক্ষণ ও উচলির বাস ছিল।
১৪। আমহাটি, পোঃ নাটোর।	(১) ধন্বন্তরি—বুয়ি সেনদিগের সমাজ ছিল।
১৫। পিরগাছা, পোঃ পুঠিয়া, সদর মহকুমা।	পূর্ব্বে বৈদ্য ছিল।
১৬। মারিয়া। তাহেরপুরের নিকট।	এখন বৈদ্য নাই।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১। মালতীনগর, পোঃ বগুড়া।	(১) ধন্বন্তরি—ঘোষ, উপাধি নিয়োগী। ঢাকগুা হইতে আগত। (২) মৌদ্গল্য—পন্থ দাশ। মোহালী হইতে আগত। (৩) পরাশর—কর। পূর্ব্বনিবাস পাবনা বৈদ্যজামতৈল।
২। সেনবর্ষ বা সেলবর্ষ, বা সিলবরষ। পরগণা সেনবর্ষ। পোঃ সেরপুর থানা সেরপুর।	সদ্বৈদ্য কুলপঞ্জিকায় এই গ্রামের উল্লেখ আছে।
৩। কালোতাড়, বা কালার।	পূর্ব্বে বৈদ্যের বাস ছিল। এখন বৈদ্য নাই।
৪। ঢাকগুা, পোঃ মাড়লা পুলিশ ষ্টেশন বগুড়া।	(১) ধন্বন্তরি—ঘোষ, উপাধি নিয়োগী। মুক্তাগাছার আচার্য্য চৌধুরী উপাধিধারী বারেন্দ্র ব্রাহ্মণ জমিদার বংশের স্থাপয়িতা শ্রীকৃষ্ণ আচার্য্য চৌধুরী ঢাকগুার ঘোষদিগের পুরোহিত ছিলেন।
৫। ভাজপুর, পোঃ সেরপুর, থানা সেরপুর।	পূর্ব্বে বৈদ্যের বাস ছিল।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
জেলা রংপুর। সদর।	(১) শক্তি—কাশী সেন, গণ মাধব। (২) ধন্বন্তরি—হাড়পাকামদন। (৩) মৌদ্গল্য—চায়ু রামদাশ। আরও অনেক বৈদ্য আছে।
১। তুলসীঘাট, পোঃ তুলসীঘাট, সব পোঃ গাইবান্ধা।	(১) চায়ু—রামদাশ। পূর্ব্বনিবাস সাঁকরাইল, ময়মনসিংহ।
২। ইটাকুমারী বা কালীগঞ্জ, পোঃ ইটাকুমারী। সব পোঃ পিরগাছা।	(১) কাশ্যপ—নন্দী, উপাধি রায় চৌধুরী। জম্বুর নন্দীর বংশ। আদি নিবাস হিলোড়া, মুর্শিদাবাদ। সেখান হইতে রৌহা রাজসাহী। ইটাকুমারীর রায় চৌধুরী জমিদারগণের পূর্ব্বপুরুষ রাজারাম নন্দী রাজসাহী জেলার রৌহা হইতে রংপুর জেলার ফতেপুর চাকলায় জমিদারী করেন এবং ইটাকুমারী গ্রামে গৃহ প্রতিষ্ঠা করেন।
৩। বরিশাল, পোঃ বাসুদেবপুর। সব পোঃ পলাশবাড়ী।	
৪। গলনা, সব পোঃ ফুলছড়ি। হেড পোঃ বগুড়া।	(১) ধন্বন্তরি—বিনায়ক সেন।
৫। শ্রীরামপুর, সব পোঃ নলডাঙ্গা।	

জেলা দিনাজপুর।

সাধারণতঃ রাজসাহী, যশোহর, পাবনা ও ময়মনসিংহ জেলার বৈদ্যদিগের সহিত এখানকার বৈদ্যদিগের বৈবাহিক আদান প্রদান হয়। এখানকার অধিকাংশ বৈদ্যই প্রবাসী। কালীতলা, রামনগর, মল্লিকপুর ও বালুরঘাটে স্থায়ী বৈদ্যের বাস। এই সকল স্থানে শক্তি মাধব, ধন্বন্তরি কবিসেন, রাম সেন, মৌদ্গল্য চায়ু দাশ, কাশ্যপ গুপ্ত, শাণ্ডিল্য দত্ত, আত্রেয় দেব ও পরাশর করের বাস।

মানভুম জেলা বিহার ও উড়িষ্যা প্রদেশের ছোটনাগপুর বিভাগের অন্তর্গত। কিন্তু প্রকৃতপ্রস্তাবে এই জেলাটী বাঙ্গালী কর্ত্তৃকই অধ্যুষিত। এই জেলাতে সদর ও ধানবাদ নামে দুইটা মহকুমা আছে। জেলার প্রধান সহরের নাম পুরুলিয়া। সদর মহকুমার মধ্যে রঘুনাথপুর নামে একটী মুন্সেফী আছে এবং তাহার অধীনে অনেক বৈদ্যগ্রাম আছে। এই জেলার অধিকাংশ বৈদ্যই সেনভুম সমাজভুক্ত। সেনভুম সমাজের বৈদ্যগণ মানভুম, বাঁকুড়ার উত্তর পশ্চিমাংশ, বীরভুমের কোন কোন স্থান এবং বর্দ্ধমানের দুই একটী গ্রামে বাস করিতেছেন। বাঁকুড়া জেলার তিলুড়িগ্রাম এই সমাজের সর্ব্বশ্রেষ্ঠ গ্রাম।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
(ক) সদর মহকুমা।	
১। মুরারিডিহি, পোঃ মুরারিডিহি। সব পোঃ রঘুনাথপুর। মুরারিডিহি বেঙ্গল নাগপুর রেলওয়ে লাইনের আদ্রা-আসানসোল শাখার একটী ষ্টেশন।	
২। মধুতটী, পোঃ মধুতটী। সব পোঃ রঘুনাথপুর।	(১) ধন্বন্তরি—সেন, উপাধি পাঁড়ে। বাঁকুড়া জেলার তিলুড়ি গ্রামেও ধন্বন্তরি গোত্রের সেন বংশীয় পাঁড়ে উপাধিধারী বৈদ্যের বাস আছে। মধুতটীতে কবিরাজ পঞ্চানন রায় পাঁড়ে ভিষগাচার্য্য মহাশয়ের বাড়ী। তিনি এ অঞ্চলের সংবাদ দিতে পারেন।
৩। বিলতড়া, পোঃ মধুতটী। সব পোঃ রঘুনাথপুর।	
৪। বৃন্দাবনপুর, পোঃ রামকানালি। সব পোঃ রঘুনাথপুর।	
৫। রামকানালি, পোঃ রামকানালি। সব পোঃ রঘুনাথপুর।	
৬। পলাসপাহাড়ী, পোঃ সাতুড়ি। সব পোঃ রঘুনাথপুর।	

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
৭। খাড়বাড়, পোঃ সাতুড়ি, সব পোঃ রঘুনাথপুর। নিকটবর্ত্তী রেলওয়ে ষ্টেশন ইন্দ্রাবিল।	
৮। ভামুরিয়া, পোঃ মুরুলিয়া, সব পোঃ রঘুনাথপুর।	
৯। সরকারডিহি, পোঃ মুরুলিয়া, সব পোঃ রঘুনাথপুর।	
১০। হীরাথনি, পোঃ মুরুলিয়া, সব পোঃ রঘুনাথপুর।	
১১। সুন্দুরি, পোঃ মুরুলিয়া, সব পোঃ রঘুনাথপুর।	(১) মৌদ্গল্য—দাশ। এখানে গতিগোবিন্দ দাশের বাড়ী। তিনি এ অঞ্চলের সংবাদ দিতে পারেন।
১২। ঢাঙ্গাজোড়, পোঃ পঞ্চকোটরাজ। পঞ্চকোট নামে একটী জমিদারী আছে। উহার রাজা-উপাধিধারী জমিদার পঞ্চকোটের অন্তর্গত কাশীপুরে বাস করেন। পূর্ব্বে উহা সামন্ত রাজ্য ছিল। পঞ্চকোটের নামান্তর শিখরভূমি। ইহার একাংশ বাঁকুড়া জেলায় এবং অপর অংশ মানভূম জেলায় অবস্থিত। কাশীপুর মানভূম জেলার মধ্যে। সেনভূম সমাজের অনেক বৈদ্য গ্রাম পঞ্চকোট জমিদারীর মধ্যে অবস্থিত। এজন্য অনেকে ভুলক্রমে সেনভূম সমাজের বৈদ্যদিগকে পঞ্চকোট সমাজের বৈদ্য বলেন।	
১৩। টাড়া, পোঃ পঞ্চকোটরাজ।	

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
১৪। বুসতোড়, পোঃ কুসুণ্ডা, সব পোঃ ধানবাদ।	
১৫। গেঙ্গারা, পোঃ হাটমুরা, হেড পোঃ পুরুলিয়া।	এখানে সদানন্দ গুপ্তের বাড়ী। তিনি এ অঞ্চলের সংবাদ দিতে পারেন।
১৬। ডিমডিহা, পোঃ পুরুলিয়া।	
১৭। বেলকুড়ি, পোঃ পুরুলিয়া।	
১৮। পারবহাল, পোঃ আর্ষা, হেড পোঃ পুরুলিয়া।	
১৯। ডুরুক, পোঃ কান্তাদিহি, হেড পোঃ পুরুলিয়া।	
২০। জয়পুর, পোঃ গড়-জয়পুর, সব পোঃ ঝলদা, হেড পোঃ পুরুলিয়া। বেঙ্গল নাগপুর রেলওয়ের পুরুলিয়া রাঁচি শাখার উপরে অবস্থিত।	
২১। বলরামপুর, পোঃ পুরুলিয়া।	
২২। পলমী, পোঃ মানবাজার, হেড পোঃ পুরুলিয়া।	এই গ্রামের বৈদ্যগণ রাঢ়ীয় সমাজের মল্লভূম শাখার অন্তর্গত। এই গ্রামে জগচ্চন্দ্র সেন মহাশয় বাস করেন।
২৩। তালাজুড়ি, পোঃ গৌরাঙ্গডিহি।	

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।

(ক) ধানবাদ মহকুমা।

১। মক, পোঃ বালিয়াপুর,
সব পোঃ মগমা।

২। সালুকচাপরা।

জেলা রাঁচি।

১। বানৈ, সব পোঃ বাসিয়া। হেড পোঃ রাঁচি।	এখানে দিগম্বর রায় গুপ্ত মহাশয়ের বাড়ী। তিনি এ অঞ্চলের সংবাদ দিতে পারেন।

মন্তব্য—রাঁচি জেলার অন্য কোনও গ্রামে বৈদ্য আছে কি না জানিতে পারি নাই।

জেলা সাঁওতাল পরগণা

১। সিমলা,
পোঃ দেওঘর।
(সেনভূম সমাজ)

২। সাহানা,
পোঃ জামতারা।
(সেনভূম সমাজ)

৩। কেওটজালি,
পোঃ মিহিজাম।
(সেনভূম সমাজ)

বাঁকুড়া জেলার অধিকাংশ বৈদ্যই রাঢ়ীয় সমাজের মল্লভূম শাখার অন্তর্গত। কোন কোন গ্রামে সেনভূম সমাজের বৈদ্যও আছে। বর্দ্ধমান জেলার কোন কোনও গ্রামে মল্লভূম সমাজের বৈদ্য আছে। বাঁকুড়া জেলার বৈদ্যগণ অধিকাংশই যজুর্ব্বেদী। কয়েক ঘর মাত্র ঋগ্‌বেদী বৈদ্য আছেন।

বাঁকুড়া জেলার দুইটী মহকুমা সদর ও বিষ্ণুপুর। সদর মহকুমার মধ্যে খাতরাতে একটী মুন্সেফী আদালত আছে।

বৈদ্য-গ্রামের নাম।	বৈদ্য সমাজ।
(ক) সদর মহকুমা।	
১। ছাতনা, পোঃ ছাতনা।	মল্লভূম সমাজ।
২। লক্ষ্যাশোল, পোঃ ছাতনা।	ঐ
৩। হামুলে, পোঃ ছাতনা।	ঐ
৪। সাহেবগঞ্জ নূতনগ্রাম, পোঃ অণ্ডা।	ঐ
৫। ধুলুই, পোঃ অণ্ডা।	ঐ
৬। হাড়মাসড়া, পোঃ হাড়মাসড়া।	ঐ
৭। মড়াশোল, ঐ	ঐ
৮। মৌলি, ঐ	ঐ
৯। মহদা, পোঃ বিবর্দ্দা।	ঐ
১০। আশুড়িয়া, পোঃ হাট আশুড়িয়া, সব পোঃ বেনিয়াতোড়।	ঐ
১১। খাণ্ডারি, পোঃ মুক্তালোর, ঐ	ঐ
১২। তাজপুর, পোঃ পলাশডাঙ্গা, সব পোঃ সোনামুখী।	ঐ
১৩। মেলেড্যা, পোঃ ফুলকুস্মা, সব পোঃ গড়রায়পুর।	ঐ
১৪। মণ্ডলকুলী, পোঃ গড়রায়পুর।	ঐ
১৫। অম্বিকানগর, পোঃ অম্বিকানগর, সব পোঃ খাতরা।	ঐ
১৬। বড্ডি, ঐ ঐ	ঐ

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি।
১৭। রুদড়া, পোঃ অম্বিকানগর। সব পোঃ খাতরা।	মল্লভূম সমাজ।
১৮। মালিয়ান, পোঃ খাতরা।	ঐ
১৯। খাতরা, পোঃ খাতরা।	ঐ
২০। বেনেবাদ, পোঃ খাতরা।	ঐ
২১। সুপুর, পোঃ খাতরা।	ঐ
২২। পায়রাচলী, পোঃ খাতরা।	ঐ
২৩। লক্ষ্মীপুর, পোঃ খাতরা।	ঐ
২৪। রঘুনাথপুর, পোঃ ইন্দপুর।	ঐ
২৫। জিড়রা, পোঃ ইন্দপুর।	ঐ
২৬। কামারপুর, পোঃ গররায়পুকুর।	ঐ
২৭। মালিয়ারা, পোঃ মালিয়ারা। সব পোঃ গঙ্গাজলঘাটি।	ঐ
২৮। শ্রীকণ্ঠপুর পোঃ হাড়মাসড়া।	ঐ
২৯। ভেলাইডিহা, পোঃ সিমলাপাল।	ঐ
৩০। তিলুড়ি, পোঃ তিলুড়ি। সব পোঃ গঙ্গাজলঘাটি।	এই গ্রামটী সেনভূম সমাজের সর্ব্বশ্রেষ্ঠ গ্রাম। এখানে পাঁড়ে উপাধিধারী ধন্বন্তরি গোত্রের বিনায়ক সেনের বাস।
৩১। গোপালনগর, পোঃ বাকুলিয়া। সব পোঃ গঙ্গাজলঘাটি।	সেনভূম সমাজ।
৩২। বাকুলিয়া, পোঃ বাকুলিয়া। সব পোঃ গঙ্গাজলঘাটি।	ঐ
৩৩। ভাড়া, পোঃ বাকুলিয়া।	ঐ
৩৪। কাশীহিড়, পোঃ তিপুড়ি। সব পোঃ গঙ্গাজলঘাটি।	ঐ

বৈদ্য-গ্রামের নাম।	বৈদ্য সমাজ।
৩৫। রাওতড়া, পোঃ তিলুড়ি, সব পোঃ গঙ্গাজলঘাটী।	সেনভূম সমাজ।
৩৬। কুজকুরা, পোঃ তিলুড়ি, সব পোঃ গঙ্গাজলঘাটী।	ঐ
৩৭। কেশরকুড়ী, পোঃ তিলুড়ি, সব পোঃ গঙ্গাজলঘাটী।	ঐ
৩৮। শ্রীরামচন্দ্রপুর, পোঃ শ্রীপাটপুরুলিয়া, সব পোঃ গঙ্গাজলঘাটী।	ঐ
৩৯। লছমনপুর, পোঃ গঙ্গাজলঘাটী।	ঐ
৪০। সেন্দ্রা, পোঃ বাঁকুড়া।	ঐ
৪১। রাজগ্রাম, ব্রাঞ্চ পোঃ রাজগ্রাম, হেড পোঃ বাঁকুড়া।	ঐ
৪২। মদনপুর, পোঃ পলাশডাঙ্গা, সব পোঃ সোনামুখী।	ঐ
৪৩। মধুতটী—এইগ্রামে পাঁড়ে উপাধিধারী ধন্বন্তরি গোত্রীয় সেন ও গর্গ গোত্রীয় দাশের বাস আছে। গর্গ দাশের প্রবর (১) বৃহস্পতি, (২) সিনি, (৩) গর্গ, (৪) ভরদ্বাজ, (৫) আঙ্গিরস।	ঐ

(খ) বিষ্ণুপুর মহকুমা।

১। বেলূঠা, পোঃ বিষ্ণুপুর।	সেনভূম সমাজ।
২। বিষ্ণুপুর, ঐ	মল্লভূম সমাজ।
৩। সলদা, পোঃ জয়পুর।	ঐ
৪। বাঁকিলা, পোঃ রাধানগর।	ঐ
৫। অযোধ্যা, পোঃ অযোধ্যা, সব পোঃ রাধানগর।	ঐ
৬। বেলুট, পোঃ বেলুট, সব পোঃ পাত্রসায়ের।	ঐ
৭। বামিরা, পোঃ বামিরা, সব পোঃ পাত্রসায়ের।	ঐ

বৈদ্য-গ্রামের নাম।	বৈদ্য সমাজ।
৮। বালসী, পোঃ বালসী, সব পোঃ পাত্রসায়ের।	মল্লভূম সমাজ।
৯। তেলিসায়ের, পোঃ বালসী, সব পোঃ পাত্রসায়ের।	ঐ
১০। পাত্রসায়ের পোঃ পাত্রসায়ের।	ঐ
১১। বৈঁতল, পোঃ বৈঁতল, সব পোঃ জয়পুর।	ঐ
১২। করঞ্জবিনী, পোঃ বামিয়া, সব পোঃ পাত্রসায়ের।	ঐ
১৩। সোনামুখী, পোঃ সোনামুখী।	ঐ
১৪। নারায়ণপুর, পোঃ হোদল নারায়ণপুর, সব পোঃ সোনামুখী।	ঐ
১৫। সারাশত, পোঃ হোদল নারায়ণপুর, সব পোঃ সোনামুখী।	ঐ
১৬। রামপুর, পোঃ হোদল নারায়ণপুর, সব পোঃ সোনামুখী	ঐ
১৭। পারুল্যা, পোঃ ঐ ঐ	ঐ
১৮। পতসপুর, ঐ ঐ	ঐ
১৯। কোঁয়ারপুকুর, ঐ ঐ	ঐ
২০। ভগবানপুর, পোঃ কাকৃটিয়া, ঐ	ঐ
২১। মেরাল, পোঃ ইন্দেশ।	ঐ
২২। সাহাসপুর, পোঃ সাহাসপুর, সব পোঃ ইন্দেশ।	ঐ

সেনভূম সমাজের বৈদ্যগণ প্রধানতঃ বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাটী সব পোঃ এর অধীনে বাস করেন। সেনড্রা, রাজগ্রাম, মদনপুর এবং বেলঠা সেনভূম সমাজের উপনিবেশ। মানভূম জেলার অধিকাংশ বৈদ্য, বাঁকুড়া জেলার কতক বৈদ্য, বৰ্দ্ধমান জেলার কতক বৈদ্য এবং বীরভূম জেলার কতক বৈদ্য লইয়া সেনভূম সমাজ গঠিত। সেনভূম সমাজস্থ বৈদ্যগণ আপনাদিগকে লক্ষণসেনী বৈদ্য বলেন এবং বাকী সকলকে তাঁহারা বল্লালসেনী বলেন। মল্লভূম সমাজের বৈদ্যরা নিজেরাও বল্লালসেনী বলিয়া স্বীকার করেন। মল্লভূম সমাজের অনেক বৈদ্য বৰ্দ্ধমান জেলার ভিতরও বাস করেন।

মেদিনীপুর জেলা।

এই জেলার বৈদ্যগণ সকলেই রাঢ়ীয় সমাজভুক্ত। এই জেলাতে সদর, তমলুক, ঘাটাল ও কাঁথি এই চারিটী মহকুমা। সম্প্রতি ঝারগ্রামে আর একটী মহকুমা স্থাপিত হইয়াছে। মেদিনীপুর জেলার বৈদ্যগণ অধিকাংশই যজুর্ব্বেদী। দুই ঘর মাত্র সামবেদীয় বৈদ্য আছেন।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
(ক) সদর মহকুমা।	
১। কেরুড়,	(১) শক্তি—তুহি সেন।
পোঃ ভেমুয়া।	(২) আত্রেয়—আদি সেন।
সব পোঃ পিংলা।	প্রবর, আত্রেয়, শাতাতপ, সাংখ্য।
	(৩) মৌদ্গল্য—দাশ।
	(৪) শাণ্ডিল্য—দত্ত।
২। সবঙ্গ,	(১) শক্তি—সেন।
পোঃ সবঙ্গ।	(২) মৌদ্গল্য—দাশ।
সব পোঃ পিংলা।	(৩) শাণ্ডিল্য—দত্ত।
৩। ছুৎছড়া,	(১) ভরদ্বাজ—কর।
পোঃ আঁতড়া।	প্রবর, ভরদ্বাজ, আঙ্গিরস, বার্হস্পত্য।
৪। গয়েসপুর,	(১) মৌদ্গল্য—দাশ।
পোঃ লোয়াদা।	চন্দ্রপ্রভায় গয়াসপুরের উল্লেখ আছে। পৃষ্ঠা ৭১

ঢাকা জেলার নারায়ণগঞ্জ মহকুমার মহেশ্বরদী পরগণায় গয়েসপুর নামে একটী বৈদ্য গ্রাম আছে। যশোহর জেলার মাগুড়া মহকুমার মধ্যে গয়াসপুর নামে একটী বৈদ্য গ্রাম এবং ঐ জেলার ঝিনাদহ মহকুমায় গয়েসপুর নামে একটী বৈদ্য গ্রাম আছে। মাগুড়ার গয়াসপুর বঙ্গীয় সমাজভুক্ত কিন্তু ঝিনাদহের গয়েসপুর রাঢ়ীয় সমাজভুক্ত।

৫। মোহনপুর,	(১) শক্তি—তুহি।
পোঃ লোয়াদা।	(২) ধন্বন্তরি—বিনায়ক।
	চন্দ্রপ্রভার ২১৩, ৩২৪, ৩৪৩, ৩৪৮, ৩৫৭, ৪০০, ৪৩৯ পৃষ্ঠায় মোহনপুরের উল্লেখ আছে।
৬। ভবানীপুর, পোঃ নারাজোল।	(১) ধন্বন্তরি—সেন।
সব পোঃ দানপুর।	(২) মৌদ্গল্য—দাশ।

বৈদ্য-গ্রামের নাম	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
৭। শীর্ষা, পোঃ শীর্ষা, সব পোঃ চন্দ্রকোণা। এই গ্রামটী গরবেতা মুন্সেফীর ব্রাহ্মণ-ভূমি পরগণার অধীন। অনেকে শীর্ষাকে শীর্ষা ব্রাহ্মণভূমি বলে। শীর্ষার যে অংশে বৈদ্যগণের বাস তাহার নাম "রাণীগড়"। এই গ্রামে কবিরাজ কৃষ্ণকিশোর সেন শর্ম্মার বাড়ী।	(১) শক্তি—সেন। (২) ধন্বন্তরি—সেন। (৩) মৌদ্গল্য—দাশ। চন্দ্রপ্রভাতে স্থানে স্থানে ব্রাহ্মণভূমির উল্লেখ আছে।
৮। মালিঘাটী, পোঃ মালিঘাটী। সব পোঃ দানপুর। এই গ্রামে কটক কলেজিয়েট স্কুলের হেডমাস্টার রায় সাহেব উপেন্দ্রনাথ দাশ শর্ম্মা বি, এ,; বি, টি, মহাশয়ের বাড়ী।	(১) শাণ্ডিল্য—দত্ত। (২) আত্রেয়—দেব। চন্দ্রপ্রভায় মালিঘাটা নামে একটি গ্রামের উল্লেখ আছে।
৯। কানকাটা-দৌলতপুর, পোঃ রামজীবনপুর, সব পোঃ খিরপাই।	(১) ধন্বন্তরি—সেন।
১০। শিমুলচটি, পোঃ লোয়াদা।	
১১। রামজীবনপুর, পোঃ রামজীবনপুর, সব পোঃ খিরপাই।	(১) ধন্বন্তরি—সেন। (২) মৌদ্গল্য—দাশ।
১২। লক্ষ্মীপুর।	(১) মৌদ্গল্য—দাশ।

বৈদ্য-গ্রামের নাম।	বিভিন্ন বৈদ্য-গোত্র, বংশ ও উপাধি
(খ) তমলুক মহকুমা।	
১। দোনা, পোঃ আরঙ্গ-কিয়ারাণা সব পোঃ তমলুক। এই গ্রামে কবিরাজ জ্ঞানেন্দ্রনাথ দত্ত শর্ম্মার বাড়ী।	(১) শক্তি—ডুহি সেন। (২) ধন্বন্তরি—সেন। (৩) আত্রেয়—আদি সেন। প্রবর, আত্রেয়, শাতাতপ, সাংখ্য। (৪) মৌদ্‌গল্য—দাশ। (৫) শাণ্ডিল্য—দত্ত। প্রবর, শাণ্ডিল্য, অসিত, দেবল। (৬) ভরদ্বাজ—কর। প্রবর, ভরদ্বাজ, আঙ্গিরস, বার্হস্পত্য।
২। চণ্ডরা, পোঃ ময়না, সব পোঃ তমলুক। থানা ময়না।	(১) ভরদ্বাজ—কর।
৩। নারান্দা, পোঃ পাঁশকুড়া।	(১) শক্তি—ডুহি সেন। (২) আত্রেয়—আদি সেন। (৩) মৌদ্‌গল্য—দাশ। (৪) ভরদ্বাজ—কর।
(গ) ঘাটাল মহকুমা।	
১। ছাতিন্দা, পোঃ কোলা।	(১) শক্তি—ডুহি সেন। (২) আত্রেয়—আদি সেন। (৩) শাণ্ডিল্য—দত্ত।
২। আজুরিয়া, পোঃ পলাশপাই, সব পোঃ কোলা। এই গ্রামে কবিরাজ শ্রীশীতলচন্দ্র দত্ত শর্ম্মা কবীন্দ্র আয়ুর্ব্বেদভূষণ মহাশয়ের বাড়ী। ইঁহারা সামবেদী।	(১) শাণ্ডিল্য—দত্ত।
৩। কোয়াপুর, পোঃ কোয়াপুর, সব পোঃ চন্দ্রকোনা।	(১) শক্তি—সেন। (২) ধন্বন্তরি—সেন। (৩) কাশ্যপ—গুপ্ত।
৪। গঙ্গাপ্রসাদ, পোঃ রাজনগর।	(১) কর উপাধিধারী বিশিষ্ট
(ঘ) কাঁথি মহকুমা।	
১। ধান্দা, পোঃ ভগবানপুর, সব পোঃ এগরা	(১) আত্রেয়—আদি সেন।
২। বাজুবেড়িয়া, পোঃ ভগবানপুর।	(১) শাণ্ডিল্য—দত্ত।
৩। কলাগেছিয়া, পোঃ কলাগেছিয়া, সব পোঃ কাঁথি।	(১) শাণ্ডিল্য—দত্ত।

পূর্ব্বে এই জেলার কবিরাজবাটী, ধর্ম্মসাগর প্রভৃতি গ্রামে বৈদ্যের বসতি ছিল

জেলা কটক।

১। রঘুনাথনগর, পোঃ মাহাঙ্গা।
২। কটকসহর, পোঃ কটক ও চাঁদনি-চক।

জেলা বালেশ্বর।

(ক) সদর মহকুমা।
১। বালেশ্বর টাউন, পোঃ বালেশ্বর।
২। ভোগরাই, পোঃ ভোগরাই, সব পোঃ বালেশ্বর।
৩। সাহাবন্দর, পোঃ বালি-আপাল।

(খ) ভদ্রক মহকুমা।
১। মাটি-আপাল, পোঃ পূর্ণবাজার।
২। বাঙ্কা-বাজার, পোঃ ঐ
৩। সঙ্গত, পোঃ পূর্ণবাজার।

জেলা পুরী।

১। পুরী সহর, পোঃ পুরী।

এই স্থান সমূহের মধ্যে কেবল রঘুনাথ নগরেই বহু বৈদ্যের বাস।

চন্দ্রপ্রভা নামক রাঢ়ীয় বৈদ্যকুল পঞ্জিকায় উৎকল অথবা তন্নিকটবর্ত্তী বৈদ্যস্থানগুলির উল্লেখ দেখা যায়।

১। বালেশ্বর—৩৯, ৪০, ৫২, ৯২, ১৩৮, ১৪১ পৃষ্ঠা।
২। বেলেশ্বর—৪০, ৬০, ১১১, ৩২২, ৩৪৪ পৃষ্ঠা।
৩। পিপ্পলীবন্দর—৪৭, ১০২, ৩৪০, ৩৭২ পৃষ্ঠা।
৪। ভদ্রক—১২৪, ২৯৫, ৩৭৯ পৃষ্ঠা।
৫। কটক—১৯৬ পৃষ্ঠা।
৬। যাজপুর—৪৭ পৃষ্ঠা।
৭। ওড্রদেশ—১৯৮, ২১১ পৃষ্ঠা।
৮। কলিঙ্গ—২৫২ পৃষ্ঠা।

উৎকলের বৈদ্যগণ সকলেই রাঢ়ীয় সমাজভুক্ত।

বৈদ্যব্রাহ্মণ গণের সমাজ।

বৈদ্যগণ ব্রাহ্মণজাতির অন্তর্ভুক্ত। ব্রাহ্মণগণের মধ্যে যাঁহারা বেদজ্ঞ ও চিকিৎসক তাঁহারাই "বৈদ্য" নামে অভিহিত। মহর্ষি চরক প্রভৃতি মনীষিগণ এই কথাই বলিয়া গিয়াছেন। বেদাদি বহু শাস্ত্রের অনুবাদক ও প্রকাশক স্বর্গীয় দুর্গাদাস লাহিড়ী মহাশয় তাঁহার "পৃথিবীর ইতিহাসের" দ্বিতীয় খণ্ড "ভারতবর্ষের ইতিহাসের" ৩৪২—৩৪৬ পৃষ্ঠায় ভারতে জাতি বিভাগ সম্বন্ধে লিখিয়াছেন যে ব্রহ্মণগণ দেশভেদে পঞ্চগৌড় ও পঞ্চদ্রাবিড় এই দুই ভাগে বিভক্ত। পঞ্চগৌড়ীয় ব্রাহ্মণগণের সারস্বত, কান্যকুব্জ, গোড়ীয়, মৈথিলী ও উৎকলীয় এই পাঁচটী শাখা। সারস্বত শাখার ব্রাহ্মণগণের মধ্যে স্বগোত্রে বিবাহ প্রচলিত। এইরূপ বিবাহ শাস্ত্রে নিষিদ্ধ। ইঁহাদের উপাধি মিশ্র। ইঁহাদের মধ্যে মদ্য, মাংস ও মৎস্য ব্যবহার প্রচলিত। কান্যকুব্জ শাখার তিনটী বিভাগ কান্যকুব্জ, সরযূপুরী ও সনাধ্যায়। সনাধ্যায় ব্রাহ্মণগণ মথুরার দক্ষিণ পশ্চিম ও কনোজের উত্তর পূর্ব্ববাসী। তাঁহাদের ২৬টী পদ্ধতির মধ্যে কান্যকুব্জ ব্রাহ্মণদিগের মিশ্র, সুকুল, দ্বিবেদী বা দোবে, পাঁড়ে, চতুর্ব্বেদী বা চোবে, পাঠক, দীক্ষিত, আওস্তি, ত্রিবেদী বা তেওয়ারী ও বাজপায়ী এই দশটী পদ্ধতি এবং পরাশর, গোস্বামী, ত্রিপতি, চতুর্ধুরী বা চৌধুরী, চৈনপুরীয়, বৈদ্য, উপাধ্যায় প্রভৃতি পদ্ধতি বিদ্যমান আছে। গোড়ীয় ব্রাহ্মণগণের তিনটী শ্রেণী কান্যকুব্জ (রাঢ়ী ও বরেন্দ্র) সপ্তসতী ও বৈদিক (দাক্ষিণাত্য ও পাশ্চাত্য)। উৎকলীয় ব্রাহ্মণগণের দুইটী বিভাগ। দাক্ষিণাত্য-বৈদিক ও জাজপুরী।

পঞ্চদ্রাবিড়ী ব্রাহ্মণগণের মহারাষ্ট্রীয়, অন্ধ্র বা তৈলঙ্গী, দ্রাবিড়ী, কর্ণাটক ও গুর্জ্জরী এই পাঁচটী শাখা। মহারাষ্ট্রীয় শাখার পাঁচটী বিভাগের মধ্যে দেশস্থ বিভাগে নিম্নলিখিত পদ্ধতিগুলি বিদ্যমান আছে। বৈদিক, শাস্ত্রী যোশী, বৈদ্য, পৌরাণিক, হরিদাস ও ব্রহ্মচারী প্রভৃতি। মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ গণের আরও কতকগুলি শ্রেণী বিভাগ দৃষ্ট হয়;— পাঢ্য, দেবারুক, পলাশ, সেনাবি বা সারস্বত প্রভৃতি।

বৈদ্যব্রাহ্মণগণ ভারতের উত্তর পশ্চিম প্রান্ত হইতে যাত্রা করিয়া একদল আর্য্যাবর্ত্তের পথে ও অপর দল দাক্ষিণাত্যের পথে অগ্রসর হইয়া নানা স্থানে উপনিবেশ স্থাপন করেন। যাঁহারা আর্য্যাবর্ত্তের ভিতর দিয়া আসিয়াছিলেন তাহারা কান্যকুব্জ, কাশী, মগধ ও মিথিলা হইয়া পশ্চিম রাঢ়ে আসিয়া গৃহ প্রতিষ্ঠা করেন। আর যাঁহারা দাক্ষিণাত্যের ভিতর দিয়া পূর্ব্বদিকে আসিতেছিলেন, তাঁহাদের মধ্যে কেহ মহারাষ্ট্রে, কেহ কর্ণাটে ও কেহ উৎকলে আসিয়া উপনিবিস্ট হন এবং কেহবা বঙ্গদেশে প্রবেশ করিয়া বিক্রমপুর ও রামপালে বৈদ্যরাজত্বের ভিত্তি স্থাপন করেন।

ঐতিহাসিক ভিন্‌সেণ্টস্মিথ সেনরাজগণকে দাক্ষিণাত্য হইতে সমাগত ব্রাহ্মণ বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন।

কতকগুলি বৈদ্যসন্তান যে আর্য্যাবর্ত্তের পথে কান্যকুব্জ হইতে বঙ্গদেশে আগমন করিয়াছিলেন, তাহা আমরা পাণিনালার গুপ্ত মহাশয়দিগের কুর্শিনামা হইতে অবগত হই। তাঁহাদিগের কুর্শিনামায় লিখিত আছে:—"শোননদের পশ্চিমতীরবর্ত্তী প্রীতিকূট নগরে কাশ্যপগোত্রীয় শ্রীনৃসিংহদেব গুপ্ত মহাশয়ের ঔরসে শ্রীমতী অরুন্ধতী দেবীর গর্ভে ৫২৭ শকাব্দে রসায়নদেব গুপ্ত জন্ম গ্রহণ করেন। ইনি বয়ঃপ্রাপ্তে কবিত্ব ও শাস্ত্রবিদ্যায় ব্যুৎপত্তি লাভে সমর্থ হইলে, তদীয় গুণে আকৃষ্ট হইয়া মহারাজরাজচক্রবর্ত্তী শ্রীশ্রীহর্ষবর্দ্ধনদেব ইঁহাকে কান্যকুব্জে আনয়ন করেন।" ইঁহাদিগের অধস্তন বংশ পানিনালা শ্রীখণ্ড ও গৌড়ের ভিতর দিয়া মুর্শিদাবাদ বাগড়ী, বিপ্রঘাটায় আসিয়া বাস করেন তৎপরে তাঁহারা বহরমপুরে আসিয়া বাস করেন। তাঁহারা নিজেদিগকে গুপ্তরাজবংশোদ্ভব বলিয়া মনে করেন। শ্রদ্ধেয় যোগেন্দ্রমোহন সেনশর্ম্মা বৈদ্যপ্রতিভা ১৩৩৯, বৈশাখ সংখ্যায় ৮১৯ পৃষ্ঠায় "গোত্র ও প্রবর" শীর্ষক প্রবন্ধে Epigraphia Indica Vol. XV, Part 1 (January 1919) Page 39, 40, 42 হইতে প্রমাণ উদ্ধৃত করিয়া দেখাইয়াছেন যে গুপ্তরাজবংশ "ধারণ গোত্র" ছিল। ইহাতে মনে হয় যে হয়ত পানিনালার গুপ্তেরা কান্যকুব্জ হইতে বঙ্গে আগমনের পরে গোত্র পরিবর্ত্তন করিয়াছিলেন। মোড়ব্রাহ্মণদিগের গোত্র-তালিকার ৮ম সংখ্যায় "ধারণ গোত্রের" নাম পাওয়া যায়। ধারণ গোত্রের প্রবর— অগস্তি, দাতৃব্য, ইধ্মবাহ।

বঙ্গেশ্বর আদিশূরের রাজত্বকালে বঙ্গদেশে কনোজীয় ব্রাহ্মণগণের প্রতিষ্ঠা হইয়াছিল। সেই সময়েই মহারাজ আদিশূর কান্যকুব্জ হইতে চারি গোত্রের চারিজন বেদজ্ঞ চিকিৎসকও বঙ্গে আনয়ন করেন, তাঁহারা হইতেছেন—(১) শক্তিগোত্রপ্রভব শক্তিধর সেন। (২) ধন্বন্তরিগোত্রপ্রভব বুধসেন। (৩) মৌদ্‌গল্যগোত্রপ্রভব কবিদাশ ও (৪) কাশ্যপগোত্র প্রভব সুমতি গুপ্ত।

এইরূপে বৈদ্যগণ বিভিন্ন প্রদেশ হইতে বিভিন্ন সময়ে বঙ্গে আসিয়া উপনিবিষ্ট হইয়াছিলেন। তাঁহারা তাৎকালিক বঙ্গীয় ব্রাহ্মণদিগকে বৌদ্ধপ্রভাব বশতঃআচারভ্রষ্ট দেখিয়া তাঁহাদিগের সহিত মিলিত না হইয়া নিজেদের স্বাতন্ত্র রক্ষা করিবার জন্য নিজেদের বৈদ্য বা বিশিষ্টব্রাহ্মণ অর্থাৎ ব্রাহ্মণদিগের মধ্যে একটী বিশিষ্ট সম্প্রদায়ভুক্ত বলিয়া পরিচয় দিয়া নিজেদের বৈশিষ্ট রক্ষা করিয়াছিলেন। তাঁহাদিগের সহিত মহারাষ্ট্র, উৎকল, কলিঙ্গ নাগপুর প্রভৃতি প্রদেশের বৈদ্যদিগের সহিত বৈবাহিক আদান প্রদান ছিল তাহা বৈদ্যকুল-পঞ্জিকা হইতে অবগত হওয়া যায়। কালক্রমে ঐরূপ আদান প্রদান তিরোহিত হইয়া যায়।

মগধে বৌদ্ধরাজগণের অভ্যুদয়কালে বৈদ্যব্রাহ্মণগণ বঙ্গদেশে বদ্ধমূল হইয়াছিলেন। মৌর্য্য-বংশের অধঃপতনের পরে বৈদ্যব্রাহ্মণগণের কতিপয় শাখা স্বাধীনতা অবলম্বন করিয়া মগধে গুপ্ত সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন। এই রাজবংশের অভ্যুদয়কালে বিক্রমপুরে দুইটা পৃথক রাজবংশ প্রতিষ্ঠিত হইয়াছিল। তাঁহারা মগধরাজের আত্মীয় ছিলেন। এই দুই রাজ বংশের অধস্তন পুরুষ মহারাজ শালবান, মহারাজ আদিশূর ও মহারাজ বিজয় সেন।

মহারাজ আদিশূর যখন বৌদ্ধ-বিধ্বস্ত ,বঙ্গে আর্য্যধর্ম্মের জয়পতাকা উড্ডীন করেন সেই সময়েই বিক্রমপুর শ্রেষ্ঠ সমাজ-ভূমিতে পরিণত হয়। সেনরাজগণের সাম্রাজ্য প্রতিষ্ঠার সমকালে বিক্রমপুর ও তৎপার্শ্ববর্ত্তী ভূমিখণ্ড বহু বৈদ্য বংশের আবাসভূমি হয়। এই সকল বৈদ্যবংশের মধ্যে যাঁহারা সর্ব্বপ্রথমে বঙ্গের আদিবৈদ্যসমাজ গঠিত করিয়াছিলেন তাঁহারা ও বৈদিকব্রাহ্মণগণ একই বংশ সম্ভূত ছিলেন। তাঁহাদিগের মধ্যে দেব, দত্ত, ধর, কর, নন্দী, চন্দ্র, কুণ্ড, রক্ষিত, সোম, নাগ, ইন্দ্র, আদিত্য ও রাজবংশীয় বৈদ্যগণ সর্ব্বাগ্রে উল্লেখ যোগ্য। দাক্ষিণাত্য ও পাশ্চাত্য বৈদিকদিগের মধ্যে ঐ সকল উপাধি এখনও বিদ্যমান আছে। তাঁহাদিগের মধ্যে কেহ কেহ বঙ্গে আগমনের পরে ঐ সকল উপাধি লুপ্ত করিয়াছেন।

ভারতের উত্তর পশ্চিম প্রদেশ হইতে আর্য্যাবর্ত্ত ও দাক্ষিণাত্যের পথে কান্যকুব্জ, শ্রীত্রিকুট, কাশী, মগধ, মিথিলা, মহারাষ্ট্র, কর্ণাট, ও উৎকল প্রভৃতি দেশ হইতে বঙ্গে সমাগত বৈদ্যব্রাহ্মণগণ বাস স্থানের পার্থক্য নিবন্ধন যে প্রধান ছয়টী সমাজে বিভক্ত হইয়াছিলেন তাহার বিবরণ স্বর্গীয় উমেশচন্দ্র বিদ্যারত্নের "জাতিতত্ত্ব বারিধি" ও স্বর্গীয় বসন্তকুমার সেনের "বৈদ্য জাতির ইতিহাস" অবলম্বনে নিম্নে প্রদত্ত হইল। বৈদ্যব্রাহ্মণদিগের প্রধান ছয়টী সমাজের নাম। ১। পঞ্চকুট সমাজ। ২। রাঢ়ীয় সমাজ। ৩। বঙ্গীয় সমাজ। ৪। পূর্ব্বদেশীয় সমাজ। ৫। বারেন্দ্র সমাজ। ৬। উৎকল সমাজ।

১। **পঞ্চকুট সমাজ** :—হিন্দু রাজত্বকালে পঞ্চকুট, সেনভূমি, শিখরভূমি, বরাহভূমি, ব্রাহ্মণভূমি, সামন্তভূমি, গোপভূমি. মল্লভূমি, মল্লকোট, মানভূমি ও বীরভূমি প্রভৃতি স্থানের বৈদ্যগণ এক সমাজভুক্ত ছিলেন। সেই সমাজের নাম ছিল পঞ্চকুট সমাজ।

১। **পঞ্চকুট সমাজ।** (ক্রমশঃ) যে সকল বৈদ্যব্রাহ্মণ আর্য্যাবর্ত্ত হইতে মগধের পথে বঙ্গে আগমন করেন, তাঁহাদিগের দ্বারাই সর্ব্বপ্রথমে পঞ্চকুট সমাজ গঠিত হয়। মহারাজ লক্ষণসেনের সহিত বিক্রমপুর হইতে যে সকল বৈদ্য সন্তান আসিয়া অজয় নদের দক্ষিণ-তীরবর্ত্তী সেনপাহাড়ীতে আশ্রয় গ্রহণ করেন তাঁহাদিগের মধ্য হইতে পঞ্চকুট সমাজে মহাত্মা বিনায়ক সেন, ত্রিপুর গুপ্ত ও পদ্ম দাশের সমাগম হয়। কালক্রমে এই সমাজ দুইভাগে বিভক্ত হয়, যথা :—(ক) সেনভূমি সমাজ ও (খ) বীরভূমি সমাজ।

(ক) **সেনভূমি সমাজ।** সেনভূমি মানভূম জেলার অন্তর্গত। পূর্ব্বে এখানে ধন্বন্তরি গোত্রীয় মহারাজ শ্রীহর্ষসেন রাজা ছিলেন। পরে তদীয় জ্যেষ্ঠ পুত্র কমল সেন এই স্থানের রাজা হ'ন কনিষ্ঠ পুত্র বিমল সেন রাঢ়ীয় সমাজে গমন করেন। মূল পঞ্চকুট সমাজের বীরভূমি ব্যতীত অন্যান্য সমুদয় স্থান লইয়া সেনভূমি সমাজ গঠিত। এই সমাজের স্থানগুলি মানভূমি, বাঁকুড়া ও বর্দ্ধমান এই তিন জেলার অন্তর্গত হইয়া গিয়াছে।

(খ) **বীরভূমি সমাজ।** নিম্নলিখিত ১৪টী গ্রামের বৈদ্যগণ লইয়া এই সমাজ গঠিত। যথা (১) পঞ্চপুষ্করিণী, (২) গোপালপুর, (৩) ভাদুলিয়া, (৪) পেড়ুয়া, (৫) ভবানীপুর, (৬) সুপুর, (৭) চন্দনপুর, (৮) রজতপুর, (৯) দ্বারন্দা (১০) শিউড়ি, (১১) লম্বোদরপুর, (১২) কাকুটিয়া, (১৩) রামপুরহাট, (১৪) রায়পুর। এই পঞ্চকুট সমাজের বৈদ্যগণ অতীব সদাচার সম্পন্ন।

২। **রাঢ়ীয় সমাজ।** উত্তরে বড়গঙ্গা, দক্ষিণে বঙ্গোপসাগর, কটক ও মেদিনীপুর, পূর্ব্বে ভাগীরথী, পশ্চিমে বাঁকুড়া, মানভূমি ও বীরভূমি এই সীমাবচ্ছিন্ন জনপদের নাম রাঢ় দেশ। বর্ত্তমানে হুগলী ও বর্দ্ধমান জেলা লইয়া এই প্রদেশ পরিগণিত। মুর্শিদাবাদ, নদীয়া, কলিকাতা ও চব্বিশ পরগণা পরে গঙ্গাগর্ভ হইতে উৎপন্ন হইয়া রাঢ়ের সমীপস্থ বলিয়া রাঢ়ের অন্তর্গত হইয়া গিয়াছে। ইহা পূর্ব্বে বিহয়োঢ় নামে প্রসিদ্ধি লাভ করে। সেনরাজগণের অভ্যুদয়ের পরে বিহরোঢ় ভাষার বিকারে বাগড়ি হইয়া গিয়াছে। ধন্বন্তরি গোত্রীয় বিমল সেনের পুত্র বিনায়ক সেন সেনভূমির কাঞ্চীগ্রাম হইতে আসিয়া প্রথমে নূতন রাঢ় বা বিহরোঢ় মধ্যগত মালঞ্চগ্রামে উপনিবিষ্ট হন। বিনায়ক সেনের সমাজ মালঞ্চ, তজ্জন্য তাঁহার অধস্তন সন্তানগণ মালঞ্চীয় বা মালঞ্চ বিনায়ক বলিয়া কথিত।

২। রাঢ়ীয় সমাজ (ক্রমশঃ)

বাসস্থান ভেদে মালঞ্চীয় বিনায়কেরা নয় ভাগে বিভক্ত হইয়াছেন; যথা:— মালঞ্চীয়; ধলহণ্ডীয়, খানাকীয়, সেনহাটীক, নারহট্টীয়, নিরোলীয়, মঙ্গলকোঠীয়, রায়িগ্রামী ও বেতড়ীয়। নরহট্টের বর্ত্তমান নাম কাঞ্চনপল্লী বা কাঁচড়াপাড়া।

মহারাজ লক্ষ্মণ সেনের পঞ্চরত্ন সভার পণ্ডিত শক্তি গোত্রীয় মহাত্মা ধোয়ী সেন পূর্ব্ব হইতেই রাঢ়ের তেহট্ট গ্রামে আসিয়া উপনিবিষ্ট হইয়াছিলেন। মৌদ্‌গল্য গোত্রীয় চায়ু দাশ সেনভূমির গোনগর হইতে রাঢ়ের তেহট্টে আসিয়া গৃহ প্রতিষ্ঠা করেন। মৌদ্‌গল্য গোত্রীয় পন্থ দাশও সেনভূমির গোনগর পরিত্যাগ করিয়া রাঢ়ের বালিনাছিতে আসিয়া গৃহ প্রতিষ্ঠা করেন। কাশ্যপ গোত্রীয় কায়ু গুপ্ত সেনভূমির করঙ্কোট হইতে রাঢ়ের বরাহনগরে আসিয়া গৃহ প্রতিষ্ঠা করেন। কাশ্যপ গোত্রীয় ত্রিপুর গুপ্ত সেনভূমির করঙ্কোট পরিত্যাগ করিয়া রাঢ়ের চৌড়ালা গ্রামে আসিয়া উপনিবিষ্ট হন। এই রূপে রাঢ়ীয় সমাজ পরিপুষ্ট হয়।

রাঢ়ীয় সমাজ চারি ভাগে বিভক্ত; যথা:—(১) শ্রীখণ্ড, (২) সাতসৈকা (৩) সপ্তগ্রাম, (৪) গোয়াশ।

(১) শ্রীখণ্ড সমাজ।

শ্রীখণ্ড বর্দ্ধমানের অন্তর্গত কাটোয়া সব-ডিভিসনের অধীন। কাটোয়ার উত্তরবর্ত্তী প্রদেশের বৈদ্যগণ এই সমাজের অন্তর্গত। শ্রীখণ্ডের উত্তরে যাজিগ্রাম ও নয়ানগর, দক্ষিণে আলমপুর, পূর্ব্বে হরিপুর ও মস্তাপুর এবং পশ্চিমে নহাটা, বাউরে, দেবকুণ্ডা। শ্রীখণ্ড, বেনেপাড়া, উদ্ধরণপুর, টেঙ্গা বৈদ্যপুর, পানিহাটি, নিরোল, কেতুগ্রাম, তৈপুর, বিল্বেশ্বর, পাণ্ডুগ্রাম, গোরণা, ঝমটপুর, শেরান্দী, বাগেশ্বরদী, দৈদা, পাঁজরা, আলমপুর, অগ্রদ্বীপ, বুধরি, বেঙ্গা ও পান্থরহট্ট গ্রামের বৈদ্যগণ লইয়া শ্রীখণ্ড সমাজ গঠিত।

মহামহোপাধ্যায় ভরত মল্লিক "চন্দ্রপ্রভায়" লিখিয়াছেন:—

"আদৌ শ্রীখণ্ড নগরী রাঢ় মধ্যে চ ভূষিতা।
সর্ব্বেষামেব বৈদ্যানাং কুলীনানাং সমাজভূঃ॥" পৃঃ ১২

পঞ্চকুট সমাজ ও বিক্রমপুর সমাজ হইতে যে সকল বৈদ্য লক্ষ্মণ সেনের আহ্বানে রাঢ় দেশে বদ্ধমূল হইয়াছিলেন তাঁহারা সর্ব্বপ্রথমে কাঞ্চীগ্রাম, মালঞ্চ, তেহট্ট গোনগর, করঙ্কোট, চৌড়ালা, কেতুগ্রাম প্রভৃতি স্থানে উপনিবেশ স্থাপিত করেন।

২। রাঢ়ীয় সমাজ।

শ্রীখণ্ড সমাজ (ক্রমশঃ) শ্রীখণ্ড সমাজ পরবর্ত্তী সময়ে গঠিত। ধন্বন্তরি গোত্রপ্রভব মহাত্মা রাঘব সেন শ্রীখণ্ড সমাজ প্রতিষ্ঠা করেন।

"একো রাঘবসেনোঽভূৎ খণ্ডগ্রামেণ বিশ্রুতঃ।
স খণ্ডজ ইতি খ্যাতো না পরা তস্য চ স্থলী॥" চন্দ্রপ্রভা পৃঃ ৯

রাঢ়ীয় সমাজের শ্রেষ্ঠ কুলীনগণ মালঞ্চ, তেহট্ট, বরাহনগর প্রভৃতি স্থান হইতে শ্রীখণ্ডে আসিয়া উপনিবিষ্ট হইয়াছিলেন। কেবল মহাকুল শক্তি গোত্রীয়গণ তেহট্ট হইতে শ্রীখণ্ডে আগমন করেন নাই।

শ্রীখণ্ড সমাজের অন্তর্গত ঝামটপুর গ্রামে চৈতন্য চরিতামৃতগ্রন্থপ্রণেতা মহাত্মা কৃষ্ণদাস কবিরাজ প্রাদুর্ভূত হইয়াছিলেন। বুধরি গ্রামে রামচন্দ্র সেন কবিরাজ ও পদাবলী প্রণেতা গোবিন্দদাস জন্মগ্রহণ করেন।

শ্রীখণ্ড গ্রাম তিন পল্লীতে বিভক্ত :—(ক) চৌধুরীপাড়া, (খ) ঠাকুরপাড়া (গ) মৌলিকপাড়া।

(ক) চৌধুরীপাড়া। ধন্বন্তরি গোত্রীয় রোষ সেনের বংশধর চৌধুরী ও মল্লিক উপাধিধারী হরিহর খাঁ ও কৃষ্ণখাঁর সন্তানগণ, মৌদ্গল্য চায়ু দাশ বংশীয় মজুমদার উপাধিধারী দুর্জ্জয়-দাশের সন্তানগণ এবং কাশ্যপ গোত্রীয় কায়ু গুপ্তের সন্তানগণ চৌধুরীপাড়ার অধিবাসী।

(খ) ঠাকুরপাড়া। মৌদ্গল্য পন্থ দাশ বংশীয় ঠাকুর উপাধিধারী বৈষ্ণবগণ যে পল্লীতে বাস করেন, তাহা ঠাকুরপাড়া নামে প্রসিদ্ধ।

(গ) মৌলিকপাড়া। শ্রীখণ্ড সমাজের স্থাপয়িতা ধন্বন্তরি গোত্রীয় রাঘব সেনের অনন্তর বংশ রায় ও সরকার উপাধিক বৈদ্য মহোদয়গণ মৌলিকপাড়ার অধিবাসী।

(২) সাতশৈকা সমাজ।

শক্তি গোত্র প্রভব পুরসেনের বংশধর মহাত্মা রামানন্দ বিশ্বাস সাতশৈকা সমাজের প্রতিষ্ঠা করেন। রামানন্দের পূর্ব্বপুরুষগণ বঙ্গীয় সমাজে বাস করিতেন। রামানন্দের পিতা মধুসূদন বিশ্বাস বঙ্গজ সমাজ পরিত্যাগ করিয়া খড়দহ গ্রাম আশ্রয় করেন।

২। রাঢ়ীয় সমাজ।

(২) সাতশৈকা সমাজ (ক্রমশঃ)

মহাত্মা রামানন্দ বিশ্বাস "সাতশৈকা" পরগণার অধিপতি সমুদ্রগড়ের রাজগণের প্রধান মন্ত্রী ছিলেন। তিনি সাতশৈকা পরগণার অন্তর্গত গ্রামসমূহে রাঢ়ীয় সমাজের বৈদ্য কুলীনগণকে সসম্মানে প্রতিষ্ঠিত করিয়াছিলেন। রামানন্দ সাতশৈকা পরগণার অন্তর্গত বাগিড়া গ্রামে গৃহ প্রতিষ্ঠা করেন। তাঁহার পুত্রগণ বাগিড়া ও শাখড়া গ্রামের অধিবাসী ছিলেন।

সাতশৈকা সমাজের উত্তর সীমা শ্রীখণ্ড সমাজ, দক্ষিণ সীমা পাণ্ডুয়া, পূর্ব্ব সীমা সপ্তগ্রাম সমাজ ও ভাগীরথী এবং পশ্চিম সীমা বাঁকুড়া, মানভূমি ও বীরভূম।

নিম্নলিখিত গ্রামগুলি লইয়া সাতশৈকা সমাজ গঠিত হইয়াছে :—

সাতশৈকা, চুপী, বাগিড়া, শাখরা, কড়ুয়ী, মানকর, জামনা, কানপুর, দীর্ঘপাড়া, হাঁরাড়া, নপাড়া, সন্তিগড়িয়া, আমুদপুর প্রভৃতি।

কলিকাতার খ্যাতনামা চিকিৎসক স্বনামধন্য কবিরাজ শ্যামাদাস কবিভূষণ বিদ্যাবাচস্পতি মহোদয় চুপী গ্রামে জন্মগ্রহণ করেন।

(৩) সপ্তগ্রাম সমাজ।

নবদ্বীপ হইতে সমুদ্র পর্য্যন্ত ভাগীরথীর উত্তর তীরবর্ত্তী গ্রাম সমূহ লইয়া সপ্তগ্রাম সমাজ গঠিত।

সপ্তগ্রাম সমাজের উত্তরে শ্রীখণ্ড সমাজ, পশ্চিমে সাতসৈকা সমাজ, পূর্ব্বে ভাগীরথী এবং দক্ষিণে সরস্বতী নদী। রাঢ়ীয় ও বঙ্গজ সমাজের বৈদ্যগণের সমবায়ে এই সমাজের প্রতিষ্ঠা।

২। রাঢ়ীয় সমাজ।

(৩) সপ্তগ্রাম সমাজ (ক্রমশঃ)

নিম্নলিখিত গ্রামসমূহ সপ্তগ্রাম সমাজ মধ্যে পরিগণিত। যথা:—সপ্তগ্রাম, পিণ্ডিরা, ত্রিবেণী, বিষপাড়া, অম্বিকা, কালনা, ধাত্রীগ্রাম, পাতিলপাড়া, শান্তিপুর, নবদ্বীপ, সোমড়া, গুপ্তিপাড়া, শুক্‌ড়িয়া, নাটাগড়, দীঘিরিয়া, নরহট্ট বা কাঁচড়াপাড়া, কুমারহট্ট বা হালিসহর, গৌরীভা বা গরিফে, মেহেরপুর, ভাজনঘাট, গোসড়া, কৃষ্ণনগর, ত্রিহট্ট বরাহনগর প্রভৃতি।

সপ্তগ্রাম সমাজ শ্রীখণ্ড সমাজের পূর্ব্ববর্ত্তী। সেনরাজগণের সমকালে সপ্তগ্রামে বৈদ্য বসতি থাকিলেও লক্ষণ সেনের কুলবিধানপ্রাপ্ত কুলীন বৈদ্যগণ পরবর্ত্তী সময়ে তথায় সমাজ প্রতিষ্ঠা করেন। উক্ত সমাজ দুর্জ্জয় দাশের বিবাহের পরে গঠিত হয়। কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত বৈদ্যান্তরঙ্গ দুর্জ্জয় দাশের সপ্তদশ অধস্তন পুরুষ। দুর্জ্জয়ের অষ্টম অধস্তন পুরুষ শিবরাম শ্রীখণ্ড হইতে নরহট্ট (কাঁচড়াপাড়া) গ্রামে গৃহ প্রতিষ্ঠা করেন। তদবধি ঈশ্বরচন্দ্রের পূর্ব্বপুরুষগণ কাঁচড়াপাড়াবাসী।

সপ্তগ্রাম সমাজস্থ পাতিলপাড়া গ্রাম বৈদ্যকুলতিলক মহামহোপাধ্যায় ভরত মল্লিকের জন্মভূমি। ধাত্রীগ্রামে ভরত মল্লিকের চতুষ্পাঠী ছিল। এই চতুষ্পাঠীতে বসিয়া তিনি "রত্নপ্রভা" ও "চন্দ্রপ্রভা" নাম্নী বৈদ্যকুলপঞ্জিকা রচনা করেন।

কালনা গ্রামে কবিরাজ চন্দ্রকিশোর সেন মহাশয় জন্মগ্রহণ করেন। নাটাগর গ্রামে জয়পুরাধিপতির প্রধান মন্ত্রী স্বর্গত সংসারচন্দ্র সেনের আবাসভূমি। প্রাতঃস্মরণীয় সাধকপ্রবর রামপ্রসাদ সেন কুমারহট্ট গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ধন্বন্তরি গোত্র প্রভব রোধ সেনের বংশধর, ধলহণ্ড সমাজের প্রতিষ্ঠাতা কৃত্তিবাস সেনের অধস্তন সন্তান। গৌরীভা ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের জন্মভূমি।

২। রাঢ়ীয় সমাজ।

(৩) সপ্তগ্রাম সমাজ (ক্রমশঃ)

এই সমাজের গুপ্তিপাড়া গ্রামে শ্রীশ্রীবৃন্দাবনচন্দ্রদেববিগ্রহের কৃষ্ণবাটীতে পরিব্রাজক মহাত্মা শ্রীকৃষ্ণপ্রসন্ন সেন জন্মগ্রহণ করেন। তিনি পরবর্ত্তীকালে সন্ন্যাস গ্রহণ করিয়া "শ্রীশ্রীকৃষ্ণানন্দ স্বামী" নাম গ্রহণ করেন। পুণ্যতীর্থ কাশীধামে তাঁহার প্রতিষ্ঠিত "যোগাশ্রম" বিদ্যমান। তিনি ধন্বন্তরি গোত্রী বিকর্ত্তন সেন বংশ সম্ভূত। ভাজনঘাটে ধন্বন্তরি রোষ সেন বংশে কবিশিরোমণি মহাত্মা কৃষ্ণকমল গোস্বামী জন্মগ্রহণ করেন।

(৪) গোয়াশ সমাজ।

বহরমপুরের দশ ক্রোশ পূর্ব্বে গোয়াশ গ্রাম অবস্থিত। বশিষ্ঠ গোত্রীয় চন্দ্র বংশীয় বৈদ্যগণ এই গ্রামে বহু বৈদ্যসন্তানকে সসম্মানে প্রতিষ্ঠিত করেন। উক্ত সমাগত বৈদ্যগণের সমবায়েই গোয়াশ সমাজ গঠিত হয়।

নিম্নলিখিত গ্রাম সমূহ এই সমাজের অন্তর্ভুক্ত :—

গোয়াশ, শ্রীরামপুর, ইসলামপুর, মালীবাড়ী, ঝাঁঝাঁ, বিলচাতরা, পঞ্চাননপুর, শ্রীরামপুর ২য়, কামালপুর, বালুচর ও অম্বরপুর প্রভৃতি।

"চন্দ্র" বংশীয়গণ প্রভূত অর্থশালী জমিদার ছিলেন। তাঁহারা শক্তিগোত্র প্রভব কুশলীসেনের পুত্র মাধব সেনের ষষ্ঠ অধস্তন বংশধর চণ্ডীদাস সেনকে গোয়াশ গ্রামে স্থাপিত করেন। রাঢ়ীয় সমাজে একমাত্র মাধবের সন্তান চণ্ডীদাসের বংশধরগণই বিদ্যমান। মাধবের অপর সন্তানগণ বঙ্গীয় সমাজের পাঁচথুপী, মেঘচামী, বাণীবহ, বিক্রমপুর, চান্দপ্রতাপ ও মহেশ্বরদীতে বাস করিতেছেন। গোয়াশ সমাজের বৈদ্যগণ রাঢ়ীয় সমাজের শ্রেষ্ঠ বৈদ্যগণের সহিত আদান প্রদান করিয়াছেন।

গোয়াশ সমাজের শ্রীরামপুর গ্রামে মহাত্মা ধোয়ী কবিরাজের জ্যেষ্ঠ পুত্র প্রসিদ্ধ কাশীসেনেরবংশে কলিকাতার প্রসিদ্ধ কবিরাজ স্বর্গত রাজেন্দ্রনারায়ণ সেন কবিরত্ন জন্মগ্রহণ করেন।

৩। বঙ্গীয় সমাজ।

নদীয়া, যশোহর, খুলনা, ফরিদপুর, ঢাকা বিক্রমপুর, ময়মনসিংহ ও পাবনা লইয়া বঙ্গীয় সমাজ।

পূর্ব্বকালে বঙ্গীয় বৈদ্যসমাজ সপ্তবিংশতি সমাজে বিভক্ত ছিল, যথা :—

"সেনহট্ট পয়োগ্রাম শ্চন্দনীমহলস্তথা।
দাশপাড়া ভেড়াপল্লো দাপন্দী ভোগিলহট্টকঃ॥
আড়পাড়া শুভরাঢ়া তেঘরী বারমল্লিকা।
তেনায়ী পঞ্চথুপীচ তথা নাগরহট্টকঃ॥
মেঘচামী রৌহা টিকনী জামতৈলমিদিলপুরং।
পোড়াগাছা বিক্রমপুরং হাঁড়কুচাচ দ'শোড়া॥
বুড়রি বাগলাড়াচ কাটিপাড়াঽপি চ স্মৃতা।
শৈলকোপেতি বৈদ্যানাং সমাজাঃ সপ্তবিংশতিঃ॥"

এই সপ্তবিংশতি সমাজের নাম, তাহাদের বর্ত্তমান অবস্থান এবং সমাজের প্রতিষ্ঠাতাদের নাম নিম্নে প্রদত্ত হইল :--

(১) সেনহট্ট (সেনহাটী)

(মহারাজ লক্ষ্মণ সেন যশোহরে সেনহট্ট গ্রাম স্থাপন করেন বিশ্বকোষ) এখন এই গ্রাম খুলনা জেলায় অবস্থিত। ইহা বঙ্গীয় বৈদ্য সমাজের শীর্ষ স্থান। ধন্বন্তরি গোত্রপ্রভব মহাত্মা বিনায়ক সেনের মধ্যম পুত্র সত্যসন্ধ প্রথিতনামা ধন্বন্তরি সেনের পৌত্র হিঙ্গু সেন সেনহট্ট সমাজের প্রতিষ্ঠাতা। সেনহাটী গ্রামে পূর্ব্বে দেব ও দত্তের বসতি ছিল। দেব বংশই সেনহাটী গ্রামে কুলীন বংশের স্থাপয়িতা। কালক্রমে দেব বংশ আড়পাড়া ও বাগলাড়া গ্রামে বসতি স্থাপন করেন।

(২) পয়োগ্রাম

খুলনা জেলায় অবস্থিত। শক্তি গোত্র প্রভব মহাত্মা ধোয়ী সেনের মধ্যম পুত্র কুশলী সেনের মধ্যম পুত্র হিঙ্গু সেনের বংশধরগণ সর্ব্বপ্রথমে পয়োগ্রামে সমাজ প্রতিষ্ঠা করেন।

(৩) চন্দনীমহল

খুলনা জেলায় অবস্থিত। ধন্বন্তরি গোত্র প্রভব রবি সেন সেনহাটী গ্রামের সন্নিকটে যে স্থানে চন্দনের অনুষ্ঠান করিয়া "মহামণ্ডল" উপাধি লাভ করেন, সেই স্থান "চন্দনীমহল" নামে অভিহিত। রবি সেন মহামণ্ডলের অভ্যুদয়ে "চন্দনীমহল" পৃথক সমাজ বলিয়া গণ্য হয়। রবি সেন মহামণ্ডলের তিরোভাবের পরে তাঁহার বংশধরগণ নানাস্থানে বিচ্ছিন্ন হইয়া পড়েন। বিক্রমপুর ও বাকলা সমাজের বহু বৈদ্য বংশ চন্দনীমহল হইতে সমাগত।

(৪) দাশপাড়া

যশোহর জেলায় অবস্থিত। ধন্বন্তরি গোত্র প্রভব মহাত্মা রোষ সেনের পঞ্চম ও কনিষ্ঠপুত্র অভি ও গোপাল সেনের সন্তানগণ দাশপাড়া গ্রামে সমাজ প্রতিষ্ঠা করেন। মৌদ্গল্য পদ্মদাশের এক শাখা দাশপাড়া গ্রামে বাস করিতেন। তাঁহাদের নামানুসারেই "দাশপাড়া" নাম হইয়াছিল।

৩। বঙ্গীয় সমাজ (ক্রমশঃ)

(৫) ভেড়াপল্ল

খুলনা জেলায় অবস্থিত। এই গ্রামে সম্প্রতি কোন বৈদ্য নাই।

(৬) দাপনুদী

যশোহর জেলার অন্তর্গত।

(৭) ভোগীলহট্ট (৮) শুভলাড়া

খুলনা জেলায় অবস্থিত। ভোগীলহাটী গ্রামে দত্তবংশ সমাজ প্রতিষ্ঠা করেন। উক্ত গ্রামের কানু দত্ত রাঢ়ের তেহট্ট হইতে শক্তি গোত্র হিঙ্গু সেনের প্রপৌত্র জগন্নাথ সেনকে ভোগীলহট্ট গ্রামে স্থাপিত করেন। ভোগীলহাটী ও শুভলাড়া গ্রাম পয়োগ্রামের অনতিদূরবর্ত্তী। বর্ত্তমানে এই গ্রামে বৈদ্যের বসতি নাই।

(৯) আড়পাড়া

যশোর জেলায় অবস্থিত। আড়পাড়ায় দেব বৈদ্যগণের বসতি ছিল। তাঁহারা সেনহাটী হইতে এখানে আসিয়া বসতি স্থাপন করেন।

(১০) তেঘরী (১১) বারমল্লিকা (১২) তেনায়ী

ফরিদপুর জেলায় অবস্থিত। শক্তি গণসেনের সন্তানগণ এই তিনগ্রামে সমাজ প্রতিষ্ঠা করিয়াছিলেন।

(১৩) পঞ্চথুপী (পাঁচথুপী)

ফরিদপুর জেলার অন্তর্গত। শক্তি মাধব সেনের সন্তানগণ এই গ্রামে সমাজ প্রতিষ্ঠা করেন। মাধব বংশের একশাখা রাঢ়ীয় সমাজের গোয়াশ গ্রামে বদ্ধমূল হয়েন। মাধবের আর এক শাখাও কিছুদিন গোয়াশে থাকিয়া পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার বাগবাটী গ্রামে গিয়া প্রতিষ্ঠিত হন। মাধবের সন্তানগণ ক্রমে বিক্রমপুর, বাণীবহ, মেঘচামী চাঁদপ্রতাপ, মহেশ্বরদী, পাবনা প্রভৃতি স্থানে সন্নিবেশিত হইয়াছেন।

(১৪) নাগরহট্ট

যশোহর জেলায় অবস্থিত। শক্তি শিয়াল সেন বংশের এক শাখা নাগরহট্ট গ্রামে বর্ত্তমান ছিল।

৩। বঙ্গীয় সমাজ (ক্রমশঃ)

(১৫) মেঘচামী (ফরিদপুর)

মেঘচামী গ্রামে দাশোড়া সমাজের শাণ্ডিল্য গোত্রীয় দত্তবংশীয়গণ সমাজ প্রতিষ্ঠা করেন। পরে শক্তি মাধব বংশীয় নরসিংহের সন্তানগণ উক্ত গ্রামে প্রতিষ্ঠিত হইয়াছিলেন।

(১৬) রৌহা (রাজসাহী)

রৌহা গ্রামে কাশ্যপ গোত্রীয় নন্দীবংশ বিদ্যমান ছিলেন। পরে তাঁহারা রঙ্গপুরের অন্তর্গত ইটাকুমারী গ্রামে বদ্ধমূল হন। তাঁহাদিগের উপাধি রায় চৌধুরী শক্তি গণ সেনান্তর্গত বুঢ়ন বংশ এই রৌহা গ্রামে বাস করিয়াছিলেন।

(১৭) টিকনী (রাজসাহী)

টিকনী গ্রামে আত্রেয় গোত্রীয় দেব বংশীয় বৈদ্যগণ সমাজ প্রতিষ্ঠা করেন। অতঃপর ইহাঁরা ঢাকা মাণিকগঞ্জের অধীন হাঁড়কুচী গ্রামে উপনিবিস্ট হন। হাঁড়কুচী নদীগ্রস্ত হইলে তাঁহারা রুদ্রবাড়ীয়া ও পাবনা সিরাজগঞ্জের অধীন বাগৈতারা, খোকসাবাড়ী প্রভৃতি গ্রামে গিয়া জামতৈল সমাজের অন্তর্ভূর্ত হইয়া পড়েন।

(১৮) জামতৈল বা বৈদ্যজামতৈল (পাবনা)

জামতৈল পাবনা জেলার বড়বাজু পরগণার অন্তর্গত। ইসফ্ সাহী পরগণাও বড়বাজুর সন্নিকটে অবস্থিত। এই দুই পরগণার গ্রামসমূহ জামতৈল সমাজের অন্তর্গত। জামতৈল, বেজগাঁতি, যোগনালা, ভাঙ্গাবাড়ী, বাগৈতারা, সৈদাবাদ, দৌলতপুর, রাণীগ্রাম, বাগবাটী, প্রভৃতি গ্রাম জামতৈল সমাজের অন্তর্গত। ধন্বন্তরি কবি সেন বংশের কতিপয় শাখা সেনহাটী ও লাখড়িয়া হইতে পাবনা জেলার বেজগাঁতি ও বাগবাটী গ্রামে আসিয়া গৃহপ্রতিষ্ঠা করেন। কবি কণ্ঠহার তাঁহাদিগকে "উত্তর দেশ" গত বলিয়া লিখিয়াছেন। ধন্বন্তরি রোষ সেনের দুইটী শাখা বিক্রমপুর নপাড়া হইতে আসিয়া জামতৈল ও বাসুরিয়ায় স্থায়ী হন। শক্তি কাশী সেন বংশের একটী শাখা চেহট্ট মেরুপুর (মেহেরপুর) হইতে আসিয়া পাবনা নিশ্চিন্তপুর (ভাঙ্গাবাড়ী) স্থায়ী হন। শক্তি মাধবের এক শাখা গোয়াশ হইতে আসিয়া পাবনা বাগবাটী স্থায়ী হন। মৌদ্গল্য অরবিন্দ দাশ বংশের দুইটি শাখা সেনহাটি হইতে আসিয়া বাগবাটি ও দিঘিতে স্থায়ী হন। ত্রিপুর দিগম্বর ও রাজাধর গুপ্তের দুইটি শাখা বাগবাটী আসিয়া স্থায়ী হন। এইভাবে টিকনীর আত্রেয় দেব বংশ, দাশড়ার শাণ্ডিল্য দত্ত বংশ, গোয়াশের কাশ্যপ নন্দী ও চন্দ্রবংশ, যশোরের ভরদ্বাজ কুণ্ড বংশ, ঢাকা সুয়াপুরের পদ্মদাশ বংশের এক একটী শাখার দ্বারা এই সমাজ ক্রমশঃ পরিপুস্ট হয়।

৩। বঙ্গীয় সমাজ (ক্রমশঃ)

(১৯) ইদিলপুর

ফরিদপুর জেলায় অবস্থিত। শক্তি গোত্রের অন্যতম বীজীপুরুষ চন্দ্র সেন ইদিলপুর আশ্রয় করেন।

(২০) পোড়াগাছা

দক্ষিণ বিক্রমপুরের অন্তর্গত। শক্তি গোত্রীয় শিয়াল সেনের বংশধরগণ পোড়াগাছা গ্রামে সমাজ প্রতিষ্ঠা করেন।

(২১) বিক্রমপুর

বৈদ্য জাতির আদি সমাজভূমি। মহারাজ সমুদ্রগুপ্তের দিগ্বিজয়ের পরে "সমতটে" দুইটি পৃথক রাজধানী প্রতিষ্ঠা করেন। প্রথম রাজধানী "সঙ্কট", দ্বিতীয় রাজধানী "চম্পাবতী"তে অধিষ্ঠিত ছিল। এই দুই রাজধানীর প্রসিদ্ধ রাজবংশদ্বয় বৈদ্যবংশ সম্ভূত এবং তাঁহারা সমুদ্রগুপ্তের আত্মীয় ছিলেন। সঙ্কটের অধিষ্ঠিত রাজবংশ ধন্বন্তরি গোত্র প্রভব। এই রাজবংশে শালবান্ ভূপতি জন্মগ্রহণ করেন। চম্পাবতীর রাজবংশে মহারাজ বিজয় সেন, বল্লাল সেন প্রভৃতি প্রাদুর্ভূত হইয়াছিলেন। তাঁহারা বৈশ্বানর গোত্র প্রভব। এই রাজবংশের আদি নিবাস দাক্ষিণাত্যে ছিল। অশ্বপতি সেন এই বংশের পূর্ব্বপুরুষ। তাঁহারই বংশধর মহাত্মা বিক্রম সেনের নামানুসারে "সমতট" "বিক্রমপুর" নামে অভিহিত হইয়াছিল। বৈদ্যরাজগণের অভ্যুদয়কালে বিক্রমপুরে বৈদ্য উপনিবেশ স্থাপিত হইয়াছিল। তথায় দেব, দত্ত, ধর, কর, নন্দী, চন্দ্র, সোম, রাজ, কুণ্ড, রক্ষিত, নাগ, ইন্দ্র, আদিত্য প্রভৃতি বৈদিক বৈদ্যগণ উপনিবিষ্ট হইয়াছিলেন। এই সকল বংশের সহিত যৌন সম্বন্ধে আবদ্ধ হইয়া আরও কতিপয় বংশ বিক্রমপুরে প্রতিষ্ঠিত হয়। তাঁহাদিগের মধ্যে বৈশ্বানর গোত্র সেন, আদা সেন, ভরদ্বাজ গোত্র দাশ, মৌদগল্য পাহিদাশ ও ভবদাশ কাশ্যপগোত্র অশ্বগুপ্ত, শক্তিগোত্র স্বর্ণপীঠ সেন এবং ধন্বন্তরি গোত্র বুয়ি সেন প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

মহারাজ বল্লাল সেন ও লক্ষ্মণ সেনের বিরোধে বহু বৈদ্যবংশ বিক্রমপুর পরিত্যাগ করিতে বাধ্য হয়েন।

৩। **বঙ্গীয় সমাজ** (ক্রমশঃ)

(২১) **বিক্রমপুর** (ক্রমশঃ) রাজা লক্ষণসেন রামপাল হইতে নবদ্বীপে রাজধানী পরিবর্ত্তনকালে তাঁহার চিকিৎসক ভরদ্বাজ গোত্রীয় বিদ্যাপতি দাশকে সঙ্গে লইয়া যান, কিন্তু বল্লালসংসর্গত্যাগী সদাচারী ভরদ্বাজ গোত্রীয় বীরভদ্র দাশকে বিক্রমপুর ত্যাগে অপারগ দেখিয়া তাঁহাকে বিক্রমপুর বৈদ্য সমাজের সমাজপতিত্ব দান করিয়া যান। সেই সময় হইতে রাজা রাজবল্লভের সময় পর্য্যন্ত ভরদ্বাজ দাশ বংশীয়েরাই বিক্রমপুর সমাজের সমাজপতিত্ব করেন। বীরদাশ চম্পাবতী জনপদে গৃহ প্রতিষ্ঠা করেন। এই চম্পাবতী পরবর্ত্তী সময়ে "চাঁপাতলী" নামে অভিহিত হইয়াছে। মহারাজ বল্লাল সেনের জ্ঞাতিবর্গ "বৈদ্যগ্রামে" প্রতিষ্ঠিত ছিল। বৈদ্যগ্রাম পরে "বেজগ্রাম" নামে অভিহিত হইয়াছে। পালরাজগণের অধস্তন সন্তানগণকে মহারাজ বল্লাল সেন "পালগ্রামে" প্রতিষ্ঠিত করেন। পালরাজগণ শক্তি গোত্র প্রভব সেন বংশ সম্ভূত। পরবর্ত্তী সময়ে পালরাজগণের বংধরগণ "পাল উপাধি পরিত্যাগ করিয়া "সেন" উপাধি ধারণ করিয়াছেন।

সেনরাজগণের সমকালে বিক্রমপুরের গ্রামসমূহ যে সকল বৈদ্য বংশ কর্ত্তৃক অধ্যুষিত ছিল তাহার বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

(ক) রামপাল, বৈদ্যগ্রাম, বেজগাঁ।	সেনরাজগণের জ্ঞাতি বৈশ্বানর গোত্র সেন বংশ।
(খ) পালগ্রাম পালগাঁ।	পালরাজগণের জ্ঞাতি শক্তি গোত্র সেন বংশ। মহারাজ বল্লাল সেন শক্তি গোত্রীয় ধর্ম্মপালকে যে গ্রামে প্রতিষ্ঠিত করেন, তাহা "পালগ্রাম" নামে অভিহিত হয়।
(গ) চম্পাবতী, চাঁপাতলী।	ভরদ্বাজ গোত্র দাশ বংশ। বিক্রমপুরের সমাজপতি ভরদ্বাজ গোত্রীয় বীরদাশ এই গ্রামে গৃহ প্রতিষ্ঠা করেন।
(ঘ) সঙ্কট, সম্‌কট।	বৈশ্বানর গোত্রীয় প্রসিদ্ধ সেন রাজবংশ ও কাশ্যপ গোত্র প্রভব অশ্বগুপ্ত বংশ।

৩। **বঙ্গীয় সমাজ** (ক্রমশঃ)

(২১) **বিক্রমপুর** (ক্রমশঃ)

(ঙ) সপ্তগ্রাম, সাতগাঁ।	ধন্বন্তরি গোত্র প্রভব সপ্তভ্রাতার বংশ। "কণামুনী রবিশ্চৈব কামশ্চ কার্পটীতথা। তথা বানপুরীশ্চৈব কর্পূরী বুয়ি সেনকঃ। এতে ধন্বন্তরি কুলে বঙ্গে সপ্ত সহোদরা॥
(চ) ষোলঘর, নেত্রাবতী।	শক্তি গোত্র প্রভব দণ্ডপাণি সেনের বংশ।
(ছ) করগ্রাম, বাঘিরা কয়েখারা মামুদপুর।	পরাশর গোত্র প্রভব কর বংশ। এই বংশে "নিদান গ্রন্থ" প্রণেতা প্রসিদ্ধ মাধব কর জন্মগ্রহণ করেন।
(জ) শিমুলিয়া, মাশরিয়া।	জামদগ্ন্য গোত্র প্রভব ধর বংশ।
(ঝ) মধ্যপাড়া, মালপদিয়া।	আত্রেয় গোত্র প্রভব দেব বংশ। ধন্বন্তরি গোত্র প্রভব বুঁয়ি সেন বংশ।
(ঞ) পোড়াগাছা।	কাশ্যপ গোত্র প্রভব গুপ্ত বংশ। শক্তি গোত্র প্রভব কাশী সেন বংশ। শক্তি গোত্র প্রভব শিয়াল সেন বংশ।
(ট) সোনার দেউল, কোঁয়রপুর।	মৌদ্গল্য গোত্র প্রভব পাহি দাশ বংশ।
(ঠ) বৌলাসার, তাজপুর, ভাটিপ্পিরা।	শাণ্ডিল্য গোত্র প্রভব দত্ত বংশ। বিখ্যাত "শ্রীপতি দত্ত" এই বংশ সম্ভূত।
(ড) বেলতলী।	মৌদ্গল্য গোত্র প্রভব সেন বংশ।
(ঢ) মুকুটপুর।	শক্তি গোত্র প্রভব "স্বর্ণপীঠ" আখ্যাধারী সেন বংশ।
(ণ) বালিগ্রাম, বালিগাঁ, গোবরদি।	কাশ্যপ গোত্র প্রভব দত্ত বংশ। পরাশর গোত্রজ কর বংশ।
(ত) শিয়ালদী।	কৃষ্ণাত্রেয় গোত্র প্রভব দত্ত বংশ।
(থ) ফেগুনসার।	আত্রেয় গোত্র প্রভব দেব বংশ।
(দ) সুরপুর।	ধন্বন্তরি গোত্র প্রভব সেন বংশ।

৩। বঙ্গীয় সমাজ (ক্রমশঃ)

(২১) বিক্রমপুর (ক্রমশঃ) এতদ্ভিন্ন যে সকল গ্রামসমূহে বৈদ্যোপনিবেশ স্থাপিত হইয়াছিল তাহার বিবরণ "বঙ্গের বিভিন্ন জেলার বৈদ্য গ্রামগুলির তালিকা"র মধ্যে বিবৃত হইয়াছে। সেনরাজগণের পতনের পরে চাঁপাতলীর ভরদ্বাজ বংশীয়গণের জ্যেষ্ঠশাখা নপাড়া গ্রামে গৃহ প্রতিষ্ঠা করেন। উক্ত চৌধুরী বংশের অভ্যুদয়কালে বিক্রমপুরের যে কতিপয় গ্রামে শ্রেষ্ঠ বৈদ্যসমাজ সন্নিবেশিত হইয়াছিল তাহা নিম্নে বিন্যস্ত হইল। রাজপাশা, সঙ্কট, গোবিন্দমঙ্গল, দাউনিয়া (বিলদাওনিয়া), জপসা, কোঁয়রপুর, মাশরিয়া, দশলঙ, চামাল্দি, করগাঁ, সোনারটং, কাচাদিয়া, হাতারভোগ, বলুর, বিদ্গাঁ, আউটসাহী, মূলগাঁ ও বাহেরক। এই গ্রামগুলি প্রায়ই কীর্ত্তিনাশার কুক্ষিগত হইয়াছে, কেবল দশলঙ (যশোলঙ), সোনারটং, আউটসাহী, কোঁয়রপুর, বিদ্গাঁ, ও বাহেরক বিদ্যমান আছে।

(২২) হাঁড়কুচী বাজু। চাঁদপ্রতাপের অন্তর্গত ছিল। শাণ্ডিল্য গোত্রপ্রভব দত্ত-বংশীয়গণের একশাখা এই গ্রামে সমাজ প্রতিষ্ঠা করেন। ইঁহারা সম্প্রতি চাঁদপ্রতাপ পরগণার রঘুনাথপুর ও বৌলতলা গ্রামে বাস করিতেছেন।

(২৩) দাশোড়া, বাজু। দাশোড়া ঢাকা মাণিকগঞ্জের সন্নিহিত গ্রাম। রাঢ়ের বটগ্রামের দত্ত বংশের একশাখা দাশোড়া গ্রামে সমাজ প্রতিষ্ঠা করেন। শাণ্ডিল্য গোত্র প্রভব ভানুদত্ত সেনরাজবংশের জ্ঞাতি কন্যা বিবাহ করিয়া দাশোড়া গ্রামে প্রতিষ্ঠিত হয়েন। মহারাজ লক্ষ্মণসেন ভানুদত্তকে দাশোড়া সমাজের সমাজপতিত্ব দান করেন। দাশোড়া বাজু দেশের অন্তর্গত। কবি কণ্ঠহার বর্ণিত "বাজুদেশে" যে সকল বৈদ্যগ্রাম বিদ্যমান আছে তাহাদের নাম নিম্নে সন্নিবেশিত হইল। এই সকল গ্রামের বৈদ্যগণ প্রসিদ্ধ দাশোড়া ও জামতৈল সমাজভুক্ত সদাচারপরায়ন বৈদ্য। পাবনা জেলার অন্তর্গত "জামতৈল সমাজ"কে বৈদ্যজাতির ইতিহাসে "দাশোড়া সমাজ"ভুক্ত করা হইয়াছে। তাহার কারণ ঢাকা, মাণিকগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, এবং টাঙ্গাইল (পশ্চিম ময়মনসিংহ) নিবাসী বৈদ্যগণ ক্রিয়া করণ ও সামাজিক আচার ব্যবহারে সর্ব্বপ্রকারে সদৃশ বলিয়া।

৩। বঙ্গীয় সমাজ (ক্রমশঃ)

(২৩) **দাশোড়া, বাজু** (ক্রমশঃ) দাশোড়া ও জামতৈল সমাজভুক্ত গ্রাম সমূহ প্রতাপ বাজু ও ইসফসাহী বড়বাজু পরগণার অন্তর্গত বলিয়া "বাজুদেশ" নামে অভিহিত। বাজুদেশান্তর্গত বৈদ্য গ্রামগুলির নাম :—

(ক) ঢাকা, মাণিকগঞ্জ সবডিভিসনের অন্তর্গত দাশোড়া সমাজ :—

(i) দাশোড়া, মত্ত, বেথুয়া (বেথুর), বকজুরি, নবগ্রাম, নালী, মহাদেবপুর, তেওথা, উলাইল, মৌহালী, গৌরীবরদিয়া, পাতুলী, কাঞ্চনপুর, পাটগ্রাম, ডুবাইল, ধুলশুয়া, গঙ্গারামপুর, আজিমনগর, বৈঙখুরি, বায়রা, বলধরা গালা, বানিয়াখোরা, ঘাটিঘর।

(ii) ঢাকা সদর সবডিভিসনের অন্তর্গত নবাবগঞ্জ থানার গোবিন্দপুর।

(iii) ঢাকা সাভার থানার অন্তর্গত :—সুয়াপুর, রঘুনাথপুর, আটিগ্রাম, ধামরাই, মিরপুর, ভৃঙ্গরাজ, উলটাপাড়া, বৌলতলী।

(খ) ময়মনসিংহের টাঙ্গাইল সবডিভিসনের অন্তর্গত দাশোড়া সমাজ :—

(i) সাকরাইল, বিন্নাফইর, গালা (উত্তর), করেরবেৎকা, বাঁশী, ছোট বাসালিয়া, সহদেবপুর, টেরকী, কালীহাতী, রামনগর, ঘারিন্দা, বোয়ালী, কেদারপুর, ভাতগাঁও, কাঁঠালিয়া, তারাইল, পাহাড়পুর, নান্দুলিয়া, কাতলী, কড়াইল, বাইলাড়া, এলেঙ্গা।

(ii) ময়মনসিংহ জামালপুরের অন্তর্গত সেরপুর।

(গ) পাবনা সিরাজগঞ্জের অন্তর্গত জামতৈল সমাজ :—

বৈদ্যজামতৈল, শক্তিপুর, রাণীগ্রাম, ভাঙ্গাবাড়ী, ধানবান্দী, খোকসাবাড়ী, ব্রাহ্মণগাঁতী, ছোনগাছা, ফুলকোচা, ঘোড়াচরা, বাগবাটী, বেজগাঁতী, হরিণা, মালিগাঁতী, জোকনালা, শিয়ালকোল, ভুরভুরিয়া, সৈদাবাদ, ধুকুরিয়াবেড়া, মুলকান্দী, বাঐতারা, জিয়ারপাড়া, ব্রহ্মগাছা, বাসহাটী, বাম্হুরিয়া, বৈদ্যদোগাছী, পঞ্চক্রোশী।

৩। **বঙ্গীয় বৈদ্য সমাজ** (ক্রমশঃ)

(২৪) বুড়ড়ি, যশোর। এই গ্রাম শৈলকোপা থানায় অবস্থিত। বুড়ড়ি গ্রামে শক্তি গোত্রীয় মাধব সেনের বংশ প্রতিষ্ঠিত ছিল।

(২৫) বাগলাড়া, যশোর। বাগলাড়ায় কৃষ্ণাত্রেয় গোত্রীয় দেববংশীয়গণ সমাজপ্রতিষ্ঠা করিয়াছিলেন।

(২৬) কাটিপাড়া, যশোর। কাটিপাড়া গ্রামে ভরদ্বাজ গোত্রীয় রক্ষিত বংশীয়গণ সমাজ প্রতিষ্ঠা করিয়াছিলেন। 'চন্দ্রপ্রভা'য় 'কাটিপাড়া' "কাটিশাল" নামে অভিহিত হইয়াছে।

(২৭) শৈলকোপা, যশোর। এই গ্রামে সৌপায়ন গোত্রীয় "নাগ" পদ্ধতির বৈদ্যদিগের বাস ছিল।

এই সপ্তবিংশতি সমাজ আদিবৈদ্যসমাজপতি মহাত্মা রবিসেন মহামণ্ডলের সময়ে গঠিত হইয়াছিল। এই ২৭ সমাজের বৈদ্যগণ "সেনহাটী"কে শ্রেষ্ঠ সমাজভূমি বলিয়া স্বীকার করিতেন। এই কারণে এই ২৭ সমাজ "যশোরীয় সপ্তবিংশতি সমাজ" বলিয়া প্রসিদ্ধ। রাঢ়ীয় ও বঙ্গীয় সমাজ প্রকৃত প্রস্তাবে একটী বৃহৎ সমাজের দুইটী শাখা মাত্র।

৪। **পূর্ব্বদেশীয় বৈদ্য সমাজ।**

(ক) চট্টল সমাজ। এই সমাজের বৈদ্যগণ প্রধানতঃ রাঢ়ীয় সমাজ হইতে সমাগত; ইহা চট্টল সমাজের বিভিন্ন কুলজী হইতে অবগত হওয়া যায়; যথা:—(১) চট্টলের বরমা-শাখার ধন্বন্তরি কুলজীতে লিখিত আছে—মহাত্মা রামবল্লভ সেন কবিডিণ্ডিম নবাব ইছপের সভাপণ্ডিতরূপে রাঢ় দেশ হইতে চট্টলের গৈরলা গ্রামে আসিয়া বসতি স্থাপন করেন।

(২) ধন্বন্তরি বিনায়ক সেন বংশীয় বিষ্ণুপ্রসাদ সেন যশোহর জেলার সেনহাটীর নিকটবর্ত্তী শিলাএলাচী গ্রাম হইতে চট্টলে আগমন করেন এবং ধলঘাটের ভরদ্বাজ গোত্রীয় জমিদারের কন্যা বিবাহ করেন। তাঁহার পুত্রের নাম হইতেএই বংশ "গন্ধরায়ী সেন" বংশ বলিয়া পরিচিত।

(৩) বৈশ্বানর গোত্রীয় রাঘব সেন শর্ম্মা রাঢ় হইতে চট্টলে উপনিবিষ্ট হন। রাঘবসেন রাঢ়ের কাঞ্জিকা গ্রামস্থিত "চিকিৎসাসার সংগ্রহ" ও "আখ্যাত বৃত্তি কলাপ ব্যাকরণ" প্রণেতা বঙ্গসেন বংশ সম্ভূত।

(৪) চট্টলস্থ দুর্গাপুর গ্রামের ভরদ্বাজ গোত্রীয় রক্ষিত পদ্ধতির বৈদ্যগণ রাঢ়ের নদীয়া জেলার চুপী গ্রাম হইতে চট্টলে উপনিবিষ্ট হন।

(৫) চট্টলস্থ শ্রীপুর গ্রামের ভরদ্বাজ গোত্রীয় দাশ পদ্ধতির বৈদ্যগণ রাঢ়ের গৌন গ্রাম হইতে চট্টলে উপনিবিষ্ট হন।

(৬) চট্টলের কৌশিক গোত্রীয় দত্তদিগের আদি পুরুষ পাহিদত্তের আদি নিবাস ছিল মুর্শিদাবাদের খাগড়া গ্রামে।

(৭) চট্টলের শাণ্ডিল্য গোত্রীয় দত্তদিগের আদি পুরুষ হৃদয়ানন্দ দত্ত রাঢ়ের বর্দ্ধমান জেলার দাঁতরা বা দত্ত গ্রাম হইতে চট্টলের শ্রীপুর গ্রামে আসিয়া বসতি স্থাপন করেন।

চট্টলস্থ বৈদ্যদিগের কুলজী দৃষ্টে জানা যায় যে বর্গীর হাঙ্গামার সময়ে এবং দিল্লীশ্বর কর্তৃক দক্ষিণ-রাঢ়ের রাজা প্রতাপাদিত্যের পরাজয়ের পরে বর্দ্ধমান হুগলী, নদীয়া, মুর্শিদাবাদ, বাঁকুড়া, মেদিনীপুর এবং চব্বিশ পরগণা ও যশোহর হইতে বহু সম্ভ্রান্ত বৈদ্য ধনজন লইয়া চট্টলে আসিয়া উপনিবিষ্ট হইয়া ছিলেন। বঙ্গে বৈদ্যরাজত্বের অবসানকলে মুসলমান রাজত্বের প্রারম্ভে ঢাকা প্রভৃতি জেলা হইতেও অনেক সম্ভ্রান্ত বৈদ্য চট্টলে আসিয়া গৃহ প্রতিষ্ঠা করেন।

(খ) ত্রিপুরা সমাজ। ত্রিপুরার ব্রাহ্মণবেড়িয়া মহকুমার একটী বৈদ্য প্রধান গ্রাম চুণ্টা, সেজন্য ত্রিপুরা সমাজ চুণ্টা সমাজ বলিয়াও কথিত হয়। ত্রিপুরা, শ্রীহট্ট, ভাওয়াল, মহেশ্বরদী ও সোনারগাঁ পরগণার বৈদ্যগণ ত্রিপুরা সমাজভুক্ত। ত্রিপুরা জেলার চাঁদপুর মহকুমার বাজাপ্তি, কমলাপুর প্রভৃতি অল্প কয়েকটী গ্রাম নোয়াখালী জেলার কাঞ্চনপুর সমাজভুক্ত। প্রকৃত প্রস্তাবে ইঁহারা বঙ্গীয় সমাজভুক্ত। চুণ্টা সমাজের সহিত ইঁহাদের কোন সম্পর্ক নাই। ত্রিপুরা জেলার চৌদ্দগাঁ থানার কোন কোন গ্রামের বৈদ্যগণ নোয়াখালী জেলার ফেণী মহকুমার দানরা সমাজভুক্ত। দক্ষিণ ত্রিপুরার সাচার, নৈয়ায়, পাথৈয় প্রভৃতি কোনও কোনও গ্রামের বৈদ্যরা বঙ্গীয় সমাজভুক্ত।

(গ) নোয়াখালী সমাজ। এই জেলার বৈদ্যেরা দুই শ্রেণীতে বিভক্ত। কাঞ্চনপুর মাধব সিংহ, চণ্ডীপুর, শ্রীপুর প্রভৃতি স্থান নোয়াখালী জেলার মধ্যে হলেও বঙ্গীয় সমাজভুক্ত। ফেণী মহকুমার বৈদ্যরা দান্‌রা সমাজভুক্ত। দান্‌রা সমাজ চট্টল সমাজের সন্নিহিত হইলেও তাহা হইতে পৃথক। দান্‌রা সমাজ চুণ্টা সমাজেরও অধীন নহে। চট্টগ্রাম জেলার দুর্গাপুর, ফেণী মহকুমার কয়েকটী গ্রাম এবং ত্রিপুরা জেলার চৌদ্দগাঁ থানার কয়েকটী গ্রাম লইয়া এই সমাজ গঠিত। এই সমাজকে বঙ্গীয় সমাজের পূর্ব্বপ্রান্ত বলা যাইতে পারে।

(ঘ) শ্রীহট্ট সমাজ। এই সমাজের বৈদ্যগণ ত্রিপুরা সমাজভুক্ত। ইঁহাদের অধিকাংশ বৈদ্য বংশই রাঢ়ীয় সমাজ হইতে সমাগত। এই সমাজে মৌদ্‌গল্য গোত্রীয় সেন, ব্যাস-মহর্ষি গোত্রীয় সেন, কৃষ্ণাত্রেয় গোত্রীয় দেব ও গৌতম গোত্রীয় দত্ত পদ্ধতির বৈদ্য বংশ বিদ্যমান আছে।

(ঙ) আসামে বৈদ্য ও ব্রাহ্মণে কোন প্রভেদ নাই। তাঁহাদিগের মধ্যে বৈবাহিক আদান প্রদান প্রচলিত আছে। আসামের বৈদ্যেরা "বেজবড়ুয়া" নামে খ্যাত।

৫। বরেন্দ্র সমাজ। রাজসাহী, মালদহ, বগুড়া, রংপুর, দিনাজপুর প্রভৃতি স্থল বরেন্দ্র-দেশ বলিয়া পরিচিত। বরেন্দ্র ভূমিতেও পৃথক বৈদ্য সমাজ গঠিত হইয়াছিল। কবি কণ্ঠহার বরেন্দ্রদেশকে "উত্তর দেশ" বলিয়াছেন।

৬। উৎকল সমাজ। উৎকল সমাজের বৈদ্যগণ প্রধানতঃ রাঢ়ীয় সমাজ হইতে সমাগত।

(অধ্যাপক শ্রীযুক্ত হেমচন্দ্র সেন শর্ম্মা মহোদয়ের বৈদ্যহিতৈষিণীতে ১৩৩২।৩৩ বৈদ্যাব্দে প্রকাশিত "গোত্র ও প্রবর" সম্বন্ধীয় প্রবন্ধাবলী অবলম্বনে লিখিত।)

মন্ত্রকৃৎ বা বেদস্তোতা ঋষিগণই ব্রহ্ম বা ব্রাহ্মণ বলিয়া পরিচিত। কোন ব্রাহ্মণের পরিচয় দিতে হইলে তাঁহার বেদ, গোত্র ও প্রবর জানা চাই। যে ঋষির বংশে যাঁহার জন্ম গোত্র বলিবার সময় সেই ঋষির পরিচয় দিতে হয়।

গোত্র।

"অমরকোষে" গোত্র শব্দের অর্থে লিখিত আছে—

"সন্ততি গোত্রজনন কুলান্যভিজনান্বয়ৌ।"

মহামহোপাধ্যায় **ভরত মল্লিক** তাঁহার "অমরকোষের টীকা"য় গোত্র শব্দের অর্থ করিয়াছেন—

"গবতে শব্দয়তি পূর্ব্বপুরুষান্ যৎ ইতি গোত্রং।"

সুতরাং গোত্র পূর্ব্বপুরুষের পরিচায়ক।

"নব্যস্মৃতি"কার **রঘুনন্দন** গোত্র সম্বন্ধে লিখিয়াছেন—

"বংশপরম্পরাপ্রসিদ্ধমাদিপুরুষং ব্রাহ্মণরূপকম্।
ক্ষত্রিয় বৈশ্য শূদ্রানাং পুরোহিত গোত্রপ্রবরম্॥"

বংশপরম্পরাপ্রসিদ্ধ আদিপুরুষ ব্রাহ্মণের গোত্ররূপ। ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রদিগের পুরোহিতের গোত্র ও প্রবর।

ঋক্‌সংহিতায় যাঁহারা ঋষি, মহাভারত ও বৌধায়নাদির শ্রৌতগ্রন্থে সেই ঋষির নামেই গোত্র নিরূপিত হইয়াছে।

মহাভারতের শান্তিপর্ব্বের ২৯৬ অধ্যায়ে লিখিত আছে—

"মূল গোত্রাণি চত্বারি সমুৎপন্নানি পার্থিব।
অঙ্গিরাঃ কশ্যপশ্চৈব বশিষ্ঠো ভৃগুরেবচ॥ ১৭
কর্ম্মতোঽন্যানি তপসা গোত্রাণি সমুৎপন্নানি পার্থিব।
নামধেয়ানি তপসা তানি চ গ্রহণং সত্যম্॥ ১৮

মহাভারত মতে (১) আঙ্গিরা (২) কশ্যপ (৩) বশিষ্ঠ (৪) ভৃগু এই চারিজন মূল গোত্রকার ঋষি, অন্যান্য গোত্র কার্য্যদ্বারা সমুৎপন্ন হইয়াছে। সাধু ব্যক্তিগণ কর্ত্তৃক অদ্যাপি সেই সমুদয় গোত্র ব্যবহৃত হইতেছে।

বৌধায়ন তাঁহার শ্রৌতসূত্রে লিখিয়াছেন—

"সপ্তানাং সপ্তঋষীনাম্ অগস্ত্যাষ্টমানং যদপত্যং তৎগোত্রমিত্যুচ্যতে।"

সপ্তঋষি হইতেছেন (১) বিশ্বামিত্র (২) জমদগ্নি (৩) ভরদ্বাজ (৪) গোতম (৫) অত্রি (৬) বশিষ্ঠ ও (৭) কশ্যপ এবং (৮) অগস্ত্যকে লইয়া আটজন গোত্রকার ঋষি।

পুরাণকারদিগের মতে ব্রহ্মা হইতে ভৃগু, অঙ্গিরা, মরীচি, এবং অত্রি এই চারিজন ঋষির উৎপত্তি। ভৃগু হইতে জমদগ্নি; অঙ্গিরা হইতে গৌতম ও ভরদ্বাজ; মরীচি হইতে কশ্যপ, বশিষ্ঠ ও অগস্ত্য এবং অত্রি হইতে স্বয়ং অত্রি ও বিশ্বামিত্র উৎপন্ন হইয়াছেন।

মহাভারত মতে ভরদ্বাজ ও গৌতম অঙ্গিরার বংশধর।

জমদগ্নি—ভৃগুর বংশধর।

অগস্ত্য—কশ্যপের দায়াদ।

বিশ্বামিত্র—অত্রির দায়াদ।

বশিষ্ঠ—মূলঋষি।

বোধায়ণ, আশ্বলায়ন, কাত্যায়ন, আপস্তম্ব, সত্যাষাঢ়, ভরদ্বাজ, লৌগাক্ষি প্রভৃতি রচিত শ্রৌতসূত্রে সাতশত বিভিন্ন গোত্রঋষির নাম দৃষ্ট হয়; তন্মধ্যে ভৃগু, গৌতম, ভরদ্বাজ, কেবলাঙ্গিরস, অত্রি, বিশ্বামিত্র, কশ্যপ, বশিষ্ঠ ও অগস্ত্য এই নয়জন ঋষি গোত্রকাণ্ড বলিয়া অভিহিত হইয়াছেন। ভৃগু গোত্রকাণ্ডের ৭টী শাখা বা গোত্রগণ, গৌতম গোত্রকাণ্ডের ৬টী শাখা বা গোত্রগণ, ভরদ্বাজ গোত্রকাণ্ডের একটী শাখা বা গোত্রগণ; কেবলাঙ্গিরস গোত্রকাণ্ডের ৬টী শাখা বা গোত্রগণ, অত্রি গোত্রকাণ্ডের ৪টী শাখা বা গোত্রগণ, বিশ্বামিত্র গোত্রকাণ্ডের ৬টী শাখা বা গোত্রগণ; কাশ্যপ গোত্রকাণ্ডের ৪টী শাখা বা গোত্রগণ; বশিষ্ঠ গোত্রকাণ্ডের ৩টী শাখা বা গোত্রগণ এবং অগস্ত্যি গোত্রকাণ্ডের একটী শাখা বা গোত্রগণ উল্লিখিত হইয়াছে। বিভিন্ন গোত্রগণের বিভিন্ন প্রবর লিখিত হইয়াছে।

প্রবর— "প্রবর" শব্দের অর্থ শ্রেষ্ঠ। "শ্রেষ্ঠেতি মেদিনী" শব্দকল্পদ্রুমে উদ্ধৃত। পাণিনি "প্রবর" শব্দের অর্থ করিয়াছেন বরণ বা প্রার্থনা করা। পূর্ব্বে বৈদিক নিয়মে যজ্ঞকার্য্য নির্ব্বাহ করিবার জন্য হোতা ও অধ্যর্যু আবশ্যক হইত। হোতা ঋগ্বেদবিদ্ ব্রাহ্মণ। অধ্যর্যু যজুর্ব্বেদবিদ্ ব্রাহ্মণ। অগ্নি নামক ব্রাহ্মণ হব্য বহন কার্য্যের কর্ত্তা ছিলেন। উক্ত হোতা ও অধ্যর্য্যু যজমানের পক্ষ হইয়া অগ্নির নিকট প্রার্থনা করিতেন তিনি যেন হব্য দেবগণের নিকট পৌঁছাইয়া দেন। এই প্রার্থনার নাম "প্রবর।" এইরূপে যজ্ঞে যাঁহারা বৃত হইয়া যজ্ঞের কার্য্য নির্ব্বাহ করিতেন ঋগ্বেদ ও যজুর্ব্বেদ মতে তাঁহারাই প্রবর ঋষিরূপে ঋষি সমাজে পরিচিত হইতেন। যখন এক নয় অনেক ঋষি গোত্রঋষি হইলেন তখন সেই সেই গোত্রঋষির যজ্ঞকার্য্যে যে যে ঋষি নির্দ্দিষ্ট হইয়াছিলেন তাঁহাদিগের নামের দ্বারা গোত্রঋষিগণ পরিচিত হইতেন, সেজন্য প্রবর শব্দের অর্থ হইয়াছিল "গোত্রপ্রবর্ত্তক মুনির্ব্যবর্ত্তকো মুনিগণঃ।" অর্থাৎ যে যে মুনিগণ গোত্রপ্রবর্ত্তক মুনিগণকে বিশেষরূপে পরিচিত করেন।

বৌধায়ন, আশ্বলায়ন প্রভৃতি রচিত শ্রৌতসূত্রে গোত্রঋষিগণের যেরূপ প্রবর এবং প্রবরের ক্রম নির্দ্দিষ্ট হইয়াছে বর্ত্তমানকালে বঙ্গীয় ব্রাহ্মণ ও বৈদ্যব্রাহ্মণদিগের মধ্যে সর্ব্বত্র সেইরূপ প্রবর বা প্রবরের ক্রম রক্ষিত হয় নাই। কেহ কেহ বলেন যে বেদের শাখান্তর গ্রহণই তাহার কারণ। ধনঞ্জয় রচিত "ধর্ম্মপ্রদীপে" সমস্ত মতের পর্য্যালোচনা ও তাহার মীমাংসা লিখিত আছে।

বঙ্গীয় বৈদ্যদিগের কুলপঞ্জিকা প্রণেতা রামকান্তদাশ কবিকণ্ঠহার ১৬৫৩ খৃষ্টাব্দে তাঁহার "সদ্বৈদ্যকুলপঞ্জিকা"য় বৈদ্যদিগের গোত্রের বিষয় আলোচনা করিয়াছেন।

কণ্ঠহার মতে বৈদ্যদিগের গোত্র দ্বাবিংশতি ; যথা—

"শক্তি কাশ্যপ মৌদ্‌গল্য ধন্বন্তরি কুলোদ্ভবাঃ।
বৈদ্যাঃ কুলীনাঃ সিদ্ধাঃ স্যুঃ তদন্যে সাধ্যসংজ্ঞিতাঃ॥
সেনো দাশশ্চ গুপ্তশ্চ সিদ্ধানাং পদ্ধতিঃ স্মৃতা।
শক্তি ধন্বন্তরি সেনৌ, মৌদ্‌গল্যে দাশ পদ্ধতিঃ
কাশ্যপস্তু ভবেদ্ গুপ্ত ইতি সিদ্ধ নিরূপণম্॥
বৈশ্বানরো ভরদ্বাজঃ কৃষ্ণাত্রেয়োঽঙ্গিরা স্তথা।
শালঙ্কায়ন শাণ্ডিল্যৌ কৌশিকে তথ বাশিষ্ঠকঃ॥
বাৎস্যো গৌতম সাবর্ণ্যালম্যানক এব চ।
আত্রেয়শ্চ তথাদাশ্চ তথা বিষ্ণু মহর্ষিকৌ।
মার্কণ্ডেয়ো ধ্রুবশ্চৈব সাধ্যানাং গোত্র সংগ্রহঃ॥
সোমো রাজশ্চন্দ্রনন্দিধরাঃ কুণ্ডশ্চ রক্ষিতঃ।
দত্ত দেব করাঃ সাধ্যে দশ পদ্ধতয়ঃ স্মৃতাঃ॥
সাধ্যে কুত্রাপি দৃশ্যেত সিদ্ধানাং গোত্র পদ্ধতিঃ।
মহৎপরিগ্রহাৎ স্থানাগাদিত্যাবপি ক্বচিৎ॥
তত্রোত্তমো দত্তদেবৌ, মধ্যমাশ্চ ধরাদয়ঃ।
অধমাঃ কুণ্ড চন্দ্রাদ্যাঃ কর্ম্মসাধ্যাশ্চ তে মতাঃ॥

ইহার ভাবার্থ,— শক্তি, কাশ্যপ, মৌদ্‌গল্য এবং ধন্বন্তরি গোত্রীয় বৈদ্যগণ কুলীন। কুলীনদিগের অপর নাম সিদ্ধ। তদ্ভিন্ন অন্য বৈদ্যগণ সাধ্যসংজ্ঞক। সিদ্ধবৈদ্যদিগের পদ্ধতি সেন, দাশ, এবং গুপ্ত। শক্তি ধন্বন্তরি গোত্রের পদ্ধতি সেন। মৌদ্‌গল্য গোত্রের পদ্ধতি দাশ। কাশ্যপ গোত্রের পদ্ধতি গুপ্ত। এই গেল সিদ্ধদিগের কথা।

এখন সাধ্যদিগের কথা বলা যাইতেছে। তাহাদিগের ১৮টী গোত্র, যথা:- (১) বৈশ্বানর (২) ভরদ্বাজ (৩) কৃষ্ণাত্রেয় (৪) অঙ্গিরা (৫) শালঙ্কায়ন, (৬) শাণ্ডিল্য (৭) কৌশিক (৮) বশিষ্ঠ (৯) বাৎস্য (১০) গৌতম (১১) সাবর্ণ (১২) আলমালক (১৩) আত্রেয় (১৪) আদ্য (১৫) বিষ্ণু (১৬) সপ্তর্ষি (১৭) মার্কণ্ডেয় (১৮) ধ্রুব।

তাঁহাদের পদ্ধতি দশটী যথা:—সোম, রাজ, চন্দ্র, নন্দী, ধর, কুণ্ড রক্ষিত, দত্ত, দেব এবং কর। সাধ্যদিগের মধ্যে কখনও কখনও সিদ্ধদিগের গোত্র এবং পদ্ধতি দেখা যায়।

বৈদ্যজাতির মহৎ ব্যক্তিগণের সহিত নাগ এবং আদিত্য পদ্ধতি বিশিষ্ট ব্যক্তিগণের কখনও কখনও বৈবাহিক আদান প্রদান দেখা যায় বলিয়া নাগ এবং আদিত্যও সাধ্য বৈদ্য দিগের পদ্ধতি বলিয়া স্বীকার করিতে হয়। সাধ্যদিগের মধ্যে আবার দত্ত ও দেব উত্তম, ধর প্রভৃতি মধ্যম এবং কুণ্ড প্রভৃতি অধম। অধম সাধ্যদিগের নামান্তর কষ্টসাধ্য।

মহামহোপাধ্যায় ভরত মল্লিক ১৬৭৫ খৃষ্টাব্দে একখানি রাঢ়ীয় বৈদ্যকুলপঞ্জিকা লেখেন তাহার নাম "চন্দ্রপ্রভা"।

তাঁহার মতে বৈদ্যদিগের গোত্র পঞ্চাশটী। তাহা ছাড়া অন্য গোত্রর বৈদ্য আছে বলিয়া শুনা যায় একথাও তিনি লিখিয়াছেন। যথা—

"অষ্টাত্রিংশদমী গোত্রাঃ সর্ব্বেষাং ভিষজামপি।
প্রত্যেকং তে বিলিখ্যন্তে সেন দাশাদিতঃ ক্রমাৎ॥
ধন্বন্তরিশ্চ শক্তিশ্চ তথা বৈশ্বানরাদ্যকৌ।
মৌদ্গল্য কৌশিকৌ কৃষ্ণাত্রেয় আঙ্গিরসোঽপি চ॥
অষ্টৌ গোত্রানি সেনানাং, দাশানাং তদনন্তরম্।
মৌদ্গল্যোঽথ ভরদ্বাজঃ শালঙ্কায়ন এব চ॥
শাণ্ডিল্যশ্চ বশিষ্ঠশ্চ বাৎস্যশ্চ ষড়মী মতাঃ।
গুপ্তানাং ত্রীণি গোত্রানি কাশ্যপো গৌতমস্তথা॥
সাবর্ণিরপি; দত্তানাং চত্বারঃ পরিকীর্ত্তিতাঃ।
কৌশিকঃ কাশ্যপশ্চৈব শাণ্ডিল্যশ্চাপি তৎপর॥
মৌদ্গল্য ইতি; বিজ্ঞেয়াশ্চত্বারো দেব সম্ভবাঃ
আত্রেয় কৃষ্ণাত্রেয়ৌচ শাণ্ডিল্য আলমালকঃ॥

"করাণামপি চত্বারো ভরদ্বাজঃ পরাশরঃ।
বশিষ্ঠ শক্ত্রী; রাজস্য দ্বৌ বাৎস্যাস্তদনন্তরম্।
মার্কণ্ডেয় উভৌ, সোমে কৌশিকঃ কাশ্যপস্তথা।
মৌদ্‌গল্যো নন্দিনশ্চৈকশ্চন্দ্রস্যৈকো বশিষ্ঠকঃ॥
ধরস্য কাশ্যপঃ প্রোক্তো, ভরদ্বাজশ্চ কুণ্ডকাঃ।
কাশ্যপো রক্ষিতস্যৈকো, গোত্রা এতে প্রকীর্ত্তিতাঃ॥
দত্তানামাদ্যগোত্রাণাং দেশভেদেঽস্তি সন্ততিঃ।
এবং আত্রেয় গোত্রোঽপি দত্তো দেশান্তরে শ্রুতঃ॥
দত্তাঃ কৃষ্ণাত্রেয় গোত্রা দৃশ্যন্তে বহবস্তথা।
তস্মাদ্দত্তস্য গোত্রাণি সপ্ত জ্ঞেয়ানি পণ্ডিতৈঃ॥
করাণাং কাশ্যপো গোত্রো বাৎস্য মৌদ্‌গল্যকাবপি।
দেশভেদেতি বিদ্যন্তে, তৎ করঃ সপ্তগোত্রকঃ॥
রাজঃ কাশ্যপ গোত্রোঽপি তস্মাদ্রাজস্ত্রি গোত্রকঃ।
শ্রূয়ন্তে চ জামদগ্ন্য গোত্রা দেশান্তরে ধরাঃ॥
বহবোঽপি ভরদ্বাজ গোত্রজাঃ সন্তি রক্ষিতাঃ।
ইন্দ্রাদিত্যৌ পরৌ যৌ দ্বৌ বৈদ্যৌ গোত্রাস্তয়োরিমে॥
ইন্দ্রস্য কাশ্যপো গোত্র এক এব প্রকীর্ত্তিতঃ।
আদিত্যানামুভৌ গোত্রাবাদিত্য কৌশিকৌ স্মৃতৌ॥
পঞ্চাদশেতে বিখ্যাতাস্তস্মাদ্ গোত্রা ভিষক্‌কুলে।
যত্তু দেশান্তরে গোত্রমন্যৎ কিমপি চ শ্রুতম্।
দত্তাদীনাং ন তৎ প্রোক্তমপ্রসিদ্ধমতীব তৎ॥"

"চন্দ্রপ্রভা" বৈদ্যদিগের পদ্ধতির সংখ্যা ১৫টী যথা—

সেন, দাশ, গুপ্ত দত্ত, দেব, কর, রাজ, সোম, নন্দী, চন্দ্র, ধর, কুণ্ড, রক্ষিত, ইন্দ্র ও আদিত্য।

১। সেনের গোত্র ৮—ধন্বন্তরি, শক্তি, বৈশ্বানর, আদ্য, মৌদ্‌গল্য, কৌশিক, কৃষ্ণাত্রেয় এবং আঙ্গিরস।

২। দাশের গোত্র ৬—মৌদ্‌গল্য, ভরদ্বাজ, শালঙ্কায়ন, শাণ্ডিল্য, বশিষ্ঠ এবং বাৎস্য।

৩। গুপ্তের গোত্র ৩—কাশ্যপ গৌতম এবং সাবর্ণ।

৪। দত্তের গোত্র ৭—কৌশিক, কাশ্যপ, শাণ্ডিল্য, মৌদ্‌গল্য, আদ্য, আত্রেয় ও কৃষ্ণাত্রেয়।

৫। দেবের গোত্র ৪—আত্রেয়, কৃষ্ণাত্রেয়, শাণ্ডিল্য ও আলমালক।

৬। করের গোত্র ৭—ভরদ্বাজ, পরাশর, বশিষ্ঠ, শক্তি, কাশ্যপ; বাৎস্য ও মৌদ্‌গল্য।

৭। রাজের গোত্র ৩—বাৎস্য, মার্কণ্ডেয় ও কাশ্যপ।

৮। সোমের গোত্র ২—কৌশিক ও কাশ্যপ।

৯। নন্দীর গোত্র ১—মোদ্‌গল্য।

১০। চন্দ্রের গোত্র ১—বশিষ্ঠ।

১১। ধরের গোত্র ২—কাশ্যপ ও জামদগ্ন্য।

১২। কুণ্ডের গোত্র ১—ভরদ্বাজ।

১৩। রক্ষিতের গোত্র ২—কাশ্যপ ও ভরদ্বাজ।

১৪। ইন্দ্রের গোত্র ১—কাশ্যপ।

১৫। আদিত্যের গোত্র ২—আদিত্য ও কৌশিক।

এতদ্ভিন্ন দত্তাদির অন্য দেশে আরও গোত্র আছে বলিয়া শুনা যায় কিন্তু সেই সব গোত্র অতীব অপ্রসিদ্ধ।

"কণ্ঠহার" ও "চন্দ্রপ্রভা" একত্র করিলে আমরা বৈদ্যদিগের ১৬টী পদ্ধতি পাই। যথা সেন, দাশ, গুপ্ত, দত্ত, দেব, কর, রাজ, সোম, নন্দী, চন্দ্র, ধর, কুণ্ড, রক্ষিত, আদিত্য, নাগ, এবং ইন্দ্র।

যদিও ভরত মল্লিকের মতে বিভিন্ন পদ্ধতির বৈদ্যদিগের গোত্রগুলি যোগ করিলে ৫০টী গোত্র পাওয়া যায় তথাপি কণ্ঠহার ও চন্দ্রপ্রভার মধ্যে অনেক গোত্রের সমতা রহিয়াছে। প্রকৃতপক্ষে ভরত ও রামকান্তের ন্যায় মাত্র ২২টী গোত্রেরই উল্লেখ করিয়াছেন।

তবে রামকান্ত ও ভরতের গোত্রগুলি একত্র করিয়া ধরিলে বৈদ্যদিগের ২৭টী গোত্র পাওয়া যায় যথা :—(১) শক্তি (২) ধন্বন্তরি (৩) মৌদ্‌গল্য (৪) কাশ্যপ (৫) বৈশ্বানর (৬) আদ্য (৭) কৌশিক (৮) কৃষ্ণাত্রেয় (৯) ভরদ্বাজ (১০) শালঙ্কায়ন (১১) শাণ্ডিল্য (১২) বশিষ্ঠ (১৩) বাৎস্য (১৪) গৌতম (১৫) আত্রেয় (১৬) আলমালক (১৭) মার্কণ্ডেয় (১৮) অঙ্গিরা (১৯) আঙ্গিরস (২০) সাবর্ণ (২১) সাবর্ণি (২২) পরাশর (২৩) জামদগ্ন্য (২৪) আদিত্য (২৫) বিষ্ণু (২৬) মহর্ষি (২৭) ধ্রুব।

রামকান্তের অঙ্গিরা ও সাবর্ণকে ভরতের আঙ্গিরস ও সাবর্ণির সহিত অভিন্ন ধরিলে মোট গোত্র সংখ্যা ২৫টি দাঁড়ায়।

কণ্ঠহার ও চন্দ্রপ্রভায় লিখিত গোত্রগুলির সহিত বর্ত্তমান সময়ে বৈদ্যব্রাহ্মণদিগের মধ্যে যে সকল গোত্রের সন্ধান পাওয়া গিয়াছে তাহা একত্র করিলে মোট ৪৪টী গোত্রের সন্ধান পাওয়া যায়। নিম্নে বর্ণানুমালাক্রমে গোত্রগুলি লিখিত হইল। বিভিন্ন প্রবরের একই নামে যে সকল গোত্রঋষির নাম পাওয়া গিয়াছে তাঁহাদিগকে বিভিন্ন গোত্রঋষি বলিয়া ধৃত হইয়াছে।

(১) অগ্নিবেশ্ম (২) অভিজিৎ (৩) আঙ্গিরস (৪) আত্রেয় (৫) আত্রেয় (৬) আদিত্য (৭) আদ্য (৮) আদ্য (৯) আদ্য (১০) আলমালক বা আলম্যান (১১) কাশ্যপ (১২) কৃষ্ণাত্রেয় (১৩) কৃষ্ণাত্রেয় (১৪) কৃষ্ণাত্রেয় (১৫) কৌশিক (১৬) কৌশিক (১৭) গার্গ্য (১৮) গর্গ (১৯) গৌতম (২০) ঘৃতকৌশিক (২১) জামদগ্ন্য (২২) জম্বু (২৩) ধ্রুব (২৪) ধন্বন্তরি (২৫) পরাশর (২৬) বশিষ্ঠ (২৭) বশিষ্ঠ (২৮) বশিষ্ঠ (২৯) বাৎস্য (৩০) বাৎস্য (৩১) ব্যাস-মহর্ষি (৩২) বিষ্ণু (৩৩) বৈশ্বানর (৩৪) ভরদ্বাজ (৩৫) ভরদ্বাজ (৩৬) ভরদ্বাজ (৩৭) মহর্ষি (৩৮) মার্কণ্ডেয় (৩৯) মৌদ্‌গল্য (৪০) শক্তি (৪১) শাণ্ডিল্য (৪২) শালঙ্কায়ন (৪৩) সাবর্ণ বা সাবর্ণি (৪৪) সৌপায়ন।

এই ৪৪টী গোত্রের মধ্যে বর্ত্তমান সময়ে বৈদ্যব্রাহ্মণদিগের মধ্যে নিম্নলিখিত ৬টী গোত্রের অস্তিত্ব অবগত হওয়া যায়না, যথা—

(১) আলমালক (২) আঙ্গিরস (৩) আদিত্য (৪) মহর্ষি (৫) ধ্রুব (৬) জম্বু।

সুতরাং বর্ত্তমানকালে বৈদ্যব্রাহ্মণদিগের মোট গোত্রসংখ্যা ৩৮টী।

এখন এই গোত্রগুলির প্রবর লিখিত হইতেছে। "কণ্ঠহার" প্রবর সম্বন্ধে কিছুই লিখিয়া যান নাই। ভরত মল্লিক যাহা কিছু লিখিয়া গিয়াছেন তাহা লিখিত হইতেছে।

ভরত মল্লিকের বৈদ্যদিগের প্রবর সম্বন্ধে উক্তি এইরূপ :—

"প্রবরাঃ পঞ্চ সেনানাং ধন্বন্তরি কুলোদ্ভবাম্।
বিনির্দ্দিষ্টা যথা তে চ ধন্বন্তর্ষ্যপসারকৌ॥
নৈয়ধ্রুবশ্চাঙ্গিরসো বার্হস্পত্য ইতি ক্রমাৎ।
শক্তি গোত্রে ত্রয়ঃ শক্তি-পরাশর-বশিষ্ঠকাঃ॥
প্রবরাঃ পঞ্চ দাশানামৌর্ব্ব-চ্যবন-ভার্গবাঃ।
জামদগ্ন্যশ্চাপ্লবানঃ প্রোক্তা মৌদ্গল্য গোত্রজাঃ॥
গুপ্তানাং ত্রয় এবৈতে কাশ্যপোঽপ্যপসারকঃ।
নৈয়ধ্রুবোঽমী প্রবরা কাশ্যপান্বয়সম্ভবাম্॥
দত্তে ত্রয়ঃ কৌশিকানাং শাণ্ডিল্যাসিতদেবলাঃ।
কৃষ্ণাত্রেয়ো বশিষ্ঠশ্চ আত্রেয়শ্চেতি চ ত্রয়ঃ॥
দত্তানাং প্রবরা এতে কৃষ্ণাত্রেয় কুলোদ্ভবাম্।
আত্রেয়গোত্রজাতানাং দেবানাঞ্চ তথা ত্রয়ঃ॥
আত্রেয় আঙ্গিরসকো বার্হস্পত্য ইতি ক্রমাৎ।
করে ভরদ্বাজগোত্রে কথিতাঃ প্রবরাস্ত্রয়ঃ॥
ভরদ্বাজো ভার্গবশ্চ চ্যবনশ্চ ক্রমাদমী।
রাজবংশে বাৎস্যগোত্রে ত্রয়োঽমী প্রবরাঃ স্মৃতাঃ॥
বাৎস্যোঽসিতস্তথা মার্কণ্ডেয় এবং ক্রমাদিতি।
অথ কৌশিকগোত্রস্য সোমস্য প্রবরাস্ত্রয়ঃ॥
কৌশিকঃ কাশ্যপশ্চৈব ভার্গবশ্চেত্যমী ক্রমাৎ।
সেনাদিনামনুক্তা যে আদ্যগোত্রাদিসম্ভবাম্॥
প্রবরাস্তেঽপি বিজ্ঞেয়াস্তত্তৎ কুলবিদাং মুখাৎ।
নন্দ্যাদীনাং বরেন্দ্রেষু স্থিতানাং প্রবরাশ্চ যে॥
বিজ্ঞেয়াস্তে চ নিখিলাস্তেষাং কুলবিদাং মুখাৎ॥

ইহার ভাবার্থ এই :—

"১। ধন্বন্তরি গোত্র সেনের ৫ প্রবর—ধন্বন্তরি, অপসার নৈয়ধ্রুব, আঙ্গিরস, বার্হস্পত্য।
২। শক্তি গোত্র সেনের ৩ প্রবর—শক্তি, পরাশর, বশিষ্ঠ।
৩। মৌদ্গল্য গোত্র দাশের ৫ প্রবর—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্ন্য আপ্লুবান।
৪। কাশ্যপ গোত্র গুপ্তের ৩ প্রবর—কাশ্যপ, অপসার, নৈয়ধ্রুব।
৫। কৌশিক গোত্র দত্তের ৩ প্রবর—শাণ্ডিল্য, অসিত, দেবল।

৬। কৃষ্ণাত্রেয় গোত্রীয় দত্তের ৩ প্রবর—কৃষ্ণাত্রেয়, বশিষ্ঠ, আত্রেয়।

৭। আত্রেয় গোত্রীয় দেবের ৩ প্রবর—আত্রেয়, আঙ্গিরস, বার্হস্পত্য।

৮। ভরদ্বাজ গোত্রীয় করের ৩ প্রবর—ভরদ্বাজ, ভার্গব, চ্যবন।

৯। বাৎস্য গোত্রীয় রাজের ৩ প্রবর—বাৎস্য, অসিত, মার্কণ্ডেয়।

১০। কৌশিক গোত্রীয় সোমের ৩ প্রবর—কৌশিক, কাশ্যপ, ভার্গব।

আত্ম গোত্র সেনাদি প্রভৃতির প্রবর তাঁহাদিগের নিজ নিজ কুলজ্ঞদিগের মুখ হইতে জানিয়া লইবেন। নন্দী প্রভৃতি উপাধিধারী যে সকল বারেন্দ্র বৈদ্য আছেন তাঁহাদিগের প্রবরও নিজ নিজ কুলজ্ঞদিগের নিকট জানিয়া লইবেন।

বাংলার অন্যান্য শ্রেণীর ব্রাহ্মণগণের সহিত বৈদ্যব্রাহ্মণদিগের গোত্রের তুলনা

স্বর্গীয় লালমোহন বিদ্যানিধি মহাশয় তাঁহার "সম্বন্ধ নির্ণয়" গ্রন্থে ধনঞ্জয়ের ব্রাহ্মণের ৪২ গোত্রের একটি তালিকা দিয়াছেন। তালিকাটী এই :—

(১) শাণ্ডিল্য (২) কাশ্যপ (৩) বাৎস্য (৪) সাবর্ণ (৫) ভরদ্বাজ (৬) গৌতম (৭) সৌকালীন (৮) কল্মিষ (৯) অগ্নিবেশ্য (১০) কৃষ্ণাত্রেয় (১১) বশিষ্ঠ (১২) বিশ্বামিত্র (১৩) কুশিক (১৪) কৌশিক (১৫) ঘৃতকৌশিক (১৬) মৌদ্গল্য (১৭) আলম্যান (আলম্বায়) (১৮) পরাশর (১৯) সৌপায়ন (২০) অত্রি (২১) বাসুকি (২২) রোহিত (২৩) বৈয়াঘ্রপদ্য (২৪) জামদগ্ন্য (২৫) বৃহস্পতি (২৬) কাঞ্চন (২৭) বিষ্ণু (২৮) কাত্যায়ন (২৯) আত্রেয় (৩০) কাণ্ব (৩১) সাঙ্কৃতি (৩২) কৌণ্ডিল্য (৩৩) গর্গ (৩৪) আঙ্গিরস (৩৫) অনাবৃক্ (৩৬) অবা (৩৭) জৈমিনি (৩৮) বৃদ্ধ (৩৯) শক্তি (৪০) কাণ্বায়ন (৪১) শুনক (৪২) জমদগ্নি।

স্বর্গীয় নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণবের "বঙ্গের জাতীয় ইতিহাস" উৎকলকারিকা ও স্বর্গীয় দুর্গাদাস লাহিড়ীর "পৃথিবীর ইতিহাস" অবলম্বনে বিভিন্ন শ্রেণীর ব্রাহ্মণদিগের গোত্রের তালিকা প্রভৃতি অতঃপর লিখিত হইতেছে :—

সপ্তশতী ব্রাহ্মণদিগের গোত্র।

১। শুনক ২। গৌতম ৩। কাশ্যপ ৪। কৌণ্ডিন্য ৫। পরাশর ৬। বশিষ্ঠ ৭। হারীত ৮। কৌৎস ৯। শাণ্ডিল্য ১০। আলম্বায়ন।

রাঢ়ীয় ও বারেন্দ্র ব্রাহ্মণদিগের গোত্র।

১। ভরদ্বাজ ২। শাণ্ডিল্য ৩। কাশ্যপ ৪। সাবর্ণ ৫। বাৎস্য।

বৈদিক (পাশ্চাত্য, দাক্ষিণাত্য, ভট্টপল্লী, শ্রীহট্ট) ব্রাহ্মণদের গোত্র।

১। শুনক ২। শৌনক ৩। ভরদ্বাজ ৪। কাশ্যপ ৫। সাবর্ণ ৬। বাৎস্য ৭। শাণ্ডিল্য ৮। পরাশর ৯। বশিষ্ঠ ১০। কৃষ্ণাত্রেয় ১১। আত্রেয় ১২। ঘৃত কৌশিক ১৩। গৌতম ১৪। কৌশিক ১৫। মৌদ্গল্য ১৬। রথীতর ১৭। সঙ্কর্ষণ ১৮। অগ্নিবেশ্ম ১৯। উতথ্য ২০। কাত্যায়ন ২১। স্বর্ণকৌশিক ২২। বৎস ২৩। কাথায়ন ২৪। কুশিক ২৫। জাতুকর্ণ।

জিঝোতিয়া ব্রাহ্মণদিগের গোত্র।

১। পুণ্ডরীক ২। বন্ধুল ৩। গর্গ ৪। মেহরস ৫। ভরদ্বাজ ৬। বাৎস্য ৭। শাণ্ডিল্য ৮। কাশ্যপ।

আচার্য্য ব্রাহ্মণদিগের গোত্র।

১। ভরদ্বাজ ২। শাণ্ডিল্য ৩। কাশ্যপ ৪। সাবর্ণ ৫। বাৎস্য ৬। পরাশর ৭। মৌদ্গল্য ৮। গৌতম ৯। ঘৃতকৌশিক ১০। জামদগ্ন্য ১১। গর্গ ১২। জমদগ্নি ১৩। আলম্যান ১৪। মৌঞ্জায়ন ১৫। অগ্নি-ঋষি।

উৎকলীয় বৈদিক ব্রাহ্মণদিগের গোত্র।

১। ভরদ্বাজ ২। পরাশর ৩। মৌদ্গল্য ৪। কাশ্যপ ৫। ধন্বন্তরি ৬। শাণ্ডিল্য :

উৎকলীয় জাজপুরী ব্রাহ্মণদিগের গোত্র।

১। কপিল ২। কুমার ৩। কৌশিক ৪। কৃষ্ণাত্রেয় ৫। কামকায়ন ৬। কাত্যায়ন।

(১) ধনঞ্জয়ের ব্রাহ্মণদিগের গোত্রের তালিকা এবং বৈদ্যব্রাহ্মণদিগের গোত্রের তালিকা তুলনা করিলে দেখিতে পাই যে বৈদ্যের নিম্নলিখিত ১৮টী গোত্র তাঁহার তালিকায় আছে :—

(১) শক্তি (২) মৌদ্গল্য (৩) কাশ্যপ (৪) কৌশিক (৫) কৃষ্ণাত্রেয় (৬) ভরদ্বাজ (৭) শাণ্ডিল্য (৮) বশিষ্ঠ (৯) বাৎস্য (১০) গৌতম (১১) আত্রেয় (১২) আঙ্গিরস (১৩) সাবর্ণ (১৪) পরাশর (১৫) জামদগ্ন্য (১৬) বিষ্ণু (১৭) ঘৃত কৌশিক (১৮) গর্গ। আমাদের আলমালক গোত্রকে আলম্যান হইতে স্বতন্ত্র বলিয়া ধরা হইয়াছে।

(২) সপ্তশতী, রাঢ়ীয়, বারেন্দ্র এবং বৈদিক ব্রাহ্মণদিগের গোত্রগুলি একত্র করিয়া ২৯টী গোত্র হয়, তাহার সহিত বৈদ্যব্রাহ্মণদিগের নিম্নলিখিত ১৩টী গোত্রের মিল দেখা যায়:—
(১) ভরদ্বাজ (২) কাশ্যপ (৩) সাবর্ণ (৪) বাৎস্য (৫) শাণ্ডিল্য (৬) পরাশর (৭) বশিষ্ঠ (৮) কৃষ্ণাত্রেয় (৯) আত্রেয় (১০) ঘৃতকৌশিক (১১) গৌতম (১২) কৌশিক (১৩) মৌদ্‌গল্য।

(৩) জিঝোতিয়া ব্রাহ্মণদিগের গোত্র তালিকায় বৈদ্যব্রাহ্মণদিগের নিম্নলিখিত ৫টী গোত্রের মিল দেখা যায়:—
(১) গর্গ (২) ভরদ্বাজ (৩) বাৎস্য (৪) শাণ্ডিল্য (৫) কাশ্যপ।

(৪) আচার্য্য ব্রাহ্মণদিগের গোত্র তালিকায় বৈদ্যব্রাহ্মণদিগের ১১টী গোত্রের মিল হয়:—
(১) ভরদ্বাজ (২) শাণ্ডিল্য (৩) কাশ্যপ (৪) সাবর্ণ (৫) বাৎস্য (৬) পরাশর (৭) মৌদ্‌গল্য (৮) গৌতম (৯) ঘৃতকৌশিক (১০) জামদগ্ন্য (১১) গর্গ।

(৫) বৈদ্য ব্রাহ্মণদিগের নিম্নলিখিত গোত্রগুলি কোন তালিকায় পাওয়া যায় না:—
(১) ধন্বন্তরি (২) বৈশ্বানর (৩) আদ্য (৪) শালঙ্কায়ন (৫) আলমালক (৬) মার্কণ্ডেয় (৭) আদিত্য (৮) মহর্ষি (৯) ধ্রুব (নৈধ্রুব) (১০) জম্বু (১১) ব্যাস মহর্ষি (১২) অভিজিৎ।

(৬) আদিত্য, মহর্ষি, ব্যাস মহর্ষি ও জম্বু গোত্রের নাম কল্পসূত্রাদিতে পাওয়া যায়না। "ধ্রুব" স্থানে "নৈধ্রুব" ধরিলে নৈধ্রুব কল্পসূত্রে পাওয়া যায়। 'বৈশ্বানর' স্থলে কল্পসূত্রে ও মৎস্যপুরাণে "বৈশ্বানরি নাম পাওয়া যায়। শালঙ্কায়ন এবং শালঙ্কায়নি উভয়ই কল্প সূত্রাদিতে পাওয়া যায়। আলমালক কিংবা আলমাল না পাওয়া গেলেও মৎস্যপুরাণে "আলবাল" গোত্রের নাম পাওয়া যায়। মার্কণ্ডেয় ও অভিজিৎ গোত্র কল্পসূত্রে পাওয়া যায়।

নিম্নে বৈদ্যব্রাহ্মণদিগের গোত্রঋষি ও প্রবরঋষির পরিচয় এবং তাঁহাদিগের কৌলিক পদবি বা পদ্ধতিগুলি প্রদত্ত হইল ঃ —

১। **গোত্রকর্ত্তা ঋষি শক্তি বা শক্তি গোত্র** — শক্তি গোত্রের তিন প্রবর—(১) শক্তি (২) বশিষ্ঠ (৩) পরাশর। **পদ্ধতি**—সেন, কর, পাল, ভট্টাচার্য্য।

ভরতমল্লিক "চন্দ্রপ্রভা"য় শক্তি গোত্রের প্রবর লিখিয়াছেন
"শক্তি গোত্রে ত্রয়ঃ শক্তি পরাশর বশিষ্ঠকাঃ।"
ধনঞ্জয় কৃত "ধর্ম্মপ্রদীপের" গোত্রপ্রবর বিবেক অধ্যায়ে শক্তি গোত্রের প্রবর লিখিত আছে —"শক্তি পরাশর বশিষ্ঠাঃ।"
শক্তি গোত্রের আদি ঋষি বশিষ্ঠ। বশিষ্ঠ ব্রহ্মার পুত্র।
"সতু ব্রহ্মণে প্রাণাজ্জাত" ভাগবত। এই বশিষ্ঠ ব্রহ্মর্ষি বলিয়া খ্যাত।
ইনি সপ্তঋষির অন্যতম ঋষি। ইনি বৈবস্বত মন্বন্তরের ঋষি।
বশিষ্ঠের পুত্র শক্তি। শক্তির পুত্র পরাশর।
[কাত্যায়নের কল্পসূত্রে ভরদ্বাজ বংশে গোত্র প্রবর্ত্তক একজন ঋষির নাম শক্তি পাওয়া যায়। তাঁহারও তিন প্রবর যথা—(১) আঙ্গিরস (২) আমহীয় (৩) উরুক্ষায়স। আশ্বলায়ন মতেও ভরদ্বাজবংশে গোত্র প্রবর্ত্তক একজন ঋষির নাম শক্তি। তাঁহারও তিন প্রবর যথা—(১) শক্তি (২) গৌরবীতি (৩) সাঙ্কৃতি, বিকল্পে (১) আঙ্গিরস (১) গৌরবীতি (৩) সাঙ্কৃতি।]
সেন পদ্ধতির শক্তি গোত্র রাঢ়, বঙ্গ ও পূর্ব্বদেশে সর্ব্বত্র বিদ্যমান।

["আদিশূর ও বল্লাল সেন" গ্রন্থ প্রণেতা ৺পার্ব্বতীশঙ্কর রায় চৌধুরী ১২৮৪ বঙ্গাব্দে তাঁহার গ্রন্থে পাল রাজবংশকে শক্তি গোত্র প্রভব বলিয়া প্রকাশ করিয়াছেন। শ্রীহট্টের পঞ্চখণ্ডে পাল রাজবংশের এক জ্ঞাতিবংশ অদ্যাবধি বর্ত্তমান আছে। "কণ্ঠহার" ও "চন্দ্রপ্রভা"য় পাল বংশের সহিত সদ্‌বৈদ্যগণের আদান প্রদান লিপিবদ্ধ আছে। মহারাজ বল্লাল সেন পাল রাজ বংশের অধস্তন সন্তান ধর্ম্মপালকে বিক্রমপুর সমাজে স্থাপিত করেন।।] নোয়াখালি জেলার বৈদ্যবাটীতে ভট্টাচার্য্য উপাধিধারী শক্তি গোত্রীয় সেনবংশ বিদ্যমান আছে।

২। **ধন্বন্তরি গোত্র**। ধন্বন্তরি গোত্রের ৫ প্রবর—(১) ধন্বন্তরি (২) অপ্‌সার (৩) নৈধ্রুব (৪) আঙ্গিরস (৫) বার্হস্পত্য। **পদ্ধতি**—সেন, পাঁড়ে।
(বাঁকুড়া জেলার ত্রিলুড়ী গ্রামে ও মানভুম জেলার মধুতটী গ্রামে পাঁড়ে উপাধিধারী বৈদ্যবংশ বিদ্যমান আছে। তাঁহারা ধন্বন্তরি গোত্রীয়)

ধন্বন্তরি গোত্রের আদি ঋষি ভৃগু অথবা অত্রি অথবা কশ্যপ।

(১) ভৃগু—বৌধায়নের কল্পসূত্রের মহাপ্রবর খণ্ডে ভৃগু গোত্রকাণ্ডের শুনক গোত্রগণের মধ্যে একজন গোত্রঋষি গৃৎসমদ। গৃৎসমদ ঋষির পুত্র শৌনক। শৌনকের পুত্র দীর্ঘতমা। দীর্ঘতমার পুত্র বৈদ্যধন্বন্তরি। বৈদ্যধন্বন্তরি পুত্র কেতুমান।

২। **ধন্বন্তরি গোত্র।** (১) ধন্বন্তরি গোত্রের আদি ঋষি ভৃগু। প্রমাণ—

ভৃগু
|
গৃৎসমদ
|
শৌনক
|
দীর্ঘতম (কাশী)
|
বৈদ্য ধন্বন্তরি
|
কেতুমান

"ঋগ্বেদে বর্ত্ততে চাগ্র্যা শ্রুতির্যস্য মহাত্মনঃ।
যৎগৃৎসমদো ব্রহ্মণ ব্রাহ্মণৈঃ স মহীয়তে॥
স ব্রহ্মচারী বিপ্রর্ষি শ্রীমন্ গৃৎসমদোঽভবৎ।" মহাভারত।

"গৃৎসমদাৎ শৌনকোঽভুৎ কাশ্যাং দীর্ঘতমস্তদা।
বৈদ্য ধন্বন্তরিস্তস্মাৎ কেতুমাংশ্চ তদাত্মজঃ॥
(গরুড় পুরাণ ১৩৯ অধ্যায়, ১০ শ্লোক)

গোত্রঋষি গৃৎসমদের এক প্রবর শুনক বিকল্পে গার্ৎসমদ।

(২) ধন্বন্তরি গোত্রের আদি ঋষি অত্রি। অত্রি বংশের যে ধারায় ধন্বন্তরির উৎপত্তি সে ধারাটী শ্রদ্ধেয় যোগেন্দ্রমোহন সেন শর্ম্মা ১৩৩৯ বৈদ্যাব্দের বৈদ্য প্রতিভার ২০১ পৃষ্ঠায় যে ভাবে প্রকাশ করিয়াছেন তাহা সংক্ষেপে নিম্নে প্রদত্ত হইল।

১। অত্রি—২। চন্দ্র—৩। বুধ—৪। পুরুরবা।—৫। আয়ু।—৬। ক্ষত্রবৃদ্ধ ৭। সুহোত্র।—৮। কাশ—৯। কাশীরাজ—১০। দীর্ঘতমা—১১। ধন্ব ১২। ধন্বন্তরি—১৩। কেতুমান—১৪। সুদেব—১৫। দিবোদাস—১৬। প্রতর্দ্দন—১৭। ভার্গ—১৮। বৈশ্বানর—১৯। ভৃগু।

তিনি ৭। সুহোত্রর আর এক পুত্র বা শাখার নাম দিয়াছেন ৮। গৃৎসমদ ৯। শুনক—১০। শৌনক।

তিনি ভৃগু বংশেও আর এক গৃৎসমদের শাখার উল্লেখ করিয়াছেন, যথা—

তিনি লিখিয়াছেন যে অত্রিবংশীয় বহু গোত্র যে ভৃগুবংশে প্রবেশ লাভ করিয়াছে তাহা গোত্র প্রবর নিবন্ধ কদম্বের উপরে প্রকাশিত বংশধারা হইতেই প্রমাণিত হয়। তিনি লিখিয়াছেন যে ধন্বন্তরি হইতে বহু শাখা নির্গত হইয়া বহু গোত্রের সৃষ্টি করিয়াছে। আঙ্গিরস, বার্হস্পত্য, অপ্সার, নৈধ্রুব, প্রবর সংযুক্ত গৌতম, সৌকালিন, সৌপায়ন, শালঙ্কায়ন প্রভৃতি গোত্রেরও জনয়িতা ধন্বন্তরি।

২। ধন্বন্তরি গোত্র—(৩) ধন্বন্তরি গোত্রের আদি ঋষি কশ্যপ।

বোধায়নের কল্পসূত্রে কশ্যপ গোত্রকাণ্ডের শাণ্ডিল্য শাখা বা গোত্রগণের মধ্যে গোত্র প্রবর্ত্তক ঋষি ধন্বন্তরির নাম পাওয়া যায়। শাণ্ডিল্য শাখার তিন প্রবর যথা—

(১) কাশ্যপ (২) আবৎসার (৩) দেবল।

কশ্যপ গোত্রকাণ্ডের নৈধ্রুব শাখার প্রবর— (১) কাশ্যপ (২) আবৎসার (৩) নৈধ্রুব।

ভরদ্বাজ গোত্রেয় প্রবর— (১) ভরদ্বাজ (২) আঙ্গিরস (৩) বার্হস্পত্য

ধন্বন্তরি গোত্রের প্রবর— (১) ধন্বন্তরি (২) অপ্সার (৩) নৈধ্রুব (৪) আঙ্গিরস (৫) বার্হস্পত্য।

এই প্রবরগুলি আলোচনা করিলে গোত্রঋষি ধন্বন্তরিকে আদিঋষি কশ্যপ বংশোদ্ভব বলিয়া মনে হয়। ধন্বন্তরি গোত্রের প্রবরগুলি দুই গোত্র হইতে সংগৃহীত। কশ্যপ বংশ হইতে ধন্বন্তরি, অপ্সার ও নৈধ্রুব এবং ভরদ্বাজ বংশ হইতে অঙ্গিরা ও বৃহস্পতি সংগৃহীত। বোধায়নের গোত্রপ্রবর নির্ণয়ভাগে এইরূপ দুই মূল গোত্রঋষি হইতে প্রাপ্ত প্রবরান্বিত আরো অনেক গোত্রের উল্লেখ আছে।

৩। বৈশ্বানর গোত্র— বৈশ্বানর গোত্রের ৫ প্রবর (১) ঔর্ব (২) চ্যবন (৩) ভার্গব (৪) জামদগ্ন্য (৫) আপ্নুবান।

পদ্ধতি সেন।

বৈশ্বানর গোত্রের আদিঋষি ভৃগু অথবা অত্রি।

(১) বোধায়নের কল্পসূত্রে ভৃগু গোত্রকাণ্ডের বৎস গোত্রগণের মধ্যে গোত্রঋষি বৈশ্বানরির নাম পাওয়া যায়। তাহাদের পাঁচ প্রবর, যথা (১) ভার্গব (২) চ্যবন (৩)আপ্নবান (৪) ঔর্ব (৫) জামদগ্ন্য। ধনঞ্জয়ের গোত্রকারিকায় বৈশ্বানরের নাম নাই।

(২) অত্রির বংশধারা ধন্বন্তরি গোত্রের বিবরণে দ্রষ্টব্য।

[বঙ্গের সেন রাজবংশ বৈশ্বানর গোত্রপ্রভব ছিলেন]

আদি বৈদ্য ব্রহ্মর্ষি অত্রির পুত্র চন্দ্র। চন্দ্র সত্যযুগের আদি বৈদ্য। সেই চন্দ্রের অধস্তন বংশে গোত্রঋষি বৈশ্বানর অধিষ্ঠিত। সেন পদ্ধতির বৈশ্বানর গোত্র রাঢ়, বঙ্গ ও পূর্ব্ববদেশের বৈদ্যসমাজে বর্ত্তমান আছে।

৪। আদ্য গোত্র— ৩ প্রবর (১) আদ্য (২) আঙ্গিরস (৩) বার্হস্পত্য।

পদ্ধতি সেন।

চুপী বৰ্দ্ধমান, দাতুপুর নদীয়া ও বিক্রমপুরের আদ্যগোত্রীয় সেনদিগের ঐ তিন প্রবর। এই আদ্যগোত্রের আদিঋষি অঙ্গিরা বলিয়া মনে হয়। অঙ্গিরার পুত্র গৌতম ও ভরদ্বাজ। ভরদ্বাজ গোত্রের তিন প্রবর (১) ভরদ্বাজ (২) আঙ্গিরস (৩) বার্হস্পত্য।

কল্পসূত্রকারদিগের শ্রৌতগ্রন্থে আদ্যগোত্রের নাম নাই।

৫। **আদ্য গোত্র**— ৫ প্রবর (১) আদ্য (২) অত্রি (৩) অর্জ্জুন (৪) ভার্গব (৫) বার্হস্পত্য।
পদ্ধতি সেন দত্ত।

চট্টগ্রামের আদ্যগোত্রীয় সেনদিগের উল্লিখিত পাঁচ প্রবর। এই আদ্য গোত্রের আদিঋষি নির্ণয় করা দুরূহ। প্রবর মধ্যে আদিঋষি অত্রির নাম আগে থাকায় আদিঋষি অত্রি বলিয়া ধৃত হইল।

[ধনঞ্জয়ের গোত্র তালিকায়, কিম্বা বৌধায়ন, আপস্তম্ব, কাত্যায়ন, আশ্বলায়ন বা মৎস্য পুরাণে আদ্যগোত্রের নাম নাই।]

আদ্যগোত্রীয় দত্তের তিন প্রবর— (১) আদ্য (২) অত্রি (৩) অর্জ্জুন।

৬। **মৌদ্গল্য গোত্র**— ৫ প্রবর (১) ঔর্ব্ব (২) চ্যবন (৩) ভার্গব (৪) জামদগ্ন্য (৫) আপ্নুবান্।

পদ্ধতি সেন দাশ, দত্ত, কর, নন্দী।

গোত্রপ্রবর্ত্তক মৌদ্গল্য মূলগোত্র প্রবর্ত্তক ঋষি ভৃগুর বংশধর। কারণ ভৃগু বংশের শাখার প্রবর :—

(ক) বৌধায়ন, আপস্তম্ব মতে ৫টী— (১) ভার্গব (২) চ্যবন (৩) আপ্নবান্ (৪) ঔর্ব্ব (৫) জামদগ্ন্য।

(খ) আপস্তম্বের বৈকল্পিকমতে ৩টী— (১) ভার্গব (২) ঔর্ব্ব (৩) জামদগ্ন্য।

(গ) ধনঞ্জয় মতে— "ঔর্ব্বচ্যবনভার্গব জামদগ্ন্যাপ্নুবতঃ।"

[বৌধায়নে মূল গোত্রপ্রবর্ত্তক ঋষি অত্রির চতুর্থ শাখায় একজন গোত্রঋষি মুদ্গলের নাম পাওয়া যায়। ইঁহাদের প্রবর ৩টী— (১) আত্রেয় (২) অর্চনশ (৩) মৌদ্গল্য] মৌদ্গল্য দাশ রাঢ় ও বঙ্গে সর্ব্বত্র বিদ্যমান। হাওড়া জেলার উলুবেড়িয়া মহকুমার গাজিপুর গ্রামে মৌদ্গল্য দত্ত বিদ্যমান আছেন।

৭। **কৌশিকগোত্র**— ৩ প্রবর (১) কৌশিক (২) অত্রি (৩) জামদগ্ন্য।
পদ্ধতি সেন।

[কৌশিক বিশ্বামিত্রের নামান্তর। বৌধায়নে বিশ্বামিত্র গোত্রকাণ্ডের প্রথম শাখায় গোত্রঋষি কুশিকের নাম পাওয়া যায়। ইহাঁদের ৩ প্রবর— (১) বৈশ্বামিত্র (২) অষ্টক (৩) লোহিত।

ধনঞ্জয় মতে— "কৌশিকাত্রিজমদগ্নয়ঃ।" এই তিনটী প্রবর মূলগোত্র প্রবর্ত্তক তিনজন ঋষি হইতে গৃহীত বলিয়া মনে হয়।]

৮। **কৃষ্ণাত্রেয় গোত্র**— ৩ প্রবর (১) কৃষ্ণাত্রেয় (২) আত্রেয় (৩) আবাস।
পদ্ধতি সেন।

গোত্রপ্রবর্ত্তক কৃষ্ণাত্রেয় মূল গোত্রপ্রবর্ত্তকঋষি অত্রির বংশধর।

[বৌধায়নে অত্রিগোত্রকাণ্ডের প্রথম শাখায় কৃষ্ণাত্রেয় একজন গোত্রঋষি। ইহাদের ৩ প্রবর— (১) আত্রেয় (২) অর্চনাশ (৩) আনসশ্যাব। ধনঞ্জয় মতে—
"কৃষ্ণাত্রেয়াত্রেয়াবাসাঃ।"

৯। **আঙ্গিরস গোত্র**— ৩ প্রবর (১) বশিষ্ঠ (২) আঙ্গিরস (৩) বার্হস্পত্য।

পদ্ধতি সেন, রক্ষিত।

গোত্র প্রবর্ত্তক আঙ্গিরস আদিঋষি অঙ্গিরার বংশধর। ধনঞ্জয় মতে আঙ্গিরস গোত্রের প্রবর :— "আঙ্গিরস বশিষ্ঠ বার্হস্পত্য।"

(এই বশিষ্ঠ অঙ্গিরা বংশীয়। ইনি ব্রহ্মার মানসপুত্র বশিষ্ঠ নহেন।)

[কাশ্যপ গোত্রকাণ্ডের নিধ্রুব শাখার একজন গোত্র ঋষির নাম আঙ্গিরস। তাঁহাদের ৩ প্রবর (১) নিধ্রুব (২) আপসার (৩) কাশ্যপ]

১০। **আত্রেয় গোত্র**— ৩ প্রবর (১) আত্রেয় (২) শতাতপ (৩) সাংখ্য।

পদ্ধতি সেন দত্ত।

ধনঞ্জয় মতে আত্রেয় গোত্রের প্রবর— "আত্রেয় শতাতপসাংখ্যাঃ।

(মেদিনীপুরের আত্রেয় গোত্র সেন দিগের ঐ তিন প্রবর। ৺বসন্তকুমার সেনের "বৈদ্যজাতির ইতিহাস" গ্রন্থে আত্রেয় দত্তের ঐ তিন প্রবর লিখিত আছে।)

১১। **ব্যাসমহর্ষি গোত্র**— ৩ প্রবর (১) ব্যাস-মহর্ষি (২) আঙ্গিরস (৩) বার্হস্পত্য।

পদ্ধতি সেন।

(শ্রীহট্টের আদিত্যপুরে ব্যাস মহর্ষি গোত্রের সেন বিদ্যমান আছেন)

১২। **মৌদ্‌গল্য গোত্র**— ৫ প্রবর (১) ঔর্ব্ব (২) চ্যবন (৩) ভার্গব (৪) জামদগ্ন্য (৫) আপ্লুবান্।

পদ্ধতি দাশ।

ধনঞ্জয়ের ধর্ম্মপ্রদীপের গোত্রপ্রবর বিবেক অধ্যায়ে মৌদগল্য গোত্রের প্রবর লিখিত আছে "ঔর্ব্বচ্যবনভার্গবজামদগ্ন্যাপ্লুবতঃ।" মৌদগল্য দাশ রাঢ়, বঙ্গ, পূর্ব্বদেশ প্রভৃতি সকল সমাজেই বিদ্যমান।

১৩। **ভরদ্বাজ গোত্র**— ৩ প্রবর (১) ভরদ্বাজ (২) আঙ্গিরস (৩) বার্হস্পত্য।

পদ্ধতি দাশ, দত্ত, ধর, কুণ্ড, রক্ষিত, মিশ্র।

গোত্র প্রবর্ত্তক ভরদ্বাজ মূলগোত্র ঋষিঅঙ্গিরার বংশধর।

[বৌধায়নের কল্পসূত্রে ভরদ্বাজগোত্রকাণ্ডের ভরদ্বাজগোত্রগণের মধ্যে একজন গোত্রঋষি ভরদ্বাজ। তাঁহাদের ৩ প্রবর (১) আঙ্গিরস (২) বার্হস্পত্য (৩) ভরদ্বাজ ধনঞ্জয় মতে ভরদ্বাজ গোত্রের প্রবর "ভরদ্বাজাঙ্গিরসবার্হস্পত্যা।"]

(১) ভরদ্বাজ দাশ বিক্রমপুর, নোয়াখালী, চট্টগ্রাম প্রভৃতি স্থানে বিদ্যমান আছেন।
(২) ভরদ্বাজ দত্ত ঢাকা মুনসীগঞ্জ ও ত্রিপুরা কালিকচ্ছে বিদ্যমান আছেন।
(৩) ভরদ্বাজ ধরের সত্তা বর্ত্তমানে অজ্ঞাত।
(৪) ভরদ্বাজ কুণ্ড বংশে ধন্বন্তরিকল্প গঙ্গাধর কবিরাজ জন্মগ্রহণ করেন। যশোহর, মুর্শিদাবাদ ও পাবনায় ভরদ্বাজ কুণ্ডবংশ অবস্থিত।
(৫) ভরদ্বাজ রক্ষিত চুপিগ্রামে, ২৪ পরগণার মরিচাগ্রামে ও চট্টলে অবস্থিত।
(৬) ভরদ্বাজ মিশ্র ঢাকা বানারিগ্রামে বিদ্যমান আছেন।

১৪। (ক) **শালঙ্কায়ন গোত্র।** ৫ প্রবর—(১) শালঙ্কায়ন (২) অপ্সার (৩) নৈধ্রুব (৪) আঙ্গিরস (৫) বার্হস্পত্য। পদ্ধতি—দাশ।

চট্টগ্রামের ধোরলা, ছনদণ্ডি পরৈকোরা, শ্রীপুর, ধলঘাট প্রভৃতি গ্রামের, বরিশালের নলচিরা, জম্বুরকাঠি, চন্দ্রহার প্রভৃতি গ্রামের, নোয়াখালির মঙ্গলকান্দি, শ্রীপুর, প্রতাপপুর প্রভৃতি গ্রামের ও ফরিদপুরের লক্ষ্মণদিয়া ও মাঝারদিয়া গ্রামের শালঙ্কায়ন দাশদিগের উপরোক্ত ৫ প্রবর। (এই শালঙ্কায়ন কশ্যপ বংশোদ্ভব।)

(খ) **শালঙ্কায়ন গোত্র।** ৩ প্রবর—(১) শালঙ্কায়ন (২) অপ্সার (৩) নৈধ্রুব। পদ্ধতি—দাশ।

চট্টগ্রামের শালঙ্কায়ন দাশদিগের কাহারও কাহারও উপরোক্ত ৩ প্রবর। এই শালঙ্কায়নও কশ্যপ বংশোদ্ভব। ভরদ্বাজ, বিশ্বামিত্র ও জমদগ্নি বংশে শালঙ্কায়নের নাম পাওয়া যায়।

(গ) ভরদ্বাজবংশীয় শালঙ্কায়নের প্রবর:—(১) আঙ্গিরস, বার্হস্পত্য, ভরদ্বাজ শৌঙ্গ গার্গ (কাত্যায়ন মতে)। (২) আঙ্গিরস, বার্হস্পত্য ও ভরদ্বাজ (বৌধায়ন মতে)। (৩) আঙ্গিরস শৌঙ্গ ও গার্গ (আশ্বলায়ন মতে)। (৪) ভরদ্বাজ, গার্গ ও শৌঙ্গ (হিরণ্যকেশিপু মতে)।

(ঘ) বিশ্বামিত্র বংশীয় শালঙ্কায়নের প্রবর:—(১) বিশ্বামিত্র, অষ্টক, লোহিত (বৌধায়ন মতে)। (২) বৈশ্বামিত্র, দৈবরাত, ঔদল (বৌধায়ন মতে)। (৩) বৈশ্বামিত্র, শালঙ্কায়ন, কৌশিক (আশ্বলায়ন মতে)। (৪) বৈশ্বামিত্র, কাত্য, আৎকীল (কাত্যায়ন মতে)।

(ঙ) জমদগ্নি বংশীয় শালঙ্কায়নের প্রবর:—ভার্গব, বৈতহব্য, সাবেদস। (আশ্বলায়ন ও মৎস্যপুরাণ মতে)।

(চ) চট্টগ্রামের কাস্তগির উপাধিধারী শালঙ্কায়ন গোত্র বৈদ্যদিগের ৫ প্রবর:—ঔর্ব্ব; চ্যাবন, ভার্গব; জামদগ্ন্য, আপ্লুবৎ। এই শালঙ্কায়ন ভৃগু বংশের অন্তর্গত।

১৫। **বশিষ্ঠ গোত্র।** (ক) বশিষ্ঠ গোত্রের তিন প্রবর (১) বশিষ্ঠ (৩) শক্তৃ (৪) পরাশর। **পদ্ধতি—দাশ।**

চট্টগ্রাম জেলার কোয়েপাড়া গ্রামের বশিষ্ঠ গোত্র দাশদিগের উপরোক্ত তিন প্রবর।

(খ) বশিষ্ঠ গোত্রের এক প্রবর—বশিষ্ঠ। **পদ্ধতি—চন্দ্র।**

মুর্শিদাবাদ গোয়াশ সমাজের সমাজপতি ছিলেন বশিষ্ঠ গোত্রীয় চন্দ্রেরা। উক্ত চন্দ্র বংশীয়েরা এখন মুর্শিদাবাদ জিয়াগঞ্জে বাস করিতেছেন। [বশিষ্ঠ একজন মূল গোত্রকার ঋষি। ইনি ব্রহ্মার পুত্র। বশিষ্ঠের পুত্র শক্তৃ, শক্তৃর পুত্র পরাশর]

ধনঞ্জয় মতে বশিষ্ঠ গোত্রের প্রবর :—

"বশিষ্ঠ গোত্রস্য বশিষ্ঠঃ। কেষাঞ্চিৎ বশিষ্ঠাত্রিসাঙ্কৃতয়ঃ।" বৌধায়ন মতে বশিষ্ঠ গোত্রের তিন শাখা, বৈতনকি, কুণ্ডিল ও পরাশর।

১ম শাখায় ১ প্রবর—বাশিষ্ঠ'।

২য় শাখার ৩ প্রবর—বশিষ্ঠ মৈত্রাবরুণ ও কৌণ্ডিল্য।

৩য় শাখার ৩ প্রবর—পরাশর, শক্তৃ ও বশিষ্ঠ।

১৬। **বাৎস্য গোত্র।** ৫ প্রবর (১) ঔর্ব্ব (২) চাবন (৩) ভার্গব (৪ জামদগ্ন্য (৫) আপ্নুবান। **পদ্ধতি—দাশ, কর।**

ধনঞ্জয় মতে বাৎস্য গোত্রের প্রবর— "ঔর্ব্ব চাবন ভার্গব জামদগ্ন্যাপ্নুবতঃ"। মানিকগঞ্জের পালরা ভৃঙ্গরাজ, ধামরাই ও মত্ত প্রভৃতি গ্রামে বাৎস্য গোত্রীয় দাশ বিদ্যমান আছে। [বৌধায়নের কল্পসূত্রে ভৃগু গোত্রকাণ্ডের বৎস গোত্রগণের মধ্যে একজন গোত্রঋষি বাৎস্য। তাঁহাদের পাঁচ প্রবর— (১) ভার্গব (২) চ্যবন (৩) আপ্নবান (৪) ঔর্ব্ব (৫) জামদগ্ন্য। কল্পসূত্র সমূহে ৪জন বাৎস্যের নাম পাওয়া যায়। ভৃগুকাণ্ডের জমদগ্নি বংশে ২ জন, ভরদ্বাজ বংশে ১ জন এবং কশ্যপ বংশে ১ জন।

(১) ভৃগু (জমদগ্নি) বংশীয় বাৎস্যের প্রবর :—

(ক) ভার্গব, চ্যবন, আপ্নুবান, ঔর্ব্ব, জামদগ্ন্য।

(খ) ভার্গব, ঔর্ব্ব, জামদগ্ন্য।

(গ) ভার্গব, চ্যবন, আপ্নুবান। (কাত্যায়ন)

(২) ভরদ্বাজ বংশীয় বাৎস্যের প্রবর :—

(ক) আঙ্গিরস, আম্বরীষ যৌবনাশ্ব।

(খ) মান্ধবি, অম্বরীষ, যৌবনাশ্ব।

(৩) কশ্যপ বংশীয় বাৎস্যের প্রবর :—

কশ্যপ, আবৎসার, নৈধ্রুব।]

১৭। **শাণ্ডিল্য গোত্র।** ৩ প্রবর—(১) শাণ্ডিল্য (২) অসিত (৩) দেবল।
পদ্ধতি—দাশ, দত্ত কর।

শাণ্ডিল্য গোত্রীয় দাশ উত্তর ত্রিপুরার নূরপুর তেতাভূমি ও কুমিল্লা জেলার সাতমুরা, লেশিয়ারা ও মাইজখার গ্রামে বিদ্যমান আছে। [শাণ্ডিল্য মূল গোত্রকার কশ্যপ ঋষি হইতে সম্ভূত। বৌধায়ন মতে শাণ্ডিল্য কশ্যপ গোত্রকাণ্ডের শাণ্ডিল্য শাখার অন্তর্গত। ইঁহাদের ৩ প্রবর—(ক) কাশ্যপ, আপসার, দেবল। (খ) কাশ্যপ, আবৎসার, শাণ্ডিল্য। (গ) কাশ্যপ, আবৎসার, অসিত। (ঘ) শাণ্ডিল্য, অসিত, দেবল। ধনঞ্জয় মতে "শাণ্ডিল্য গোত্রস্য শাণ্ডিল্যাসিত দেবলাঃ"] (বাখরগঞ্জের নলচিরা গ্রামে ও উত্তর ত্রিপুরার তন্তর গ্রামে শাণ্ডিল্য গোত্রীয় 'কর' বিদ্যমান আছে)

১৮। **গার্গ্য গোত্র।** ৪ প্রবর—(২) জামদগ্ন্য, (২) আঙ্গিরস, (৩) বার্হস্পত্য (৪) নৈধ্রুব
পদ্ধতি—দাশ।

হুগলী জেলার সদর মহকুমার হাসেমপুর গ্রামের গার্গ্য গোত্রীয় দাশদিগের উপরোক্ত ৪ প্রবর। ["ব্রাহ্মণোৎপত্তিমার্ত্তণ্ডম্" নামক পুস্তকে ত্রিবেদী মোড় ব্রাহ্মণদিগের গোত্রপ্রবর নির্ণয়ে গার্গ্য গোত্রের তিন প্রবরের উল্লেখ আছে, যথা—(১) ভার্গব (২) চ্যবন (৩) আপ্নুবান। প্রবর দৃষ্টে গার্গ্য ভৃগুবংশ সম্ভূত বলিয়া মনে হয়।]

১৯। **গর্গ গোত্র।** ৫ প্রবর—(১) বৃহস্পতি (২) শিনি (৩) গর্গ (৪) ভরদ্বাজ (৫) আঙ্গিরস
পদ্ধতি—দাশ।

বাঁকুড়া জেলার সদর মহকুমার মধুতটি গ্রামে গর্গ গোত্রীয় দাশ বিদ্যমান আছে। তাঁহাদের উপরোক্ত ৫ প্রবর। গর্গ মূল গোত্রকার ভরদ্বাজ বংশ সম্ভূত। [কল্পসূত্রকারদিগের মতে গর্গ গোত্রের প্রবর :—(ক) আঙ্গিরস, বার্হস্পত্য, ভারদ্বাজ, গার্গ, শৌন্য। (বৌধায়ন ও আশ্বলায়ন মতে)। (খ) আঙ্গিরস, শৌন্য, গার্গ। (বৌধায়ন ও আশ্বলায়ন মতে)। (গ) আঙ্গিরস, গার্গ, শৌন্য। (আপস্তম্ব মতে)। (ঘ) ভারদ্বাজ, গার্গ, শৌন্য। (আপস্তম্ব মতে)। (ঙ) আঙ্গিরস, বার্হস্পত্য, ভারদ্বাজ শৌন্য, গার্গ। (কাত্যায়ন মতে)]

ধনঞ্জয় মতে "গার্গ্য কৌস্তুভ মাণ্ডব্যাঃ।"

২০। **কৃষ্ণাত্রেয় গোত্র।** ৩ প্রবর :—(১) কৃষ্ণাত্রেয় (২) আঙ্গিরস (৩) বার্হস্পত্য।
পদ্ধতি—দাশ, দেব।

শ্রীহট্ট সুঘরের কৃষ্ণাত্রেয় দাশদিগের উল্লিখিত ৩ প্রবর। [বৌধায়নে অত্রি গোত্রকাণ্ডের অত্রিশাখায় একজন গোত্রঋষি কৃষ্ণাত্রেয়। তাঁহাদের তিন প্রবর :—(১) আত্রেয় (২) আর্চনানস (৩) আনসশ্যাব।]

২১। **কাশ্যপ গোত্র।** ৩ প্রবর :—(১) কাশ্যপ (২) অপ্সার (৩) নৈধ্রুব।
পদ্ধতি—গুপ্ত, দাশ, ধর, কর, রাজ, নন্দী (গোস্বামী আচার্য্য), দত্ত ইন্দ্র, চন্দ্র, আদিত্য দেব, রক্ষিত

(বৌধায়ন মতে গোত্রঋষি কাশ্যপ মূল কশ্যপ গোত্রকাণ্ডের নিধ্রুব শাখার অন্তর্গত। ইঁহাদের ৩ প্রবর :—নিধ্রুব (২) আপসার (৩) কাশ্যপ। কোন কোন স্থলে আপসার স্থলে আবৎসার পাঠ দেখা যায়। ধনঞ্জয় মতে "কাশ্যপাপ্সার নৈধ্রুবাঃ।"]

(ক) কাশ্যপ গুপ্ত রাঢ় ও বঙ্গে সর্ব্বত্রই বিদ্যমান।

(খ) উত্তর ত্রিপুরার অনন্তপুর গ্রামে ও ঢাকার গোবিন্দপুর গ্রামে কাশ্যপ দাশ বর্ত্তমান আছে।

(গ) কাশ্যপ গোত্রীয় উমাপতি ধর মহারাজ লক্ষ্মণ সেনের সহিত রাঢ় দেশে আগমন করেন।

(ঘ) কাশ্যপ কর ময়মনসিংহ নেত্রকোণার অধীন ভাউরতলা গ্রামে বিদ্যমান আছে।

(ঙ) কাশ্যপ রাজের বিষয় 'চন্দ্রপ্রভা'য় লিখিত আছে। কাশ্যপ রাজ ভাখুরিয়ায় বিদ্যমান ছিল।

(চ) কাশ্যপ নন্দী ময়মনসিংহ সেরপুর এবং বঙ্গপুর ইটাকুমারী গ্রামে বিদ্যমান আছে। ইঁহাদের পূর্ব্বপুরুষ জম্বুর নন্দী হিলোড়া মুর্শিদাবাদের অধিবাসী ছিলেন। পালরাজগণের সমকালে এই নন্দীগণ বরেন্দ্র দেশ আশ্রয় করেন। সন্ধ্যাকর নন্দী, বোপদেব গোস্বামী, বিশ্বপ্রকাশ কোষ রচয়িতা মহেশ্বরাচার্য্য প্রভৃতি কাশ্যপ নন্দীবংশ সম্ভূত ছিলেন।

(ছ) কাশ্যপ দত্ত কৃষ্ণনগর নেদিয়ারপাড়া বাকলা শেলাপট্টী এবং বিক্রমপুর নারায়ণপুরে বিদ্যমান আছে।

(জ) কাশ্যপ ইন্দ্র শ্রীহট্টে বিদ্যমান আছে। (বৈদ্যপ্রতিভা ১৩৩৯ পৃষ্ঠা ২২৫)

(ঝ) কাশ্যপ চন্দ্র পাবনা জেলার যোগনালা গ্রামে বিদ্যমান আছে। ইঁহাদিগের বর্ত্তমান উপাধি "গুপ্তভায়া"। ইঁহাদিগের তালুকের নাম "খারিজা তালুক রামশঙ্কর চন্দ্র"। তৌজি নং ৩৮১। ইঁহারা মুর্শিদাবাদ জেলার গোয়াশ হইতে পাবনা যোগনালায় সমাগত।

(ঞ) কাশ্যপ আদিত্য মুর্শিদাবাদ মানিকডিহিতে বিদ্যমান ছিল।

(বৈদ্যপ্রতিভা ১৩৩৯ পৃষ্ঠা ২২৫)

(ট) 'চতুর্ভুজে" কাশ্যপ গোত্রের দেবের উল্লেখ আছে। ময়মনসিংহ, জামালপুর ও টাঙ্গাইলে কাশ্যপ দেবের অবস্থিতির বিষয় বৈদ্যপ্রতিভা ১৩৩৮। ৬ সংখ্যা ১৬৭ পৃষ্ঠায় লিখিত আছে।

(ঠ) "চতুর্ভুজে" কাশ্যপ গোত্রীয় রক্ষিতের উল্লেখ আছে।

(মহাভারতে আছে যে "কশ্যপ" ঋষি তক্ষক বিষ হইতে রাজা পরীক্ষিতের জীবনরক্ষা করিতে গিয়াছিলেন তাঁহার আর একটী নাম ছিল "ব্রহ্মগুপ্ত"। কশ্যপের চিকিৎসা কার্য্যই তাঁহার বৈদ্যত্বের পরিচয় দিতেছে। বৈদ্য সমাজে "গুপ্ত" উপাধিধারীগণও কাশ্যপ গোত্র।)

২২। **গৌতম গোত্র।** ৫ প্রবর—(১) গৌতম (২) অপ্‌সার (৩) আঙ্গিরস (৪) বার্হস্পত্য (৫) নৈধ্রুব। **পদ্ধতি**—গুপ্ত, দত্ত, দেব।

(ক) ধনঞ্জয় মতে "গৌতমাপ্সরাঙ্গিরস বার্হস্পত্য নৈধ্রুবাঃ।
কেষাঞ্চিৎ গৌতামাঙ্গিরসাবাসাঃ॥"

(খ) ফরিদপুর জেলার কাপাসহাটি গ্রামের গৌতম গোত্রীয় দত্তদিগের ৩ প্রবর—(১) গৌতম (২) আঙ্গিরস (৩) বার্হস্পত্য।

(গ) উত্তর ত্রিপুরার গাঙ্গাটীয়া, ভোলাবঙ্গ ও চান্দেরচর গ্রামে গৌতম দেব বর্ত্তমান আছে।

[কল্পসূত্রকারদিগের মতে গৌতম গোত্রের প্রবর ঃ—

(ক আঙ্গিরস, আয়াস্য, গৌতম। (খ) আঙ্গিরস, ঔতথ্য, গৌতম। (গ) আঙ্গিরস, ঔতথ্য ঔশি (মৎস্যপুরাণ)। (ঘ) (১) আঙ্গিরস, ঔতথ্য, গৌতম, কৌমণ্ড। (২) আঙ্গিরস, ঔশিজ, কাক্ষীবত। (৩) আঙ্গিরস, আয়াস্য, ঔশিজ, গৌতম, কাক্ষীবত। (৪) আঙ্গিরস, ঔতথ্য, গৌতম, ঔশিজ, কাক্ষীবত। (ঙ) (১) আঙ্গিরস, ঔতথ্য, কাক্ষীবত, গৌতম, দীর্ঘতমস। (২) আঙ্গিরস, ঔতথ্য, দৈর্ঘতমস। (চ) আঙ্গিরস, গৌতম, ঔশনস। (ছ) আঙ্গিরস, গৌতম, কাবেণুপাল। (জ) আঙ্গিরস, বাহুগণ, গৌতম। (ঝ) আঙ্গিরস, বার্হদুক্‌থ, গৌতম। (ঞ) আঙ্গিরস, বামদেব, বার্হদুক্‌থ। (ট) আঙ্গিরস, রাঘুব, গৌতম। এই গোত্রকর্ত্তা গৌতম অঙ্গিরা বংশোদ্ভব।

স্বর্গীয় বসন্তকুমার সেনের বৈদ্যজাতির ইতিহাসের দ্বিতীয় ভাগের প্রথমাংশে গৌতম গোত্রীয় দত্ত দিগের প্রবর লিখিত আছে।

(১) ঔর্ব্ব, (২) চ্যবন, (৩) ভার্গব, (৪) জামদগ্ন্য, (৫) আপ্নুবৎ। ইহা দেখিয়া মনে হয় যে এই গৌতম ভৃগু বংশীয়।

শ্রীহট্টের গৌতম গোত্রীয় কবি গোপীনাথ দত্ত বিরচিত "দত্ত বংশাবলী"তে তাঁহাদের ঐ পঞ্চ প্রবর লিখিত আছে।

২৩। **অভিজিত গোত্র।** ৩ প্রবর— (১) আঙ্গিরস (২) গৌতম (৩) শারদ্বন্ত। পদ্ধতি—গুপ্ত।

পাবনা জেলার সিরাজগঞ্জ সবডিভিসনের আগুরিয়া গ্রামে এবং বীরভূম জেলার কলহপুর গ্রামে অভিজিত গোত্রীয় গুপ্তের সত্ত্বা দৃষ্ট হয়। পাবনা জেলার অভিজিত গোত্রীয়দের প্রবর (১) আঙ্গিরস (২) গৌতম (৩) শারদ্বন্ত। বীরভূম জেলার অজিজিত গোত্রীয়দের প্রবর (১) আঙ্গিরস (২) গৌতম (৩) আবাস। [বৌধায়নের কল্পসূত্রে গৌতম গোত্রকাণ্ডের শারদ্বন্ত গৌতম শাখায় গোত্রঋষি অভিজিতের নাম দৃষ্ট হয়। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, গৌতম, শারদ্বন্ত।] ধনঞ্জয়ের "গোত্রপ্রবর বিবেকে" গোত্রঋষি অভিজিতের নাম পাওয়া যায় না।

(গৌতম ও ভরদ্বাজ অঙ্গিরার বংশধর)

২৪। **সাবর্ণ বা সাবর্ণি গোত্র।** ৫ প্রবর—(১) ঔর্ব্ব (২) চ্যবন (৩) ভার্গব (৪) জামদগ্ন্য (৫) আপ্নুবান। পদ্ধতি—গুপ্ত।

২৪ পরগণার সদর মহকুমার নাওরা গ্রামে সাবর্ণ গোত্রীয় গুপ্ত বিদ্যমান আছে। তাঁহাদের উল্লিখিত ৫ প্রবর। তাঁহারা সামবেদী।

কণ্ঠহারে গোত্রের নাম সাবর্ণ ও চন্দ্রপ্রভায় সাবর্ণি লিখিত আছে। বৌধায়ন, আপস্তম্ব, আশ্বলায়নে গোত্রঋষির নাম সাবর্ণি লিখিত আছে। পাশ্চাত্য বৈদিক ও ভট্টপল্লীর বৈদিক দিগের মধ্যে সাবর্ণ গোত্র আছে। মহারাজ আদিশূর কর্ত্তৃক আনীত পঞ্চব্রাহ্মণের অন্যতম বেদগর্ভ সাবর্ণ গোত্রীয় ব্রাহ্মণ। তাঁহার বংশধরদিগের পঞ্চ প্রবর—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্ন্য, আপ্নুবান। [বৌধায়নে ভৃগু গোত্র কাণ্ডের প্রথম শাখায় একজন গোত্রঋষি সাবর্ণি দেখা যায়। ইঁহাদের ৫ প্রবর—ভার্গব, চ্যবন, আপ্নুবান, ঔর্ব্ব, জামদগ্ন্য। (বৌধায়ন ও আপস্তম্ব।)

আপস্তম্বের বৈকল্পিক মতে ৩ প্রবর— ভার্গব, ঔর্ব্ব, জামদগ্ন্য।

আশ্বলায়ন মতে ৩ প্রবর—ভার্গব, বৈতহব্য, সাবদেস।

জনমেজয়ের মতে ৫ প্রবর—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্ন্য, আপ্নুবৎ।

২৫। **কৌশিক গোত্র।** ৩ প্রবর—(১) শাণ্ডিল্য (২) অসিত (৩) দেবল। পদ্ধতি—দত্ত।

প্রবর দৃষ্টে এই গোত্রঋষি কৌশিককে কশ্যপ বংশ সম্ভূত বলিয়া মনে হয়।

ভরতমল্লিক মতে "দত্তে ত্রয়ঃ কৌশিকানাং শাণ্ডিল্যাসিত দেবলাঃ।" (ফরিদপুর খৈয়র ডাঙ্গা গ্রামে ও চট্টলে কৌশিক দত্ত বিদ্যমান আছে।)

২৬। **ঘৃত কৌশিক গোত্র।** ৩ প্রবর—(১) কুশিক (২) কৌশিক (৩) ঘৃত কৌশিক। পদ্ধতি—দত্ত।

ধনঞ্জয় মতে ৩ প্রবর—(ক) কুশিক, কৌশিক, ঘৃতকৌশিক। (খ) কুশিক, কৌশিক, বন্ধুল। প্রবরদৃষ্টে গোত্রঋষি ঘৃতকৌশিক মূল গোত্রকার বিশ্বামিত্রের অন্তর্গত বলিয়া মনে হয়। [দাক্ষিণাত্যে বৈদিক, পাশ্চাত্য বৈদিক, ভট্টপল্লীর বৈদিক ও আচার্য্য ব্রাহ্মণদিগের মধ্যে ঘৃতকৌশিক গোত্র দেখা যায়। তাঁহাদেরও উপরোক্ত তিন প্রবর।] ২৪ পরগণার মজিলপুর ও বনমালীপুর গ্রামে বহু 'ধর' উপাধিক ঘৃত কৌশিক গোত্র বৈদিক ব্রাহ্মণ আছেন। বর্দ্ধমান জেলার সদর মহকুমার দেবীপুর পোস্ট অফিসের অধীন চৌপেড়ে গ্রামে এবং ফরিদপুর জেলার মস্তফ পুর গ্রামে সরকার উপাধিযুক্ত ঘৃত কৌশিক দত্ত বিদ্যমান আছে।

২৭। **কৃষ্ণাত্রেয় গোত্র।** ৩ প্রবর—(১) কৃষ্ণাত্রেয় (২) বশিষ্ঠ (৩) আত্রেয়। পদ্ধতি—দত্ত।

ভরতমল্লিক মতে 'কৃষ্ণাত্রেয়ো বশিষ্ঠশ্চ আত্রেয়শ্চেতি চ ত্রয়ঃ।" ধনঞ্জয় মতে—"কৃষ্ণাত্রেয়াত্রেয়াবাসাঃ।" কৃষ্ণাত্রেয়, আত্রেয়, আবাস। বৌধায়ন মতে—আত্রেয়, আর্চ্চনানস, শ্যাবাস্য। কৃষ্ণাত্রেয় গোত্রীয় দত্ত নিম্নলিখিত স্থান সমূহে বিদ্যমান আছে।

(১) বিক্রমপুর—শিয়ালদি, চাঁপাতলী। (২) বাখরগঞ্জ—ইদিলপুর, সাহসপুর। (৩) নোয়াখালী—মান্দারী। (৪) ঢাকা—ভাওয়াল, কেশরিতা। (৫) চট্টগ্রাম—কাননগোযপাড়া। (৬) কুমিল্লা—সাহসতলী, বাকিনা। (৭) শ্রীহট্ট—পটীয়া।

২৮। **পরাশর গোত্র**। ৩ প্রবর—(১) পরাশর (২) শক্তি, (৩) বশিষ্ঠ। **পদ্ধতি**—দত্ত, কর, ধর, রাজ। ধনঞ্জয় মতে "পরাশর শক্তি বশিষ্ঠাঃ।" কল্পসূত্রকার মতে "বাশিষ্ঠ শাক্ত্য পারাশর্য্য।" বৌধায়নে বশিষ্ঠ গোত্রকাণ্ডের পরাশর গোত্রগণের মধ্যে একজন গোত্রঋষি পরাশর। তাঁহাদের তিন প্রবর—পরাশর, শক্তি বশিষ্ঠ। (পাশ্চাত্য বৈদিক, শ্রীহট্টীয় বৈদিক, রাঢ়ীয় ব্রাহ্মণ, আচার্য্য ব্রাহ্মণ ও শপ্তশতী ব্রাহ্মণদিগের মধ্যে পরাশর গোত্র দেখা যায়)

নিদান গ্রন্থকার মাধব কর পরাশর গোত্রসম্ভূত। মুর্শিদাবাদ—গোয়াশ, ফরিদপুর—পিঞ্জরি কোটালিপাড়া ও মামুদপুর এবং পাবনা শক্তিপুরে পরাশর 'কর' বিদ্যমান আছে। পাবনা শক্তিপুরের পরাশর কর বংশীয় দিনাজপুরের উকিল শ্রীযুক্ত বরদাকান্ত রায় বিদ্যারত্ন মহাশয়ের মতে তাঁহাদিগের ৪ প্রবর—(১) পরাশর (২) পারাশর (৩) শক্তি (৪) বশিষ্ঠ। পরাশর গোত্রীয় ধর উত্তর ত্রিপুরায় বিদ্যমান আছে। পরাশর গোত্রীয় 'কর' ঢাকা মুন্সীগঞ্জ বাখিয়া গ্রামে বিদ্যমান ছিল। এখন ভাওয়াল পরগণার ভাদুল গ্রামে বিদ্যমান আছে।

ঢাকা জেলার নারায়ণগঞ্জ মহকুমার গোতাসিয়া, আঠারদিয়া, ও বগাদি প্রভৃতি গ্রামে পরাশর গোত্রীয় রাজ বিদ্যমান আছে। বর্ত্তমান সময়ে তাঁহারা 'সেন' উপাধি ধারণ করিয়াছেন. রাজ বংশীয়গণের মধ্যে যাঁহারা কৃতী ব্যক্তি ছিলেন, অনেকেই মহারাষ্ট্র প্রভৃতি দেশে গমন করেন এবং সেই দেশের নৃপতিবৃন্দের দ্বারা ভূবৃত্তি দানে স্থাপিত হন।

২৯। **অগ্নিবেশ্য গোত্র**। ৫ প্রবর (১) ঔর্ব্ব (২) চ্যবন (৩) ভার্গব (৪) জামদগ্ন্য (৫) আপ্নুবান। **পদ্ধতি**—দত্ত।

প্রবরদৃষ্টে গোত্রঋষি অগ্নিবেশ্য ভৃগু গোত্রকাণ্ডের অন্তর্ভুক্ত বলিয়া মনে হয়।

৩০। **আত্রেয় গোত্র**। ৩ প্রবর—(১) আত্রেয় (২) আঙ্গিরস (৩) বার্হস্পত্য। **পদ্ধতি**—দেব।

ভরতমল্লিক মতে "আত্রেয় গোত্রজানাং দেবনাঞ্চ তথা ত্রয়ঃ। আত্রেয় আঙ্গিরসকো ব্যার্হস্পত্য ইতি ক্রমাৎ॥ ধনঞ্জয় মতে "আত্রেয় গোত্রস্য আত্রেয় শাতাতপ সংখ্যাঃ।

আত্রেয় গোত্রীয় দেব নিম্নলিখিত স্থান সমূহে বর্ত্তমান আছে :—

(১) পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার ফুলকোচা ব্রহ্মগাছা প্রভৃতি গ্রামে।

(২) বিক্রমপুর যশোলঙ্গে।

৩১। **কৃষ্ণাত্রেয় গোত্র**। ৩ প্রবর (১) কৃষ্ণাত্রেয় (২) আঙ্গিরস (৩) বার্হস্পত্য। **পদ্ধতি**—দেব।

(ক) শ্রীহট্ট সুঘরের কৃষ্ণাত্রেয় গোত্রীয় দেবের উপরোক্ত তিন প্রবর।

(খ) বেন্দায় কৃষ্ণাত্রেয় দেবের বসতি ছিল। বিষ্ণু দাশ বংশীয় রাজা হরিনাথের চন্দন বিভ্রাটে তাঁহারা স্থান ভ্রষ্ট হন।

(গ) কুমিল্লা হোসনাবাদ পরগণায় কৃষ্ণাত্রেয় দেবের বসতি আছে। বৌধায়নে অত্রি গোত্রকাণ্ডের অত্রি গোত্রগণের মধ্যে কৃষ্ণাত্রেয় একজন গোত্রঋষি। তাঁহাদের ৩ প্রবর—আত্রেয় আর্চ্চনান, আনসশ্যাব।

(ঘ) ফরিদপুর পিঙ্গলিয়া গ্রামে কৃষ্ণাত্রেয় দেব বিদ্যমান আছে।

৩২। **বশিষ্ঠ গোত্র**। ৩ প্রবর—(১) বশিষ্ঠ (২) অত্রি (৩) সাঙ্কৃতি। **পদ্ধতি**—দেব

ধনঞ্জয় মতে "বশিষ্ঠ গোত্রস্য বশিষ্ঠঃ। কেষাঞ্চিৎ বশিষ্ঠাত্রিসাঙ্কৃতয়ঃ॥"

৩৩। **ভরদ্বাজ গোত্র**। ৩ প্রবর—(১) ভরদ্বাজ (২) ভার্গব (৩) চ্যবন।
পদ্ধতি—কর।

ভরতমল্লিক মতে—"করে ভরদ্বাজগোত্রে কথিতাঃ প্রবরাস্ত্রয়ঃ।
ভরদ্বাজো ভার্গবশ্চ চ্যবনশ্চ ক্রমাদমী॥"

বর্দ্ধমান জেলার কড়ুই এবং মুর্শিদাবাদ জেলার মালিহাটী ও কলাবাগস্থিত ভরদ্বাজ গোত্রীয় করদিগের উপরোক্ত তিন প্রবর। (এই ভরদ্বাজের মূল গোত্রঋষি ভৃগু বলিয়া মনে হয়।)

৩৪। **ভরদ্বাজ গোত্র**। ৩ প্রবর—(১) ভরদ্বাজ (২) আঙ্গিরস (৩) বার্হস্পত্য।
পদ্ধতি—কর।

এই ভরদ্বাজ অঙ্গিরা বংশোদ্ভব। ধনঞ্জয়ের মতে "ভরদ্বাজ গোত্রস্য ভরদ্বাজাঙ্গিরস বার্হস্পত্যাঃ। মেদিনীপুর জেলার দোনা, চণ্ডরা, নারান্দা ও ছুৎছড়া গ্রামের ভরদ্বাজ গোত্রীয় করের উপরোক্ত তিন প্রবর।

৩৫। **জামদগ্ন্য গোত্র**। ৩ প্রবর—(১) জামদগ্ন্য (২) ঔর্ব্ব (৩) চ্যবন।
পদ্ধতি—ধর। জামদগ্ন্য ভৃগুবংশীয়। [ধনঞ্জয়ের প্রবরভাগের জামদগ্ন্যের পরিবর্ত্তে জমদগ্নি আছে এবং তাঁহাদের তিন প্রবর জমদগ্নি, ঔর্ব্ব, ও বশিষ্ঠ। লালমোহন বিদ্যানিধি কৃত ধনঞ্জয়ের গোত্র তালিকার ৪২ গোত্রে মধ্যে জামদগ্ন্য ও জমদগ্নি উভয়ই আছে। কল্পসূত্রকার দিগের মতে জামদগ্ন্য গোত্রের প্রবরঃ—

(ক) ভার্গব, চ্যবন, আপ্নুবান, ঔর্ব্ব, জামদগ্ন্য। (বৌধায়ন ও আপস্তম্ব মতে)

(খ) ভার্গব, ঔর্ব্ব, জামদগ্ন্য। (আপস্তম্বের বৈকল্পিক মত) আচার্য্য ব্রাহ্মণদিগের মধ্যে জামদগ্ন্য গোত্র দেখা যায়।]

বাপীধর জামদগ্ন্য গোত্র। খুলনা জেলার সেনহাটীতে, বীরভূম জেলার লম্বোদরপুরে, পাবনা জেলার সিরাজগঞ্জ বাহুরিয়ায়, বিক্রমপুর বেলতলীতে এবং কুমিল্লা পাইকপাড়ায় জামদগ্ন্য গোত্র ধর বিদ্যমান আছে।

৩৬। **আলমালক গোত্র**। ৩ প্রবর (১) আলম্যান (২) শালঙ্কায়ন (৩) শাতাতপ। **পদ্ধতি**—দত্ত।

রামকান্ত কবিকণ্ঠহার ও ভরতমল্লিক উভয়েই গোত্রঋষির নাম 'আলমালক' লিখিয়াছেন। [ধনঞ্জয়ের তালিকায় 'আলম্ব্যায়ন' নাম পাওয়া যায়। প্রবর (১) আলম্যায়ন (২) শালঙ্কায়ন (৩) শাকটায়ন। কাত্যায়নে বশিষ্ঠবংশে 'আলবায়ন' নাম পাওয়া যায়। তাঁহাদের প্রবর—(ক) বাশিষ্ঠ, ঐন্দ্রপ্রমদ, আভরদ্বসু। (খ) বাশিষ্ঠ, আভরদ্বসু, ঐন্দ্রপ্রমদ। (গ) আভরদ্বসু, বাশিষ্ঠ, ঐন্দ্রপ্রমদ। মৎস্যপুরাণে কেবলাঙ্গিরসের মধ্যে 'আলবাল' নাম পাওয়া যায়। ইঁহাদের প্রবর—(ক) আঙ্গিরস, ভার্ম্যাশ্ব, মৌদ্‌গল্য। (খ) তার্ক্ষ্য, ভার্ম্যাশ্ব, মৌদ্‌গল্য। (গ) আঙ্গিরস. তাবি, মৌদ্‌গল্য। ত্রিপুরার বরাইল গ্রামে আলম্ব্যায়ন গোত্রীয় দেব পদ্ধতির বৈদ্য বিদ্যমান আছে।

৩৭। **কৌশিক গোত্র**। ৩ প্রবর—(১) বিশ্বামিত্র (২) বন্ধুল (৩) কৌশিক। **পদ্ধতি**—আদিত্য।

কৌশিক বিশ্বামিত্রের নামান্তর। বিশ্বামিত্র গোত্রের দশম শাখায় কৌশিকের নাম পাওয়া যায়। প্রবর—(১) বৈশ্বামিত্র (২) ঐন্দ্র (৩) কৌশিক। ভরত মল্লিক লিখিয়াছেন—

"আদিত্যানামুভৌ গোত্রাবাদিত কৌশিকৌ স্মৃতৌ।"

৩৮। **কৌশিক গোত্র**। ৩ প্রবর—(১) কৌশিক (২) কাশ্যপ (৩) ভার্গব। **পদ্ধতি**—সোম।

ভরত মল্লিক লিখিয়াছেন—"অথ কৌশিক গোত্রস্য সোমস্য প্রবরাস্ত্রয়ঃ। কৌশিকঃ কাশ্যপশ্চৈব ভার্গবশ্চেত্যমী ক্রমাৎ॥' মানিকদহ ও মামুদপুরে কৌশিক গোত্র সোম বংশ বিদ্যমান আছে।

৩৯। **মার্কণ্ডেয় গোত্র**। ৫ প্রবর—(১) ঔর্ব্ব. (২) চ্যবন (৩) ভার্গব (৪) জামদগ্ন্য (৫) আপ্নুবান। **পদ্ধতি**—সোম, রাজ।

বৌধায়নের গোত্র তালিকায় ভৃগু বংশের মধ্যে মার্কণ্ডেয়ের নাম পাওয়া যায়। ইহাদের প্রবর—(ক) ভার্গব, চ্যবন, আপ্নুবান. ঔর্ব্ব জামদগ্ন্য। (খ) ভার্গব. ঔর্ব্ব, জামদগ্ন্য। বীরভূম জেলার লম্বোদরপুরে মার্কণ্ডেয় গোত্র রাজ বিদ্যমান আছে। চন্দ্রপ্রভার সম্বন্ধ নির্ণয়ে মার্কণ্ডেয় রাজের সংখ্যা পাওয়া যায়।

৪০। **বিষ্ণু গোত্র**। ৩ প্রবর—(১) বিষ্ণু (২) বৃদ্ধি (৩) কৌরব। **পদ্ধতি—কুণ্ড**।
ধনঞ্জয় মতে "বিষ্ণুগোত্রদ্য বিষ্ণু-বৃদ্ধি কৌরবাঃ"। কল্পসূত্রদিগের মতে বিষ্ণু ভৃগু বংশীয় এবং প্রবর:—(ক) ভার্গব, চ্যবন, আপ্নুবান, ঔর্ব্ব, জামদগ্ন্য। (বৌধায়ন ও আপস্তম্ব) (খ) ভার্গব, ঔর্ব্ব, জামদগ্ন্য। (আপস্তম্বের বৈকল্পিক মত) কবি কণ্ঠহার বৈদ্যের গোত্র তালিকায় বিষ্ণু গোত্রের উল্লেখ করিয়াছেন। বিষ্ণু গোত্রীয় বৈদ্য বিহারীলাল চৌধুরী, হরিমোহন চৌধুরী আমলা সদরপুরে বিদ্যমান ছিলেন। তাঁহাদের ৩ প্রবর—বিষ্ণু বৃদ্ধি, কৌরব। তাঁহারা পন্থ দেবলী দাশ বংশীয় কবিরাজ ননীগোপাল দাশ মহাশয়ের জ্ঞাতি বংশীয়ের দৌহিত্র সন্তান।

৪১। **সৌপায়ন গোত্র**। ৫ প্রবর (১) ঔর্ব্ব, (২) চ্যবন (৩) ভার্গব (৪) জামদগ্ন্য (৫) আপ্নুবান। **পদ্ধতি**—নাগ।
সৌপায়ন গোত্রীয় বৈদ্য এখন দেখা যায় না। পূর্ব্বে যশোহর জেলার শৈলকোপা গ্রামে সৌপায়ন গোত্রীয় 'নাগ' পদ্ধতির বৈদ্যদিগের সমাজ ছিল।

"সাধো কুত্রাপি দৃশ্যন্তে সিদ্ধানাং গোত্র পদ্ধতিঃ।
মহৎ পরিগৃহীতত্বান্নাগাজিত্যাবপি ক্বচিৎ॥"

৪২। **বাৎস্য গোত্র**। ৩ প্রবর—(১) বাৎস্য (২) অসিত (৩) মার্কণ্ডেয়।
পদ্ধতি—রাজ, নন্দী।
ভরত মল্লিক লিখিয়াছেন:—"রাজবংশে বাৎস্য গোত্রে ত্রয়োঽমী প্রবরা স্মৃতাঃ।
বাৎস্যোঽসিতস্তথা মার্কণ্ডেয় এবং ক্রমাদিতি॥"

চট্টগ্রামে বাৎস্য গোত্রীয় নন্দী বিদ্যমান আছে। ময়মনসিংহের জামালপুর মহকুমায় এবং ত্রিপুরা জেলার বালিখোলা, ভলাকুট ও নটোইল গ্রামে বাৎস্য রাজগণ বাস করিতেছেন। তাঁহারা 'রাজ' পদ্ধতি লুপ্ত করিয়া 'গুপ্ত' পদ্ধতি ধারণ করিয়াছেন।

৪৩। **মহর্ষি গোত্র**। প্রবর অজ্ঞাত। **পদ্ধতি**—অজ্ঞাত।
কবি কণ্ঠহারের গোত্র তালিকায় মহর্ষি গোত্রের উল্লেখ আছে। মহর্ষি গোত্রের নাম কল্পসূত্রাদি শ্রৌত গ্রন্থে পাওয়া যায় না। সপ্তশতী, রাঢ়ায়, বারেন্দ্র, বৈদিক অথবা আচার্য্য ব্রাহ্মণদিগের মধ্যেও এই গোত্র দেখা যায় না। ধনঞ্জয়ের গোত্র তালিকায় ইহার নাম নাই। মহর্ষি গোত্রীয় বৈদ্য এখন দেখা যায় না।

৪৪। **ধ্রুব গোত্র**। প্রবর অজ্ঞাত। **পদ্ধতি**—অজ্ঞাত।
কবি কণ্ঠহারের গোত্র তালিকায় ধ্রুব গোত্রের উল্লেখ আছে যথা:—

"তথা বিষ্ণু মহর্ষিকৌ মার্কণ্ডেয় ধ্রুবশ্চৈব।"

ধ্রুব গোত্রীয় বৈদ্য এখন দেখা যায় না বৌধায়নের কশ্যপ গোত্রকাণ্ডের প্রথম শাখার নাম নিধ্রুব শাখা। নিধ্রুবদের প্রবর (১) নিধ্রুব (২) আপসার (৩) কাশ্যপ। 'ধ্রুব' স্থানে 'নিধ্রুব' হওয়াই সম্ভব।

৪৫। **জম্বু গোত্র**। প্রবর—অজ্ঞাত। **পদ্ধতি**—দাশ ও চন্দ্র।
চতুর্ভুজের গোত্র তালিকায় এই গোত্রের উল্লেখ আছে। কল্পসূত্রগুলির মধ্যে অথবা ধনঞ্জয়ের গোত্র তালিকায় ইহার নাম নাই। জম্বু গোত্রীয় বৈদ্য এখন দেখা যায় না।

গোত্র ও পদ্ধতি আলোচনা করিয়া বৈদ্যব্রাহ্মণ বংশে নিম্নলিখিত পদ্ধতি ও গোত্রগুলি বিদ্যমান দেখা যায়ঃ—

১। **সেন পদ্ধতি**—(১) শক্তি (২) ধম্বন্তরি (৩) বৈশ্বানর (৪) আদ্য (৫) মৌদ্‌গল্য (৬) কৌশিক (৭) কৃষ্ণাত্রেয় (৮) ব্যাস-মহর্ষি (৯) আঙ্গিরস।

২। **দাশ** „ (১) মৌদ্‌গল্য (২) ভরদ্বাজ (৩) শালঙ্কায়ন (৪) সাবর্ণি (৫) শাণ্ডিল্য (৬) বশিষ্ঠ (৭) বাৎস্য (৮) গার্গ (৯) জম্বু (চতুর্ভুজ) (১০) কাশ্যপ (উত্তর ত্রিপুরা অনন্তপুর)।

৩। **গুপ্ত** „ (১) কাশ্যপ (২) গৌতম (৩) অভিজিত (৪) সাবর্ণ।

৪। **দত্ত** „ (১) শাণ্ডিল্য (২) গৌতম (৩) কৌশিক (৪) ঘৃতকৌশিক (৫) কৃষ্ণাত্রেয় (৬) কাশ্যপ (৭) মৌদ্‌গল্য (৮) পরাশর (৯) আদ্য (১০) আত্রেয় (১১) ভরদ্বাজ (১২) অগ্নিবেশ্ম (১৩) সাবর্ণ (১৪) বাৎস্য (চতুর্ভুজ) (১৫) আলমালক বা আলম্যান।

৫। **দেব** „ (১) আত্রেয় (২) কৃষ্ণাত্রেয় (৩) শাণ্ডিল্য (৪) আলম্বায়ন (৫) গৌতম।

৬। **কর** „ (১) বশিষ্ঠ (২) শক্তি (৩) পরাশর (৪) ভরদ্বাজ (৫) কাশ্যপ (৬) বাৎস্য (৭) মৌদ্‌গল্য (৮) গৌতম (৯) শাণ্ডিল্য (চতুর্ভুজ) উত্তর ত্রিপুরা তন্তরগ্রাম

৭। **ধর** „ (১) কাশ্যপ (২) জামদগ্ন্য (৩) পরাশর (ত্রিপুরা ও ময়মনসিংহ) (৪) গার্গ।

৮। **নন্দী** „ (১) কাশ্যপ (২) বাৎস্য (চট্টগ্রাম)

৯। **কুণ্ড** „ (১) ভরদ্বাজ (২) কাশ্যপ (৩) আদ্য (৪) বিষ্ণু (চতুর্ভুজ)।

১০। **রাজ** „ (১) বাৎস্য (২) মার্কণ্ডেয় (৩) বশিষ্ঠ (৪) শক্তি (৫) পরাশর (৬) কাশ্যপ (চতুর্ভুজ ও চন্দ্রপ্রভা)।

১১। **সোম** „ (১) কৌশিক (২) কাশ্যপ (৩) মার্কণ্ডেয় (৪) গৌতম। ভরতমল্লিক মতে (১) কৌশিক (২) কাশ্যপ (৩) ভার্গব।

১২। **চন্দ্র** „ (১) বশিষ্ঠ (২) কাশ্যপ (৩) জম্বু (চতুর্ভুজ)।

১৩। রক্ষিত পদ্ধতিতে—(১) আঙ্গিরস (২) কাশ্যপ (৩) ভরদ্বাজ।

১৪। ইন্দ্র পদ্ধতিতে (১) কাশ্যপ।

১৫। আদিত্য পদ্ধতিতে —(১) আদিত্য (২) কৌশিক।

১৬। নাগ পদ্ধতিতে—(১) সৌপায়ন।

ইহা ব্যতীত বৈদ্যব্রাহ্মণদিগের মিশ্র, ঠাকুর, গোস্বামী, উপাধ্যায়, চৌবে, দোবে, পাঁড়ে ও ভট্টাচার্য্য প্রভৃতি পদ্ধতিও বৈদ্যকুলপঞ্জিকা ও বৈষ্ণবগ্রন্থাবলীর মধ্যে দেখা যায়।

নিম্নে বর্ণানুক্রমে বৈদ্যব্রাহ্মণগণের গোত্রগুলি লিখিত হইল। বিভিন্ন প্রবরের এক নামের গোত্র বিভিন্ন গোত্র বলিয়া ধৃত হইল।

(১) অগ্নিবেশ্ম (২) অভিজিত (৩) আঙ্গিরস (৪) আত্রেয (৫) আত্রেয় (৬) আদিত্য (৭) আদ্য (৮) আদ্য (৯) আলম্যান বা আলমালক (১০) কাশ্যপ (১১) কৃষ্ণাত্রেয় (১২) কৃষ্ণাত্রেয় (১৩) কৃষ্ণাত্রেয় (১৪) কৌশিক (১৫) কৌশিক (১৬) কৌশিক (১৭) গর্গ (১৮) গার্গ্য (১৯) গৌতম (২০) ঘৃত কৌশিক (২১) জামদগ্ন্য (২২) জম্বু (২৩) ধন্বন্তরি (২৪) ধ্রুব (২৫) পরাশর (২৬) বশিষ্ঠ (২৭) বশিষ্ঠ (২৮) বাৎস্য (২৯) বাৎস্য (৩০) ব্যাস-মহর্ষি (৩১) বিষ্ণু (৩২) বৈশ্বানব (৩৩) ভরদ্বাজ (৩৪) ভরদ্বাজ (৩৫) মহর্ষি (৩৬) মার্কণ্ডেয় (৩৭) মৌদ্‌গল্য (৩৮) শক্তি (৩৯) শাণ্ডিল্য (৪০) শালঙ্কায়ন (৪১) সাবর্ণি (৪২) সৌপায়ন।

ব্রাহ্মণের ৪২ গোত্র সম্বন্ধে শাস্ত্র শাস্ত্রকার বলেন —

"শাণ্ডিল্য কাশ্যপশ্চৈব বাৎস্য সাবর্ণকস্তথা।

* * *

সর্ব্বে দ্বিচত্বারিংশদ্‌ গোত্রাঃ ব্রাহ্মণাঃ॥"

যথা ঃ—শাণ্ডিল্য, কাশ্যপ, বাৎস্য, সাবর্ণক, ভরদ্বাজ, গৌতম, সৌকালীন, কহ্বীষ, অগ্নিবেশ্ম, কৃষ্ণাত্রেয়, বশিষ্ঠ, বিশ্বামিত্র কুশিক, কৌশিক, ঘৃতকৌশিক, মৌদ্‌গল্য, আলম্যান, পরাশর, সৌপায়ন অত্রি, বাস্থকী, রৌহিত, বৈয়াঘ্রপদ্যক, জমদগ্নি, বৃহস্পতি, কাঞ্চন, বিষ্ণু, কাত্যায়ন, শক্তি, কাম্বায়ন, আত্রেয়, কাম্বক, সাঙ্কৃতি কৌণ্ডিল্য, আঙ্গিরস, অনাবৃষ্কাখ্য, অব্য, জৈমিনি, বৃদ্ধাখ্য, সাবর্ণ, শুনক ও গর্গ।

বৈদ্যব্রাহ্মণগণের নিম্নলিখিত গোত্রগুলি যজন ব্রাহ্মণগণের ৪২ গোত্রের মধ্যে দেখা যায়না। যথা :—ধন্বন্তরি, বৈশ্বানর, আদ্য, শালঙ্কায়ন, জম্বু, মার্কণ্ডেয়, মহর্ষি, ধ্রুব অভিজিত ও ব্যাস-মহর্ষি।

[১৩৩৮ চৈত্র সংখ্যা বৈদ্যপ্রতিভায় প্রকাশিত শ্রদ্ধেয় যোগেন্দ্রমোহন সেন শর্ম্মার "গোত্র ও প্রবর" শীর্ষক প্রবন্ধ হইতে উদ্ধৃত।] বোম্বাই বেঙ্কটেশ্বর প্রেস হইতে শ্রীযুক্ত হরিকৃষ্ণ শাস্ত্রীর লিখিত "ব্রাহ্মণোৎপত্তিমার্ত্তণ্ড" নামক পুস্তক হইতে কয়েক শ্রেণীর ব্রাহ্মণের কৌলিক পদবি, গোত্র ও প্রবর আলোচনার সুবিধার জন্য নিম্নে উদ্ধৃত হইল।

ঔদীচ্য ব্রাহ্মণ।

(পঞ্চ দ্রাবিড় ব্রাহ্মণের গুর্জ্জরী বিভাগের একশত আট শ্রেণীর মধ্যের একটী শ্রেণী)

কৌলিক পদবি	গোত্র
১। সোম।	ভার্গব, গৌতম, পরাশর, কাশ্যপ, ভরদ্বাজ গর্গ, কুচ্ছস, ঔদ্দালিক, শাণ্ডিল্য, শৌনক, কৌশিক, বৎস, বশিষ্ঠ, মাণ্ডব্য, লৌগাক্ষি, গোভিল।
২। বিষ্ণু।	কৌশিক, মৌনস, গৌতম, ভরদ্বাজ, ভার্গব, গর্গ বশিষ্ঠ, পারশিষ্ঠ, কশ্যপ, বচ্ছস, শাণ্ডিল্য, পরাশর, গামায়ন, চন্দ্রাত্রি, শৌনক মাণ্ডব্য
৩। দত্ত।	দাল্লভ, শৌনক, কৃষ্ণাত্রি, কৌণ্ডিল্য, মাণ্ডব্য, শ্বেতাত্রি, গৌতম, কুচ্ছস, উদবাহ, অত্রি, ভরদ্বাজ, কশ্যপ, পরাশর, পিপ্পলাদ, সাংকৃত্য, শাণ্ডিল্য, ভার্গব, বচ্ছস, গর্গ, কৌশিক, উপমন্যু।
৪। ভব।	বচ্ছস, শাণ্ডিল্য, বশিষ্ঠ, উপমন্যু, গৌতম, ভরদ্বাজ, কৌশিক, কুৎসস্, সাংকৃত্য হিরণ্যগর্ভ, কশ্যপ, চন্দ্রাত্রি, ভার্গব, গর্গ, পরাশর।
৫। অগ্নি।	গৌতম, ভরদ্বাজ, বশিষ্ঠ, কশ্যপ, শাণ্ডিল্য, লৌগাক্ষি।
৬। ইন্দ্র।	গর্গ, পরাশর, আত্রেয়, গৌতম, ভরদ্বাজ, ভার্গব।
৭। মিত্র।	পরাশর, গর্গ, কৌশিক, ভরদ্বাজ, বশিষ্ঠ, শাণ্ডিল্য, গৌতম, বচ্ছস, কচ্ছপ, চন্দ্রাত্রি, ভার্গব।
৮। ঈশ্বর।	সাংকৃত্য।

শ্রীমালি ব্রাহ্মণ।

(রাজপুতানার ব্রাহ্মণদিগের একটী শ্রেণী)

কৌলিক পদবি।		গোত্র।	প্রবর।
১।	নন্দ	সনকস	সুহোত্র, গোচমর্দ, গৃৎসমদ।
২।	শিব	ভরদ্বাজ	আঙ্গিরস, বার্হস্পত্য, ভরদ্বাজ।
৩।	এতি	পরাশর	বশিষ্ঠ, শক্তি, পরাশর।
৪।	ভব	কৌশিক	আঙ্গিরস, দেবরাজ, উদ্দালক।
৫।	মিত্র	বৎসস্	ভৃগু, চ্যবন, আপ্নুবান, ঔর্ব্ব, জমদগ্নি।
৬।	ভূত	উপমন্যু	উপমন্যু, ঔর্ব্ব, ভৃগু।
৭।	ভূত	কশ্যপ	কাশ্যপ, বৎস, নৈধ্রুব।
৮।	দাশ	গৌতম	আঙ্গিরস, ঔতথ্য, গৌতম।
৯।	সোম	শাণ্ডিল্য	আশৌল; দৈবল, শাণ্ডিল্য।
১০।	গুপ্ত	লৌড়বান	আঙ্গিরস, ঔতথ্য, লৌড়বান।
১১।	ধীশ	মৌদ্গল্য	আঙ্গিরস, ভার্ম্যস্য, মৌড়লস।
১২।	দত্ত	কপিঞ্জুলুস	বশিষ্ঠ, ভরদ্বাজ, ইন্দ্রপ্রমদ।
১৩।	দেব	হরিতস	হরিতস।

নাগর ব্রাহ্মণ।

(পঞ্চ দ্রাবিড় ব্রাহ্মণের কর্ণাটক বিভাগের একটী প্রসিদ্ধ শাখা)

				বেদ
১।	এতি	আত্রেয়	আত্রেয়, অত্রিব, আচয়	সামবেদ।
২।	দত্ত	আলুভায়ন	মৈত্রাবরুণ, কৌণ্ডিল্য, বশিষ্ঠ	যজু।
৩।	শর্ম্মা	ঔক্ষণস	বশিষ্ঠ, শক্তি, পরাশর	ঋগ্বেদ।
৪।	নাগদত্ত	কপিষ্ঠল	বশিষ্ঠ	ঋক্।
৫।	দত্ত	কাশ্যপ	কাশ্যপ, আবৎসার, নৈধ্রুব	যজু।
৬।	গুপ্ত	কৌণ্ডিল্য	মৈত্রাবরুণ, কৌণ্ডিল্য; বশিষ্ঠ	সাম।
৭।	মিত্র	গাংগ্যায়েনস্	আত্রেয়, বশিষ্ঠ, আঙ্গিরস	ঋক্।
৮।	দেব	কৌশিক	বিশ্বামিত্র, দেবরাজ, ঔড়ুম্বর	ঋক্।
৯।	নন্দ	গৌতম	গৌতম ঔতথ্য, আঙ্গিরস	যজু।
১০।	দাশ	গোপাল	বশিষ্ঠ, শক্তি, পরাশর	ঋক্।
১১।	দত্ত	পরাশর	বশিষ্ঠ, শক্তি, পরাশর	অথর্ব্ব।
১২।	দাশ	পিপ্পালায়ন	শাণ্ডিল্য, অসিত, দেবল	অথর্ব্ব।
১৩।	এতি	ভরদ্বাজ	ভরদ্বাজ, আঙ্গিরস, বার্হস্পত্য	ঋক্।

নাগর ব্রাহ্মণ (ক্রমশঃ)।

কৌলিক পদবি।		গোত্র।	প্রবর।	বেদ।
১৪।	দাশ	লক্ষণ	কাশ্যপ, আবৎসার, নৈধ্রুব	যজু।
১৫।	মিত্র	লোকাক্ষ	? ?	সাম।
১৬।	দাশ	বৈজপায়স	অত্রি. গাবিষ্ঠির, পূর্ব্বতিথি	ঋক্।
১৭।	মিত্র	শার্করাক্ষ	ভৃগু, চ্যবন, আপ্নুবান, ঔর্ব্ব. জমদগ্নি	ঋক্।
১৮।	ভব	কার্কবস	আজমীয়র, আঙ্গিরস, ঔরুক্ষয়	সাম।
১৯।	দত্ত	সাংকৃত্য	সাংকৃত্য, গৌড়ীবৎস, আঙ্গিরস	ঋক্।
২০।	দত্ত	সায়ংকায়ন	আঙ্গিরস, বার্হস্পত্য, ভরদ্বাজ, সত্য, গার্গ্য	ঋক্

মন্তব্য :—(১) ঔদীচ্য ব্রাহ্মণের সোম, দত্ত ও ইন্দ্র এই তিনটি পদবি বঙ্গীয় বৈদ্যব্রাহ্মণ গণের মধ্যেও দেখা যায়। কুলপাঁজিকামতে সোমান্তক পদবির চারিটি গোত্র দেখা যায় যথা, মার্কণ্ডেয়, কাশ্যপ, কৌশিক, গৌতম। এ পর্য্যন্ত কাশ্যপ ও গৌতম গোত্রীয় সোমের সত্বা বঙ্গীয় বৈদ্যশ্রেণীতে আবিষ্কৃত হয় নাই। গৌতম গোত্রীয় ধ্রুব সোম ও বিষ্ণু সোম প্রসিদ্ধ ব্যক্তি ছিলেন। ইঁহাদের বংশধরগণ লুপ্ত পদ্ধতি হইয়া আমাদের ব্রাহ্মণ শ্রেণীর অন্তর্ভুক্ত হইয়াছেন। ভরতমল্লিক কৌশিক গোত্রীয় ধর্ম্ম সোমের উল্লেখ করিয়াছেন :—

"মণিগ্রামসমুদ্ভূতো ধর্ম্মসোমো মহামতিঃ :
জাতঃ কৌশিকঃ গোত্রেচ তদ্বংশ্যা বহুদেশগাঃ" ॥

ঔদীচ্য ব্রাহ্মণের মধ্যে "সোমের" ষোলটী গোত্র দেখা যায়। তন্মধ্যে বৈদ্যব্রাহ্মণের সোমান্ত কৌশিক, কাশ্যপ, গোত্রও আছে।

(২) ঔদীচ্য ব্রাহ্মণের মধ্যে "দত্ত" পদবির একুশটী গোত্র দেখা যায়। তন্মধ্যে কৃষ্ণাত্রেয়, গৌতম, আত্রেয়, ভরদ্বাজ, কাশ্যপ, পরাশর, শাণ্ডিল্য, বাৎস্য ও কৌশিক গোত্র বৈদ্যব্রাহ্মণ মধ্যে দেখা যায়।

(৩) "ইন্দ্র" পদবিযুক্ত ব্রাহ্মণদিগের ছয়টি গোত্র দেখা যায়। ভরতমল্লিক "ইন্দ্রের" মাত্র কাশ্যপ গোত্রের উল্লেখ করিয়াছেন। কিন্তু কাশ্যপ গোত্রীয় ইন্দ্র ঔদীচ্য ব্রাহ্মণের মধ্যে নাই।

(৪) শ্রীমালি ব্রাহ্মণদের দাশ, সোম, গুপ্ত, দত্ত, দেব পদবি বৈদ্যব্রাহ্মণদের মধ্যেও আছে কিন্তু কোন গোত্রের সঙ্গে মিল নাই।

(৫) নাগর ব্রাহ্মণদিগের দত্ত, দেব ও দাশ উপাধি বৈদ্যের মধ্যে আছে কিন্তু কেবল কাশ্যপ দত্তের সঙ্গেই সম্পূর্ণ মিল দেখা যায়।

বৈদ্য ও বৈদিক ব্রাহ্মণ একই বংশ সম্ভূত। বৈদ্যগণ দক্ষিণ ও পশ্চিম এই দুই দেশ হইতে বাঙ্গলায় আসিয়াছেন, ইহাই বৈদ্যসমাজে চিরপ্রবাদ। বৈদিক ব্রাহ্মণগণও একদল দক্ষিণ দেশ হইতে আসিয়া দাক্ষিণাত্য নামে এবং অপর দল পশ্চিম দেশ হইতে আসার জন্য পাশ্চাত্য নামে এখনও পরিচিত রহিয়াছেন। মৌদ্‌গল্য, কাশ্যপ, কৌশিক, ঘৃতকৌশিক, আত্রেয়, কৃষ্ণাত্রেয়, ভরদ্বাজ, বশিষ্ঠ, গৌতম, সাবর্ণি, পরাশর প্রভৃতি যতগুলি গোত্র বৈদিক ব্রাহ্মণদিগের মধ্যে প্রচলিত আছে, বৈদ্যদিগের মধ্যেও সেই সকল গোত্র দেশভেদে দেখিতে পাওয়া যায়। বৈদিক দিগের ন্যায় বৈদ্যদিগের মধ্যেও উপাধিভেদে গোত্রভেদের বিশেষ সাদৃশ্য বর্ত্তমান আছে। বৈদিক ব্রাহ্মণগণের অধিকাংশই যেমন যজুর্ব্বেদী, সামবেদী অতি অল্প এবং ঋগ্বেদী আবার ততোধিক বিরল, বৈদ্যদিগের মধ্যেও তেমনি যজুর্ব্বেদীর সংখ্যাই অধিক; সামবেদীর সংখ্যা অত্যল্প এবং ঋগ্বেদী বৈদ্য বাঁকুড়া জেলায় এবং হুগলী জেলায় কয়েক ঘরের মাত্র সন্ধান পাওয়া যায়। বৈদিক ব্রাহ্মণগণের মধ্যে বৈদ্য ব্রাহ্মণদিগের ধর, কর, নন্দী, দাশ, চন্দ্র প্রভৃতি উপাধিই কৌলিক উপাধি। দাক্ষিণাত্য বৈদিকদিগের মধ্যে ঐ সকল উপাধি এখনও বর্ত্তমান আছে। পাশ্চাত্য বৈদিকেরা ঐ সকল উপাধি বর্জ্জন করিয়াছেন। সংস্কৃত কলেজের ভূতপূর্ব্ব অধ্যক্ষ মহামহোপাধ্যায় আশুতোষ শাস্ত্রী মহাশয়ের কৌলিক পদবি বা পদ্ধতি হইতেছে "ধর"। পণ্ডিত লালমোহন বিদ্যানিধি তাঁহার "সম্বন্ধ নির্ণয়ে" প্রসিদ্ধ "কুলীন কুলসর্ব্বস্ব" নাটক প্রণেতা স্বর্গীয় রামনারায়ণ তর্করত্ন মহাশয়ের আদিপুরুষের নাম লিখিয়াছেন "জহ্নু কর"। দাক্ষিণাত্য বৈদিক ব্রাহ্মণগণের বিবরণে "সম্বন্ধ নির্ণয়ে" লিখিত আছে—"কর শর্ম্মা ভরদ্বাজো. ধরশর্ম্মাচ গৌতমঃ।

আত্রেয়া রথশর্ম্মাচ নন্দশর্ম্মাচ কাশ্যপঃ।

কৌশিকা দাশ শর্ম্মাচ পতিশর্ম্মাচ মুদ্‌গলঃ॥

সম্বন্ধ নির্ণয়ের পরিশিষ্ঠ ৩৬২ পৃষ্ঠা।

বৈদ্যের গোত্র ও প্রবরের সহিত আলোচনার সুবিধার জন্য অপর পৃষ্ঠায় পাশ্চাত্য বৈদিক ও শাকদ্বীপব্রাহ্মণদিগের গোত্র ও প্রবর লিখিত হইল। ইহা হইতেও বৈদ্য ও বৈদিকির সাজাত্যের নিদর্শন পাওয়া যায়।

পাশ্চাত্য বৈদিক

গোত্র	প্রবর
১	শুনক বা শৌনক—শৌনক, সৌহাত্র, গৃৎসমদ।
২	বশিষ্ঠ—বশিষ্ঠ, অত্রি, সাঙ্কৃতি।
৩	সাবর্ণ—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্ন্য, আপ্নুবৎ।
৪	শাণ্ডিল্য—শাণ্ডিল্য, অসিত, দেবল।
৫	ভরদ্বাজ—ভরদ্বাজ, আঙ্গিরস, বার্হস্পত্য।
৬	বশিষ্ঠ—বাশিষ্ঠ।
৭	কাশ্যপ—কাশ্যপ, অপ্সার, আঙ্গিরস, বার্হস্পত্য, নৈধ্রুব।
৮	বাৎস্য—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্ন্য, আপ্নুবৎ।
৯	পরাশর—বশিষ্ঠ, শক্তি, পরাশর।
১০	কৌশিক—কৌশিক, অত্রি, জমদগ্নি।
১১	ঘৃতকৌশিক—কুশিক, কৌশিক, ঘৃতকৌশিক।
১২	মৌদ্গল্য—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্ন্য, আপ্নুবৎ।
১৩	আত্রেয়—আত্রেয়, শাতাতপ, সাংখ্য।
১৪	আত্রেয়—আত্রেয়।
১৫	সঙ্কর্ষণ—সঙ্কর্ষণ, আঙ্গিরস, বার্হস্পত্য।
১৬	রথীতর—রথীতর, আঙ্গিরস, বার্হস্পত্য।

শাকদ্বীপ ব্রাহ্মণ

১। কাশ্যপ—কাশ্যপ, অপ্সার, নৈধ্রুব।
২। ঘৃতকৌশিক—কুশিক, কৌশিক, ঘৃতকৌশিক।
৩। গৌতম—গৌতম, আঙ্গিরস, আবাস।
৪। মৌদ্গল্য, বাৎস্য—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব জামদগ্ন্য, আপ্নুবৎ
ভরদ্বাজ—ভরদ্বাজ, আঙ্গিরস, বার্হস্পত্য।
৭। শাণ্ডিল্য—শাণ্ডিল্য, অসিত, দেবল।
৮। পরাশর—পরাশর, শক্তি, বশিষ্ঠ।
৯। জমদগ্নি—জমদগ্নি, ঔর্ব্ব, বশিষ্ঠ।
১০। আলম্যান—আলম্বায়ন, শালঙ্কায়ন, শাকটায়ন।

বৈদিক ব্রাহ্মণগণ যে কারণে ধর, কর, নন্দী, দাশ প্রভৃতি উপাধি প্রাপ্ত হইয়াছিলেন তাহা নিম্নলিখিত শ্লোকে পরিজ্ঞাত হওয়া যায়, —

"যাজ্ঞিকানাঞ্চ কর্ত্তৃত্বে "কর" ইত্যভিধীয়তে।
পাঠে ধারক কার্য্যার্থং যাজ্ঞে "ধর" ইতি স্মৃতঃ॥
নারায়ণং রথে "রথী" রথ সংজ্ঞা তদাশ্রয়া।
দশসংস্কারনৈপুণ্যে "দাশ' ইতি পুরোধসে॥
যজ্ঞে চ সোমপায়ী বৈ স হি "পীথী" ত্যুদাহৃতঃ।
নান্দীমুখেষু নন্দন্তি যে তে "নন্দাঃ" প্রকীর্ত্তিতাঃ॥"

দাক্ষিণাত্য বৈদিকব্রাহ্মণগণের মধ্যে যাঁহাদের যাজ্ঞিক কার্য্যে কর্ত্তৃত্ব ছিল তাঁহারই 'কর' নামে, অভিহিত। যজ্ঞে বেদাদি শাস্ত্রের পাঠনা কার্য্যের জন্য যাঁহারা ধারক পদে কৃত হইতেন, তাঁহারা 'ধর' নামে অভিহিত হইয়াছিলেন। যাঁহারা রথস্থ নারায়ণকে রথযাত্রার কালে রক্ষা করিতেন তাঁহারা 'রথী' নামে অভিহিত হইতেন। যজ্ঞে দশসংস্কারকার্য্যনিপুণ পুরোহিতগণ 'দাশ' উপাধি পাইতেন। যজ্ঞের সোমপায়ী ব্রাহ্মণেরা 'পীথী' সংজ্ঞা প্রাপ্ত হইয়াছিলেন এবং নান্দীমুখ ক্রিয়ায় যাঁহারা আনন্দলাভ করিতেন তাঁহারা 'নন্দ' বা 'নন্দী' উপাধি পাইয়াছিলেন এইভাবে বৈদিকব্রাহ্মণদিগের মধ্যে ধর, কর, দাশ, নন্দী, প্রভৃতি পদ্ধতির প্রচলন হয়।

যাঁহারা "চার বেদ চৌদ্দ শাস্ত্র" এই অষ্টাদশ বিদ্যায় পারদর্শী তাঁহারাই বৈদ্য নামে অভিহিত হইতেন। চারি বেদ হইতেছে ঋক, সাম, যজু ও অথর্ব্ব এবং চৌদ্দ শাস্ত্র হইতেছে বেদের ছয়টী অঙ্গ যথা, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ ও জ্যোতিষ এবং মীমাংসা, ন্যায় পুরাণ, ধর্ম্মশাস্ত্র, আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গান্ধর্ব্ববেদ ও অর্থ শাস্ত্র। ব্রহ্মাণ্ড পুরাণকার বলেন—

"আয়ুর্ব্বেদ কৃতাভ্যাসো ধর্ম্মশাস্ত্র পরায়ণঃ।
অধ্যায়নমধ্যাপনং চিকিৎসা বৈদ্য লক্ষণম্॥"

মহর্ষি চরক চিকিৎসা স্থানে লিখিয়াছেন:—

"বিদ্যাসমাপ্তৌ ভিষজস্তৃতীয়া জাতিরুচ্যতে।
অশ্নুতে বৈদ্যশব্দং হি ন বৈদ্যঃ পূর্ব্বজন্মনা॥
বিদ্যাসমাপ্তৌ ব্রাহ্মং বা সত্বমার্ষমথাপি বা।
ধ্রুবমাবিশতি জ্ঞানংতস্মাদ্বৈদ্য স্ত্রিজঃ স্মৃতঃ॥"

ব্রহ্মাণ্ডপুরাণ বলেন:—

"ভিষত্যাসৌ যতো রোগাস্তেনাসৌ ভিষগুচ্যতে।
বিদ্যানাং স সমগ্রাণাং ধারণামৃত জীবনাৎ।
অথর্ব্বসংহিতানাঞ্চ স বৈদ্য স্ত্রিজঃ উচ্যতে॥

এই সমস্ত বচন হইতে জানা যায়, যে সকল দ্বিজ ব্রাহ্মণ বেদাদি অষ্টাদশ বিদ্যা অধ্যয়ম সমাপ্ত করিয়া পুনঃ উপনীত হইয়া অয়ুর্ব্বেদ অধ্যয়নে ব্রতী হইতেন, তাঁহারাই বৈদ্য ও ত্রিজ নামে খ্যাত হইতেন।

বৈদিক ব্রাহ্মণগণ তাঁহাদিগের কৌলিক উপাধি সেন, দাশ, গুপ্ত, দত্ত, কর, ধর প্রভৃতি কিছুকাল রক্ষা করিয়াছিলেন। উৎকলে করশর্ম্মা, ধরশর্ম্মা প্রভৃতি উপাধির বহুল প্রচার পরিলক্ষিত হয়। পরবর্ত্তীকালে বঙ্গদেশে আগমনের পরে বৈদিক ব্রাহ্মণগণ বঙ্গের চিকিৎসক ব্রাহ্মণদিগের মধ্যে ধর, কর, প্রভৃতি উপাধি দর্শনে নিজেদের কৌলিক উপাধি বিলুপ্ত করেন। উৎকল দেশবাসী বৈদিক ব্রাহ্মণদিগের সহিত বঙ্গের বৈদ্যব্রাহ্মণগণের পূর্ব্বে বৈবাহিক আদান প্রদান প্রচলিত ছিল তাহার প্রমাণ মহামহোপাধ্যায় ভরতমল্লিক লিখিত রাঢ়ীয় কুলপঞ্জিকা "রত্নপ্রভা" ও "চন্দ্রপ্রভায়" পাওয়া যায়। তৎকালে বঙ্গদেশীয় বৈদ্যব্রাহ্মণগণের আভিজাত্য গৌরব এত বেশী ছিল যে তাঁহারা উৎকল, কলিঙ্গ ও নাগপুর দেশস্থ ব্রাহ্মণগণের সহিত সম্বন্ধ করা অপক্রিয়া বলিয়া জ্ঞান করিতেন। যথা—

(১) রামু সেনেন স্বগৃহে নিজ দুর্দ্দৈববশতঃ।
শ্যামদাসস্য মিশ্রস্য কন্যকা কটকস্থিতেঃ॥" চন্দ্রপ্রভা পৃঃ ১৯৬।

(২) "অথো শরণকৃষ্ণেণ বালেশ্বর নিবাসিনী।
কন্যা মহেশদাশস্য গৃহীতা দৈবদোষতঃ॥" চন্দ্রপ্রভা পৃঃ ১৪১।

যেমন বহু বৈদ্যবংশ উড়িষ্যা আশ্রয় করিয়াছিলেন তেমনি তাঁহারা কলিঙ্গ ও নাগপুরেও সমাজ গঠন করিয়াছিলেন, তাহারও প্রমাণ "চন্দ্রপ্রভা"য় পাওয়া যায়, যথা—

(১) "উৎসাহকবকস্তারাপতিরন্যো জঘন্যজঃ।
তেঽমী বৃঢ়ন সেনস্য কলিঙ্গস্য সুতাসুতাঃ॥ চন্দ্রপ্রভা পৃঃ ২৫২।

(২) "আত্মায় মানবরামায় পরা নাগপুরোঽস্তু বে।" চন্দ্রপ্রভা পৃঃ ৪৭।

উৎকল, কলিঙ্গ, নাগপুর, মহারাষ্ট্র, কর্ণাট প্রভৃতি দেশের বৈদিকব্রাহ্মণগণের সহিত পূর্ব্বে বঙ্গের বৈদ্যব্রাহ্মণদিগের যে বৈবাহিক আদান প্রদান ছিল, কৌলিন্য প্রথার প্রবর্ত্তনের পরে ক্রমশঃ তাহা তিরোহিত হইয়া যায়। সমগ্র ভারতবর্ষেই বৈদ্যশাখার ব্রাহ্মণ বর্ত্তমান ছিল, এখন বঙ্গদেশ ভিন্ন অন্য সকল প্রদেশেই তাঁহারা যাজক ব্রাহ্মণদিগের সহিত মিশ্রিত হইয়া গিয়াছেন, এখন তাঁহাদিগকে চিহ্নিত করিয়া লইবার উপায় নাই।

বঙ্গদেশেও ব্রাহ্মণজাতি দুই শ্রেণীতে বিভক্ত ছিলেন, যাজক ব্রাহ্মণ ও বৈদ্য ব্রাহ্মণ। যাজক ব্রাহ্মণগণ যজন, যাজন, অধ্যয়ন, ও অধ্যাপনা প্রভৃতি কার্য্যে নিযুক্ত থাকিতেন এবং বৈদ্য ব্রাহ্মণগণ চিকিৎসা, অধ্যয়ন, ও অধ্যাপনায় রত থাকিতেন। দান ও প্রতিগ্রহ উভয় শ্রেণীর ব্রাহ্মণগণের তুল্য অধিকার ছিল। বর্ত্তমান যুগের বহু আবিস্কৃত ও অনাবিস্কৃত তাম্র শাসনাদিতে বৈদ্যব্রাহ্মণগণকেও দানের পাত্ররূপে সম্মানিত দেখিতে পাওয়া যায়। সেখানেও "ধর শর্ম্মা" "গুপ্ত শর্ম্মা" প্রভৃতি উপাধি বৈদ্যগণের ব্রাহ্মণত্বের প্রত্যক্ষ নিদর্শন।

বঙ্গদেশে বৈদ্যগণ নিজের বৈশিষ্ট রক্ষা করিয়া যাজক ব্রাহ্মণগণের সহিত মিলিত হন নাই এবং নিজেদের কৌলিক পদবিও পরিত্যাগ করেন নাই। বিদ্যায়, ব্রাহ্মণ্যে, সদাচার ও ও ব্রহ্মচর্য্যে তাঁহারা ব্রাহ্মণগণের সমকক্ষ। তাঁহাদিগের মধ্যে "বাচস্পতি" "শিরোমণি" "সার্ব্বভৌম" "মহামহোপাধ্যায়" প্রভৃতি উপাধি তাঁহাদিগের ব্রাহ্মণ্যের পরিচায়ক। তাঁহাদিগের মধ্যেও যে ঠাকুর, শাস্ত্রী, চক্রবর্ত্তী, গোস্বামী, আচার্য্য, পাঁড়ে, মিশ্র, উপাধ্যায় প্রভৃতি উপাধিও বিদ্যমান ছিল, বৈদ্যকুল গ্রন্থাবলীতে ও বৈষ্ণব সাহিত্যে তাহার ভুরি ভুরি প্রমাণ পাওয়া যায়। বাঁকুড়া, বীরভুম, ও মানভূম অঞ্চলের বৈদ্যদিগের মধ্যে দোবে, চোবে, মিশ্র, পাঁড়ে প্রভৃতি উপাধি অদ্যাবধি বিদ্যমান আছে।

প্রসিদ্ধ জ্যোতিষগ্রন্থ "বৃহজ্জাতক" প্রণেতা বরাহমিহির তাঁহার পুস্তকের উপসংহারে আত্ম পরিচয় দিয়াছেন "আদিত্যদাশতনয়" বলিয়া। টীকাকার লিখিয়াছেন "আদিত্য-দাশাখ্যো ব্রাহ্মণস্তস্য তনয়ঃ পুত্রঃ।" জ্যোতিষ শাস্ত্রের গণিতের গ্রন্থকার "সত্যাচার্য্যের" প্রকৃত নাম ছিল "ভদত্ত"। নীতিশাস্ত্রকার "চাণক্য পণ্ডিতের" নাম ছিল "বিষ্ণু গুপ্ত"। আর একজন প্রাচীন জ্যোতিষ শাস্ত্রের গণিতের গ্রন্থকারের নাম ছিল "সিদ্ধসেন"। ভারতের সর্ব্বশ্রেষ্ঠ মহাকবি কালিদাসের নাম ছিল "মাতৃগুপ্ত"। রাজতরঙ্গিনীতে ইহা উল্লিখিত আছে। ইঁহারা কেহই তাঁহাদিগের কৌলীক পদবি ত্যাগ করেন নাই। ইঁহারা সকলেই বৈদ্যব্রাহ্মণ ছিলেন।

যাজক ব্রাহ্মণদিগের ন্যায় বৈদ্যব্রাহ্মণদিগেরও ৪২ গোত্রের বিষয় পূর্ব্বে বিবৃত হইয়াছে, তাহার মধ্যে ধন্বন্তরি, বৈশ্বানর মহর্ষি, ধ্রুব, আত্ম, শালঙ্কায়ন, জম্বু, মার্কণ্ডেয় অভিজিত ও ব্যাস-মহর্ষি এই দশটী গোত্র চিকিৎসাবৃত্তিক বৈদ্যব্রাহ্মণ ব্যতীত যাজক ব্রাহ্মণদিগের মধ্যে নাই এবং ব্রাহ্মণেতর অন্য কোন বর্ণের মধ্যেও নাই। বৈদ্য ব্রাহ্মণেরা যে গুরুপুরোহিত গোত্র ভাজী নহেন ইহাই তাহার প্রকৃষ্ট প্রমাণ।

শাস্ত্রে চতুর্বর্ণের মধ্যে বৈদ্য বলিয়া কোন বর্ণ নাই। ব্রাহ্মণ বর্ণের মধ্যে যাঁহারা সর্ব্ববেদজ্ঞ হইয়া চিকিৎসক হইতেন তাঁহারাই "বৈদ্য" নামে অভিহিত হইতেন। শঙ্খ লিখিয়াছেন—"বেদাজ্ঞাতোহি বৈদ্য স্যাৎ।" মেধাতিথি লিখিয়াছেন—"বৈদ্যা বিদ্বাংসো ভিষজো বা।" সমস্ত বেদ অধ্যয়নান্তে ব্রহ্মচর্য্যাশ্রমে পুনরুপনীত হইয়া আয়ুর্ব্বেদ সমাপনান্তে বিদ্বান ব্রাহ্মণ "ত্রিজ" ও "বৈদ্য" হইতেন। এই বৈদ্যব্রাহ্মণগণ ইচ্ছা করিলে ক্ষত্রিয় বৃত্তি গ্রহণ করিতে পারিতেন এবং তাহা শাস্ত্রানুমোদিত ছিল। মনু লিখিয়াছেন.—

"সৈন্যাপত্যঞ্চ রাজ্যঞ্চ দণ্ডনেতৃত্বমেবচ।
সর্ব্বলোকাধিপত্যঞ্চ বেদশাস্ত্রবিদর্হতি॥" মনু ১২। ১০০

সেই কারণে বৈদ্যব্রাহ্মণদিগের মধ্যে কেহ কেহ বৈদ্যবৃত্তি পরিত্যাগ করিয়া সেনাপতি ও রাজপদ গ্রহণ করিয়াছিলেন। সে জন্য তাঁহারা কোন কোন স্থলে "ব্রহ্ম ক্ষত্রিয়" "রাজন্যধর্ম্মাশ্রয়" প্রভৃতি বিশেষণে বিশেষিত হইতেন। মহারাজ বল্লাল সেন বৈদ্যব্রাহ্মণ বংশোদ্ভব হইয়াও ক্ষত্রিয়ের আচার গ্রহণ করিয়াছিলেন বলিয়া স্বরচিত "দান সাগর" গ্রন্থে নিম্নলিখিতভাবে আত্ম-পরিচয় দিয়াছেন :—

"ইন্দো র্বিশৈকবন্ধোঃ শ্রুতিনিয়মগুরুঃ ক্ষত্রচারিত্রচর্য্যা
মর্য্যাদা-গোত্র-শৈলঃ কলিচলিতসদাচারসঞ্চারসীমাঃ।
সদ্বৃত্ত-স্বচ্ছ-রত্নোজ্জ্বলপুরুষগণোচ্ছিন্নসন্তানধারা
বন্ধো মুক্তা সরশ্রী নির্গমদবনের্ভূষণং সেন বংশঃ॥"

দান সাগরের এই শ্লোকে সেন বংশকে "শ্রুতিনিয়ম গুরু" বলা হইয়াছে অর্থাৎ সেন বংশ তাৎকালিক হিন্দু সমাজের বেদোক্ত কার্য্য কলাপের গুরু বা আদর্শ ছিলেন। সমগ্র হিন্দুগণ যে সেন বংশের দৃষ্টান্ত অনুসরণ করিয়া বেদোক্ত ক্রিয়া কলাপের অনুষ্ঠান করিতেন সেই সেন বংশ ব্রাহ্মণ ব্যতীত অন্য কোন বর্ণ হইতে পারেনা। 'দান সাগরের' ঐ শ্লোকটির অর্থ এইরূপ.— "যে সেন বংশের দৃষ্টান্ত অনুসরণ করিয়া তাৎকালিক হিন্দুগণ বেদোক্ত ক্রিয়া কলাপের অনুষ্ঠান করিতেন, যে বংশ ক্ষত্রিয় চরিত্রের ন্যায় আচরণে (যুদ্ধ বিষয়ে) অচলের ন্যায় অটল ছিলেন. কলিকাল দোষে পতনোন্মুখ সদাচারের বিস্তৃতি সাধনে যে সেন বংশ চরম সীমায় উন্নীত ছিলেন. যে সেন বংশ চন্দ্রকান্ত রত্ন সদৃশ পুরুষগণের দ্বারা সন্তান সন্ততিক্রমে অবিচ্ছিন্নভাবে গ্রথিত হইয়া মুক্তামালার শ্রী ধারণ করিয়া পৃথিবীর রমণীয় আভরণরূপে বিরাজিত। অবনীর ভূষণ স্বরূপ সেই সেন বংশ জগতের অদ্বিতীয় উপকারী চন্দ্র হইতে সমুদ্ভূত।

দ্বিজরাজ চন্দ্র সত্যযুগের আদি বৈদ্য ব্রহ্মর্ষি অত্রির পুত্র। "অত্রি কৃতযুগে বৈদ্য" হারিত সংহিতা। বিষ্ণু পুরাণে লিখিত আছে ব্রহ্মার পুত্র অত্রি, অত্রির পুত্র সোম (চন্দ্র)। তাঁহাকে ভগবান কমলযোনি ওষধি, দ্বিজ ও নক্ষত্রগণের আধিপত্যে অভিষিক্ত করেন। বিষ্ণুপুরাণ ৪।৬।৫ রাজন্যধর্ম্মাশ্রয়ী বৈদ্যব্রাহ্মণ চন্দ্রের বংশ বিষ্ণুপুরাণে "ব্রহ্ম ক্ষত্র" বংশ বলিয়া পরিচিত।

(মহামহোপাধ্যায় গণনাথ সেন শর্ম্মা সরস্বতী মহোদয়ের বিভিন্ন অভিভাষণাদি হইতে সংগৃহীত)

১। বঙ্গদেশ অতি প্রাচীনকাল হইতে দেড় সহস্র বর্ষ পূর্ব্ব পর্য্যন্ত অনার্য্যদেশ বলিয়া কথিত হইত। পরে বৌদ্ধধর্ম্মাবলম্বী নৃপতিগণ ইহা অধিকার করেন। বৌদ্ধযুগে বঙ্গদেশে "সপ্তশতী" ব্রাহ্মণগণ ও বৈদ্যব্রাহ্মণগণ বিদ্যমান ছিলেন। সপ্তশতী ব্রাহ্মণগণের কোন সামাজিক প্রতিপত্তি ছিল না। বৈদ্যব্রাহ্মণগণের বিদ্যাবত্তার পরিচয় পাইয়া বৌদ্ধরাজগণ তাঁহাদিগকে আয়ুর্ব্বেদ প্রচারে উৎসাহিত করেন এবং সে জন্য তাঁহারা সাতিশয় সম্মানিত ও পূজিত হন। সেই সময় হইতেই যাজক ব্রাহ্মণদিগের বৈদ্যবিদ্বেষ আরম্ভ হয়।

২। মহারাজ আদিশূর আর্য্যাবর্ত্ত হইতে আসিয়া বঙ্গদেশ জয় করেন এবং আর্য্যধর্ম্মের পুনঃ প্রতিষ্ঠা করেন। সে সময়ে সমগ্র বঙ্গে "সপ্তশতী" নামক সাতশত ঘর ব্রাহ্মণ ও কতিপয় পরাশর গোত্রীয় ব্রাহ্মণ বর্ত্তমান ছিল। তিনি সপ্তশতী ব্রাহ্মণদিগের দ্বারা শ্রৌত আর্য্যধর্ম্মের প্রতিষ্ঠা হইবার সম্ভাবনা না দেখিয়া তাঁহার পুত্রেষ্টিযাগ উপলক্ষে কান্যকুব্জ হইতে শাণ্ডিল্য, কাশ্যপ, বাৎস্য, সাবর্ণ ও ভরদ্বাজ গোত্রীয় পাঁচজন যাজ্ঞিক ব্রাহ্মণ আনয়ন করেন। মহারাজ আদিশূরের ব্রাহ্মণানয়ন-সময় সুপ্রাচীন ব্রাহ্মণকুলগ্রন্থ সমূহের মতে ৬৫৪ শক বা ৭৩২ খৃষ্টাব্দ এবং ঐতিহাসিক ভিনসেণ্ট স্মিথের মতে ৭০০ খৃষ্টাব্দ। কালক্রমে সেই পাঁচজন ব্রাহ্মণের সন্তান সংখ্যায় ৫৬ হইয়াছিল। তৎকালে বৈদ্যব্রাহ্মণদিগের সংখ্যার অনুপাতে অন্য ব্রাহ্মণের সংখ্যা নিতান্ত অল্প ছিল।

মহারাজ আদিশূরের বিশেষ চেষ্টা সত্ত্বেও বঙ্গে ব্রাহ্মণাধিকার সর্ব্বথা সুপ্রতিষ্ঠিত হয় নাই। কারণ বৌদ্ধপ্রভাব অতি প্রবল ছিল। কান্যকুব্জ ব্রাহ্মণগণ এদেশে উপনিবিষ্ট হইয়া ক্রমে ক্রমে সাতশতী ব্রাহ্মণদিগের সহিত যৌন সম্বন্ধে আবদ্ধ হন এবং বৈদিক আচার পরিত্যাগের জন্য ভ্রষ্টাচার হন। মহারাজ আদিশূর ও তৎপুত্র ভূশূর সপ্তশতী ও কান্যকুব্জ উভয় শ্রেণীর ব্রাহ্মণদিগকেই বাসস্থান ও জীবিকার জন্য ভূমি গ্রামাদি দানে সম্মানিত করেন। বাসস্থানের দেশভেদানুসারে এক শ্রেণী "রাঢ়ীয়" ও অপর শ্রেণী "বারেন্দ্র" নামে পরিচিত হন।

৩। মহারাজ আদিশূরের মৃত্যুর পরে মগধাধিপতি বৌদ্ধ রাজা ধর্ম্মপালের প্রচণ্ড প্রভাবে বঙ্গের অনেকাংশ বিজিত হয় এবং সেখানে পুনরায় বৌদ্ধপ্রভাব ও বিকৃত বৌদ্ধাচার (তান্ত্রিক আচার) বিশেষ বিস্তার লাভ করে। এই সময়ে অধিকাংশ ব্রাহ্মণই উপবীত ত্যাগ করেন। কথিত আছে তাঁহাদিগের বংশধরগণ শতাধিক বর্ষ পরে বল্লাল সেনের পিতা

ধল্ল সেন ওরফে বিজয় সেনের সময় পুনরায় উপনীত হইয়া ব্রাহ্মণ্যধর্ম্ম গ্রহণ করেন। আর্য্য ধর্ম্ম ও বৌদ্ধ ধর্ম্মের এইরূপ সংঘর্ষের পরে সেনরাজবংশের সহিত দাক্ষিণাত্যের বৈদিকাচার বঙ্গে পুনঃ প্রবেশ করে। হেমন্ত সেনের পুত্র ধল্ল সেন ওরফে বিজয় সেন রাঢ়, বঙ্গ ও উৎকল অধিকার করিয়া ৯৯৪ শকে (১০৭১ খৃষ্টাব্দে) গৌড়মণ্ডলে অধিষ্ঠিত হন। তিনি বৈদ্যব্রাহ্মণ দিগের সদাচারে মুগ্ধ হইয়া তাঁহাদিগকে বহুবিধ সম্মানে ভূষিত করেন। বৈদ্যব্রাহ্মণদিগের এতাদৃশ সম্মান দেখিয়া যাজক ব্রাহ্মণগণ ঈর্ষান্বিত হইয়া তাঁহাদিগকে অপদস্থ করিবার জন্য শাস্ত্রাদিতে নানারূপ প্রক্ষিপ্ত শ্লোক সংযোগ করিতে আরম্ভ করেন। এমন কি মনু সংহিতায় "চিকিৎসকের অন্ন পুঁজের ন্যায় ঘৃণিত" "শ্রাদ্ধকালে বৈদ্যগণ বর্জ্জনীয়" প্রভৃতি ব্যবস্থা বিঘোষিত হয়। কিন্তু বৈদ্যগণ বিদ্যা ও ব্রাহ্মণ্যবশতঃ এই সকল বিদ্বেষোক্তির প্রতি দৃষ্টিপাত করেন নাই। বরং বৈদ্যব্রাহ্মণগণের অগ্রণী মহাত্মা বোপদেব গোস্বামী তাঁহার সংস্কৃত মুগ্ধবোধ গ্রন্থে নিজেকে "ভিষক্ কেশবনন্দন" ও "বেদপদাস্পদ বিপ্র" অর্থাৎ (বৈদ্যব্রাহ্মণ) বলিয়া পরিচিত করিতে লজ্জা বোধ করেন নাই। তিনি সগর্ব্বে স্বীয় পিতৃদেব কেশব ও অধ্যাপক ধনেশকে বৈদ্য বলিয়া পরিচিত করিতে লজ্জা বোধ করেন নাই। বোপদেব গোস্বামী নৃপতি বিজয় সেনের সভাপণ্ডিত ছিলেন। সুশ্রুতের টীকাকার পণ্ডিতপ্রবর ডল্লনাচার্য্যও তাঁহার টীকার প্রারম্ভে তিনি যে বৈদ্য উপাধিক ব্রাহ্মণ তাহা খ্যাপন করিয়াছেন।

৪। বিজয় সেনের পুত্র বল্লাল সেন সমগ্র রাঢ় বঙ্গ ও গৌড়ের একাধিপতি হইয়া তাঁহার পিতৃপ্রবর্ত্তিত ব্রাহ্মণ্যধর্ম্মের সম্যক প্রতিষ্ঠার জন্য স্মৃতি সংহিতার পুনরুদ্ধার করিয়া স্বয়ং "দান সাগরাদি" স্মৃতি গ্রন্থ প্রণয়ন করেন। তিনি প্রাচীনকালীয় সমাজসৌধ ভগ্ন করিয়া অনাচারী ব্রাহ্মণ ও কায়স্থগণকে হতাদর করতঃ কান্যকুব্জ হইতে আনীত ব্রাহ্মণ ও শূদ্রজদিগকে কৌলিন্য প্রদান করাতে এবং বারেন্দ্র শ্রেণীর বহু ব্রাহ্মণকে ও কায়স্থকে বঙ্গদেশ হইতে নির্ব্বাসিত করাতে বঙ্গদেশে বৈদ্যবিদ্বেষবহ্নি ব্রাহ্মণ ও কায়স্থগণের মধ্যে তুষানলবৎ ক্রমশঃ জ্বলিতে থাকে।

অতঃপর মহারাজ বল্লাল সেন শেষ বয়সে তান্ত্রিকসিদ্ধদিগের বহুবিধ সিদ্ধি দেখিয়া স্বয়ং প্রচ্ছন্ন বৌদ্ধাচার তান্ত্রিক ধর্ম্ম গ্রহণ করেন এবং তান্ত্রিক কৌলাচারের আনুসঙ্গিক অসবর্ণ বিবাহ করেন।

মহারাজ বল্লাল সেনের পুত্র পরম ধার্ম্মিক বৈষ্ণব লক্ষ্মণ সেন ইহা সহ্য করিতে না পারিয়া পিতার সহিত বিরোধ করেন এবং নিজ অনুবর্ত্তী বৈদাকাচারী সামাজিকগণকে সঙ্গে লইয়া রাঢ়ভূমিতে আশ্রয় গ্রহণ করেন।

৫। মহারাজ লক্ষ্মণ সেন নবদ্বীপে আপনার নূতন রাজধানী প্রতিষ্ঠিত করিয়া তাঁহার মন্ত্রী "ব্রাহ্মণসর্ব্বস্ব"কার হলায়ুধ ভট্টকে লইয়া বৈদিক মার্গ সুপ্রতিষ্ঠিত করিবার জন্য বদ্ধ পরিকর হন। তিনি তাঁহার পিতার মৃত্যুর পরে পিতার অনুগত আচারভ্রষ্ট বৈদ্য ও ব্রাহ্মণ দিগকে সমাজচ্যুত করেন এবং অনাচারী বৈদ্যদিগকে উপবীত ত্যাগ করাইয়া শূদ্রাচারী হইতে বাধ্য করেন ফলে পূর্ব্ব ও উত্তর বঙ্গের বৈদ্যগণের মধ্যে অনেকে সেই সময় হইতে উপবীতহীন ও তন্ত্রমন্ত্রসার হইয়া পড়েন

৬। এই সময়ের পরে তাঁহার পৌত্র ২য় লক্ষণ সেনের সময় খৃষ্টিয় ত্রয়োদশ শতাব্দির আরম্ভে পাঠান রাজত্বের প্রতিষ্ঠা হয়। বক্তিয়ার খিলিজির নবদ্বীপ প্রবেশের পরে সহস্র সহস্র পাঠান রাঢ় বঙ্গ ছাইয়া ফেলে। ইহার পরে তিনশত বৎসরের মধ্যে মোগল-পাঠান যুদ্ধ আরম্ভ হয়। বহুলোক নিজ ধর্ম্মে আস্থা না থাকায় এবং মুসলমানদিগের প্রবল অত্যাচারে কিম্বা রাজানুগ্রহ লোভে ইসলামধর্ম্ম গ্রহণ করেন। ফলে পূর্ব্বোত্তর বঙ্গে এখনও শতকরা ৫৬ জন মুসলমান দেখিতে পাওয়া যায়। ইংরাজী ১২০০ খৃষ্টাব্দ হইতে সার্দ্ধত্রিশাধিক বর্ষকাল বঙ্গে পাঠান রাজ্য প্রতিষ্ঠিত ছিল। কিন্তু মধ্যে একবার হিন্দুরাজ্য প্রতিষ্ঠার আয়োজন হইয়াছিল। তাহা রাজা গণেশের অভ্যুদয়কালে। রাজা গণেশ বারেন্দ্র ব্রাহ্মণ নরসিংহ নাড়িয়ালের পরামর্শে তাঁহার প্রভুবধ করিয়া বঙ্গের রাজ্য অধিকার করেন। এই সময়ের কথা "বঙ্গের জাতীয় ইতিহাস" লেখক প্রাচ্যবিদ্যামহার্ণব স্বর্গীয় নগেন্দ্রনাথ বসু এইরূপ বর্ণনা করিয়াছেন :—

১৩৬৮ খৃষ্টাব্দে রাজা গণেশের অভ্যুদয়। দীর্ঘকাল মুসলমান শাসনে থাকিয়া গৌড়বাসী এই গণেশ নৃপতির সময়ে কিছুদিনের জন্য স্বাধীনতার উজ্জ্বলমূর্ত্তি দর্শন করিয়াছিলেন। এই সুদিনে গৌড়ের ব্রাহ্মণ সমাজও সমাজ সংস্কারে মনোযোগী হইয়াছিলেন। এই শুভ অবসরে স্মার্ত্তপ্রবর কুল্লুক ভট্ট ও সমাজতত্ত্ববিৎ উদয়নাচার্য্য ভাদুড়ী আসিয়া মিলিত হইলেন। বহুদিন হইতেই এখানকার নিষ্ঠাবান ব্রাহ্মণগণ সেন বংশের অভ্যুদয় কাল হইতে ব্রাহ্মণ প্রাধান্য রক্ষায় উদ্যোগী ছিলেন কিন্তু বিধর্ম্মী মুসলমানের শাসনে ও বৌদ্ধাচারের প্রবল বন্যায় তাঁহাদের উদ্দেশ্য সুসিদ্ধ হইতে পারে নাই। এখন হিন্দুরাজের অধিকারে ও ব্রাহ্মণ মন্ত্রীর শাসন সুযোগে তাঁহারা সকলে মস্তকোত্তলন করিলেন। এই স্থানীয় ব্রাহ্মণ সমাজের সংস্কার ব্যাপারে উদয়নাচার্য্য ও কল্লুক ভট্ট অগ্রণী হইয়াছিলেন। এক ব্যক্তি বল্লাল পূজিত শ্রেষ্ঠ কুলীন সন্তান ও অদ্বিতীয় পণ্ডিত বৌদ্ধ পরাজয় করিয়া সমাজে প্রতিষ্ঠালাভ করিয়াছেন। অপর ব্যক্তি (মনু সংহিতার টীকাকার) অদ্বিতীয় স্মার্ত্ত। বলিতে কি, তাঁহার মত স্মৃতিশাস্ত্রবিৎ তৎকালে গৌড়মণ্ডলে কেহ ছিল না। তাঁহারা রাজা গণেশের সভায় সর্ব্বপ্রধান সম্মানলাভ করিয়াছিলেন। এইরূপ অসাধারণ প্রতিপত্তি বশতঃই সমাজে তাঁহারা যে ব্যবস্থা চালাইয়াছিলেন তাহা সকলে অবনত শিরে বেদবাক্য বলিয়া গ্রহণ করিতে বাধ্য হইয়াছিলেন। বৌদ্ধাচারপ্লাবিত ও মুসলমানশাসিত বারেন্দ্র ব্রাহ্মণ সমাজে এই সময়েই বৈদিক ও তান্ত্রিক ধর্ম্মের সমন্বয়ে নবীন ব্রাহ্মণ্য ধর্ম্মের প্রতিষ্ঠা হইল। এই সময়ে মহামতি কুল্লুক ভট্ট তান্ত্রিক কার্য্যও শ্রুতি সম্মত বলিয়া ঘোষণা করিলেন।"

এই সময়ে বৈদ্যবিদ্বেষী ব্রাহ্মণগণ আপনাদের বিদ্বেষ চরিতার্থ করিবার জন্য রাজা গণেশের সহায়তায় বঙ্গের বৈদ্যদিগের উপরে মিথ্যাপূর্ব্বক অম্বষ্ঠ জাতিত্ব আরোপ করিয়া

তাঁহাদিগকে রাজাদেশে বৈশ্যাচার গ্রহণ করিতে বাধ্য করেন।

কোলব্রুক সাহেবের লিখিত "হিষ্টরি অব্ দি রিচুয়ালস অব বেঙ্গল" নামক পুস্তকে রাজা গণেশের সেই আজ্ঞাপত্রখানি লিখিত আছে—

"সত্য ত্রেতা দ্বাপরেষু বৈদ্যাঃ পিতৃস্তুল্যা স্তপোজ্ঞানযুক্তা বিদ্বাংসশ্চ আসন্। সম্প্রতি এতে শক্তিহীনাঃ আচারভ্রষ্টা শ্চাভবন্। অতঃ শ্রীমৎ মহারাজাধিরাজ গণেশচন্দ্র নৃপতেরনুজ্ঞয়া বিপ্রাণামনুরোধাৎ অদ্য প্রভৃতি অম্বষ্ঠা বৈশ্যাচারিণো ভবিষ্যন্তি। মূল ব্রাহ্মণাঃ অম্বষ্ঠৈঃ সহ ভোজনাদিকং না চরেয়ুঃ। যে চ ব্রাহ্মনাঃ অমীভিঃ সহ ভোজনাদিকং করিষ্যন্তি তে পতিতা ভবিষ্যন্তি।"

রাজা গণেশের বিধানে 'বিপ্রানামনুরোধাৎ" কথাটী প্রণিধানযোগ্য এবং পূর্ব্বে যে বৈদ্যগণ ব্রাহ্মণ ছিলেন তাহাও প্রণিধানযোগ্য।

মহাভারতের উদ্যোগপর্ব্বের ২য় অধ্যায়ে লিখিত আছে—"দ্বিজেষু বৈদ্যাঃ শ্রেয়াংসঃ।"

অমরকোষের মনুষ্যবর্গে দেখা যায়—

"রোগোহার্য্যগদঙ্কারো ভিষক্ বৈদ্যো চিকিৎসকে"।

অমরকোষের শূদ্রবর্গে অম্বষ্ঠের পরিচয়ে লিখিত আছে "আচণ্ডালাত্তু সঙ্কীর্ণা অম্বষ্ঠ করণাদয়" অম্বষ্ঠগণ চণ্ডালাদি বর্ণশঙ্করের ন্যায়।

অম্বষ্ঠের চিকিৎসাবৃত্তির কথা অমরকোষে কোন স্থানেও উক্ত হয় নাই।

ইহা হইতে অনায়াসেই উপলব্ধি হইতে পারে কেমন করিয়া বৈদ্যবিদ্বেষী যজনব্রাহ্মণগণের ষড়যন্ত্রে বৈদ্যব্রাহ্মণদিগের এই সামাজিক অধঃপতন সংঘটিত হইয়াছিল। কেমন করিয়া বিশুদ্ধ বৈদ্যব্রাহ্মণের স্কন্ধে মনুক্ত অম্বষ্ঠত্ব আরোপিত হইয়াছিল।

রাজশক্তির সাহায্যে ব্রাহ্মণদিগের অত্যাচারই বৈদ্যদিগের বৈশ্যাচার গ্রহণের প্রধান কারণ।

৭। রাজা গণেশের রাজ্য অল্পকাল স্থায়ী হইলেও তাঁহার পুত্র যদু (যিনি পরে মুসলমান হইয়া জালালুদ্দিন নাম গ্রহণ করিয়াছিলেন) এবং তাঁহার পরিষদ্গণ বৈদ্যদিগের সর্ব্বনাশ করিতে ত্রুটি করেন নাই। এই সময় হইতেই বৈদ্যের অম্বষ্ঠত্ব অপবাদ সকল ব্রাহ্মণের মুখে ঘোষিত হইতে থাকে।

এই সময় বঙ্গে বিদ্যাচর্চ্চার বিশেষ আধিক্য দেখা যায়। হিন্দুধর্ম্মের পুনরভ্যুদয়ে নূতন স্মার্ত্তমত তান্ত্রিক মতের সহিত মিলিত হইয়া অপূর্ব্ব ও অভিনব রূপ ধারণ করে। শ্রৌতধর্ম্ম কথঞ্চিৎ পালিত হইলেও তান্ত্রিক ধর্ম্মই তখন প্রধান ধর্ম্ম সিংহাসনে আসীন। এমন সময়ে মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য-চন্দ্র নদীয়ায় উদিত হইয়া যথার্থ বৈদিক ধর্ম্ম ও বৈদিক বৈষ্ণব সিদ্ধান্ত সকল প্রচার করেন। মহাপ্রভুর জন্মের সময় ১৪০৭ শকাব্দ বা ১৪৮৫ খৃস্টাব্দ। এই সময় শত শত মহানুভব পণ্ডিত ও ভক্ত জন্মগ্রহণ করিয়া বঙ্গদেশকে পবিত্র করিয়াছিলেন। ব্রাহ্মণকুলে অদ্বৈত, নিত্যানন্দ প্রভৃতি এবং বৈদ্যব্রাহ্মণকুলে মুকুন্দ, মুরারি, নবহরি, রঘুনন্দন গোস্বামী প্রভৃতি জন্মগ্রহণ করিয়া সমাজকে ধন্য করিয়াছিলেন। সে সময়েও বৈষ্ণব সাহিত্যে কোন বৈদ্যই অম্বষ্ঠ বলিয়া পরিচিত ছিলেননা। তাঁহাদের পরিচয়ে বিপ্র, দ্বিজরাজ, উপাধ্যায় প্রভৃতি বিশেষণ উল্লিখিত আছে। সমাজে তাঁহারা বিশিষ্ট ব্রাহ্মণ বলিয়াই পরিগণিত হইতেন

মুসলমান রাজত্বকালে রাঢ়ীয় ও বারেন্দ্র ব্রাহ্মণগণের মধ্যে দারুণ অনাচার ও কলঙ্ক প্রবেশ করে। ব্রাহ্মণ কন্যাগণ যবন, কোচ, পোদ, হাড়ী, প্রভৃতি দ্বারা ধর্ষিত হয়। কুলীন ব্রাহ্মণ গণের বহু বিবাহজনিত অনাচার (অজ্ঞাতসারে [illegible] সগোত্রে বিবাহ, ভগিনী ও বিমাতৃ বিবাহ) কুলীন কন্যাদিগের স্বৈরাচার এবং বংশজদিগের "ভরার মেয়ে" অর্থাৎ নৌকায় আনীত অজ্ঞাতকুলশীল সকল জাতির কন্যা বিবাহ প্রভৃতি কদাচারে ব্রাহ্মণ সমাজ বিশেষ রূপে কলুষিত হয় এবং বারেন্দ্রভূমিতে বৌদ্ধ সংস্রবের ফলে নানাজাতির সহিত মিশ্রনজন্য বারেন্দ্র ব্রাহ্মণগণ বৌদ্ধ হইয়া উপনয়ন সংস্কারাদি ত্যাগ করেন। ব্রাহ্মণ সমাজের এই শোচনীয় কাহিনী দেবীবর ঘটক, এড়ু মিশ্র, ধ্রুবানন্দ মিশ্র, প্রভৃতি কুলীন কর্ত্তাদিগের "মেল রহস্য" "মেলমালা" "দোষাবলী" "কুলরমা" প্রভৃতি অসংখ্য সংস্কৃত ও বাঙ্গলা পুস্তকে, স্বর্গীয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের "বহু বিবাহ" গ্রন্থে, স্বর্গীয় লালমোহন বিদ্যানিধি মহাশয়ের "সম্বন্ধ নির্ণয়" নামক গ্রন্থের প্রথম সংস্করণে, বিপ্রদাস মুখোপাধ্যায়ের "শুভ বিবাহতত্ত্বে", বৃন্দাবন পুতিতুণ্ডের "কৌলিন্য প্রথা" নামক গ্রন্থে এবং স্বর্গীয় নগেন্দ্রনাথ প্রাচ্যবিদ্যা মহার্ণবের "বঙ্গের জাতীয় ইতিহাসের ব্রাহ্মণকাণ্ডে" বিশদভাবে বিবৃত রহিয়াছে। সেই সময় ব্রাহ্মণকুলের উদ্ধারকর্ত্তা দূরদর্শী মহাত্মা দেবীবর ঘটকের মেল বন্ধনের কৃপায় সকল কলঙ্ক 'দোষা যত্র কুলং তত্র' এই মহামন্ত্রে মুছিয়া দোষদুষ্ট সকল ব্রাহ্মণকে ব্রাহ্মণের গণ্ডির মধ্যে টানিয়া পুনরায় ব্রাহ্মণগণের মধ্যে ঐক্য বন্ধন স্থাপিত হয়। দেবীবর দুর্দ্দশা মোচন না করিলে এবং রাঢ়ীয় ব্রাহ্মণদিগকে পুনরায় সঙ্ঘবদ্ধ না করিলে আজ বঙ্গের ব্রাহ্মণ সমাজ লুপ্তপ্রায় বা ইসলাম ধর্ম্মাবলম্বী দেখা যাইত। ইহাই ব্রাহ্মণ সমাজের বিশুদ্ধতার কলেবর বৃদ্ধির ইতিবৃত্ত।

নবদ্বীপে মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের আবির্ভাবকালে স্মার্ত্তচূড়ামণি রঘুনন্দন প্রাদুর্ভূত হইয়াছিলেন। আমরা বৈষ্ণব কবি জয়ানন্দের চৈতন্যমঙ্গলে নবদ্বীপে বৈদ্যপ্রভাবের বিষয় অবগত হই। শাক্ত রঘুনন্দন বৈষ্ণবকবি ও পণ্ডিতগণকে তেমন শ্রদ্ধার সহিত গ্রহণ করিতে পারেন নাই। তিনি সে সময়ে ব্রাহ্মণদিগের মধ্যে মুসলমান ও বৌদ্ধপ্রভাবজনিত কলুষ ও আচার ভ্রষ্টতা দর্শনে এবং বৈদ্যদিগের জন্ম বিশুদ্ধিতা, বিদ্যাগৌরব ও শুদ্ধাচারজনিত প্রভাব প্রতিপত্তি ও সম্মান দর্শনে, ব্রাহ্মণের মর্য্যাদা রক্ষা করিয়া সমাজে তাহাদের গৌরব প্রতিষ্ঠার উদ্দেশ্যে ব্রাহ্মণ ব্যতীত আর সকলকে শূদ্র বলিয়া অভিমত প্রচার করিয়া তাঁহার নব্যস্মৃতিতে "এবমম্বষ্ঠাদিনামপি শূদ্রত্বমাহমনু." লিখিয়া গিয়াছেন। যেমন রঘুনন্দনের সময়ে বৈদ্যব্রাহ্মণকুলে শত শত মহানুভব পণ্ডিত ও ভক্ত জন্মগ্রহণ করিয়াছিলেন, রঘুনন্দনের পরেও মহামহোপাধ্যায় ভরতমল্লিক ও ঋষিকল্প গঙ্গাধরের ন্যায় অসংখ্য বরেণ্য পণ্ডিত ও কৃতী বৈদ্যসন্তান জন্মগ্রহণ করিয়া বঙ্গে তথা ভারতবর্ষে বৈদ্যগৌরব রক্ষা করিতেছেন। তাঁহারা অখণ্ডনীয় প্রমাণরাশিদ্বারা বৈদ্য যে বর্ণতঃ ব্রাহ্মণ তাহা প্রতিপাদন করিয়া গিয়াছেন। রঘুনন্দনের শাসনে বৈদ্যগণ শূদ্রে পরিণত হন নাই।

৮। ১৭৫০—১৭৫৪ খৃষ্টাব্দের মধ্যে মহারাজ রাজবল্লভ রাঢ়ে ও বঙ্গে বৈদ্যদিগের মধ্যে আচার বৈষম্য দেখিয়া তাহার প্রতিকারকল্পে তাঁহার সভাপণ্ডিতগণের সহিত আলোচনা করিয়া বিভিন্ন দেশের ব্রাহ্মণপণ্ডিতদিগের ব্যবস্থা সংগ্রহের জন্য তাঁহাদিগকে সংস্কৃত ভাষায় যে আমন্ত্রণ পত্র প্রেরণ করিয়াছিলেন তাহার বঙ্গানুবাদ এইরূপ :—

"পূর্ব্বকালে বৈদ্যবংশে বল্লাল সেন নামে এক রাজা ছিলেন। তিনি ব্রাহ্মণ ও শূদ্রগণের কৌলিন্য মর্য্যাদা স্থাপন করেন। তাঁহার সেই কীর্ত্তি জগতে অদ্যাপি বিঘোষিত হইতেছে এবং তাঁহার নির্দ্দেশ আজ পর্য্যন্ত বেদবাক্যের ন্যায় প্রতিপালিত হইয়া আসিতেছে। তাঁহার খ্যাতনামা পুত্র লক্ষ্মণ সেন সামাজিক কারণে পিতার সহিত মতভেদে বল্লাল সংশ্লিষ্ট কতকগুলি বৈদ্যের উপবীত দূরীকরণ করেন। তদবধি সেই বৈদ্যগণ শূদ্রাচার বহন করিতেছে। আমি স্বজাতির মধ্যে এই সকল বিশৃঙ্খলভাব দর্শনে বৈদ্যজাতির এই দুর্গতি শান্তির নিমিত্ত দেশে দেশে পণ্ডিতগণের নিকট তাহার প্রতিবিধানকল্পে এই আমন্ত্রণ পত্র প্রেরণ করিলাম।"

মহারাজ রাজবল্লভের নিমন্ত্রণে নানা দেশ হইতে ১২৬ জন ব্রাহ্মণপণ্ডিত একত্র হইয়া যে যে ব্যবস্থাপত্র লিখিয়াছিলেন তাহাতে বল্লাল দোষের কোন প্রায়শ্চিত্তের বিধান নাই। তাহাতে অম্বষ্ঠের উপনয়ন সংস্কারের বিধান দেখান হইয়াছে এবং তাহাদিগের জন্য অভিনব সাবিত্রীমন্ত্রের ব্যবস্থা দেওয়া হইয়াছে।

ইতিপূর্ব্বে বৈদ্যবিদ্বেষী ব্রাহ্মণগণ মনুসংহিতায় কৃত্রিমতা করিয়া যে কুকর্ম্মের সূচনা করিয়াছিলেন, রাজা রাজবল্লভের অর্থে বিভিন্ন দেশের পণ্ডিতবর্গের ষড়যন্ত্রে তাহারই পুনরাবৃত্তি হইয়া গেল এবং পরোক্ষভাবে এই অনুষ্ঠানের দ্বারা বিভিন্ন দেশের শাস্ত্রে জাল বচনের একতা সাধিত হইয়া গেল এবং বঙ্গের বৈদ্যদিগের বৈশ্যাচারের ব্যবস্থা হইয়া গেল।

রাজা রাজবল্লভ সুচতুর বুদ্ধিমান হইলেও তিনি তৎকালে প্রচলিত পারস্য ভাষাতেই পণ্ডিত ছিলেন এবং চিরজীবন দুরূহ রাজকার্য্যে অতিবাহিত হওয়ায় সংস্কৃত শাস্ত্রের আলোচনা করিবার তাঁহার অবসর হয় নাই। সেজন্য তিনি ব্রাহ্মণদিগের এই চক্রান্ত উপলব্ধি করিতে পারেন নাই এবং ব্রাহ্মণপণ্ডিতগণ তাঁহার জন্য যে শাস্ত্রবিরুদ্ধ পৃথক সাবিত্রী মন্ত্রের বিধান করিয়াছিলেন তাহাতে তিনি শূদ্রত্ব হইতে দ্বিজত্ব পাইতেছেন মনে করিয়া কৃতার্থ হইয়াছিলেন এবং সরল বিশ্বাসে ব্রাহ্মণদিগের ব্যবস্থায় অম্বষ্ঠত্ব ও বৈশ্যাচার গ্রহণ করিয়াছিলেন।

অমরকোষে লিখিত আছে "ভিষক্ বৈদ্যো চিকিৎসকে।" অমরকোষে অম্বষ্ঠের চিকিৎসাবৃত্তির বিষয় কোন স্থানে লিখিত নাই। মনুসংহিতায় 'অম্বষ্ঠানাং চিকিৎসিতং' এই বাক্য যে স্থানে সন্নিবিষ্ট হইয়াছে তাহা যে বৈদ্যদিগকে অম্বষ্ঠ প্রতিপাদন করিবার জন্য পরবর্ত্তীকালের পরিবর্ত্তিত পাঠ তাহা সহজেই বোধগম্য হয়। চিকিৎসা করার জন্য বৈদ্যের অম্বষ্ঠজাতিত্ব নিতান্ত যুক্তি বিরুদ্ধ কথা। বৈদ্য চিকিৎসা করে, অম্বষ্ঠও চিকিৎসা করে, অতএব বৈদ্য ও অম্বষ্ঠ এক। এ যুক্তি ভ্রমাত্মক। ইহা ব্যতীত অম্বষ্ঠের চিকিৎসাবৃত্তি ও বৈদ্যের চিকিৎসা করা এক জিনিষ নহে। বৈদ্যগণ অম্বষ্ঠজাতি হইলে মনুর বিধান অনুসারে চিকিৎসাদ্বারা প্রভূত অর্থোপার্জ্জন করিতে পারিতেন কিন্তু তাঁহারা তাহা করেন নাই কারণ চিকিৎসার বিনিময়ে অর্থগ্রহণ করা ব্রাহ্মণের পক্ষে নিষিদ্ধ।

অর্দ্ধশতাব্দি পূর্ব্ব পর্য্যন্তও বৈদ্য চিকিৎসকগণ রোগীর ইচ্ছাপ্রদত্ত আরোগ্যান্তে কিঞ্চিৎ উপহার ব্যতীত ঔষধের মূল্য পর্য্যন্তও যে গ্রহণ করিতেন না তাহা অনেকেই প্রত্যক্ষ করিযাছেন। তাঁহাদের অর্থাভাবও অল্প ছিল না, তথাপি তাঁহারা অর্থ গ্রহণে বিরত ছিলেন। তাহার কারণ বৈদ্য অম্বষ্ঠ জাতি নহে, বিশুদ্ধ ব্রাহ্মণবর্ণ। ব্রাহ্মণই চিকিৎসা করিয়া অর্থ গ্রহণ করিলে অপাঙ্‌ক্তেয় হইয়া থাকে। মন্বাদি শাস্ত্র চিকিৎসাবিক্রয়ী ব্রাহ্মণকে অপাঙ্‌ক্তেয় করিয়াছেন। অর্থাৎ চিকিৎসার বিনিময়ে অর্থ গ্রহণ করিলে ব্রাহ্মণ পতিত হয় ইহাই মনুর ব্যবস্থা। আয়ুর্ব্বেদও ব্রাহ্মণকে ভূতদয়ার্থে চিকিৎসা করিতে বিধান দিয়া চিকিৎসা পণ্য বিক্রয়ে নিষেধ করিয়াছেন। বৈদ্য অম্বষ্ঠ হইলে সেই ভয়ের কোন কারণ ছিলনা। অতএব প্রাচীন বৈদ্যদিগের চিকিৎসা প্রণালী দ্বারা তাঁহাদের ব্রাহ্মণত্বই প্রমাণিত হয় এবং অম্বষ্ঠত্ব খণ্ডিত হয়।

শ্রীমন্ মহাপ্রভু চৈতন্যদেবের প্রিয় পার্ষদ মুরারী গুপ্ত সম্বন্ধে "চৈতন্যচরিতামৃতে" লিখিত আছে—

"প্রতিগ্রহ নাহি করে, না লয় কারো ধন,
আত্মবৃত্তি করি করে কুটুম্ব ভরণ
চিকিৎসা করেন যারে হইয়া সদয়,
দেহরোগ, ভবরোগ দুই তার ক্ষয়॥" (আদিলীলা দশম পরিচ্ছেদ)

মনু বলিয়াছেন—

"প্রতিগ্রহসমর্থোঽপি প্রসঙ্গং তত্রবর্জ্জয়েৎ।
প্রতিগ্রহেণ হ্যস্যাশু ব্রাহ্মং তেজঃ প্রশাম্যতি॥" মনু ৪। ১৮৬

চৈতন্যচরিতামৃত রচনার কাল ১৫৩৭ শকাব্দ অর্থাৎ ১৬১৫ খৃষ্টাব্দ। সে সময়কার বৈদ্যাচার ঐ শ্লোক হইতে স্পষ্টভাবে প্রতিপন্ন হয়।

কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্ত্তী প্রণীত "চণ্ডীকাব্যে" বৈদ্যের বর্ণনা প্রসঙ্গে লিখিত আছে—

"বৈদ্যগণের তত্ত্ব গুপ্ত সেন দাশ দত্ত
কর আদি বৈসে কুলস্থান।
চিকিৎসায় করে যশ কেহ প্রয়োগেন রস
নানা তন্ত্র করয়ে বিধান॥
উঠিয়া প্রাতঃকালে ঊর্দ্ধফোঁটা করি ভালে
বসন মণ্ডিত করি শিরে।
পরিয়া উত্তম ধুতি কুক্ষিগত করি পুঁথি
বৈদ্যগণ গুজরাটে ফিরে॥

এই শ্লোকে যে ঊর্দ্ধতিলক ধারণের কথা লিখিত আছে তাহা হইতেও বুঝা যায় যে বৈদ্যগণ ব্রাহ্মণবর্ণ। কারণ ব্রাহ্মণ ভিন্ন অন্যের ঊর্দ্ধতিলক ধারণের অধিকার নাই যথা :—

ঊর্দ্ধপুণ্ড্রং দ্বিজঃ কুর্য্যাৎ ক্ষত্রিয়স্তু ত্রিপুণ্ড্রকম্।
অর্দ্ধচন্দ্রন্তু বৈশ্যশ্চ বর্ত্তুলং শূদ্রযোনিজঃ॥ ব্রহ্মাণ্ডপুরাণ।

বৈদ্যগণ যে ব্রাহ্মণোচিত ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিতেন তাহার নিদর্শন অন্যত্রও পাওয়া যায়। বৈদ্য মহামহোপাধ্যায় চক্রপাণি দত্তের বংশধর শ্রীবৎস দত্ত "ঊর্দ্ধ তিলক দিত ললাটে পুরিয়া" ইহা দত্ত বংশাবলীতে লিখিত আছে।

বঙ্গদেশে আসিয়াও বৈদ্যগণ স্বসমাজে যজন ব্রাহ্মণদিগের ন্যায় হীনজাতির সংস্রব ঘটিতে দেন নাই এবং আয়ুর্ব্বেদের অধ্যয়ন অক্ষুন্ন রাখিয়া একেবারে বেদ বিবর্জ্জিত হন নাই। এই বৈশিষ্ট্যের গৌরব রক্ষা করিবার জন্যই ইঁহারা বৈদ্যব্রাহ্মণ নামে আত্মপরিচয় দিতেন। বৈদ্য বলিলেই ব্রাহ্মণবর্ণ বুঝিতে পারা যায়, কারণ ব্রাহ্মণ ব্যতীত অন্য বর্ণের বৈদ্যত্বলাভের উপায় ছিল না। এই জন্য ক্রমশঃ বৈদ্যব্রাহ্মণ নামের ব্রাহ্মণ অংশ লুপ্ত হইয়া কেবল "বৈদ্য" পরিচয়ই প্রচলিত হইয়াছিল। বর্ত্তমান সময়ে তাঁহাদের গৌরব রক্ষার্থ সেই স্বাতন্ত্র্য স্বতন্ত্র জাতিত্বের অববোধক হওয়ায় আবার আমাদিগকে "বৈদ্য ব্রাহ্মণ" বলিয়া পরিচয় দিতে হইবে।

ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণের আচার ও সংস্কার শাস্ত্রে ভিন্ন ভিন্ন নির্দ্দিষ্ট আছে। সেই বর্ণোচিত আচারাদি পালন না করিলে বর্ণাশ্রমধর্ম্ম ক্ষুন্ন হয় এবং ধর্ম্ম কর্ম্ম সমূহও পণ্ড হয়। বৈদ্যের ব্রাহ্মণবর্ণত্ব যখন শাস্ত্রসম্মত, যুক্তিসঙ্গত, ইতিহাসপ্রসিদ্ধ এবং প্রাচীন আচারদ্বারা সম্পূর্ণ সমর্থিত তখন আমাদের ভ্রান্তি বা অত্যাচারবশে কয়েক পুরুষের গৃহীত অনাচার সংশোধন করিয়া ব্রাহ্মণোচিত সদাচার গ্রহণ ব্যতীত ব্রাহ্মণত্ব প্রতিষ্ঠিত হইবেনা। ইহা বুঝিয়াই আমাদের পূর্ব্বাচার্য্য বঙ্গের অদ্বিতীয় পণ্ডিত বৈদ্য গঙ্গাধর তাঁহার স্বজাতি সমাজকে ব্রাহ্মণাচার গ্রহণের উপদেশ দিয়াছেন। পণ্ডিত উমেশ চন্দ্র প্যারীমোহন, দ্বারকানাথ, শ্যামাচরণ, গণনাথ, হেমচন্দ্র প্রভৃতি মনিষিগণও সেই পরামর্শ দিয়াছেন ও দিতেছেন।

হিন্দুমাত্রকেই বর্ণাশ্রমধর্ম্ম যথাযথ পালন করিতে হয় না করিলে তাহার প্রত্যবায় আছে। না ব্রাহ্মণ, না ক্ষত্রিয় না বৈশ্য, না শূদ্র এইরূপভাবে বর্ণাশ্রমধর্ম্ম রক্ষিত হয়না। কাজেই ধর্ম্ম ও মর্য্যাদা রক্ষার জন্য বিবেক ও বিচারবুদ্ধির দ্বারা ব্রাহ্মণজ্ঞানে প্রবুদ্ধ হইয়া ব্রাহ্মণাচার পালনই সকল বৈদ্যসন্তানের কর্ত্তব্য। আশা করি অতঃপর বৈদ্য, বৈদিক, রাঢ়ী, বারেন্দ্র প্রভৃতি ব্রাহ্মণগণ পরস্পরের প্রতি ঈর্ষা বিদ্বেষ পরিহার করিয়া সকলেই পরস্পরের সম্মান করিবেন এবং দ্বিজোচিত সৎকর্ম্মের অনুশীলন করিয়া যথার্থ দ্বিজ হইবার চেষ্টা করিবেন।

বৈদ্যের সংখ্যা ও শিক্ষা।

১৯২১ খৃষ্টাব্দের আদমসুমারী রিপোর্ট হইতে সংগৃহীত।

"The Baidyas, the traditional medical men of Bengal, are a much smaller caste, than either the Brahmans or the Kayasthas, who together with them make up what are commonly called the Bhadralok of Bengal, but they have advanced further in education and in civilization generally than the other two and have prospered accordingly". Census of India 1921, Vol. V, Part I.

অর্থাৎ বঙ্গদেশে চিকিৎসকরূপে পরিচিত বৈদ্যগণের সংখ্যা ব্রাহ্মণ এবং কায়স্থগণের সংখ্যা হইতে অনেক কম। এই তিন জাতির লোকদিগকে লইয়াই বাংলা দেশের ভদ্রলোক শ্রেণী গঠিত; তন্মধ্যে বৈদ্যগণ অপর দুই জাতি অপেক্ষা শিক্ষায় ও সভ্যতায় অধিকদূর অগ্রসর ও উন্নত।

১৯২১

	পুরুষ	স্ত্রী	মোট
বৈদ্য	৫২,৩৫৯	৫০,৫১১	১,০২,৮৭০
ব্রাহ্মণ	৭,১২,০১৮	৬,০২,৪১২	১৩,১৪,৪৩০
কায়স্থ	৬,৭৭,৫৯৪	৬,১৮,৩০৯	১২,৯৫,৯০৩

বৈদ্যের সংখ্যা বৃদ্ধির অনুপাত।

১৯১১—১৯২১	১৯০১—১৯১১	১৯০১—১৯২১
+১৫.৯	+৯.৩	+২৬.৭

প্রতি হাজারে বয়স এবং স্ত্রী পুরুষ ভেদে বৈদ্যের সংখ্যা।

বয়স	০—৫	৫—১২	১২—১৫	১৫—৪০	৪০ এবং তদুর্দ্ধ
পুরুষ	১৩১	১৮৫	৮৭	৩৯৩	২০৪
স্ত্রী	১৩১	১৯৯	৭১	৩৮২	২১৭

প্রতি হাজারে বিবাহিত, অবিবাহিত, বিপত্নীক বা বিধবা।

	অবিবাহিত	বিবাহিত	বিপত্নীক বা বিধবা
পুরুষ	৫৬৮	৩৯১	৪১
স্ত্রী	৩৪৪	৪১৫	১৯৭

	মোট অবিবাহিত	মোট বিবাহিত	মোট বিপত্নীক বা বিধবা
পুরুষ	২৯৭৯৯	২০৪০৭	২১৫৩
স্ত্রী	১৯৬৪২	২০৯৪৭	৯৯২২

বাংলা দেশের বিভাগ ও জেলা হিসাবে বৈদ্যের সংখ্যা।

বিভাগ ও জেলা	পুরুষ	স্ত্রী
বর্দ্ধমান বিভাগ	৬৯৪৮	৭২০৬
বর্দ্ধমান	১৬৬৯	২০৭৯
বীরভূম	৭৪৫	৮২৫
বাঁকুড়া	২০০৬	২০৬২
মেদিনীপুর	৭৩২	৬০৫
হুগলী	৯০২	৯৪৪
হাওড়া	৮৯৪	৬৯১
প্রেসিডেন্সি বিভাগ	১৩,৫১২	১০,৮৩৩
২৪ পরগণা	১০৬০	৭৫৫
কলিকাতা	৭৬৮২	৪৯৫১
নদীয়া	১৪০০	১৩৪০
মুর্শিদাবাদ	৮০৯	১১৪৭
যশোহর	১৩৯৬	১৪৬০
খুলনা	১১৬৮	১১৮৩
রাজসাহী বিভাগ	৪৭৪০	৪০৬২
রাজসাহী	৫৮৩	৫২২
দিনাজপুর	৭৬২	৬২০
জলপাইগুড়ি	৪২৩	৩৩৫
দার্জ্জিলিং	১৪৩	১১৮
রঙ্গপুর	১১৩৯	৯৭৫
বগুড়া	৪৬৪	৩৮৩
পাবনা	৯১১	৭৯৭
মালদহ	৩১২	৩১২
ঢাকা বিভাগ	১৭,৩৬১	১৮,৩৫৯
ঢাকা	৫২২৫	৫৭১০
ময়মনসিংহ	২২৯৭	২১৫৫
ফরিদপুর	২৭৩০	২৮০০
বাখরগঞ্জ	৭১০৯	৭৬৯৪

বাঙ্গালা দেশের বিভাগ ও জেলা হিসাবে বৈদ্যের সংখ্যা।

বিভাগ ও জেলা	পুরুষ	
চট্টগ্রাম বিভাগ	৯,১৪৫	৯,৫৪৭
ত্রিপুরা	৩১৭০	২৯৩৫
নোয়াখালি	৯৪৯	৮০০
চট্টগ্রাম	৪৯৫৩	৫৭৯৫
পার্ব্বত্য চট্টগ্রাম	৭৩	১৭
বঙ্গদেশীয় মিত্র বা করদরাজ্য	৬৬৫	৫৫৩
কুচবিহার	২৩৭	১৮৬
ত্রিপুরা	৪২৮	৩৬৭

বাংলা দেশে শিক্ষিত বৈদ্যের সংখ্যা এবং ব্রাহ্মণ ও কায়স্থের সহিত তুলনা।

শিক্ষিত স্ত্রী ও পুরুষের সংখ্যা।

	বৈদ্য	ব্রাহ্মণ	কায়স্থ
মোট লোক সংখ্যা	১,০২,৮৭০	১৩,১৪.৪৩০	১২,৯৫,৯০৩
মোট পুরুষ	৫২,৩৫৯	৭,১২,০১৮	৬,৭৭,৫৯৪
মোট স্ত্রী	৫০,৫১১	৬'০২,৪১২	৬.১৮,৩০৯
মোট শিক্ষিত	৫৯,:৭২	৫,৬৭,২১৭	৪,৭৩,৮৬৪
মোট শিক্ষিত পুরুষ	৩৭,৩৭৮	৪,৬৫.৬৫২	৩,৭৮,৯০০
মোট শিক্ষিত স্ত্রী	২১,৭৯৪	১,০১,৫৬৫	৯৪,৯৬৪
মোট ইংরাজী শিক্ষিত	২৬,৪৩৮	১,৮৪,৪৫২	১,৮২,৪৮১
মেটে ইং শিক্ষিত পুরুষ	২৩,৩৪০	১,৭৮,২৫৪	১,৫৪,৮৫৮
মোট ইং শিক্ষিত স্ত্রী	৩,০৯৮	৬,১৯৮	৭,৬৩২

শতকরা শিক্ষিতের হার।

	বৈদ্য	ব্রাহ্মণ	কায়স্থ
মোট শিক্ষিত	৫৭'৫	৪৩	৩৭
মোট পুরুষ মধ্যে শিক্ষিত	৭১	৬৫	৫৬
মোট স্ত্রীলোক মধ্যে শিক্ষিত	৪৩	১৬'৫	১৫
মোট ইংরাজী শিক্ষিত	:২৫'৫	১৪	১৪'৫
মোট পুরুষ মধ্যে ইংরাজী শিক্ষিত	৪৪	২৫	২২'৫
মোট স্ত্রীলোক মধ্যে ইংরাজী শিক্ষিত	৬	১	১

আদমসুমারী রিপোর্টে লিখিত আছে—

"Practically all Baidya males have had the opportunity of acquiring the art of reading and writing Bengali and most of those who can not do so are either not yet old enough or are defective. Brahmans and Kayasthas are rather behind the Baidyas".

Census of India, Vol. V, Part I, 1921.

অর্থাৎ কার্য্যতঃ প্রায় সকল বৈদ্যপুরুষেরই বাঙ্গালা লেখাপড়া শিখিবার সুযোগ ঘটিয়াছে এবং যাহারা লিখিতে ও পড়িতে পারেনা তাহাদের অধিকাংশেরই হয় এমন উপযুক্ত বয়স হয় নাই না হয় অশক্ত। ব্রাহ্মণ ও কায়স্থগণ এই বিষয়ে বৈদ্যগণের পশ্চাদ্‌বর্ত্তী

পঞ্চদশ ও তদুর্দ্ধ বয়স্ক প্রতি দশহাজারে শিক্ষিতের সংখ্যা।

	বৈদ্য	ব্রাহ্মণ	কায়স্থ
স্ত্রী ও পুরুষ	২৯৫৮	১৫৮১	১৪১৭
পুরুষ	৫১৩০	২৭৭৪	২৫৬০
স্ত্রী	৭০৬	১১৭	১৪১

পঞ্চদশ ও তদুর্দ্ধ বয়স্ক প্রতি হাজারে শিক্ষিতের সংখ্যা।

	বৈদ্য	ব্রাহ্মণ	কায়স্থ
স্ত্রী ও পুরুষ	৬৬২	৪৮৪	৪১৩
পুরুষ	৮২২	৭২৯	৬২৬
স্ত্রী	৪৯৭	১৯২	১৭৫

আদমসুমারী রিপোর্টে আরও লেখা হইয়াছে—

"More than half the Baidya males over five understand English and this caste has a long lead over the Brahamans and Kayasthas among whom the proportion is only a little over a quarter. In the matter of female education the Baidyas are far the advance of any other community. The Baidyas have five times as great a proportion of their females literate in English as the Kayasthas who stand next to them."

Census Report 1921.

আদমসুমারী রিপোর্টে লেখা হইয়াছে যে, পঞ্চবর্ষের উর্দ্ধ বয়স্ক বৈদ্যপুরুষগণের অর্দ্ধেকের বেশী ইংরাজী বুঝিতে পারে এবং বৈদ্যগণ ব্রাহ্মণ ও কায়স্থ অপেক্ষা অনেক অগ্রবর্ত্তী। শেষোক্ত দুই জাতির মধ্যে ঐরূপ ইংরাজী শিক্ষিতের অনুপাত এক চতুর্থাংশের কিঞ্চিৎ উপরে। স্ত্রীশিক্ষা বিষয়ে বৈদ্যগণ অপর যে কোন জাতি হইতে অনেক বেশী উন্নত। বৈদ্যের ইংরাজী শিক্ষিত স্ত্রীলোকের হার কায়স্থগণের পাঁচগুণ, যদিও কায়স্থগণ এই বিষয়ে বৈদ্যের পরেই উন্নত।

উপরোক্ত বিবরণ হইতে দেখা যায় যে, বিদ্যা বৈদ্যগণের স্বভাব-প্রভব-গুণ এবং জ্ঞান অর্জ্জন ব্রাহ্মণদিগেরই স্বভাবজ কর্ম্ম বলিয়া গীতাতে নির্দ্ধারিত হওয়ায় জ্ঞান-গৌরবে সমগ্র জাতির শীর্ষস্থান অধিকার করিয়া বিদ্যাসম্পন্ন বৈদ্যগণ তাহাদের মুখ্য ব্রাহ্মণত্ব প্রতিপাদন করিতেছেন এবং বৈদ্যশব্দের ব্যুৎপত্তিগত অর্থের (বিদ্যা + অণ্ = বৈদ্য) সত্যতা রক্ষাপূর্ব্বক "দ্বিজেষু বৈদ্যাঃ শ্রেয়াংসঃ" (মহাভারত), "দোষজ্ঞে বৈদ্য বিদ্বাংসৌ" (অমরকোষ), "বিদ্যা প্রশস্তাস্যাস্তীতি বৈদ্যঃ" (অগ্নিবেশ). "বেদেভ্যশ্চ সমুৎপন্নাস্ততো বৈদ্যইতিস্মৃতঃ" (ব্রহ্মপুরাণ) "বৈদ্যা বিদ্বাংসঃ" (মেধাতিথি), 'ব্রাহ্মণেষু চ বিদ্বাংসঃ" (মনু), ইত্যাদি শাস্ত্রবাক্য সমূহের সম্যক্ সার্থকতা প্রমাণিত করিতেছে।

বৈদ্য, ব্রাহ্মণ ও কায়স্থের সংখ্যা।

১৯৩১ খৃষ্টাব্দের আদমসুমারী রিপোর্ট হইতে সংগৃহীত।

Census of India 1931, Vol. V, Part I, Page 454. Number of Baidyas, Brahmans and Kayasthas at each Census, 1891 to 1931.

	১৮৯১	১৯০১	১৯১১	১৯২১	১৯৩১
বৈদ্য	৭৫, ২৭৭	৮১. ২১৮	৮৮, ৭৯৬	১,০২, ৯৩১	১,১০, ৭৩৯
ব্রাহ্মণ	১১, ২১, ৮০৪	১১, ৬৬, ৯১৯	১২, ৫৩, ৮৩৮	১৩,০৯, ৫৩৯	১৪,৪৭, ৬৯১
কায়স্থ	১০, ৬৭, ১৪৭	৯, ৮৪, ৪৪৩	১১, ১৩, ৬৮৪	১২, ৯৭, ৭৩৬	১৫, ৫৮, ৪৭৫

Census of India, 1931. Vol. V, Part 1, Pages 456-457.
Details of HinduCastes.

491. Baidya [R. I 46 : C. R. 1901, VI (i) 379 : C. R. 1921, V (i), 350]— Baidyas numberd 110, 739, an increase of 7·6 percent, over the figures (102, 931), re'urned in 1921. The increase makes it reasonable to assume that no considerable number have actually been lost to the caste by their adoption to the claim to Brahman status and names including as a component the word Brahman. They are principally found in Calcutta, Bakarganj, Dacca and Chittagong. Probably the most interesting claim to a change of caste nomenclature was that put forward by this caste. In 1901 they had claimed to be returned as Ambastha and thus to secure recognition of their mythical derivation from a Brahman father and a Vaisya mother. Their position amongst the regenerate classes has probably never been contested, but in Eastern Bengal the existence of a custom of intermarriage between them and the Kayesthas has been established in the Calcutta High Court in the judgement of which the Baidyas were referred to as of the Vaisya varna. The contention put forward on the present occasion was that they should be returned as Brahmans, and since the caste, though small, is the most literate and progressive of the Hindu castes with an unusually high standard of learning and culture, the claim was supported not only by distinguised and learned members of the caste but also by a great wealth of argument. It was containded that the members of the caste had been invited to the All-India Saraswat Brahman conference held at Lahore and received on equal terms with the other delegates.

It is certainly intersting that many of the characteristics distinctive of the Brahmans are shown by the Baidyas in their practices. The reading and teaching of the Vedas specifically confined in the Sastras to the Brahmans are allowed to the Baidyas also. They keep **Toals** and receive **Brahmottar** gifts in the same way as the Brahmans ; Brahmans do dot hesitate to become their students ; and the works of the learned Baidyas are of the same authority as those of Brahmans. It is alleged that in Assam the caste even now inter-marries with Brahmans and that in parts of Bengal they receive Brahmanical fees, **Vidaya**, and are eligible for titles conferred by Government or learned bodies and ordinary reserved for Brahmans. It is contended that in certain places they act as priests and also as **Gurus** or spiritual guides to persons of the respectable classes, and that they have the right of performing **Jajna** and worshipping the Gods without the intermediary of Brahman priests. In short it is contended that all the six occupations of Brahmans, viz, reading and teaching the Vedas, giving and receiving alms, sacrificing and performing as priests at the sacrifices of other are all open to Baidyas, as well as the additional profession of medicine which is their speciality ; and it is pointed out that although the medicines prepared by them are technically "cooked" and could not therefore be accepted by high class Brahmans without pollution if offered by any other casteman than their own, no Brahman makes any objection in accepting without consideration of pollution the medicines prepared by physicians of the Baidya caste.

The interesting suggestion has been put forward that they are remnants of the Buddhist clergy over thrown by Brahman immigrants in concert with the ruling power (M. M. Chatterji—Journal of the Asiatic Society of Bengal, 1930, page 215 ff). Professor Dutta's notes printed at the end of this paragraph deal at some length with the status of this caste, and it is unnecessary to offer anything further in elaboration : but what is of interest is the considerations which induce members of the caste to press their claim for recognition as Brahmans. It is contended that all the **Sanskar** incumbent upon Brahmans are performed by the Baidyas and that they have the privilege of conducting their own sacrifices and thus do not depend upon any intermediary in access to the diety : their caste being relatively homogeneous and containing no degraded elements such as are included in the general term Brahman, is universally respected and would undoubtedly command a greater degree of respect throughout Bengal than the members of some of the subcastes of Brahmans such for instance as those with whom their own disciples would refuse to eat together. In these circumstances it is difficult to understand what advantage the caste expects to obtain from a change in its appellation since even the strongest psychological motive, viz, the desire for an enhancement of social position due to recognition in the first of the **varnas** of Mamu (such as prompts most other classes to lay claim to such an affilation) has no force in the case of the caste which already commands universal respect to the extent to which it is enjoyed by the Baidyas.

Notes on the Vaidyas by N. K. Dutt, M.A., Ph. D. Professor. Sanskrit College, Calcutta.

"In the Rigvedic times the physicians were no doubt respectable members of society. In Rig X, 97, 22 we find Brahmans exercising the functions of a physician without dishonour.

It is not easy to trace the causes of the degradation in the status of physicians from the Vedic literature itself. One cause no doubt is that according to Brahminical conceptions of the time no profession could stand side by side with the priestly one, and that a physician even though of Brahmana descent, must rank lower than a priest. Secondly, with the growth and elaboration of the ideas of cleanliness and ceremonical purity a medical man who had to come in constant contact with the sick, the dying and the dead, could not but incur a little impurity for himself, and thus drew upon his profession some stigma and social degradation.

From a comparison of the standard of living of the Rigvedic Aryans with that of the pre-aryans in the Indus valley with their highly developed knowledge of Sanitation as revealed in the Archeological discoveries at Mahenjo-daro and Harappa we may suppose that the science of medicine was more developed among the latter than among the Rigvedic folk.

When mixture took place between the Aryans and the non-aryans in the plains of India the medical science of the latter did not die out, but was adopted by the former though a after some resistance. The Atharva-veda, the Bible of the physicians in India, which contains a large amount of this non-Aryan knowledge and belief, was not readily accepted by the orthodox Aryans and was not generally regarded as one of the Vedas even as late as the time of Kautilya's Arthasastra and Manusanhita. In the medical profession of the later vedic period, therefore, we may hope to find a large number of non-Aryan families who had been in possession of the knowledge of the herbs and charms for many generations before the coming of the Ariyans. It is known how in the 2nd. century B. C. the Greeks, though conquered by the Romans, furnished the greater part of the skill and knowledge of the medicine at Rome and transmitted their science to the children of their conquerers. The close association of the physicians and the Sakdwipi or astrologer Brahmans in many passages of the law-books leads colour to the supposition

that, like the Sakdipis who are undoubtedly of non-vedic origin, the Vaidyas, too, must have beeu dealing with a science of non-vedic or mixed origin and have contained among them a large percentage of men of non-Brahmanical blood.

* * * *

Attempts were made by Brahmana legislators and interpreters of law to reduce the status of the Vaidyas and make them Sudras on the plea that in the Kaliage there were only two varnas, Brahmana and Sudra. Thus the Brihaddharmapurana (uttara, XIV, 44) directs the Vaidyas to observe the duties of a Sudra. Raghunandana too, in his Suddhitatvam, classes the Ambasthas or Vaidyas as Sudra. The result was that many of the Vaidyas gave up the right of initiation as twice-born and began to observe the thirty day's rule for impurity like ordinary Sudras. But fortunately for them their profession required them ro be learned in Sanskrit, and so the right of studying religious literature and of the teaching language and medical science could not be taken away from them.

moreover as teachers and physicians they continued to enjoy the right of receiving gifts. These circumstances to a certain extent stood them in good stead. Then there came in the middle of the 18th. Century a great revival in the Vaidya community under the leadership of Raja Rajballava and taking their stand on well known dicta of Shastras they pushed their claim for recongnition as Ambastha with the right of initiation and fifteen days rule for impurity. When, however, their claim was resisted by Brahmana pandits a section of the Vaidya changed their ground and began to argue that if in the Kaliage there were only two varnas, the Vaidyas with their right of studying and teaching and of receiving gifts were more like Brahmana than Sudra.

Of late, some of the Vaidyas of Bengal have begun to set up claims that they are full-fledged Brahmanas and are not in any way to be regarded differently from the acknowledged Brahamanas of the land. It is no doubt true that the Brahmanas of Bengal are not a homogeneous caste and have received admixture of non-Aryan blood.

But there is one thing in their favour which is not possessed by the Vaidyas viz.—the right of acting as priest for others at religious ceremonies. Since the Vedic times the Brahmanas have practically monopolised this function, and this function alone distinguishes a Brahmana from a non-Brahmana. The right of teaching could not be similarly monopolished as we come across references to non-Brahmana teachers in the Upanishads, Buddhist Suttas and Jatakas, and even in some of the Brahmanical law books. The exercise of the priestly function among semi-Aryanized aborigines would in course of time enable even non-Aryan priestly families to get recognition as Brahmanas, but the door to Brahmanahood was closely barred against all who did not follow priestly profession, whether Aryan or non-Aryan.

* * * *

It would have been well if Hindu Society could be reorganised on the four fold Varna system of the Rigvedic age, but the mixture aud ramifications have been so wide spread and deeprooted that the task is absolutely hopeless at the present day.

Unless the other castes recognise them as priests at religious ceremonies, the Vaidyas after centuries of un-Brahmanical living can not hope to get their recognition as full-fledged, Brahmanas. It is true that many members of the Brahmana community remain in possession of their premier rank in society inspite of their abandonment of priestly occupation and character, while the Vaidyas as a class with their high culture and mode of living are relegated to an inferior position, but that is a fault inherent in the system itself in which birth and not merit is the basis of caste."

গুপ্ত পদবির অপব্যবহার।

